আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

মডার্নার বুস্টার ডোজে অ্যান্টিবডি বেশি: গবেষণা

বাংলা পত্রিকা ডেস্ক : যাঁরা জনসন অ্যান্ড জনসনের টিকা নিয়েছেন, বুস্টার ডোজ হিসেবে ফাইজার **(বাকি অংশ ৩৫ পাতায়)**

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৬ || সংখ্যা ০৩ || সোমবার || কার্তিক ০৩ || ১৪২৮ || রবিউল আউয়াল ১২ || ১৪৪৩ || Vol. 26 || Issue 03 || 18 Octobe || 2021 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলাদেশী সহ ৬ সংগঠনকে কালো তালিকাভুক্ত করেছে ফেসবুক

বাংলা পত্রিকা ডেস্ক : বাংলাদেশে অপারেশন চালাচ্ছে অথবা সক্রিয় এমন ৬টি জঙ্গি সংগঠনকে কালো তালিকাভুক্ত করেছে ফেসবুক **(বাকি অংশ ৩৫ পাতায়)**

ভ্রমণ নিষেধাজ্ঞা তুলে নিয়েছে যুক্তরাষ্ট্র

বাংলা পত্রিকা ডেস্ক : ৩৩টি দেশের নাগরিকের জন্য ভ্রমণ নিষেধাজ্ঞা তুলে নিচ্ছে যুক্তরাষ্ট্র । যাঁরা করোনার পূর্ণ ডোজ টিকা নিয়েছেন, আগামী ৮ নভেম্বর থেকে তাঁদের যুক্তরাষ্ট্রে প্রবেশে বাধা নেই বলে ঘোষণা দিয়েছে হোয়াইট হাউস । বিবিসির এক প্রতিবেদনে বলা হয়, স্থানীয় সময় শুক্রবার হোয়াইট হাউসের মুখপাত্র জানিয়েছেন, পূর্ণ ডোজ করোনার টিকা নেওয়া এবং ভ্রমণের ৭২ ঘণ্টা আগে যাঁদের করোনার নেগেটিভ ফল থাকবে, তাঁরাই যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে পারবেন । এ ক্ষেত্রে কোয়ারেন্টিনে থাকার নিয়মও তুলে নিয়েছে বাইডেন প্রশাসন । করোনার প্রাদুর্ভাবের কারণে গত বছরের মার্চে যুক্তরাষ্ট্রে ভ্রমণকারীদের ওপর **(বাকি অংশ ৩৫ পাতায়)**

ফেনীতে মন্দির-দোকানে হামলা, আসামি ৪০০

বাংলা পত্রিকা ডেস্কঃ শনিবার রাতে ফেনীতে চারটি মন্দির ও ১৫টি দোকানপাটে হামলা লুটপাটের ঘটনায় মডেল থানায় রোববার রাতে দুটি মামলা হয়েছে । ফেনী মডেল থানার দুজন উপপরিদর্শক (এসআই) বাদী হয়ে **(বাকি অংশ ৩৬ পাতায়)**



ম্যানহাটানে ছুরিকাঘাতে বাংলাদেশী খুন

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের ম্যানহাটানে দুর্বৃত্তের ছুরিকাঘাতে সালাউদ্দিন বাবলু নামের এক বাংলাদেশী ছিনতাইকারীর ছুরিকাঘাতে মৃত্যুবরণ করেছেন । ইন্নালিল্লাহি ওয়া ইন্নালিলাহি রাজিউন । তার বয়স হয়েছিলো ৫১ বছর । নিহতের দেশের বাড়ী নোয়াখালী জেলার সোনাইমুড়ী উপজেলার নদনা ইউনিয়নের হাটগাঁও গ্রাম । মৃত্যুকালে তিনি স্ত্রী ও ২ সন্তান সহ বহু আত্মীয়-স্বজন রেখে গেছেন । তার অকাল এবং মর্মান্তিক মৃত্যুতে কমিউনিটিতে শোকের ছায়া নেমে এসেছে । জানা গেছে, সালাউদ্দিন বাবলু শুক্রবার দিবাগত রাতে ম্যানহাটনে ফুড ডেলিভারি করার সময় একদল **(বাকি অংশ ৩৫ পাতায়)**

হিন্দু নিরাপত্তায় ভারতকে কেন সতর্ক করলেন হাসিনা

বাংলা পত্রিকা ডেস্ক : বাংলাদেশের বিভিন্ন জায়গায় দুদিন ধরে দুর্গা পূজার ম-পে হামলা ভাংচুরের পর বুধবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা অপরাধীদের কঠোর শাস্তি এবং সেই সাথে জোর কণ্ঠে হিন্দু সম্প্রদায়কে নিরাপত্তা **(বাকি অংশ ৩৫ পাতায়)**



মক্কা-মদিনায় মুসলিমদের উপস্থিতি স্বাভাবিক হচ্ছে

বাংলা পত্রিকা ডেস্ক : অবশেষে মুসলমানদের পবিত্র ভূমি মক্কা ও মদিনায় আগের মতো পূর্ণ মাত্রায় মুসলিমদের উপস্থিতির অনুমোদন দেয়া হচ্ছে । তবে এক্ষেত্রে একটি শর্ত থাকছে । সেটি **(বাকি অংশ ৩৬ পাতায়)**

মুসলিম বিয়ে করলেন বিল গেটসকন্যা

বাংলা পত্রিকা ডেস্কঃ অবশেষে মুসলিম প্রেমিকের সঙ্গে প্রণয়ে বাঁধা পড়লেন বিশ্বের শীর্ষস্থানীয় ধনকুবের ও মাইক্রোসফটের প্রতিষ্ঠাতা বিল **(বাকি অংশ ৩৭ পাতায়)**



APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800 Fax : 718-472-9801

হাসপাতালে থাকতে হবে খালেদা জিয়াকে

বাংলা পত্রিকা ডেস্ক : বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার **(বাকি অংশ ৩৬ পাতায়)**

কারাগারে যা খাচ্ছেন আরিয়ান




বাংলা পত্রিকা ডেস্ক : মাদক মামলায় গ্রেপ্তার হয়ে কারাগারে বলিউড সুপারস্টার শাহরুখ (বাকি অংশ ৩৬ পাতায়)

ডলারের দাম বেড়েই চলছে

অর্থনৈতিক রিপোর্টারঃ রেমিট্যান্স হ্রাস ও আমদানি ব্যয় বেড়ে যাওয়ায় বাজারে ডলারের সংকট দেখা দিয়েছে । ফলে চাহিদা বেড়ে যাওয়ায় গত কয়েক মাসে আন্তঃব্যাংক মুদ্রাবাজারে প্রতি ডলারের দর ৮৫ টাকা ৬৫ পয়সায় উঠেছে । আগস্টের প্রথম সপ্তাহ পর্যন্ত প্রতি ডলার বিক্রি হচ্ছিল ৮০ টাকা ৮০ পয়সা । টাকার অবমূল্যায়ন ঠেকাতে কেন্দ্রীয় ব্যাংক রিজার্ভ থেকে ডলার বিক্রি বাড়িয়েছে । ইতিমধ্যেই গত দুই মাসে ১০১ কোটি ডলার বিক্রি করেছে বাংলাদেশ ব্যাংক । **(বাকি অংশ ৩৬ পাতায়)**

পীরকে ৩ কোটি টাকার গাড়ি

গুলশানে ৬০ কোটি টাকার বাড়ি দেখিয়েই কামরুল হুদা নামের এক লবিস্ট হাতিয়ে নিয়েছেন ৫ কোটি টাকা বাংলা পত্রিকা ডেস্ক : গুলশানে একটি বহুমূল্যবান বাড়ির দখল, (বাকি অংশ ৩৬ পাতায়)



QA TEK SOLUTIONS
NO MORE ODD JOBS
GET A JOB WITH $80K PLUS SALARY!
Locations: New York & Virginia
OUR MOST POPULAR COURSES:
Basic Computing for IT Help Desk Support
Software Testing with Selenium
Data Analysis with Power BI
ADMISSION GOING ON
QA TEK SOLUTIONS INC.
An Information Technology Company

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 | info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Phone: 917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

CENTURY 21
AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
76-26 Broadway, Elmhurst, NY 11373
Ferdous Khan
Real Estate Licensed Sales Assoricate

SUNNATI HAJJ & UMRAH GROUP
Haji trusted since 2000
All Air Tickets Visa Services
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihaj@gmail.com
Web: www.hajjmakkah.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372
KABIR CHOWDHURRY

www.banglapatrikausa.com

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY"

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে



Corporate Office
72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

The Weekly Bangla Patrika // Monday // October 18 // 2021

বিপিএল অফ ইউএসএ'র নতুন কমিটি গঠিত



নিউইয়র্ক: আগামী দুই বছরের (২০২২-২০২৩) জন্য বাংলাদেশী প্রিমিয়ার লীগ অফ ইউএসএ (বিপিএল)-এর সভায় সকলের সর্বসম্মতিক্রমে মোহাম্মদ জাসেমকে প্রেসিডেন্ট হিসেবে মনোনীত করা হয়েছে। নিউইর্য়কের কুইন্সের একটি হলে অতি সম্প্রতি অনুষ্ঠিত সংগঠনের এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় বিগত বছরের দায়িত্বশীল কার্যক্রম প্রশংসিত হওয়ায় তানভীর ভূঁইয়াকে পুনরায় আগামী দুই বছরের জন্য সেক্রেটারী হিসেবে দায়িত্ব দেওয়া হয়। নব মনোনীত প্রেসিডেন্ট ও সেক্রেটারী মিলে আগামী দুই বছরের জন্য পূর্ণাঙ্গ কার্যকরী পরিষদের নাম এবং বিপিএল-এর ভবিষ্যত কার্যক্রমের ব্যাপারে অতি সত্বর ঘোষণা করবেন বলে জানান। উল্লেখ্য, নিউইর্য়ক ফেয়ারলেস ক্রিকেট ক্লাবের স্বত্বাধীকারী মোহাম্মদ জাসেম কমিউনিটির পরিচিত মুখ। তাছাড়া গত তিন বছর ধরে বিদায়ী প্রেসিডেন্ট সুমন খানের সাথে থেকে বিপিএল অফ ইউএসএ এর কার্যক্রম পরিচালনা করে আসছিলেন। কমিউনিটির যুবসমাজ নিয়ে তার অনেক কার্যক্রম ইতিমধ্যে সকলের নিকট প্রশংসিত হয়েছে। -প্রেস বিজ্ঞপ্তি



আন্তর্জাতিক লোক সংগীত সম্মেলনের কুড়ি বছর পূর্তি

নিউইয়র্ক: 'ওকি গাড়ীয়াল ভাই, হাকাও গাড়ী তুই, চিলমারীর বন্দরে' বাংলাদেশের সুপ্রাচীন নদীবন্দর চিলমারীর গাড়ীয়ালের কণ্ঠের গান আজ বিশ্ব বাণিজ্যকেন্দ্র নিউইয়র্কের আকাশে বাতাসে ধ্বনিত হচ্ছে। যা বাঙালীর সংস্কৃতির ঐতিহ্যের বহিঃপ্রকাশ।

আন্তর্জাতিক লোক সংগীত সম্মেলন-২০২১ এর কুড়ি বছর পূর্তি উপলক্ষে ভাওয়াইয়া উৎসবে পরিবেশিত হলো মাটি ও মানুষের প্রাণের অসংখ্য ভাওয়াইয়া গান। গত ১০ অক্টোবর কুইন্স প্যালেস অডিটোরিয়ামে অনুষ্ঠিত ভাওয়াইয়া উৎসব ও পথমেলার শুভ উদ্বোধন করেন উপমহাদেশের জননন্দিত কণ্ঠশিল্পী বেবী নাজনীন ও মূলধারার বিশিষ্ট রাজনৈতিক ব্যক্তিত্ব গিয়াস আহমেদ।

সম্মেলনের আহ্বায়ক কাজী শাখাওয়াত হোসেন আজম এর স্বাগত বক্তব্যের পর উৎসবের গুরুত্ব নিয়ে কথা বলেন সম্মেলন কমিটির চেয়ারম্যান ডা. মোহাম্মদ হামিদুজ্জামান, আমন্ত্রিত অতিথি এটর্নী মঈন চৌধুরী, উপদেষ্টা শাহ নেওয়াজ, স্বাগতিক সংগঠনের প্রধান খতিব সরকার, ফ্লোরিডা থেকে আগত ভাওয়াইয়া ফাউন্ডেশন অব নর্থ আমেরিকার প্রেসিডেন্ট নুরুল আমিন ডলার, কণ্ঠশিল্পী শাহ্ মাহবুব, আয়োজক কর্মকর্তা যথাক্রমে মিজানুর রহমান মিল্টন, জসিম উদ্দিন ভূইয়া, ফিরোজ আহমেদ, ফাহাদ সোলায়মান, হাজী আবদুর রহমান, তোফায়েল আহমেদ চৌধুরী, মাকসুদুর রহমান চৌধুরী, মীর মশিউর রহমান, ডা. নার্গিস রহমান, মোহর খান, ইমদাদুল হক, আশরাফুজ্জামান, সাপ্তাহিক বাঙালী সম্পাদক কৌশিক আহমেদ ও সদস্য সচিব নূর ইসলাম বর্ষন। উৎসবে ভাওয়াইয়ার একাল সেকাল নিয়ে কথা বলেন কবি সালেম সুলেরী, সাংবাদিক শামসাদ হুসাম চৌধুরী ও লেখক ম. আনোয়ার খন্দকার। উৎসবে কবিতা পাঠ করেন শাম্স আল মমিন, এম এ সাদেক, রওশন হাসান, মনিজা রহমান, কাজী আতিক, শামস্ চৌধুরী, শাহীন ইবনে দিলওয়ার।

উৎসবের মূল থিম ছিল "ভাওয়াইয়া" উৎসব। এই পর্বে সংগীত পরিবেশন করেন জননন্দিত কণ্ঠশিল্পী বেবী নাজনীন, শাহ মাহবুব, রানু নেওয়াজ, চন্দ্রা রায়, মোহর খান। এছাড়াও লোকগান পরিবেশন করেন আব্দুল আলিমের কন্যা জোহরা আলীম, শাহরিন সুলতানা, করিম হাওলাদার, চন্দন চৌধুরী, লেমন চৌধুরী, ফরিদ রহমান, মামুন এনওয়াই, মোঃ ফখরুল ইসলাম, শামীম সিদ্দিকী, মোঃ ইমদাদুল হক, রওশন আরা নির্জন, কাজল, ফরহাদ আদনান, সুলতানা খানম, ডা. নার্গিস রহমান, তাসকিন বেলাল ও মনিকা দাশ।

উৎসবে ভাওয়াইয়ার ইতিহাস, ঐতিহ্য তুলে ধরেন কণ্ঠশিল্পী বেবী নাজনীন। মধ্যরাত পর্যন্ত বিপুল সংখ্যক দর্শক শ্রোতা ভাওয়াইয়ার সুরে হৃদয়ে নিজেদের হারিয়ে ফেলেন। কোনো শ্রোতাকে দেখে মনে হয়নি তাঁরা যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে বসে প্রাণের ভাওয়াইয়া উপভোগ করছেন। মনে হচ্ছিল যেন নিজ জন্মভূমির আঙ্গিনায় বসে হারিয়ে গেছেন ভাওয়াইয়ার সুরে।

অনুষ্ঠানটি উপস্থাপনা করেন এবিএম সালেহ উদ্দীন ও আবু তালেব চৌধুরী চান্দু। ভাওয়াইয়া উৎসবের সমাপ্তি ঘোষনা করেন আহ্বায়ক কাজী সাখাওয়াত হোসেন আজম। -প্রেস বিজ্ঞপ্তি।

ফাইজার টিকা উদ্ভাবনকারী মুসলিম দম্পতিকে অ্যাওয়ার্ড দিল গ্রিস



বাংলা পত্রিকা ডেস্ক : করোনাভাইরাস প্রতিরোধে প্রথম সফল টিকা উদ্ভাবক তুর্কি বংশোদ্ভূত মুসলিম জার্মান দম্পতি উগুর শাহিন ও ওজলেম তুরেসিকে দেশটির মর্যাদাবান পুরস্কার দিয়েছে গ্রিস। বুধবার (১৩ অক্টোবর) দুই মুসলিম বিজ্ঞানীকে

গ্রিসের 'ইমপ্রেস থিওফানো প্রাইজ' দেয়া হয় বলে খবর দিয়েছে তুরস্কের জনপ্রিয় সংবাদমাধ্যম হুররিয়াত ডেইলি নিউজ।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে গ্রিক প্রেসিডেন্ট ক্যাটেরিনা সাকারানাপুলু বলেন, 'বিখ্যাত বিজ্ঞানী দম্পতিকে ইমপ্রেস থিওফানো প্রাইজ দিতে পেরে আমরা খুবই আনন্দিত। জীবন ও বিজ্ঞানকে তারা এক সাথে ধারণ করে মানুষের কল্যাণে কাজ করছেন।'

তিনি আরও বলেন, 'মানবতার সেবায় শাহিন ও তুরেসির গুরুত্বপূর্ণ অবদানের জন্য তারা এবং তাদের দলের সবাই সম্মান পাওয়ার যোগ্য। আমরা তাদের বিশ্বাস, নিষ্ঠা, অধ্যবসায় ও শক্তিকে পুরস্কৃত করেছি।'

এর আগে শাহিন ও তুরেসি দম্পতিকে টিকা আবিষ্কারের জন্য জার্মানির সর্বোচ্চ অর্ডার অব মেরিট সম্মাননা পুরস্কার দেয়া হয়। জার্মান প্রেসিডেন্টের সরকারি বাসভবন বেলভাই প্রাসাদে এক অনুষ্ঠানের মাধ্যমে তাদের হাতে সম্মাননা তুলে দেন প্রেসিডেন্ট ফ্রাঙ্ক ওয়াল্টার স্টেইনমিয়ার। সেখানে জার্মান চ্যান্সেলর অ্যাঞ্জেলা মেরকেল উপস্থিত থেকে এ দম্পতির ভূয়সী প্রশংসা করেন।

২০০৮ সালে শাহিন ও তুরেসি নিজস্ব ফার্মাসিটিক্যাল কোম্পানি বায়ো-এনটেক প্রতিষ্ঠা করেন। জার্মানির প্রতিষ্ঠানটি যুক্তরাষ্ট্রের ওষুধ কোম্পানি ফাইজারের সাথে মিলে 'ফাইজার-বায়োএনটেক' নামে করোনার প্রথম টিকা আবিষ্কার করে।

Hillside Medical & Pain Management

164-05 Hillside Ave. Jamaica, NY 11432

Ph: (718-297-6090

PHYSICAL THERAPY

আমরা বাংলা, হিন্দী, স্প্যানিশ ও ফিলিপিন ভাষায় কথা বলি

ফিজিক্যাল থেরাপি

আমরা আপনাদের সেবায় নিয়োজিত





WE ARE OPEN
We have missed you





Mask, gloves, face shield, hand sanitizer available for all patients

Our primary goal is health safety of our patient. We provide extra care & precautions to safely treat our patients in compliance with CDC & DOH guidelines. During COVID-19 we monitor vital signs of our patients to ensure ongoing good health. We take most medical insurances. Medicare, Worker's Compensation and N/F



বই আমার শক্তি || বই আমার মুক্তি

বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও নিউ ইয়র্ক বইমেলার ৩০ বছর পূর্তি উপলক্ষে

Muktadhara Foundation

৫ দিনব্যাপী
নিউইয়র্ক বাংলা বইমেলা ২০২১


উদ্বোধকঃ **আসাদ চৌধুরী**, কবি

প্রধান অতিথিঃ **কেএম খালিদ, প্রতিমন্ত্রী,** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

বিশেষ অতিথি


আব্দুল গাফফার চৌধুরী, একুশের গানের রচয়িতা (ভার্চুয়াল)
শহীদুল ইসলাম, রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন
মুহম্মদ নূরুল হুদা, মহাপরিচালক, বাংলা একাডেমী
হারুন হাবীব, লেখক, সাংবাদিক
মিনার মনসুর, পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র

কোন প্রবেশমূল্য লাগবে না

সম্মানিত অতিথি

মনিরুল হক, নির্বাহী, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশনা সমিতি
আলমগীর শিকদার লোটন, প্রাক্তণ সভাপতি, বাংলাদেশ পুস্তক প্রকাশনা ও বিক্রেতা সমিতি
জসিম উদ্দন, প্রকাশক-কথাপ্রকাশ
হুমায়ূন কবির ঢালী, লেখক- প্রকাশক
জাফর আহমেদ রাশেদ, কবি-প্রকাশক




উদ্বোধন: ২৮ অক্টোবর, বৃহস্পতিবার, সন্ধ্যা ৬টা থেকে রাত ১১টা
LaGuardia Airport Marriott, 102-05 Ditmars Blvd
East Elmhurst, NY 11369





বাংলাদেশের বিশিষ্ট প্রকাশনা সংস্থার অংশগ্রহণে বইমেলা
২৯ অক্টোবর থেকে ১ নভেম্বর, ২০২১
প্রতিদিন: বিকেল ৩টা থেকে রাত ১০টা
Jewish Center, 37-06 77th St, Jackson Heights, NY 11372

নৃত্য-গীতি আলেখ্য: বাংলাদেশ একাডেমি অব ফাইন আর্টস
বাংলাদেশ থেকে আসছেন প্রখ্যাত শিল্পী নবনীতা চৌধুরী
টেলিভিশনের খ্যাতনামা উপস্থাপক পুনম প্রিয়াম
স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী রথীন্দ্রনাথ রায় ও শহীদ হাসান এবং অন্যান্য




প্রিয় মহোদয়/মহোদয়া
বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও নিউইয়র্কে বইমেলায় ৩০ বছর পূর্তি উপলক্ষে আপনাদের সফলকে নিউইয়র্কে বাংলা বইমেলায় সাদর আমন্ত্রণ জানাচ্ছি।

ড. নূরন নবী
আহ্বায়ক, ৩০তম নিউইয়র্ক বাংলা বইমেলা

অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য যোগাযোগ:
মুক্তিযুদ্ধের কবিতা ও স্বরচিত কবিতা: মঞ্জুর কাদের: 646-575-9589, নতুন বই: আদনান সৈয়দ: 646-379-8672
যোগাযোগ: 609-529-5065, 516-754-7097, 610-203-9695, 917-655-9311, 347-656-5106, 646-270-0676

বইমেলায় সরাসরি যারা যোগ দিতে পারবেন না তাদের জন্য থাকছে
৫০টি প্রকাশনার সংস্থার হ্রাসকৃত মূল্যের বই : nyboimela.org

Principal Patrons: Syed Zaki & Rabat Hossain | Principal House Ara Ahmad Foundation
Media Partner: বাঙ্গালী | আজকাল | IB TV USA

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

অটুট থাক সম্প্রীতির বন্ধন

কুমিল্লাসহ কয়েকটি স্থানে দুঃখজনক কিছু ঘটনা ছাড়া দেশের সর্বত্র **শান্তিপূর্ণ**ভাবে শারদীয় দুর্গোৎসব পালিত হয়েছে। কিছু কিছু এলাকায় ধর্মকে ব্যবহার করে সহিংসতা সৃষ্টির চেষ্টা হয়েছে। উৎসবের রঙে দাগ লাগানোর চেষ্টা করেছে কিছু মানুষ। কিন্তু সরকার ও আইন-শৃঙ্খলা বাহিনীর সময়মতো পদক্ষেপের কারণে বড় ধরনের কোনো ঘটনা ঘটতে পারেনি। অষ্টমীর দিন কুমিল্লায় কোরআন অবমাননার কথিত অভিযোগ তুলে উত্তেজনা সৃষ্টি করা হয়। পরদিনই কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করেন প্রধানমন্ত্রী। কুমিল্লার ঘটনার জের ধরে চাঁদপুরেও পূজামন্ডপে ভাঙচুর ও সংঘর্ষ হয়, সেখানে প্রাণহানিও ঘটে। মন্ডপে হামলা-ভাঙচুরের ঘটনা ঘটে চট্টগ্রামের বাঁশখালী ও কর্ণফুলী উপজেলা, কক্সবাজারের পেকুয়া, মৌলভীবাজারের কমলগঞ্জ ও কুলাউড়া এবং চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জেও। শুক্রবার ঢাকা, নোয়াখালী, চট্টগ্রামসহ দেশের কয়েকটি স্থানে বিক্ষোভ হয়। এদিকে নিউইয়র্ক ছাড়াও সমগ্র উত্তর আমেরিকায় সনাতন ধর্মাবলী বসবাসকারী রাজ্যগুলোতে বাপক উৎসাহ-উদ্দীপনা আর সৌহার্দ-সম্প্রতির পরিবেশে শারদীয় দুর্গোৎসব পালিত হয়েছে।

বাংলাদেশে এ ধরনের অপচেষ্টা এটাই প্রথম নয়। অথচ বাংলাদেশ একটি অসাম্প্রদায়িক দেশ। এ দেশের সম্প্রীতি এ দেশের বৈশিষ্ট্য। এই ভূখন্ডে হাজার বছর ধরে মুসলমান, হিন্দু, বৌদ্ধ, খিস্টান, চাকমা, সাঁওতালসহ সব ধর্ম-বর্ণের মানুষ ও ক্ষুদ্র নৃগোষ্ঠী একসঙ্গে সম্প্রীতি বজায় রেখে বসবাস করে আসছে। সব স্রোত এক ধারায় এসে মিলিত হয়ে বাঙালী সংস্কৃতিকে সমৃদ্ধ ও শক্তিশালী করেছে। আমাদের মুক্তিসংগ্রাম, মুক্তিযুদ্ধ এবং একাত্তরের ১৬ ডিসেম্বর অভূতপূর্ব বিজয় অর্জনে এককভাবে যে উপাদানটি সবচেয়ে বড় ভূমিকা রেখেছে তা হলো অসাম্প্রদায়িক বাঙালী সংস্কৃতির শক্তি। আর বাঙালী সংস্কৃতির মূল কথা হলো সম্প্রীতি। বাংলাদেশের একটি ঐতিহাসিভাবে সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। এ দেশের বেশির ভাগ মানুষ ইসলাম ধর্মে বিশ্বাসী হলেও বাঙালী সংস্কৃতি ও চেতনা এর মূল চালিকাশক্তি।

একটি চিহ্নিত মহল একটি স্পর্শকাতর বিষয়কে সব সময় হাতিয়ার হিসেবে ব্যবহার করতে চেয়েছে। এ দেশের সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করার অপচেষ্টা করেছে। অবশ্য দেশের সচেতন মানুষ সব সময় এ ধরনের অপচেষ্টা রুখে দিয়েছে। এর নেপথ্যে রয়েছে অসাম্প্রদায়িক সম্প্রীতির ঐতিহ্য। বাংলার মাটি তার শ্যামল বুকে চিরকাল সম্প্রীতিকে ধারণ করে এসেছে, পরিচর্যা করেছে গভীর ভালোবাসায়। আবহমানকাল ধরেই এ গাঙ্গেয় অববাহিকা সব মতের-ধর্মের জনগোষ্ঠীকে সমানভাবে বুকে ঠাঁই দিয়েছে, লালন করেছে পরম মমতায়। বাংলার সাম্প্রদায়িক সম্প্রীতির অঙ্কুর তার আবহাওয়ায়, তার লোকায়ত ঐতিহ্যে। নাতিশীতোষ্ণ জলবায়ুতে বেড়ে ওঠা এ দেশের মানুষ শান্তিপ্রিয়। সম্প্রীতির অনিঃশেষ ধারায় ধর্মীয় দর্শনের মানবিক ও সুকুমার বোধগুলো এই বাংলা সহজাতভাবেই আপনার করে নেয়। দেশ ও প্রবাসে সম্প্রীতির চিরায়ত সেই বন্ধন অটুট থাকবে, এটাই



ধরিত্রী সরকার সবুজ

শিল্প বিপ্লবের পর থেকে বিশ্বের উষ্ণতা বাড়ছে। মূলত কলকারখানা, যানবাহনে জীবাশ্ম জ্বালানি ব্যবহারের ফলে বাতাসে গ্রিনহাউস গ্যাসের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। গত ১০০ বছরে পৃথিবীর গড় তাপমাত্রা বৃদ্ধি পেয়েছে প্রায় এক ডিগ্রি সেলসিয়াস। এখন সারা বিশ্বের চিন্তা, উদ্বেগ এবং পরিকল্পনা এ শতাব্দীর শেষ পর্যন্ত তাপমাত্রা বৃদ্ধির এই ধারাকে দেড় ডিগ্রি থেকে দুই ডিগ্রির মধ্যে আটকে রাখা। এ লক্ষ্য সামনে নিয়ে যুক্তরাজ্যের গাসগো শহরে আগামী ৩১ অক্টোবর থেকে শুরু হচ্ছে বিশ্ব জলবায়ু সম্মেলন, যা কপ-২৬ নামে সমধিক পরিচিত। সারা বিশ্বের পরিবেশসচেতন মানুষের আগ্রহের কেন্দ্রবিন্দু এ সম্মেলন চলবে ১২ নভেম্বর পর্যন্ত। বিশ্বকে সব প্রাণীর জন্য বাসযোগ্য রাখার প্রত্যয় নিয়ে আমাদের চোখ এখন স্কটল্যান্ডের গ্লাসগোর দিকে।

গ্রিনহাউস গ্যাস নামে পরিচিত কার্বন ডাই-অক্সাইড, মিথেন, নাইট্রাস অক্সাইড প্রভৃতি গ্যাসের বাতাসে উপস্থিতি খুবই গুরুত্বপূর্ণ। বাতাসে এ গ্যাসগুলো না থাকলে পৃথিবী রাতের বেলা থাকত একেবারেই হিমশীতল, যা যেকোনো প্রাণীর বসবাসের জন্য সম্পূর্ণ অনুপোযোগী। এ গ্যাসগুলোই সূর্য থেকে আসা তাপের কিছু অংশ আটকে রেখে পৃথিবীকে রাতের বেলা উষ্ণ রাখে।

শিল্প বিপ্লবের আগে উত্তর গোলার্ধে বাতাসে কার্বন ডাই-অক্সাইডের পরিমাণ ছিল ০.০২৮ শতাংশ। দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগ পর্যন্ত এর পরিমাণ তেমন একটা বৃদ্ধি পায়নি। কিন্তু তার পরই দ্রুত বাড়তে থাকে। ১৯৫০ থেকে ১৯৮০ সালের মধ্যে এর পরিমাণ ০.০৩৫ শতাংশে দাঁড়ায়। বর্তমানে বাতাসে কার্বন ডাই-অক্সাইডের পরিমাণ ০.০৪ শতাংশ। বাতাসের ০.০২৮ শতাংশ কার্বন ডাই-অক্সাইড যে পরিমাণ তাপ পৃথিবীতে ধরে রাখত ০.০৪ শতাংশ কার্বন ডাই-অক্সাইড তার চেয়ে অনেক বেশি তাপ ধরে রাখছে। আর সে কারণেই পৃথিবীর তাপমাত্রা বেড়ে যাচ্ছে, ঘটছে ভূপৃষ্ঠের উষ্ণায়ন এবং জলবায়ুর পরিবর্তন।

১৯৯২ সালে ব্রাজিলের রিওডি জেনিরোর সম্মেলন দিয়ে বিশ্ব জলবায়ু সম্মেলনের শুরু। তারপর চলে গেছে অনেক বছর। প্রতিবছর নভেম্বর বা ডিসেম্বরে অনুষ্ঠিত হয় এ সম্মেলন। কপ-২৬ সম্মেলন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল ২০২০ সালে যুক্তরাজ্যের গ্লাসগোতে। করোনা মহামারির কারণে সম্মেলন স্থগিত করা হয়েছিল। সে কপ-২৬ সম্মেলনটি এবারে অনুষ্ঠিত হচ্ছে ৩১ অক্টোবর থেকে।

জলবায়ু পরিবর্তনের ফলে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা যতটুকু বাড়বে বলে ধারণা করা হয়েছিল, বৃদ্ধি হবে তার চেয়ে অনেক বেশি। এত দিন বিজ্ঞানীরা ধারণা করছিলেন, ২১০০ সালের মধ্যে পৃথিবীর সমুদ্রস্তরের উচ্চতা সর্বোচ্চ বৃদ্ধি পাবে এক মিটারের একটু কম। সর্বশেষ গবেষণাটি বলছে, সমুদ্রের পানির উচ্চতা বাড়তে পারে তার প্রায় দ্বিগুণ।

'প্রসিডিংস অব দ্য ন্যাশনাল একাডেমি অব সায়েন্সেস' জার্নালে প্রকাশিত এ গবেষণায় প্রাপ্ত তথ্য বলছে, কার্বন নির্গমন যেভাবে চলছে তা কমানো না গেলে আগামী দিনের পৃথিবী এখনকার চেয়ে পাঁচ ডিগ্রি সেলসিয়াস বেশি উষ্ণতর হবে। সে ক্ষেত্রে ২১০০ সাল নাগাদ সমুদ্রস্তরের উচ্চতা ৬২ সেন্টিমিটার থেকে ২৩৮ সেন্টিমিটার পর্যন্ত বৃদ্ধি পাবে।

বিশ্বের দৃষ্টি এখন কপ-২৬-এর দিকে

২০১৩ সালে প্রকাশিত ইন্টারগভর্নমেন্টাল প্যানেল অন ক্লাইমেট চেঞ্জ (আইপিসিসি)-এর পঞ্চম সমীক্ষা প্রতিবেদনে বলা হয়েছিল, এ শতাব্দীর শেষ নাগাদ সমুদ্রস্তরের উচ্চতা ৫২ থেকে ৯৮ সেন্টিমিটার পর্যন্ত বৃদ্ধি পেতে পারে। বিশেষজ্ঞরা মনে করছেন, ওই হিসাব ছিল অনেক বেশি রক্ষণশীল। গত ৯ আগস্ট আইপিসিসির ষষ্ঠ প্রতিবেদন প্রকাশিত হয়েছে, যাতে বলা হয়েছে জলবায়ু পরিবর্তনের কারণে পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি এবং সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি বেশ দ্রুতগতিতে ঘটছে।

আশঙ্কার কথা হলো, সমুদ্রস্তরের উচ্চতা এভাবে বাড়লে ১.৭৯ মিলিয়ন বর্গকিলোমিটার পরিমাণ ভূমি পানির নিচে তলিয়ে যাবে, যার মধ্যে একটা অংশ থাকবে বাংলাদেশের। গবেষণাটিতে বলা হয়েছে, সে ক্ষেত্রে বাংলাদেশের বেশ কিছু এলাকা মানুষের বসবাসের জন্য অযোগ্য হয়ে পড়বে এবং সেসব অঞ্চলের মানুষকে উদ্বাস্তু হয়ে অন্যত্র স্থানান্তরিত হতে হবে। তবে গবেষকরা এটাও বলছেন যে আগামী কয়েক দশকে কার্বন নির্গমনের হার কমানো গেলে এ ধরনের পরিস্থিতি এড়ানো সম্ভব হতে পারে।

আমরা একটু পেছনে ফিরে দেখতে পারি কার্বন নির্গমনে বিশ্বব্যাপী প্রচেষ্টার সার্বিক অগ্রগতি কতটুকু। পোল্যান্ডের দক্ষিণাঞ্চলীয় শহর কাতোভিচে ২০১৮ সালের ডিসেম্বরে অনুষ্ঠিত হয়েছিল বিশ্ব জলবায়ু সম্মেলন কপ-২৪। ১৯৬টি দেশের প্রতিনিধিরা অংশ নিয়েছেন সে সম্মেলনে। বৈশ্বিক উষ্ণায়ন মোকাবেলায় ২০১৫ সালে ফ্রান্সের রাজধানী প্যারিসে অনুষ্ঠিত কপ-২১-এর প্রতিশ্রুতি কতটা পূরণ করা যায় সেটাই ছিল কপ-২৪-এর টান টান উত্তেজনা আর দুশ্চিন্তার বিষয়। ২০১৯ সালে স্পেনের মাদ্রিদে অনুষ্ঠিত কপ-২৫ সম্মেলন থেকে তেমন উল্লেখযোগ্য কোনো অর্জন আসেনি।

প্যারিস সম্মেলনে বিশ্বের প্রায় ২০০টি দেশের রাষ্ট্র ও সরকার প্রধানরা বৈশ্বিক গড় তাপমাত্রা বৃদ্ধি শিল্পযুগের আগের তুলনায় দুই ডিগ্রির মধ্যে এমনকি সম্ভব হলে দেড় ডিগ্রির মধ্যে রাখার বিষয়ে একমত হন। কিন্তু সময় যত গড়াচ্ছে প্যারিস জলবায়ু চুক্তি তত ঝুঁকির মুখে পড়ছে। জাতিসংঘ বলছে, এই লক্ষ্য অর্জন করতে হলে ২০৩০ সাল নাগাদ বৈশ্বিক গ্রিনহাউস গ্যাসের নিঃসরণ বর্তমানের তুলনায় ৫৫ শতাংশ কমিয়ে আনতে হবে।

জাতিসংঘ পরিবেশ কর্মসূচি (ইউএনইপি) জানিয়েছে, বৈশ্বিক গড় তাপমাত্রা বৃদ্ধি শিল্পযুগের আগের তুলনায় দুই ডিগ্রি সেলসিয়াসের মধ্যে ধরে রাখতে হলে প্যারিস চুক্তিতে স্বাক্ষর করা দেশগুলোকে তাদের প্রচেষ্টা ও উদ্যোগ আরো তিন গুণ বৃদ্ধি করতে হবে এবং তাপমাত্রা বৃদ্ধি ১.৫ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে রাখতে হলে উদ্যোগ ও প্রচেষ্টা বাড়াতে হবে পাঁচ গুণ।

জাতিসংঘ পরিবেশ কর্মসূচি (ইউএনইপি) জানিয়েছে, বৈশ্বিক গড় তাপমাত্রা বৃদ্ধি শিল্পযুগের আগের তুলনায় দুই ডিগ্রি সেলসিয়াসের মধ্যে ধরে রাখতে হলে প্যারিস চুক্তিতে স্বাক্ষর করা দেশগুলোকে তাদের প্রচেষ্টা ও উদ্যোগ আরো তিন গুণ বৃদ্ধি করতে হবে এবং তাপমাত্রা বৃদ্ধি ১.৫ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে রাখতে হলে উদে

সত্যিকার অর্থে জলবায়ু পরিবর্তন মোকাবেলার ক্ষেত্রে বিশ্বের দেশগুলোকে প্রথমবারের মতো একতাবদ্ধ করতে পেরেছিল প্যারিস সম্মেলনের বৈশ্বিক জলবায়ু চুক্তি। তখন গ্রিনহাউস গ্যাস কমিয়ে আনতে ১৯৫টি দেশ যে ঐকমত্য পোষণ করেছে তাকে অনেক পর্যবেক্ষকই ঐতিহাসিক অর্জন বলে অভিহিত করেছেন। বিজ্ঞানীরা মনে করেন, পৃথিবীতে আসন্ন জলবায়ু পরিবর্তনের বিপজ্জনক প্রভাব প্রতিরোধে প্যারিস চুক্তি দ্রুত কার্যকর করা প্রয়োজন।

প্যারিস চুক্তিতে বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি দুই ডিগ্রি বা ১.৫ ডিগ্রির মধ্যে রাখা এবং জলবায়ু তহবিল গঠন ছাড়াও গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের মধ্যে ছিল গাছ, মাটি ও সমুদ্র প্রাকৃতিকভাবে যতটা গ্রিনহাউস গ্যাস শোষণ করতে পারে ২০৫০ থেকে ২১০০ সালের মধ্যে গ্রিনহাউস গ্যাসের নিঃসরণ সেই পর্যায়ে নামিয়ে আনা।

প্যারিস চুক্তিতে বলা হয়েছে উন্নত দেশগুলো জলবায়ু পরিবর্তন মোকাবেলায় উন্নয়নশীল দেশগুলোকে প্রতিবছর ১০০ বিলিয়ন ডলার অর্থ বরাদ্দ দেবে। কিন্তু এখন পর্যন্ত উন্নত এবং ধনী দেশগুলোর যা উদ্যোগ দেখা যাচ্ছে তাতে ১০০ বিলিয়ন ডলারের প্রতিশ্রুতি পূরণের লক্ষণ দেখা যায় না। আমরা আশা করছি গ্লাসগোর কপ-২৬ সম্মেলনটিও কপ-২১-এর মতো উল্লেখযোগ্য সম্মেলন হবে এবং ১০০ বিলিয়ন ডলারের প্রতিশ্রুতি পূর্ণ বাস্তবায়নের সত্যিকার রূপরেখা এখান থেকে পাওয়া যাবে।

কিয়োটো প্রটোকলের হাত ধরে আমরা প্যারিস অ্যাগ্রিমেন্টের পথে এসেছি। কিন্তু এই দুয়ের মধ্যে কার্বন মার্কেট বা কার্বন ট্রেডিংয়ের সমন্বয় করে সর্বসম্মত সিদ্ধান্ত নেওয়া যায়নি গত কয়েকটি কপ সম্মেলনে। প্যারিস রুল বুক তাই আজ পর্যন্ত পরিপূর্ণভাবে তৈরি করা যায়নি। বিশ্বের জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশ, দ্বীপরাষ্ট্র এবং উন্নয়নশীল দেশগুলোর জন্য কার্বন ট্রেডিং বিষয়ে ঐকমত্যে পৌঁছানো জরুরি।

আসন্ন কপ প্রেসিডেন্সি যুক্তরাজ্যের মন্ত্রী আলোক শর্মার প্রচেষ্টা আমাদের আশান্বিত করে। কপ-২৬ সম্মেলনে বেশ কিছু গুরুত্বপূর্ণ এজেন্ডা বাস্তবায়নের লক্ষ্য নিয়ে অগ্রসর হচ্ছেন তিনি। সে লক্ষ্য পূরণে করোনা মহামারির মধ্যেও তিনি অনেক দেশ ভ্রমণ করেছেন এবং রাষ্ট্রপ্রধান ও সরকার প্রধানদের সঙ্গে আলোচনা করেছেন। ৪০টি দেশের মন্ত্রীদের নিয়ে জুলাই মাসে লন্ডনে দুই দিনের একটি সফল জুলাই মিনিস্টেরিয়াল আয়োজন করেছেন। আমরা আশা করছি, গ্লাসগোর কপ-২৬ সম্মেলনে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় এমন কিছু সিদ্ধান্ত আসবে, যা প্যারিসের কপ-২১-এর মতোই স্মরণীয় করে রাখবে গ্লাসগোর কপ-২৬ সম্মেলনকে।

লেখক: পরিবেশবিষয়ক লেখক ও গবেষক

নামাজের সময়-সূচী

অক্টোবর	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪
ফজর	৫.৫৪	৫.৫৫	৫.৫৬	৫.৫৭	৫.৫৮	৫.৫৯	৬.০০
সূর্যোদয়	৭.০৮	৭.১০	৭.১১	৭.১২	৭.১৩	৭.১৪	৭.১৫
জোহর	১২.৪১	১২.৪১	১২.৪১	১২.৪০	১২.৪০	১২.৪০	১২.৪০
আসর	৪.২৯	৪.২৮	৪.২৬	৪.২৫	৪.২৪	৪.২২	৪.২১
মাগরিব	৬.১৩	৬.১২	৬.১০	৬.০৯	৬.০৭	৬.০৬	৬.০৪
এশা	৭.২৭	৭.২৬	৭.২৪	৭.২৩	৭.২২	৭.২০	৭.১৯

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৫ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৬ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

সন্ত্রাস ও জঙ্গি দমনে শেখ হাসিনা সরকার



আসাদুজ্জামান খান, এমপি

বাংলাদেশ বিশ্বে জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ দমনে উদাহরণ সৃষ্টি করেছে। এর মূল কারণ রাষ্ট্রের মূলনীতি, বঙ্গবন্ধুর আদর্শ এবং প্রধানমন্ত্রীর অসাম্প্রদায়িক মানসিকতা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার পরিচালনায় বাংলাদেশ আজ জঙ্গিমুক্ত দেশে পরিণত হয়েছে। আমরা বাংলাদেশে জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদের শতভাগ মূলোৎপাটন না করতে পারলেও নিয়ন্ত্রণ করতে পেরেছি।

বাংলাদেশকে অস্থিতিশীল ও অকার্যকর করার জন্য বিভিন্ন সময়ে বিভিন্ন নামে তারা অপতৎপরতায় লিপ্ত হয়েছে। তাদের সঙ্গে ইসলামিক স্টেট বা আইএসএর যে কোনো সম্পৃক্ততা নেই, আমরা তা প্রমাণ করতে পেরেছি। বাংলাদেশে তৎপর জঙ্গি গোষ্ঠীগুলো সবই এই দেশের অভ্যন্তরে গড়ে ওঠা সন্ত্রাসবাদী। তারা কখনো জামাআতুল মুজাহিদিন বাংলাদেশ (জেএমবি), কখনো হরকাতুল জিহাদ, কখনো আল্লাহর দল ইত্যাদি নাম ধারণ করেছে। ঢাকার গুলশানে হলি আর্টিজান রেস্তোরাঁয়, কিশোরগঞ্জের শোলাকিয়া ঈদগাহ ময়দানে, সিলেটের আতিয়া মহলসহ বিভিন্ন জায়গায় তারা সন্ত্রাসবাদী হামলা চালিয়েছে। প্রধানমন্ত্রীর আহ্বানে তাদের বিরুদ্ধে সবাই ঐক্যবদ্ধ হয়েছে। বাংলাদেশের জনগণ জঙ্গিদের ঘৃণাভরে প্রত্যাখ্যান করেছে। মা তার জঙ্গি ছেলেকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হাতে তুলে দিয়েছেন। আত্মীয়স্বজন জঙ্গিদের মৃতদেহ নিতে পর্যন্ত আসেনি। আমাদের দেশের মানুষ ধর্মভীরু, কিন্তু ধর্মান্ধ নয়। এই সত্য বারবার প্রমাণিত হয়েছে। বাংলাদেশে সন্ত্রাস ও জঙ্গিবাদ দমনে জাতির পিতার কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বে অভূতপূর্ব নিদর্শন সৃষ্টি করেছেন। বঙ্গবন্ধুর অসাম্প্রদায়িক আদর্শে বিশ্বাস এবং মাননীয় প্রধানমন্ত্রীর দৃঢ়, সুদক্ষ ও দূরদৃষ্টিসম্পন্ন নেতৃত্বের গুণে বাংলাদেশ আজ সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদ নিয়ন্ত্রণে সক্ষম হয়েছে।

বৈশ্বিক ও জাতীয় প্রেক্ষাপট বিবেচনায় এবং প্রাপ্ত গোয়েন্দা তথ্য পর্যালোচনায় দেখা যায়, তথাকথিত ইসলামিক স্টেটের (আইএস) মতাদর্শের অনুসারী এদেশীয় নব্য জেএমবির সদস্যরা বিভিন্ন সময়ে দেশকে অস্থিতিশীল করার অপচেষ্টা চালায়। বিশ্লেষণ-পর্যালোচনায় বৈশ্বিক পরিমন্ডলে আইএসের উদ্দেশ্যের সঙ্গে বাংলাদেশের জঙ্গিদের তৎপরতার বেশ ফারাক দেখা যায়। প্রকৃতপক্ষে আইএসের সঙ্গে এদেশীয় জঙ্গিদের কোনো যোগাযোগ ছিল না। নব্য জেএমবি, আনসারুল্লাহ বাংলা টিমসহ গোষ্ঠীগুলো যতটা না দেশকে ইসলামি রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠিত করতে চায়, তার চেয়ে বেশি চায় দেশে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করতে। দেশকে অস্থিতিশীল করাই যেন এদের মূল উদ্দেশ্য। তারা আন্তর্জাতিক মহলের দৃষ্টি আকর্ষণের জন্য বাংলাদেশে বসবাসরত অথবা এ দেশের উন্নয়নকাজের অংশীদার বিদেশি নাগরিকদের 'টার্গেট কিলিং' শুরু করে। কোথাও কোনো জঙ্গি হামলার ঘটনা ঘটলে কিংবা হামলার চেষ্টা হলেই রিটা কাটস নামের এক ইহুদি নারীর সাইট ইন্টেলিজেন্স নামের একটি ওয়েবসাইট থেকে ঘোষণা করা হয় যে এটা আইএস করেছে। কিন্তু তা সত্য নয়। আসলে এসব অপতৎপরতা একটি উদীয়মান অর্থনৈতিক শক্তি হিসেবে বাংলাদেশে উন্নয়ন ও বিকাশ বাধাগ্রস্ত করার দেশীয় ও আন্তর্জাতিক অপচেষ্টা।

তারা গুলশানের হলি আর্টিজান রেস্তোরাঁ ও ঐতিহাসিক শোলাকিয়া ঈদগাহ ময়দানে হামলাসহ বেশ কিছু হামলা চালিয়েছে। এসব জঙ্গিগোষ্ঠী কিছুদিন পর পর মাথাচাড়া দিয়ে ওঠার চেষ্টা করে, কিন্তু গোয়েন্দাদের তৎপরতার কারণে সক্ষম হয় না। তাদের ছোট ছোট স্লিপিং সেল মাঝেমধ্যে নিজেদের অস্তিত্বের জানান দেওয়ার চেষ্টা করে। সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদ দমনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার শূন্য সহিষ্ণুতার নীতির ফলে বাংলাদেশে সন্ত্রাস ও জঙ্গি দমন সহজ হয়েছে। আমাদের সুদক্ষ ও চৌকশ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তাদের সফলভাবে দমন করেছে।

২০১৬ সালের ১ জুলাই হলি আর্টিজানে হামলার আকস্মিকতা পর্যালোচনায় সরকার জঙ্গিদের দমনে সমন্বিত পদক্ষেপ নেয় বলেই তারা এখন কোণঠাসা হয়ে পড়েছে। জঙ্গিরা এখন বিভিন্ন স্থাপনাকে লক্ষ্যবস্তু করছে, যাতে তাদের অস্তিত্বের জানান দেওয়া সহজ হয়।



সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদ দমনে বাংলাদেশ বিশ্বে এখন রোল মডেল। সন্ত্রাসবাদ আঞ্চলিক সমস্যা নয়, একটি বৈশ্বিক সংকট। উগ্রবাদের বিস্তার ও জঙ্গিবাদ দমনে বঙ্গবন্ধুকন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার শূন্য সহিষ্ণুতা নীতির ফলে দ্রুততম সময়ের মধ্যে বাংলাদেশে জঙ্গিবাদের বিস্তার প্রতিহত করা সম্ভব হয়েছে।

রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় জঙ্গিবাদ বিস্তারের নেপথ্যে ছিল বিএনপি-জামায়াতের জোট সরকার। আমরা জঙ্গিবাদের উত্থানের আলামত প্রথম উপলব্ধি করি ১৯৯২ সালে। 'আমরা সবাই তালেবান, বাংলা হবে আফগান'–এই স্লোগানের মধ্য দিয়ে বাংলাদেশে মৌলবাদীদের উত্থান ঘটে ১৯৯২ সালে। তারা রাষ্ট্রীয় মদতে ২০০৪ সালের ২১ আগস্ট ঢাকার বঙ্গবন্ধু অ্যাভিনিউতে আওয়ামী লীগের সমাবেশে বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে ভয়াবহ গ্রেনেড হামলা চালায়। এতে ২৪ জন নিহত হন। রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় হামলাকারীদের অনেকে দেশ ত্যাগ করে।

বাংলাদেশের ইতিহাসে সশস্ত্র জঙ্গিবাদের উত্থানের সর্ববৃহৎ আলামত দৃশ্যমান হয় ২০০৫ সালের ১৭ আগস্ট জেএমবির ৬১টি জেলায় একযোগে বোমা বিস্ফোরণের মাধ্যমে। জঙ্গিদের মদত দেওয়ার কাজে রাষ্ট্রীয় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও গোয়েন্দা সংস্থাগুলোকে অন্যায়ভাবে ব্যবহার করারও অনেক দৃষ্টান্ত রয়েছে। কিন্তু সফল রাষ্ট্রনায়ক বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার ক্ষেত্রে আমরা উলটো চিত্র দেখি। তিনি জনগণকে সঙ্গে নিয়ে এই প্রতিষ্ঠানগুলোকে ব্যবহার করে সন্ত্রাস ও জঙ্গি তৎপরতা নিয়ন্ত্রণে নিয়ে এসেছেন।

মাননীয় প্রধানমন্ত্রী জঙ্গিবাদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে দেশের জনগণকে আহ্বান জানিয়েছিলেন। তার আহ্বানে শিক্ষক-ছাত্র, শ্রমিক, ইমাম-পুরোহিত, সব ধর্মের গুরু থেকে শুরু করে সর্বস্তরের জনগণ এগিয়ে এসেছেন। জনগণ সহযোগিতা করেছে বলেই আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী জঙ্গিদের দমন করতে পেরেছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় ধর্মীয় নেতৃবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ, জনপ্রতিনিধি ও প্রশাসনের সর্বস্তরে জনবল নিয়ে প্রতিটি বিভাগে জঙ্গিবিরোধী মহাসমাবেশের মাধ্যমে প্রমাণ করতে পেরেছিলাম যে এ দেশের মানুষ জঙ্গিবাদে বিশ্বাস করে না; সন্ত্রাসীদের ঘৃণা করে। বিশ্ববিদ্যালয়ে সমাবেশ করা হয়; মসজিদে জঙ্গিবিরোধী সচেতনতামূলক আলোচনা করা হয়। এতে জনগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে।

বাংলাদেশের জনগণ ধর্মপ্রাণ, কিন্তু ধর্মান্ধ নয়। তারা ধর্মান্ধ হলে পাকিস্তান থেকে দেশকে স্বাধীন করত না। অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিকভাবে শোষিত দেশটি ধর্মের মায়াজাল ছিন্ন করে বঙ্গবন্ধুর নেতৃত্বে স্বাধীন হয়েছিল। পেয়েছিল একটি নতুন সংবিধান, যার শুরু হয়েছিল অসাম্প্রদায়িকতার মাধ্যমে। সুতরাং এ দেশের মানুষ সাম্প্রদায়িকতা তথা জঙ্গিবাদকে আশ্রয়-প্রশ্রয় কখনো দেয়নি এবং দেবে না। জনগণের জঙ্গিবিরোধী মানসিকতার কারণেই আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পক্ষে জঙ্গিবাদ দমনের কাজ সহজ হয়ে যায়।

জঙ্গিবাদ দমনে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আধীন নিরাপত্তা বহিনী, বিশেষ করে বাংলাদেশ পুলিশ ও র‍্যাব এবং তাদের গোয়েন্দা ইউনিটগুলো অগ্রণী ভূমিকা পালন করেছে। মাননীয় প্রধানমন্ত্রী হলি আর্টিজানে হামলার ব্যাপকতা লক্ষ করে প্রথমে জঙ্গি প্রতিরোধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও গোয়েন্দা বাহিনীর সব ইউনিটকে সমন্বয়ের মাধ্যমে কাজ করার জন্য একত্রিত করতে নির্দেশনা দেন। এই প্রচেষ্টা বেশ কার্যকর হয়। র‍্যাব, পুলিশ, এনটিএমসি, সাইবার টিম সবার পারস্পরিক সহযোগিতার মাধ্যমে জঙ্গিদের মনোবল ভেঙে দেওয়া হয়। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী আমরা এসব কাজ করি।

প্রধানমন্ত্রীর নির্দেশনায় জঙ্গি দমনে পুলিশে নতুন দুটি ইউনিট প্রস্তুত হয়েছে। এখন পুলিশের অ্যান্টি-টেররিজম ইউনিট, ডিএমপির কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম, সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেন্টার, পুলিশ হেডকোয়ার্টারের ল'ফুল ইন্টারসেপশন উইনিট জঙ্গি দমনে সরাসরি কাজ করছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে এ পর্যন্ত জেএমবি, শাহাদাত-ই আল হিকমা, জেএমজিবি, হিজবুত তাহরির, হুজিবি, এবিটি, আনসার আল ইসলাম ও আল্লাহর দল নামে আটটি জঙ্গি সংগঠন নিষিদ্ধ করা হয়।

মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী ও সময়োপযোগী সিদ্ধান্তের ফলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীগুলোর সদস্যরা জীবনের মায়া ত্যাগ করে কাজ করেছেন। দেশের বিভিন্ন প্রান্তে জঙ্গিদের ডেরায় সাঁড়াশি অভিযান চালিয়ে তাদের আস্তানা ধ্বংস করা হয়। আক্রমণের মুখে তাদের অনেকেই আত্মহত্যা করে; প্রায় ৭ হাজার ২০০ জঙ্গি গ্রেফতার হয়। সিলেট, গাজীপুর, নারায়ণগঞ্জ, ঢাকাসহ বিভিন্ন জায়গায় জঙ্গি আস্তানায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অভিযানে ৮০ জন জঙ্গি নিহত হয়। এসব অভিযান চালাতে গিয়ে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর এ পর্যন্ত পুলিশের ছয় জন, র‍্যাবের এক জন ও ফায়ার সার্ভিসের এক জন শাহাদত বরণ করেন। গুরুতর আহত হন কমপক্ষে ৬২ জন সদস্য।

আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তৎপরতা ও কাউন্সেলিংয়ের ফলে বেশ কিছুসংখ্যক জঙ্গি সরকারের বাহিনীর কাছে আত্মসমর্পণ করেছে। বিভিন্ন মামলায় বাংলাভাই, শায়খ আবদুর রহমান, মুফতি হান্নান, আসাদুজ্জামান পনিরসহ অনেকের ফাঁসি কার্যকর করা হয়েছে। শুধু জঙ্গিবাদ ও সন্ত্রাস দমনই নয়, শেখ হাসিনার সরকারের আরো সফলতা হলো চরমপন্থী, মাদক চোরাকারবারি ও বনদস্যু দমন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৮ সালের ১ নভেম্বর দেশের শ্বাসতন্ত্র বলে খ্যাত সুন্দরবনকে বনদস্যুমুক্ত এলাকা ঘোষণা করেছেন। বনদস্যুরা যাতে স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারে, সে লক্ষ্যে তাদের কর্মসংস্থান সৃষ্টির জন্য বিশেষ সহায়তা করার নির্দেশ দিয়েছেন। ইতিমধ্যে তারা প্রায় সবাই স্বাভাবিক জীবনযাপন করছে।

জঙ্গিদের আস্তানায় অভিযানের পাশাপাশি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কিন্তু ব্যাপক সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করেছে। অভিযানে গ্রেফতার হওয়া জঙ্গিদের কারাগারের ভেতরে জঙ্গিবাদী ভাবাদর্শ থেকে সরিয়ে আনা বা ডির্যাডিক্যালাইজেশনের মাধ্যমে তাদের বোঝানো হয় যে তারা ভুল করছে বা ভুল পথে অগ্রসর হচ্ছে। কারাগারে তাদের কাউন্সেলিং করা হয়। তা ছাড়া স্কুল-কলেজে লিফলেট-ফেস্টুন বিতরণ; বেতার, টেলিভিশন, পত্রিকায় ফিলার-অ্যাড, সচেতনতামূলক প্রচার উল্লেখযোগ্য।

পাশাপাশি মাওলানা ফরিদ উদ্দিন মাসউদ সোয়া এক লাখ আলেমকে নিয়ে জঙ্গিবিরোধী যে ফতোয়া দেন, সেটিও ব্র্যান্ডিং করা হয়। সেটি ছিল একটি যুগান্তরকারী পদক্ষেপ। বিনা প্রয়োজনে একটি গাছের পাতা ছেঁড়াও যে ইসলাম ধর্মে নিষিদ্ধ, তা প্রচার করা হয়। তা ছাড়া জঙ্গিদের দ্বারা ধর্মের অপব্যাখ্যায় মানুষ যাতে বিভ্রান্ত না হয়, সে জন্য স্বরাষ্ট্র ও ধর্ম মন্ত্রণালয় থেকেও দেশের মসজিদ ও ধর্মীয় প্রতিষ্ঠানের ইমাম, শিক্ষক-শিক্ষার্থীদের কাছে নির্দেশনা পাঠানো হয়। ইসলাম শান্তির ধর্ম। এই ধর্ম বিনা কারণে মানুষ হত্যা সমর্থন করে না, সেটা বোঝানো হয়। সরকার এভাবে মানুষকে সচেতন করতে পেরেছে বলেই আজ জঙ্গিরা কোণঠাসা। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অভিযানে কোনো জঙ্গি মারা গেলে তাদের নিকটাত্মীয়রা এমনকি মা-বাবাও তাদের লাশ গ্রহণ করছে না। এসব দেখে অনেক জঙ্গি নিজেদের ভুল বুঝতে পেরে আত্মসমর্পণ করে স্বাভাবিক জীবনে ফিরে এসেছে। তবে এখনো আত্মতৃপ্তির কোনো কারণ নেই, আত্মতৃপ্তিতে ভুগলে দেশে জঙ্গিবাদ আবার মাথাচাড়া দিয়ে উঠতে পারে। বাংলাদেশ নামক রাষ্ট্রটির জন্মের পর থেকেই ষড়যন্ত্র চলছে: ষড়যন্ত্র এখনো থেমে নেই। ষড়যন্ত্র প্রতিহত করতে অসংখ্য দেশপ্রেমিক প্রাণ বিসর্জন দিয়েছে। দশম জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে ২০১৩ সালে বিএনপি-জামায়াতের নেতৃত্বাধীন ২০ দলীয় জোট অবরোধের নামে নাশকতা চালায়। ক্ষমতার লোভে মানুষ কতটা হিংস্র ও বর্বর হতে পারে, বাংলাদেশের মানুষ তা দেখেছে ২০১৩ থেকে ২০১৫ সাল জুড়ে বিএনপি ও জামায়াত-শিবিরের মধ্যযুগীয় নারকীয় হত্যাযজ্ঞ ও তাণ্ডবলীলায়। তারা অগ্নিসন্ত্রাস করে চলন্ত বাসে আগুন ধরিয়ে দিয়ে মানুষকে পুড়িয়ে মেরেছে, পশু পুড়িয়েছে। রাস্তায় গাছ কেটে মধ্যযুগীয় কায়দায় কুপিয়ে মানুষ হত্যা করেছে। হাজার কোটি টাকার রাষ্ট্রীয় সম্পদ ধ্বংস করেছে। এমনকি একজন জামায়াত নেতার বিরুদ্ধে আদালতের রায় ঘোষণার পর সারা দেশে সহিংসতা চালানো হয়। এসব সন্ত্রাসী কর্মকান্ড দমন করতে গিয়ে কর্তব্যরত অবস্থায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ১৫ জন সদস্য নিহত হয়েছেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুনিপুণ পরিচালনায় সন্ত্রাসী কর্মকান্ড দমন করা হয়েছে। জনগণ এসব সন্ত্রাস ও জঙ্গি কার্যক্রমকে প্রত্যাখ্যান করেছে।

টেকসই গণতন্ত্র ও উন্নয়নের জন্য প্রয়োজন টেকসই শান্তি; আর টেকসই শান্তির জন্য দরকার টেকসই নিরাপত্তা। বাংলাদেশের গণতান্ত্রিক, রাজনৈতিক ও আর্থসামাজিক সব উন্নয়নের নেপথ্যে রয়েছে দেশের সার্বিক নিরাপত্তাব্যবস্থা। শেখ হাসিনা বাংলাদেশে সন্ত্রাস ও জঙ্গি দমনের মাধ্যমে নিরাপদ বাংলাদেশ গড়তে পেরেছেন বলেই এখন পৃথিবীর এক অপার বিস্ময়ের নাম বাংলাদেশ। মানুষের জীবন হয়েছে নিরাপদ। জীবনযাত্রার মান উন্নত হওয়ার পাশাপাশি হয়েছে শান্তিময়।

দেশ স্বাধীন হওয়ার পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এক উদার স্বনির্ভর বাংলাদেশের স্বপ্ন দেখেন। সেই স্বপ্ন বাস্তবায়ন করে যাচ্ছেন তারই উত্তরসূরি বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ওয়ার্ল্ড ইকোনমিক লিগ টেবিল ২০২১ অনুযায়ী ২০৩৫ সালে বাংলাদেশ হবে বিশ্বের ২৫তম বৃহৎ অর্থনীতির দেশ। অর্থনীতির এই অগ্রযাত্রা অব্যাহত রাখতে হলে সন্ত্রাস ও জঙ্গিমুক্ত দেশ গড়তে হবে। এটা সম্ভব শেখ হাসিনার মতো দূরদর্শী নেতা দ্বারা দেশ পরিচালিত হলে।

লেখক: মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR AIRWAYS

Emirates

TURKISH AIRLINES

SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

Digital Travel Astoria

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

We are on Facebook

website: www.digitaltraveltour.com

কুমিল্লার ঘটনা পরিকল্পিত চক্রান্ত



রানা দাশগুপ্ত

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সাম্প্রদায়িক সম্প্রীতির বাংলাদেশের যে স্বপ্ন দেখেছিলেন; যে স্বপ্ন নিয়ে এদেশ স্বাধীন করেছিলেন, সেই সাম্প্রদায়িক সম্প্রীতির বাংলাদেশ এখনো প্রতিষ্ঠিত হয়নি। বঙ্গবন্ধুর প্রদর্শিত পথে যাচ্ছে না বাংলাদেশ। এখনো সংখ্যালঘুরা এদেশে নির্যাতিত, নিপীড়িত হচ্ছে, যার উদাহরণ ব্রাহ্মণবাড়িয়া থেকে কুমিল্লা, কিন্তু কেন?

এদেশে স্বাধীনতাবিরোধী, যুদ্ধাপরাধীরা এখনো সক্রিয়। কুমিল্লার ঘটনা পরিকল্পিত চক্রান্ত। এ ঘটনায় যারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দায়ী, তাদের বিশেষ ক্ষমতা আইনের আওতায় এনে শাস্তি নিশ্চিত করতে হবে। এ ধরনের ঘটনা রোধ করা না গেলে শুধু সংখ্যালঘুদেরই ক্ষতি হবে না, সংখ্যাগুরুরাও ক্ষতির সম্মুখীন হবেন। এ ধরনের বাংলাদেশ দেখার জন্য আমরা একাত্তরে মুক্তিযুদ্ধ করিনি।

কুমিল্লার ঘটনাটি অত্যন্ত নিন্দনীয়। এটি পরিকল্পিত ষড়যন্ত্রের অংশ। যে সময়ে ওই ঘটনা ঘটানো হয়েছে ওই সময়ে মন্ডপে না ছিল পুলিশ পাহারা, না ছিল পূজার্থী। সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করার জন্য কুচক্রী মহল এ ঘটনা ঘটিয়েছে বলে মনে করি। এ ঘটনা যারা ঘটিয়েছে, তাদের চিহ্নিত করে দ্রুত শাস্তির আওতায় আনতে হবে। ভেবে দেখতে হবে কুমিল্লার ঘটনার মধ্য দিয়ে আমরা রাজনৈতিক সাম্প্রদায়িকতাকে উসকে দিচ্ছি কিনা। আওয়ামী লীগ ক্ষমতায় আসার আগে বলেছিল সংখ্যালঘু সুরক্ষায় আইন করবে। এখনো তা করা হয়নি। প্রত্যেক দল ক্ষমতায় যাওয়ার জন্য ধর্মকে ব্যবহার করে। আমরা চাই ধর্ম-বর্ণ নির্বিশেষে সহাবস্থান। সাম্প্রদায়িক সম্প্রীতির মেলবন্ধন।

আশ্চর্যের বিষয় হচ্ছে, ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরে যারা হামলা করেছিল, তাদের বিচার এখনো হয়নি। চার্জশিটে যাদের নাম ছিল, এমন অনেক ব্যক্তি এখন ইউপি নির্বাচনে মনোনয়ন পাচ্ছে। এটা দুঃখজনক। বিদ্যমান আইন দিয়ে সংখ্যালঘুদের রক্ষা করা যাবে না। সংখ্যালঘুদের সুরক্ষায় নারী ও শিশুদের মতো বিশেষ আইন করতে হবে। ২০১৮ সালে নির্বাচনের আগে আওয়ামী লীগ যে ইশতেহার দিয়েছিল, তাতে সংখ্যালঘুদের রক্ষায় একাধিক অঙ্গীকার করেছিল। এ অঙ্গীকার বাস্তবায়নে এখন সারা দেশে গণস্বাক্ষর নেওয়া হচ্ছে। আগামী মাসে লক্ষাধিক গণস্বাক্ষর সংবলিত স্মারকলিপি মাননীয় প্রধানমন্ত্রী বরাবরে পেশ করব। এর পরও সরকারপ্রধানের দৃষ্টি আকর্ষণ যদি না হয়, তাহলে আগামী বছর যে কোনো দিন 'চলো চলো ঢাকা চলো' এ স্লোগানে রোডমার্চ করা হবে।

বিগত বছর করোনা মহামারির কারণে শারদীয় দুর্গোৎসব করা যায়নি। এ বছর দুর্গোৎসব ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে শুরু হলেও মহাঅষ্টমীর দিনে কুমিল্লার ঘটনায় তা ম্লান হয়ে গেছে। সারা দেশে এক ধরনের অস্থিরতা তৈরি হয়েছে। অথচ এমন উৎসবের সময়ে অস্থিরতা ও অরাজকতা কাম্য ছিল না।

লেখক: সাধারণ সম্পাদক, হিন্দু-বৌদ্ধ-খ্রিষ্টান ঐক্য

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন


DR. MAHFUJUL HASAN D.D.S


DR. BORNALI HASAN MD

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন।
প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৮ বছরের সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SHARIF TAX SERVICE



IRS Authorize e-file provider
37-47 77th Street,
Jackson Heights, NY 11372
PH: 917-547-7298
917-858-4249
e-mail: shariftaxservice@gmail.com

SHARIF Q. ALAM (HIRA)
B.Sc. (Hons), MS, DU
20 Years experience
Tax Prepare
NYS-Lic! Real Estate Sale agent

SERVICES:
- Tax Service
- Immigration
- Real Estate

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666



৮ নভেম্বর থেকে ভ্রমণ নিষেধাজ্ঞা তুলে নিচ্ছে যুক্তরাষ্ট্র, লাগবে ভ্যাকসিন

ঢাকা ডেস্ক, ১৭ অক্টোবর : দুই ডোজ ভ্যাকসিন গ্রহণকারীদের জন্য সীমান্ত উন্মুক্ত করে দিচ্ছে যুক্তরাষ্ট্র। শুক্রবার এক ঘোষণায় জানানো হয়েছে, আগামি ৮ই নভেম্বর থেকেই ভ্যাকসিন গ্রহণকারীদের জন্য ভ্রমণে আর বাধা থাকছে না। গত বছরের মার্চ মাসে কোভিড মহামারি নিয়ন্ত্রণে কঠিন বাধানিষেধ আরোপ করেছিল দেশটি। যারা মার্কিন নাগরিক নন তাদের জন্য এতদিন যুক্তরাষ্ট্রে প্রবেশ কঠিন ছিল। ১৪ দিনের মধ্যে যারা বৃটেন, ইউরোপের বেশীরভাগ দেশ, চীন, ভারত, দক্ষিণ আফ্রিকা, ইরান ও ব্রাজিলে ছিলেন তাদের জন্য যুক্তরাষ্ট্রে প্রবেশে নিষেধাজ্ঞা রয়েছে। তবে ৮ নভেম্বর থেকে ভ্যাকসিন নেয়াদের জন্য এই নিষেধাজ্ঞা উঠে যাচ্ছে। এরপর থেকে ভ্যাকসিন গ্রহণের সনদ ও কোভিড নেগেটিভ সনদ দেখিয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশ করা যাবে। হোয়াইট হাউজের এক মুখপাত্র বলেন, জনস্বাস্থ্যের বিষয়টি মাথায় রেখে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। মার্কিন ফুড এন্ড ড্রাগ এডমিনিস্ট্রেশন এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা অনুমোদিত ভ্যাকসিনগুলোর মধ্যে একটি নিলেই যুক্তরাষ্ট্রে প্রবেশের অনুমতি পাওয়া যাবে।

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis:
196-22 Hillside Ave, Hollis, NY 11423

Jackson Heights Office:
7017 37th Ave, Jackson Heights, NY 11372

Brooklyn Office:
486 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office:
530 Conduit Blvd, Brooklyn, NY 11208

Bronx Office:
3099 Bainbridge Ave, Bronx, NY 10467

Parkchester Office:
1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ কারণে এই বিভাগ আপনাদেরই জন্য। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহের আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানোর চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ কারণে এই বিভাগ আপনাদেরই জন্য। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহের আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানোর চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ইমিগ্রেশনের সর্বশেষ খবর

গত কয়েক সপ্তাহ ধরেই আপনারা বাজেট সমন্বয় এবং ইমিগ্রেশন সম্পর্কিত বিভিন্ন প্রস্তাবের কথা শুনে আসছেন। আপনারা এও জানেন যে, ইউএস সিনেট নোতরা সিটিজেনশীপের পথ সুগম করতে বাজেটে সমন্বয় সাধরনের বিভিন্ন প্রস্তাব দু'দফা সিনেট পার্লামেন্টে তুলে ধরেছেন। আর পার্লামেন্ট পুনরায় তা প্রত্যাখ্যান করেছে।

বাজেট সমন্বয় কাকে বলা হয়?

যখন কোন প্রস্তাব সরাসরি পার্লামেন্টে উত্থাপন করে তা প্রত্যাখাত হয় তখন ঐ প্রস্তাবনা বার্ষিক বাকেট প্রস্তাবে অন্তর্ভুক্ত করে কংগ্রেসে বাজেটের সঙ্গে পাশ করানোর উদ্যোগ নেয়া হয় তখন সেই উদ্যোগকে বাজেট সমন্বয় বলা হয়। তখন আর ঐ প্রস্তাবটি পাশের জন্য পৃথকভাবে ভোটাভুটি করতে হয় না। তাতে পাশের প্রক্রিয়াটি সহজতর হয়। কেননা এতে সিনেটে নিয়মিত বিল পাশের জন্য সিনেটের ৬০ ভোট লাগে না। সাধারণ সংখ্যাগরিষ্ট ভোটেই পাশ হয়ে যায়। কংগ্রেসে বাজেট প্রস্তাবে এটা সমন্বয় করতে হয়।

পার্লামেন্টারিয়ান কাকে বলে?

হাউজ অব রিপ্রেজেনটেটিভ-এ নির্দলীয় সদস্য যারা পার্লামেন্টের বিধি-বিধান সম্পর্কে পরামর্শ দিয়ে সহযোগিতা করেন তাদেরকেই বলা হয় পার্লামেন্টোরিয়ান। পার্লামেন্টের অধিবেশন পরিচালনার জন্য সঠিকভাবে রুলস অব অর্ডার এর প্রক্রিয়াদিতে যারা বিশেষজ্ঞ তারাই পার্লামেন্টারিয়ান। সিনেটের অধীনে কোন প্রস্তাব বাজেট সমন্বয়ে গ্রহণ করা যায় এবং কোন প্রস্তাব গ্রহণ করা যায় না। সে বিষয়টি নির্বাচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন পার্লামেন্টারিয়ানরা।

বাজেট সমন্বয়ে সাম্প্রতিক ইমিগ্রেশন প্রস্তাবনা?

পার্লামেন্টারিয়ান বাজেট সমন্বয়ে ইমিগ্রেশন যথার্থ নয় বলে দুই বার রুল দেন। কংগ্রেশনাল লিডারগণ সেকারণে বিশ্বস্ত প্রস্তাব নিয়ে ভাবছেন। ইমিগ্রেশন প্যারোলে যে প্রস্তাবটি আলোচনাধীন রয়েছে, তা হলো এর একটা সাময়িক স্ট্যাটাস যা আনডকুমেন্টেড ইমিগ্র্যান্টদের ডিপোর্টেশনের নিরাপত্তা দেবে এবং ওয়ার্ক পারমিট লাভের যোগ্যতা অর্জন করবে। প্যারোল প্রভিশনে যদি কাউকে ২০১১ এর ১ জানুয়ারীর পূর্বে অন্তর্ভূক্ত করা হয় তবে আমেরিকায় ৭১ লাখ আনডকুমেন্টেড ইমিগ্র্যান্ট উপকৃত হবেন। যারা এদেশে একবার ঐ তারিখের মধ্যে পারোলভুক্ত হয়ে থাকেন, তবে তারা কেস বাই কেস ওয়ার্ক পার্মিটের জন্য আবেদন করতে পারবেন। প্যারোল যদি স্বাধীনভাবে গ্রিনকার্ড বা সিটিজেশীপের প্রস্তাব দিতে নাও পারে, তবু অন্যভাবে হলেও তারা পার্মামন্টে স্ট্যাটাস এডজাস্ট করে গ্রিনকার্ড পাবেন। ইমিগ্রেশন এন্ড ন্যাশনালিটি আইনের ২৪৫(এ) এর ধারা অনুযায়ী একজন ব্যক্তি আমেরিকায় বৈধতভাবে অথবা প্যারোলে প্রবেশ করলে, তারা তাদের স্ট্যাটাস এডজাস্ট করতে পারবেন। যুক্তরাষ্ট্রে বসবাসরত আনডকুমেন্টেড ইমিগ্র্যান্ট যারা ইমিগেশন ছাড়া প্রবেশ করেছেন এবং যাদের আমেরিকান সিটিজেন সাক্ষাত আত্মীয় আছেন তারা বর্তমান শর্ত অনুযায়ী স্ট্যাটাস এডজাস্টমেন্টের সুযোগ পাবেন এবং গ্রিনকার্ড পাবার জন্য আবেদন করতে পারবেন।

উপসংহারঃ

উল্লেখ্য যে, বর্তমান স্টেজে প্যারোল কেবলমাত্র একটি ধারণা এবং একটি



প্রস্তাব। অন্য আরো অনেক পরামর্শ আলোচনাধীন রইলো। তবে সেসব নিয়ে আলোচনার যথার্থ সময় এখনও আসেনি। আমরা সমন্বয় সম্পর্কিত বিল পর্যবেক্ষণ করছি এবং প্রস্তাবতা যখনই গৃহিত হবে, আমরা সে সম্পর্কে অথন আপনাদের জানিয়ে দেব।

নিউইয়র্ক থেকে এইচ রহমানের প্রশ্নঃ

আমি বৈধ ভিসায় এদেশে এসে রাজনৈতিক আশ্রয়ের জন্যে কেস ফাইল করেছিলাম। কিন্তু দুঃখজনক ঘটনা হচ্ছে আমার রাজনৈতিক আশ্রয়ের কেস অস্বীকৃত হয়ে গেছে। আমার কিছু বন্ধুরা পরামর্শ দিয়েছে আমি অন্য কোনভাবে এখানে বৈধ হতে পারি কিনা? ইমিগ্রেশন বিষয়ে তেমন অভিজ্ঞতা নেই বলে আপনার কাছে পরামর্শের জন্যে লিখলাম। এ ব্যাপারে আপনার পরমার্শ পেলে কৃতজ্ঞ থাকবো।

এইচ রহমানের প্রশ্নের উত্তরঃ

আপনার জানতে চাওয়ার প্রেক্ষিতে রাজনৈতিক আশ্রয়ের আবেদন এবং স্ট্যাটাস এডজাস্টমেন্ট সম্পর্কে কিছু তথ্য উল্লেখ করা হলো।

সাক্ষাত আত্মীয়ের আবেদনের প্রক্ষিতে স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য যুক্তরাষ্ট্রে আপনার বৈধ প্রবেশ আবশ্যিক। বৈধ প্রবেশের অর্থ হচ্ছে আপনি বৈধভাবে অথবা প্যারোলে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছেন। অর্থাৎ আপনি বৈধ কাগজপত্র নিয়ে ইমিগ্রেশন অফিসারকে সাক্ষাতকার দিয়ে তার সম্মতি সাপক্ষে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছেন। আপনি যে ভিসা নিয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছেন তারপর যদি সেই ভিসার মেয়াদ শেষ হয়েও যায় তবু আপনার প্রবেশ বৈধ বলে গণ্য হবে। কিন্তু আপনি বিনা ভিসায় প্রবেশ করলে এবং ইমিগ্রেশন অফিসারের সঙ্গে সাক্ষাৎকার না ঘটলে সেক্ষেত্রে আপনি স্ট্যাটাস এডজাস্টমেন্টের সুযোগ পাবেন না। অবশ্য ২৪৫-আই ধারা বা অন্য আর কোন ব্যতিক্রম যোগ পেলে সেক্ষেত্রে স্ট্যাটাস এডজাস্টমেন্টের সুযোগ পাওয়া যাবে। রাজনেতিক আশ্রয় প্রার্থনার আবেদন পেন্ডিং থাকলে সেটাও অনেকক্ষেত্রে বৈধ বলে বিবেচনা করা হয়।

তবে যুক্তরাষ্ট্রে প্রবেশ বৈধ না হলে এবং কোন সাক্ষাত আত্মীয়ের আবেদনের বেনিফিশিয়ারি না হলে স্ট্যাটাস এডজাস্টমেন্টের সুযোগ পাওয়া যাবে না। সাক্ষাত আত্মীয়ের আবেদন বলতে ইউএস সিটিজেনের স্বামী/স্ত্রী, ২১ নিম্ন বয়সের অবিবাহিতা সন্তান এবং মা-বাবাকে বোঝান হয়।

রাজনৈতিক আশ্রয়ের আবেদন প্রত্যাখাত হলে নিয়মিত কেসের চেয়ে প্রক্রিয়াটি ভিন্ন। রঅজেনৈতিক আশ্রয়ের আবেদন প্রত্যাখান হলে এ্যাসাইলাম অফিস ডিপোর্টেশনের জন্যে কেসটি ইমিগ্রেশন জজের কাছে পাঠাবে। বিচারকের কাছে তখন ডিপোর্টেশনের পূর্বে রাজনৈতিক আশ্রয়লাভের সুযোগ পাবেন।

আপনার আবেদন ইমিগ্রেশন কোর্টে থাকলে নিয়মিত পদ্ধতিতে স্ট্যাটাস এডজাস্টমেন্ট করা যাবে না। কারণ ডিপোর্টেশন পেন্ডিং থাকলে সেক্ষেত্রে ইমিগ্রেশন অফিসের স্ট্যাটাস এডজাস্টমেন্টের কোন এখতিয়ার থাকে না। সেক্ষেত্রে ইমিগ্রেশন কোর্টের মাধ্যমে স্ট্যাটাস এডজাস্টমেন্টের আবেদন করতে হবে। বিচারক কর্তৃক রাজনৈতিক আশ্রয়ের আবেদন প্রত্যাখ্যাত হলে এবং ডিপোর্টেশনের আদেশ হলে তখন কেসিট বেস জটিল।

সেক্ষেত্রে মোশান অথবা স্ট্যাটাস এডজাস্টমেন্টের আবেদন প্রত্যাহারের জন্য ফাইল করতে হবে। অর্থাৎ সংক্ষেপে বলা যায় এই প্রক্রিয়া গ্রিনকার্ড পাওয়া যায় তবে প্রক্রিয়াটি বেশ জটিল। এক্ষেত্রে যে কোন পদক্ষেপে নেয়ার আগে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীও সাথে পরামর্ম করা উত্তম। প্রয়োজনবোধে এবং সঙ্গতি থাকলে একাধিক ইমিগ্রেশন বিশেষজ্ঞের সঙ্গে আলাপ করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা ভাল। এসব জটিল ক্ষেত্রে অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে যেগাাযোগ করতে পারেন।

সর্বশেষ আবারো আপনাদের করোনামুক্ত সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানাঃ ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোনঃ ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্সঃ ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইলঃ kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

সাপ্তাহিক ২৫ বছরে বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika

মিয়ানমারের প্রতি অনুরোধ রোহিঙ্গাদের ফিরিয়ে নিন

জালাল উদ্দিন ওমর

মিয়ানমারের সেনাবাহিনীর নির্যাতনে নিজ দেশ এবং বসতভিটা ছেড়ে প্রায় ১০ লাখ রোহিঙ্গা এখন বাংলাদেশে উদ্বাস্তু হিসেবে বসবাস করছে। এদের প্রায় সবাই মিয়ানমারের রাখাইন রাজ্যের মুসলিম জনগোষ্ঠী এবং বর্তমানে এরা কক্সবাজারের বিভিন্ন উদ্বাস্তুশিবিরে রয়েছে। এরা হত্যাকান্ডের শিকার হয়েছেন, নারীরা পাশবিক নির্যাতনের শিকার হয়েছেন এবং এদের বাড়িঘর জ্বালিয়ে দেয়া হয়েছে। কিন্তু এভাবে বছরের পর বছর রোহিঙ্গারা বাংলাদেশে থেকে যাবে এটা হতে পারে না এবং এদের ভার বাংলাদেশ অনির্দিষ্টকাল পর্যন্ত বহন করতে পারে না। রোহিঙ্গা উদ্বাস্তুরা বাংলাদেশের আর্থসামাজিক ক্ষেত্রে বিরাট সমস্যা সৃষ্টি করে চলেছে। সুতরাং এই সমস্যার একটি স্থায়ী সমাধান প্রয়োজন। তার জন্য বাংলাদেশের উদ্বাস্তুশিবিরে বসবাস করা এই সব রোহিঙ্গা জনগোষ্ঠীকে মিয়ানমারে ফেরত নিতে হবে এবং মিয়ানমারে অবস্থিত তাদের নিজ ভিটাবাড়িতে শান্তিতে বসবাস করার সুযোগ দিতে হবে। এ ক্ষেত্রে মিয়ানমার সরকারের সদিচ্ছাই সবচেয়ে বেশি প্রয়োজন।

মিয়ানমার ১৯৪৮ সালে স্বাধীনতা অর্জন করে। আর ১৯৬২ সাল থেকেই সেখানে সেনাবাহিনীর শাসন চলছে। সময়ে সময়ে গণতন্ত্র এলেও তা স্থায়ী হয়নি। বাংলাদেশ সীমান্তের পাশে মিয়ানমারের রাখাইন রাজ্যে প্রায় ১৫ লাখ রোহিঙ্গার বসবাস। শতাব্দীর পর শতাব্দীর ধরে তারা সেখানে বসবাস করছে। অথচ মিয়ানমার সরকার এখন রোহিঙ্গাদেরকে বাংলাদেশ থেকে অবৈধ অনুপ্রবেশকারী হিসেবে চিহ্নিত করছে, যার কোনো প্রমাণ মিয়ানমারের হাতেও নেই। সামরিক বাহিনীর নেতৃত্বাধীন সরকার ১৯৮২ সালের ১৫ অক্টোবর 'বার্মিজ সিটিজেনশিপ ল' নামে একটি আইন পাস করে। এতে রোহিঙ্গাদের নাগরিকত্ব বাতিল করা হয়। তখন থেকেই রোহিঙ্গারা রাষ্ট্রহীন জনগোষ্ঠীতে পরিণত হয়। ২০১৪ সালের আদম শুমারিতেও রোহিঙ্গা জনগোষ্ঠীকে বাদ দেয়া হয়েছে।

প্রত্যেক মানুষেরই কতকগুলো মৌলিক অধিকার থাকে, যা যেকোনো দেশের, যেকোনো ধর্মের এবং যেকোনো নাগরিকের বেলায় সমভাবে প্রযোজ্য। বিশ্বব্যাপী মানুষের এই মৌলিক অধিকারগুলো নিশ্চিত করার মাধ্যমে মানব সমাজে শান্তি প্রতিষ্ঠার জন্য ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর জাতিসঙ্ঘ সাধারণ পরিষদ সর্বজনীন মানবাধিকারের নীতিমালা গ্রহণ করে। জাতিসঙ্ঘ ঘোষিত সর্বজনীন মানবাধিকারের এই ঘোষণাপত্রে বিভিন্ন উপধারাসহ মোট ৩০টি মূলধারা সংযুক্ত। এই ঘোষণাপত্রে- আইনের দৃষ্টিতে সবার সমান অধিকার, জাতীয়তা লাভের অধিকার, চিন্তা-বিবেক ও ধর্মের স্বাধীনতার অধিকার, স্বাধীন মতপ্রকাশের অধিকার, সভা-সমাবেশ করার অধিকার, নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে নিজ দেশে সরকারে অংশগ্রহণের অধিকার, সামাজিক নিরাপত্তা ও অর্থনৈতিক সামাজিক এবং সাংস্কৃতিক কর্মকান্ডের অধিকার, সবার আইনের আশ্রয় লাভের অধিকার এবং সর্বোপরি শাসনতন্ত্র বা আইন কর্তৃক প্রদত্ত মৌলিক অধিকার লঙ্ঘিত হলে বিচার বা আদালতের মাধ্যমে তার কার্যকর প্রতিকার লাভের অধিকারের কথা বলা হয়েছে। স্বাভাবিকভাবেই পৃথিবীর প্রতিটি দেশে বসবাসরত প্রতিটি জনগোষ্ঠীর এবং প্রতিটি নাগরিকেরই স্বাধীনভাবে বেঁচে থাকার, মত প্রকাশের এবং রাজনীতি করার অধিকার রয়েছে। একজন মানুষ হিসেবে স্বাধীনভাবে বেঁচে থাকার সব অধিকার রোহিঙ্গা জনগোষ্ঠীরও রয়েছে। এখানে ধর্ম, বর্ণ এবং গোত্রীয়ভাবে কাউকে চিহ্নিত করে, তাদেরকে ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করার অধিকার কারো নেই।

ইতোমধ্যে রোহিঙ্গা সঙ্কটের চার বছর পূর্ণ হয়েছে। কিন্তু এর কোনো সমাধান হয়নি। বিদেশী রাষ্ট্র ও আন্তর্জাতিক দাতাসংস্থাগুলো রোহিঙ্গাদের জন্য আর্থিক সাহায্য দিলেও, তাদের মিয়ানমারে ফিরিয়ে নেয়াটাই একমাত্র সমাধান। আমরা চাই, আন্তর্জাতিক বিশ্ব উদ্বাস্তুদের নিজ দেশে প্রত্যাবর্তনে সহযোগিতা করুক। আমরা মিয়ানমারের বর্তমান সরকারের প্রতি অনুরোধ জানাই এই সমস্যার স্থায়ী সমাধান করার।

সেপ্টেম্বরে অনুষ্ঠিত জাতিসঙ্ঘের ৭৬তম অধিবেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা শরণার্থীদের মিয়ানমারে প্রত্যাবাসনের মাধ্যমে সঙ্কট সমাধানের জন্য বিশ্বনেতাদের প্রতি আহ্বান জানিয়েছেন। মূলত এই সঙ্কটের একমাত্র সমাধান হচ্ছে রোহিঙ্গাদের নাগরিকত্ব ফিরিয়ে দেয়া এবং তাদের নাগরিক অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করে নিজ বসতবাড়িতে বসবাসের সুযোগ দেয়া। নিজ দেশের জনগণের জানমালের নিরাপত্তা এবং নাগরিক অধিকার নিশ্চিত করাটা যেখানে প্রতিটি রাষ্ট্র ও সরকারের নৈতিক দায়িত্ব, সেখানে মিয়ানমারের সরকার আজ সেখানকার রোহিঙ্গা জনগোষ্ঠীর অধিকার কেড়ে নিচ্ছে। শুধু তাই নয়, রোহিঙ্গাদেরকে হত্যা করা হচ্ছে এবং জাতিগতভাবে নির্মূল করা হচ্ছে।

একটি উন্নয়নশীল দেশ এবং হাজারও সীমাবদ্ধতা সত্ত্বেও বাংলাদেশ যেভাবে রোহিঙ্গাদের প্রতি সাহায্য-সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে তা অতুলনীয়। বিশ্ববাসীর উচিত বাংলাদেশকে সর্বাত্মক সাহায্য-সহযোগিতা করা। কিন্তু দীর্ঘমেয়াদে ১০ লাখ মানুষকে আশ্রয় দেয়া এবং এতগুলো মানুষের জন্য অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, চিকিৎসা ও স্যানিটেশনের ব্যবস্থা করা বাংলাদেশের জন্য বিরাট কঠিন একটি বিষয়। এরা বাংলাদেশের আর্থসামাজিক ক্ষেত্রে বিরাট এক সমস্যা সৃষ্টি করেছে। রোহিঙ্গাদের মধ্যে সৃষ্টি হয়েছে বিভিন্ন উপদলীয় সঙ্ঘাত। ইতোমধ্যে রোহিঙ্গাদের অভ্যন্তরীণ দ্বন্দ্ব সঙ্ঘাতে শতাধিক রোহিঙ্গা খুন হয়েছে। সর্বশেষ গত ২৯ সেপ্টেম্বর কক্সবাজারের রোহিঙ্গাশিবিরে নিজ কার্যালয়ে খুন হয়েছেন রোহিঙ্গা শরণার্থীদের নেতা মুহিবুল্লাহ, যিনি ২০১৯ সালে যুক্তরাষ্ট্র সফর এবং প্রেসিডেন্ট ট্রাম্পের সাথে বৈঠক করেন। মুহিবুল্লাহ রোহিঙ্গা শরণার্থীদের মিয়ানমারে প্রত্যাবর্তনের পক্ষে কাজ করছিলেন। এভাবে রোহিঙ্গারা বিভিন্ন সমস্যা সৃষ্টি করছে। তাই রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানের জন্য আন্তর্জাতিক সম্প্রদায়কে কাজ করতে হবে। আমরা জাতিসঙ্ঘ, কমনওয়েলথ, ইউরোপীয় ইউনিয়নসহ সব আন্তর্জাতিক সংস্থা এবং যুক্তরাষ্ট্র, রাশিয়া, চীন, ভারতসহ সব বৃহৎ রাষ্ট্রকে মানবিক বিবেচনায় রোহিঙ্গাদেরকে সহযোগিতা করার এবং এই সঙ্কটের একটি স্থায়ী ও গ্রহণযোগ্য সমাধান করার আবেদন জানাই। বিশ্বে শান্তি প্রতিষ্ঠার দায়িত্বে নিয়োজিত এসব শক্তি এবং রাষ্ট্রকে আজ মিয়ানমার সরকারের ওপর চাপ সৃষ্টি করতে হবে। জাতিসঙ্ঘ কর্তৃক গঠিত এবং জাতিসঙ্ঘের সাবেক মহাসচিব কফি আনানের নেতৃত্বাধীন কমিশনের প্রণীত সুপারিশমালা বাস্তবায়ন করলেই রোহিঙ্গা সমস্যার সমাধান হবে।

কিছু মানুষকে হত্যা করে কখনো একটি জনগোষ্ঠীকে নির্মূল করা যায় না। জাতিগত বিভেদ এবং সাম্প্রদায়িকতার দেয়াল সৃষ্টি করে কখনো একটি সমাজে এবং রাষ্ট্রে শান্তি প্রতিষ্ঠা করা যায় না। একইভাবে একটি সমাজ এবং রাষ্ট্রকে শান্তি এবং সমৃদ্ধির পথে এগিয়ে নেয়া যায় না। সুতরাং রোহিঙ্গা জনগোষ্ঠীকে তাদের নাগরিক অধিকার ফিরিয়ে দেয়া ও তাদের জানমালের নিরাপত্তা নিশ্চিত করা মিয়ানমারের কর্তব্য। বাংলাদেশের মাটিতে শরণার্থী হিসেবে বসবাসরত রোহিঙ্গাদেরকে অবশ্যই নিজ দেশে ফিরিয়ে নিতে এবং তাদেরকে নিজ বসতভিটায় নিরাপদে বসবাস করতে দিতে হবে। রোহিঙ্গাদের সাথে নিয়েই সে দেশের জাতীয় ঐক্য গড়ে তুলতে হবে এবং জাতীয় উন্নয়নে কাজ করতে হবে। এতেই মিয়ানমারের প্রকৃত কল্যাণ নিহিত।

লেখক: প্রকৌশলী ও উন্নয়ন গবেষক

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ

কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা

গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে

বিকলাঙ্গ শিশুর জন্য

ফেডারেল ডিজএবিলিটি

(কোন অগ্রিম ফি নেয়া হয় না)

Immigration

(To Schedule Appointment Only)



Timothy Bompart
Attorney at Law

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com

Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

সাপ্তাহিক ২৫ বছরে বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika

ফেসবুক সমাজের বন্ধু, না শত্রু

মো. জাকির হোসেন

আমাদের চেনা পৃথিবীতে আরেক নতুন পৃথিবী তৈরি হয়েছে, যার নাম ভার্চুয়াল পৃথিবী। নতুন পৃথিবীর এক নতুন অনুষঙ্গ সামাজিক যোগাযোগ মাধ্যম। সমসাময়িক বিশ্বে সামাজিক যোগাযোগ মাধ্যমের সবচেয়ে জনপ্রিয় ও তুমুল বিতর্কিত ওয়েবসাইট ফেসবুক। ফেসবুকের বিরুদ্ধে সম্প্রতি বিভাজন সৃষ্টি, শিশুদের ক্ষতিসাধন, নিরাপত্তার চেয়ে মুনাফার প্রতি ঝোঁক, গণতন্ত্র দুর্বল করাসহ বেশ কয়েকটি অভিযোগ উঠেছে। ২০২১ সালে শান্তিতে নোবেল বিজয়ী ফিলিপাইনের সাংবাদিক মারিয়া রেসা বলেছেন, ঘৃণা ও ভুয়া তথ্য ছড়িয়ে পড়া ঠেকাতে ব্যর্থ হয়েছে ফেসবুক কর্তৃপক্ষ। এর মধ্য দিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমটি গণতন্ত্রের জন্য হুমকি তৈরি করছে। মারিয়া আরো অভিযোগ করেছেন, প্রতিষ্ঠানটির অ্যালগরিদম ভুয়া তথ্য ও ঘৃণা ছড়ানো ঠেকানোকে অগ্রাধিকার দিতে সফল হয়নি। এমনকি তথ্য প্রকাশ ও সাংবাদিকতার ক্ষেত্রে পক্ষপাতদুষ্ট আচরণ করে ফেসবুক। ফেসবুক গণতন্ত্রের প্রতি চ্যালেঞ্জ তৈরি করছে–এমন মন্তব্য করে মারিয়া রেসা বলেন, আপনার কাছে যদি তথ্য না থাকে, তবে আপনি প্রকৃত সত্য জানতে ও বিশ্বাস স্থাপন করতে পারবেন না। আর এসবের অভাব গণতন্ত্রকে দুর্বল করে তোলে। ফেসবুকের সাবেক কর্মী ফ্রান্সেস হাউগেন একই রূপ অভিযোগ করে বলেন, 'আমরা এমন একটি তথ্যনির্ভর পরিবেশে আছি, যা ক্ষোভ, বিদ্বেষ ও বিভেদের কনটেন্ট দিয়ে ভর্তি। এটি আপনার নাগরিক বিশ্বাসকে ক্ষয় করতে থাকে, অন্যের ওপর আস্থা নষ্ট করতে থাকে। আমাদের একে অন্যের যত্ন নেওয়ার ক্ষমতা কমাতে থাকে। ফলে ফেসবুকের যে সংস্করণটি এখন আছে, সেটি আমাদের সমাজব্যবস্থাকে ছিঁড়ে ফেলছে। এটি বিশ্বের বিভিন্ন প্রান্তে জাতিগত সহিংসতার জন্ম দিচ্ছে।' 'ভীতিকর ও মুসলিমবিদ্বেষী' কনটেন্ট ছড়ানো ঠেকাতে ব্যর্থতার অভিযোগ এনেছেন ফ্রান্সেস হাউগেন। ফেসবুক গ্রুপ কিংবা পেজে ব্যবহারকারীরা 'ভীতিকর ও মুসলিমবিদ্বেষী' কনটেন্ট ছড়াচ্ছে জেনেও সামাজিক যোগাযোগ মাধ্যমটি কোনো ব্যবস্থা নিতে পারেনি। হিন্দি ও বাংলা শব্দগুলো ঠিকঠাক বুঝতে পারার মতো অ্যালগরিদম না থাকায় ফেসবুক তেমন কনটেন্ট শনাক্ত করতে পারে না বলে জানিয়েছেন ফ্রান্সেস হাউগেন। তবে ফেসবুক দাবি করেছে, গত ১৫ মে থেকে ৩১ আগস্ট পর্যন্ত ভারতীয় ব্যবহারকারীদের প্রায় আট লাখ ৭৭ হাজার বিদ্বেষমূলক পোস্ট সরানো হয়েছে। পাশাপাশি নিরাপত্তা ও সুরক্ষা নিয়ে কাজ করা কর্মীর পরিমাণ তিন গুণ বাড়িয়ে ৪০ হাজার করা হয়েছে। তাদের ১৫ হাজারের বেশি কর্মী কনটেন্ট পর্যালোচনার কাজে নিযুক্ত। ফেসবুক কিভাবে গণতন্ত্রের সঙ্গে বিশ্বাসঘাতকতা করে তার উদাহরণ দিয়ে হাউগেন বলেন, যুক্তরাষ্ট্রে নির্বাচন চলার সময় ভুয়া তথ্যের প্রচার ঠেকাতে সাময়িকভাবে নিজস্ব নিরাপত্তাব্যবস্থা চালু রেখেছিল ফেসবুক। কিন্তু নির্বাচন শেষ হওয়ার পরই তারা সেটি বন্ধ করে দিয়েছিল অথবা সেটিংস পাল্টে আগের অবস্থায় নিয়ে গিয়েছিল। এটি সত্যিকার অর্থেই গণতন্ত্রের সঙ্গে বিশ্বাসঘাতকতা। এদিকে বুকার পুরস্কার বিজয়ী ব্রিটিশ লেখক হাওয়ার্ড জ্যাকবসন আশঙ্কা প্রকাশ করেছেন, সামাজিক যোগাযোগ মাধ্যম ২০ বছর পর শিশুদের অশিক্ষিত বানাবে। তিনি বলেন, স্মার্টফোনের ব্যবহার এবং প্রচুর পরিমাণে ফেসবুক, টুইটারসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের কারণে নাটকীয়ভাবে তরুণ প্রজন্মের যোগাযোগের পদ্ধতি বদলে যাচ্ছে। আর এসবের কারণে তারা বই পড়ার অভ্যাসও হারিয়ে ফেলছে। শুধু তরুণ প্রজন্মই নয়, তিনি নিজেও বইয়ের প্রতি আর তেমন মনোযোগ দিতে পারেন না বলে জানান জ্যাকবসন। তিনি বলেন, 'আমি আগে যে পরিমাণ বই পড়তে অভ্যস্ত ছিলাম, এখন আর পড়তে পারি না। আমার মনোযোগ চলে যায় ইলেকট্রনিক সব পর্দার দিকে।' ফেসবুক নিয়ে বিতর্কের এমন পরিপ্রেক্ষিতে টাইম ম্যাগাজিন তাদের ৮ অক্টোবর প্রকাশিত সংখ্যার প্রচ্ছদে ফেসবুকের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মার্ক জাকারবার্গের ছবি ছেপে বিতর্ককে আরো উসকে দিয়েছে। টাইম ম্যাগাজিনের প্রচ্ছদে জাকারবার্গের ছবিতে তাঁর মুখের ওপর অ্যাপ ডিলিট করার আইকন বসিয়ে একটি ইলাস্ট্রেশন ছাপানো হয়, যেখানে লেখা 'ডিলিট ফেসবুক?' আর তার নিচে 'ক্যানসেল' আর 'ডিলিট' লেখা।

ফেসবুকের বেশ কিছু অভ্যন্তরীণ গবেষণা ও নথি গণমাধ্যমে ফাঁস এবং হাউগেনের বক্তব্যের পর ফেসবুককে কঠোর নিয়ন্ত্রণের মধ্যে আনার জোর দাবি তুলেছে মানুষ। এ কথা অস্বীকার করার উপায় নেই, বাংলাদেশে ফেসবুকে ব্যক্তিগত, রাজনৈতিক ও ধর্মীয় বিদ্বেষ আর বিভাজন মহামারি আকারে ছড়িয়ে পড়েছে। বাংলাদেশে দায়িত্বশীল অবস্থানে থাকা কিছু মানুষ যেভাবে ফেসবুকের অপব্যবহার করছেন, তাতে সমাজ ও রাষ্ট্রে মারাত্মক নেতিবাচক প্রভাব পড়ছে। ২০১৮ সালে আইন মন্ত্রণালয়ের বিচার শাখা কর্তৃক জারি করা অফিস আদেশে বলা হয়েছে, 'সম্প্রতি কর্তৃপক্ষের গোচরীভূত হচ্ছে যে অনেক বিচার বিভাগীয় কর্মকর্তা তাঁদের ফেসবুকসহ অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে বিভিন্ন ধরনের অপ্রাসঙ্গিক মন্তব্য/লেখা ও অমার্জিত ছবি পোস্ট করছেন, যা একজন বিচার বিভাগীয় কর্মকর্তা হিসেবে তাঁদের পদ, পদবি ও বিচার বিভাগের সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ এবং কোনো কোনো ক্ষেত্রে দৃষ্টিকটু। এতে বিচার বিভাগের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে।' পত্রিকায় লেখালেখির কারণে আমার কাছে কয়েকজন বিচারকের ফেসবুক পোস্ট ও মন্তব্যের স্ক্রিনশট পাঠানো হয়েছে। স্ক্রিনশটে স্পষ্টতই প্রতীয়মান হয়, সংশ্লিষ্ট বিচারকরা ডিজিটাল নিরাপত্তা আইন লঙ্ঘন করে ফেসবুকে বিদ্বেষ ছড়াচ্ছেন এবং মানুষের সম্মানহানি করছেন। বিচারকের এই বিদ্বেষ ও রাষ্ট্রের আইন লঙ্ঘন তাঁর অন্তর্গত চেতনা, লালিত মূল্যবোধ ও বিশ্বাসের বহিঃপ্রকাশ। এটি তো ভয়ংকর ইঙ্গিত দিচ্ছে। এমন অপরাধমূলক মানসিকতা ও রাষ্ট্রের আইনের প্রতি অবজ্ঞাপূর্ণ মূল্যবোধ নিয়ে তিনি ন্যায়বিচার করবেন কিভাবে? সুপ্রিম কোর্টের একজন আইনজীবী, যিনি একটি রাজনৈতিক দলের উপকমিটির সদস্য তাঁর পোস্টের স্ক্রিনশটে দেখা যায়, তিনিও ডিজিটাল নিরাপত্তা আইন লঙ্ঘন করে একজন বিশ্ববিদ্যালয় শিক্ষকের নাম উল্লেখ করে তাঁর সম্পর্কে মিথ্যা তথ্য উপস্থাপন করে সম্মানহানি করেছেন। বেশ কয়েকটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের ঘটনায় দেখা যায়, একজন শিক্ষক আরেকজন শিক্ষককে শায়েস্তা করতে ফেসবুককে অস্ত্র হিসেবে বেছে নিয়েছেন। নিজে ফেসবুকে পোস্ট দিচ্ছেন কিংবা শিক্ষার্থীদের ব্যবহার করছেন। বিএনপি-জামায়াত শাসনামলে প্রতিপক্ষকে ঘায়েল করার শব্দগুচ্ছ ছিল আওয়ামী-বাকশালী আর বঙ্গবন্ধুকন্যার শাসনামলে কাউকে ঘায়েল করার মোক্ষম অস্ত্র হলো, ইচ্ছাখুশি জামায়াত-শিবির ট্যাগ লাগানো। প্রশাসনের এক শ্রেণির কর্মকর্তা ও কর্মচারীও সামাজিক যোগাযোগ মাধ্যম 'ফেসবুক' ব্যবহারের সরকারি নির্দেশনা মানছেন না। তাঁরা চাকরিবিধির কোনো তোয়াক্কা না করে মনগড়া পোস্ট, কমেন্ট ও ছবি ফেসবুকে দিচ্ছেন। এসব পোস্ট ঘিরে একাধিকবার প্রশাসনে তোলপাড় সৃষ্টি হয়েছে। এরই পরিপ্রেক্ষিতে সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা ২০১৯ জারি করা হয়েছে। সরকারি কর্মকর্তা-কর্মচারীরা সেই নির্দেশনা সঠিকভাবে বাস্তবায়ন করছেন কি না, তা পর্যবেক্ষণ ও পর্যালোচনার জন্য এই কমিটিও গঠন করা হয়েছে। কারো বিরুদ্ধে অভিযোগ থাকলে তার বিরুদ্ধে প্রতিকার চাইবার ফোরাম আছে। সেখানে অভিযোগ না করে ফেসবুকে আদালত বসিয়ে কারো ওপর দন্ড আরোপ করা ঘৃণ্য কাপুরুষোচিত কাজ। এটি তাঁর ব্যক্তিগত রুচিবোধ ও নিজের পরিবারের শিক্ষাকেও প্রশ্নের সম্মুখীন করছে। সামাজিক ও ধর্মীয় মূল্যবোধ এবং নৈতিক পরিবেশে বেড়ে ওঠা কোনো ভদ্র পরিবারের সন্তান ফেসবুকে অপরের সম্মানহানি করতে পারে–এটি বিশ্বাস করতেও কষ্ট হয়।

ফেসবুক কিভাবে একটি রাষ্ট্র ও সমাজে ভয়ংকর বিভাজন সৃষ্টি করে বাংলাদেশ বোধ করি তার প্রকৃষ্ট উদাহরণ। বিএনপির দণ্ডিত নেতা তারেক রহমান, মানবতাবিরোধী অপরাধে দন্ডিতদের পরিবারের সদস্য, সেনানিবাসে অবাঞ্ছিত ও চাকরিচ্যুত সেনা কর্মকর্তা, বিভিন্ন ফৌজদারি অপরাধের মামলায় আসামি হয়ে বিদেশে আত্মগোপন করা মুখোশধারী ও ভুঁইফোড় সাংবাদিক এবং পাকিস্তানের সামরিক গোয়েন্দা সংস্থা আইএসআইয়ের যৌথ প্রযোজনায় কিছু ভাড়া করা সাইবার সন্ত্রাসী রাষ্ট্রবিরোধী অপতৎপরতায় লিপ্ত হয়েছে। ফেসবুকসহ নানা সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে বাংলাদেশ রাষ্ট্র, সরকার, বিচার বিভাগ, সেনাবাহিনী, বঙ্গবন্ধু ও তাঁর পরিবারকে নিয়ে নানা কুৎসা রটনা, জঘন্য মিথ্যাচার, গুজব ও মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃত করে মানুষকে বিভ্রান্ত করার অপচেষ্টা করছে। এরই পথ ধরে জিয়ার কবরে লাশ থাকা না থাকার পুরনো বিতর্ক আবারও সামনে এসেছে। ফেসবুকে উসকে দেওয়া রাষ্ট্র ও সমাজের এমন বিভাজন ও রাজনৈতিক শত্রুতা গণতন্ত্রের জন্য মারাত্মক হুমকি বটে। ফেসবুক ব্যবহার করে বাংলাদেশে ধর্মীয় বিদ্বেষ ও উগ্রবাদ ছড়ানো হয়েছে একাধিকবার। এর জের ধরে ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের উপাসনালয়, ঘরবাড়ি ভাঙচুর ও পরিবারের সদস্যদের ওপর হামলা চালানো হয়েছে। ফেসবুকের ধর্মীয় ক্ষতির আরেকটি দিক প্রায় উপেক্ষিত। আগে প্রত্যুষে ঘরবাড়ি থেকে কোরআন তিলাওয়াতের সুর ভেসে আসত। এখন রাত জেগে ফেসবুকে ব্যস্ত থাকার কারণে সকালে ঘুম থেকে উঠতেই পারছে না। কিংবা উঠলেও কোনোমতে নামাজ শেষ করেই ফেসবুকে ডুবে যাচ্ছে। কোরআন তিলাওয়াত উপেক্ষিতই থাকছে। ইসলাম ধর্মে মানুষের মর্যাদাহানি করা ভয়ংকর পাপ হিসেবে উল্লেখ করে এ থেকে বিরত থাকতে কোরআন ও হাদিসে বারবার তাগিদ দেওয়া হয়েছে। পবিত্র কোরআনে মহান আল্লাহ ঘোষণা করেছেন, 'ধ্বংস প্রত্যেক ওই ব্যক্তির জন্য, যে সম্মুখে ও পশ্চাতে লোকের নিন্দা করে।' (সুরা হুমাজাহ : ১)। আল্লাহ যার ধ্বংস কামনা করেন সে তো নিশ্চিতভাবেই জাহান্নামি। অথচ ফেসবুকে লোকের সম্মানহানি করে আল্লাহর ক্রোধের শিকার হয়ে কত সহজেই আমরা জাহান্নামকে বেছে নিচ্ছি!

ফেসবুক প্রচলনের আগে ও পরে শিক্ষার্থীদের পড়াশোনার প্রতি আগ্রহ ও সময় ব্যয়ের পার্থক্যটা আমি খুব সহজেই অনুধাবন করি। ফেসবুকে সময় অপচয়ের কারণে আমাদের শিক্ষার্থীরা পড়াশোনায় কম সময় ব্যয় করে। এই বিবেচনা মাথায় রেখে ইউনানি চিকিৎসায় যেমন বিভিন্ন গাছের ছাল-বাকল-শিকড়-পাতা দিয়ে বটিকা তৈরি করে, আমিও তেমনি যেসব বিষয় ক্লাসে পড়াই সেসব বিষয়ে বিভিন্ন বই, প্রবন্ধ ঘেঁটে ও আমার ব্যক্তিগত অভিজ্ঞতা দিয়ে সংক্ষিপ্ত বটিকা তৈরি করেছি। বাস্তবে দেখছি হাতে গোনা কয়েকজন ছাড়া বেশির ভাগই পড়াশোনার এই সংক্ষিপ্ত বটিকাও সেবন করছে না।

দ্রুত যোগাযোগ, জনমত তৈরি, সমাজসেবামূলক, সৃজনশীল ও ব্যাবসায়িক-অর্থনৈতিক কাজ ও একাডেমিক বিষয় পেজ ও গ্রুপের মাধ্যমে শেয়ার এবং জ্ঞানার্জনের মাধ্যম হিসেবে ইতিবাচকভাবে ফেসবুক ব্যবহার করা হলেও নানা নেতিবাচক ও অপরাধমূলক কাজে এর ব্যবহারও আশঙ্কাজনক হারে বৃদ্ধি পাচ্ছে। কুরুচিপূর্ণ ছবি প্রকাশ করে কাউকে হেনস্তা করা, সাম্প্রদায়িকতার বিষবাষ্প, ঘৃণা, বিদ্বেষ ও গুজব ছড়ানো নৈমিত্তিক ব্যাপার হয়ে উঠেছে। মতাদর্শগতভাবে পৃথক গ্রুপগুলো ফেসবুকের মাধ্যমে একে অপরকে হেয় প্রতিপন্ন করার চেষ্টা করছে। গণতন্ত্রের ভিত্তিকে নানাভাবে দুর্বল করছে। অশ্লীল, কুরুচিকর মন্তব্য, উদ্দেশ্যমূলকভাবে ভুল, বানোয়াট কিংবা মিথ্যা তথ্য প্রকাশ ও সম্মানহানিকর মন্তব্য প্রকাশ করা হচ্ছে, এমনকি হত্যার হুমকিও দেওয়া হচ্ছে। ফেসবুকের মাধ্যমে বিভিন্ন অ্যাপ ব্যবহার করে বাংলাদেশে ভয়ংকর সব অপরাধ বাড়ছে। জুয়া, জঙ্গিবাদ, পর্নোগ্রাফি ও মানবপাচার কিছুই বাদ যাচ্ছে না। ফেসবুক আসক্তির ক্ষতি একমুখী নয়, বহুমাত্রিক। শুধু পড়ালেখা নয়, অধিক সময় ধরে মোবাইল ব্যবহারের কারণে মনোদৈহিক নানা সমস্যাও তৈরি হয়। ফেসবুককে অস্বীকার করা অসম্ভব হলেও মানবজাতির স্বার্থেই এর কঠোর নিয়ন্ত্রণ জরুরি।

লেখক: অধ্যাপক, আইন বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়



Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন

$২১ প্রতি ঘন্টা

নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

আজই যোগাযোগ করুন:

গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮

Corporate Office
37-05 74st, 2nd Fl
Jackson Heights, NY 11372
917-744-7308, 718-457-0813

Long Island Office
1 Blacksmith Lane
Dix Hill, NY 11731
718-406-5549

Bronx Office
2148 Starling Ave.
Bronx, NY 10462
917-744-7308, 718-457-0813

Ozone Park Office
175 B Forbell Street
Brooklyn, NY 11208
Tel: 917-744-7308

Buffalo Office
642 Walden Avenue
Buffalo, NY 14211
Tel: 347-837-1162

আমলাতন্ত্র ও সামন্তবাদ



সিরাজুল ইসলাম চৌধুরী

পাকিস্তান ছিল একটি আমলাতান্ত্রিক পুঁজিবাদী রাষ্ট্র। সেই রাষ্ট্র ভেঙেছি। আমাদের নতুন রাষ্ট্রের আর যাই হোক পুরাতন রাষ্ট্রের মতো হওয়ার কথা ছিল না। কিন্তু পশ্চাৎমুখো গতিতে আমরা আবার সেখানেই চলে গেছি, যেখান থেকে শুরু করেছিলাম। অবিকল নয়, অবিকল প্রত্যাগমন ঘটছে না কখনও; ঘটার উপায় নেই। কিন্তু অনেকটাই বটে।

একাত্তরে পাকিস্তানের বাঙালি আমলাতন্ত্র কোন পক্ষে ছিল? ব্যক্তিগতভাবে কোনো কোনো আমলা মুক্তিযুদ্ধের পক্ষেই ছিলেন। কেউ কেউ চলেও গিয়েছিলেন মুজিবনগরে, বিশেষ করে তারা, যারা কর্তব্যরত ছিলেন সীমান্তের কাছাকাছি শহরগুলোতে; কিন্তু এরা ব্যতিক্রম। বেশির ভাগ আমলাই এবং আমলাতন্ত্র তো বটেই, ছিলেন পাকিস্তানের পক্ষেই। সেটাই স্বাভাবিক। কেননা, সে আমলাতন্ত্র তো পাকিস্তানি রাষ্ট্রেরই অংশ, তারই বশংবদ এবং সেই অবস্থানে তার বাঙালি-অবাঙালী বিভাজনটা ছিল অবাস্তব। বাঙালী আমলাতন্ত্র বলে আলাদা কিছু ছিল না; সবটাই ছিল পাকিস্তানী।

পাকিস্তানের প্রতি আনুগত্যের পেছনে বেতন-ভাতা ছিল। কিন্তু সেটাই একমাত্র কারণ না মোটেই। বেতন-ভাতার চেয়ে বেশি ছিল উপরি, আরও ছিল ক্ষমতার অংশভাগ। অন্ধকারে বিদ্যুতের মতো জ্বলজ্বল করত ক্ষমতার অহংকার। শীতের দিনে উষ্ণ পোশাকের মতো সুখ দিত তাদেরকেও যারা ছিল ভদ্র কিসিমের, আর যারা উগ্র ও উদ্ধত তারা তো ছোঁকছোঁক করত সর্বদাই, হুঙ্কার দিত থেকে থেকে, হামলা করত নিরাপদ বোধ করলে। এমনকি বায়ান্নতেও তো দেখেছি আমরা- উচ্চশিক্ষিত বাঙালি আমলা গুলি চালানো থেকে মিথ্যা প্রেসনোট লেখা পর্যন্ত সব কাজই করেছে। ঘৃণাভরে করেছে সব সময়- এমন যে বিশ্বাস করবে সে সাহস হয় না। অনেক সময় তো মনে হতো জনগণকে নিপীড়নের কাজ বেশ উপভোগ করেছে। উর্দি পরিহিত হোক কি, না হোক; রাষ্ট্রের সেবা করেছে তারা খুব সুন্দরভাবে। আমি একজন কবিকে জানি, বাংলাদেশ স্বাধীন হওয়ার পর দৃঢ়ভাবে জাতীয়তাবাদী হয়েছেন, একাত্তরেও ছিলেন অনেকটা, প্রকাশ্যে না হলেও; কিন্তু বায়ান্নতে যিনি ছিলেন উল্টোদিকে। তার মহকুমায় গুলি পর্যন্ত হয়েছিল, তারই হুকুমে। সে নিয়ে বলছিলেন যখন, গলার স্বরে তখন আত্মধিক্কার শুনতে পেয়েছি বলে মনে পড়ে না। আমলাতন্ত্র মানুষকে মানুষ রাখে না। ইতর করে ছাড়ে।

পাকিস্তান হওয়ায় এই আমলাতন্ত্রের এক দফা লাভ হয়েছে। আমলারা পদোন্নত হয়েছেন। আগের তুলনায় একটি, দুটি, তিনটি, হয়তো তার চেয়েও বেশি ধাপ ভাঙতে পেরেছেন তারা, লম্ফঝম্ফ দিয়ে। তার চেয়েও বড় কথা, ব্রিটিশ সিংহরা সরে যাওয়ায় দেশি প্রাণীরা সিংহ হয়ে বসেছে। সেটা কম কথা নয়। কেউ আবার বাঘ হয়েছে। তাই বা কম কিসে! পাকিস্তানের রাষ্ট্রক্ষমতা প্রথম থেকেই ছিল বেসামরিক আমলাতন্ত্রের হাতে। পরে সামরিক আমলাতন্ত্র যখন ক্ষমতা দখল করে নিল, তখনও তাদের কোনো অসুবিধা হলো না; হঠকারী ছোট ভাইটির সঙ্গে বিজ্ঞ বড় ভাইয়ের মতো মিলেমিশে সবকিছু নিজের ও সাম্রাজ্যবাদের স্বার্থে অতিপরিচ্ছন্নভাবে ব্যবহার করতে থাকল। অন্য অনেক কিছুর সঙ্গে এও প্রমাণিত হলো যে, সাম্রাজ্যবাদের সঙ্গে আমলাতন্ত্রের কোনো বিরোধ তো নেই। প্রশ্নই ওঠে না থাকার, উল্টো যা আছে তা হলো নিবিড় আঁতাত। লক্ষ্য করার বিষয় যে, আমলাতন্ত্রকে নিরপেক্ষ মনে করা হয়, যার দরুন যখনই দেশে বিপ্লব হয়, সে বিপ্লব সামরিক অভ্যুত্থানই হোক কি মধ্যবিত্তের অভ্যুত্থান হোক [১৯৭৫ কিংবা ১৯৯০-এর] তখন নিরপেক্ষ উপদেষ্টা দেখা যায় খুঁজে পাওয়া যায় ওই আমলাতন্ত্রের মধ্যেই। বিভ্রম সৃষ্টিতে আমলাতন্ত্র অতুলনীয়।

আমলাতন্ত্র সাতচল্লিশে মুনাফা করেছে, বায়ান্নতেও বিপদে পড়েনি; কিন্তু একাত্তরে কিছুটা পড়েছিল। অর্থাৎ তার একাংশ পড়েছিল। তবে পুষিয়ে নিয়েছে। যারা মুজিবনগরে গেছেন, কিংবা 'প্রমাণ' হাজির করতে পেরেছেন- গিয়েছিলেন, তারা অন্য আমলাদের ছাড়িয়ে গেছেন উন্নতিতে। আর যারা যাননি তারাও মুনাফা পেয়ে গেছেন। সেই সাতচল্লিশের মতোই। প্রায় অবিকল। সাতচল্লিশে ব্রিটিশভক্ত আমলাতন্ত্র ক্ষমতা পেয়ে গেল; বাহাত্তরে পাকিস্তানভক্ত আমলাতন্ত্র প্রথমে ক্ষমতার কাছাকাছি রইল, পরে অতিদ্রুত তারাই ক্ষমতার আসল চালক হয়ে দাঁড়াল। একের পর এক সামরিক অভ্যুত্থান সামরিক আমলাতন্ত্র ও তার বড় ভাই বেসামরিক আমলাতন্ত্রকে শক্তিশালী করেছে। সেই লরেলহার্ডির কায়কারবার, যদিও কৌতুকের অর্থে নয়। রাষ্ট্র স্বাধীন। আমলাতন্ত্র তাই আগের যে কোনো সময়ের তুলনায় স্বাধীন। ধন্য বাঙালি, তুমি মুক্তিযুদ্ধ করেছিলে।

> **বায়ান্নর পরে পশ্চিম পাকিস্তানি লেখক একজন এক অনুষ্ঠানে বেশ ঘটা করে বলেছিলেন তার শ্রোতাদেরকে যে, তারাও আসলে আমাদের পথেরই পথিক। চমকে ওঠার মতো কথা বটে। কৌতূহল প্রকাশ করায় বলেছেন আমরা উভয়েই। পূর্ব যেমন পশ্চিমও তেমনই, ইংরেজবিরোধী। একই যুদ্ধ। শুনে মনে মনে হেসেছি আমি।**

বায়ান্নর পরে পশ্চিম পাকিস্তানি লেখক একজন এক অনুষ্ঠানে বেশ ঘটা করে বলেছিলেন তার শ্রোতাদেরকে যে, তারাও আসলে আমাদের পথেরই পথিক। চমকে ওঠার মতো কথা বটে। কৌতূহল প্রকাশ করায় বলেছেন আমরা উভয়েই। পূর্ব যেমন পশ্চিমও তেমনই, ইংরেজবিরোধী। একই যুদ্ধ। শুনে মনে মনে হেসেছি আমি। বেচারা! ঐক্য চায়, দুই পাকিস্তানকে এক রাখার ইচ্ছা রাখে, তাই বলেছে ওই আন্তরিক কথাটা। বুঝতে চাইছে না যে, আমাদের ভাষার লড়াইটা ইংরেজির বিরুদ্ধে ছিল না; ছিল উর্দুর বিরুদ্ধে।

তা ছিল বৈকি। নিকট লক্ষ্যে উর্দুর বিরুদ্ধেই ছিল। কিন্তু সুদূর লক্ষ্যে ইংরেজিবিরোধীও ছিল বটে; আমরা খেয়াল করি চাই নাই করি, মানি আর নাই মানি। গণতন্ত্রের মধ্যে যেমন সমাজতন্ত্রের লক্ষ্য থাকে প্রোথিত; না থাকলে গণতন্ত্র যেমন এগোতে পারে না, এবং সে গণতন্ত্রই থাকে না শেষ পর্যন্ত। আমাদের ভাষার সংগ্রামের ভেতরও তেমনি উর্দু-বিরোধিতা পার হয়ে চূড়ান্ত লক্ষ্য ছিল বাংলাকে একমাত্র রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠা করা। যার অপরিহার্য পূর্বশর্ত হলো ইংরেজিকেও হটিয়ে দেওয়া। উর্দু হটিয়ে ইংরেজির খপ্পরে পড়ব; পাঞ্জাবি পুঁজিপতিদের বিতাড়িত করে বাঙালি পুঁজিপতিদের জন্য আসন-বাসন তৈরি করে দেব- এই অভিপ্রায়ে আমরা বায়ান্নর আন্দোলনকে একাত্তরের পরিণতিতে নিয়ে আসিনি, অপরিমেয় রক্ত ও ঘামের বিনিময়ে। অথচ তাই তো ঘটেছে।

আমরা চলে গেছি পুঁজিবাদী ব্যবস্থায়, আমরা পড়েছি সাম্রাজ্যবাদের খপ্পরে। আমাদের পুঁজিবাদ আর ওই সাম্রাজ্যবাদের অধীন। এই সাম্রাজ্যবাদের ভাষা বাংলা নয়; হওয়ার প্রশ্নই ওঠে না। এর ভাষা হচ্ছে ইংরেজি। সেই ভাষা আজ ওপরের তলায় চলে এসেছে। আর পুঁজিবাদী সমাজে ওপরে যা আসে, তাই তো নিচে চলে যায়। সে বর্জ্য উচ্ছিষ্ট হোক, আর ভাষাই হোক।

বাংলা ভাষা এখন মধ্যবিত্তের সেই অংশের মানসিক সম্পদ, যে অংশ রাষ্ট্রক্ষমতা থেকে দূরে রয়েছে। আর এদের মধ্যেও যে সুপ্ত আকাঙ্ক্ষা নেই ইংরেজি শেখার- তাও বলা যাবে না। পারলে শিখত, পারে না তাই শেখে না। সেই ইংরেজ যুগের অবস্থা। সে যুগে বাঙালি মুসলমান ইংরেজি শেখেনি। প্রচার করা হয়েছিল যে, কারণটা মনস্তাত্ত্বিক। অভিমান করে শেখেনি। রাজ্য হারানোর গভীর অভিমানে বাঙালি মুসলমান নাকি ইংরেজি ভাষা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল, খুব দৃঢ়ভাবে। অথচ আসল খবর এই যে, রাজ্য হারানোর জন্য অভিমানের প্রশ্নটাই সম্পূর্ণ অবান্তর। কেননা, রাজ্য না ছিল বাঙালির, না ছিল বাঙালি মুসলমানের। রাজ্য ছিল অবাঙালিদের হাতেই। যার অমাত্য ও বড় আমলা অধিকাংশই ছিল অবাঙালি। বাঙালি মুসলমানের ইংরেজি না শেখার প্রকৃত কারণ অর্থনৈতিক। তারা বড়ই গরিব ছিল। এ যুগে সে যে বাংলা শিখতে পারছে না, তার জন্য ওই একই দুর্বলতা দায়ী। তারা এখনও বড়ই গরিব। আগে যেমন ছিল, এখনও তেমনি রয়েছে। আমলাতন্ত্রই স্বাধীন হয়েছে; গরিব মানুষ স্বাধীন হয়নি। যারা সম্পত্তির মালিক হতে পেরেছে, তারা তো আর দেরি করছে না। ভীষণ বেগে ইংরেজি শিখছে। যেন এতদিন না শেখায় প্রায়শ্চিত্ত করছে। ধর্মীয় প্রায়শ্চিত্তের তুলনায় ইহজাগতিক প্রায়শ্চিত্ত যে প্রবল হয়, তা প্রমাণিত হচ্ছে-

---

২৫ বছরে
সাপ্তাহিক বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

'তোমরা ধর্মের ব্যাপারে বাড়াবাড়ি করবে না'

ড. মো. আবদুর রহিম

সম্প্রতি কুমিল্লার পূজামন্ডপে কোরআন অবমাননার কথিত ঘটনাকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগমাধ্যমে একটি গোষ্ঠীর সাম্প্রদায়িক হিংসা ছড়ানোর চেষ্টা সুনামগঞ্জের শাল্লা, কক্সবাজারের রামুতে ঘটে যাওয়া সাম্প্রদায়িক সহিংসতা পুনরাবৃত্তির চেষ্টা- তাতে কোনো সন্দেহ নেই। এ ঘটনাকে কেন্দ্র করে কয়েকটি পূজামন্ডপে আক্রমণ ও ভাঙচুরের ঘটনায় এর মোটিভ পরিস্কার। এ ঘটনার আইনি প্রতিকার চাওয়ার আগেই একটি গোষ্ঠী কর্তৃক সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচার চালিয়ে ধর্মীয় উস্কানি প্রদান এবং প্রতিমা ভাঙচুরের ঘটনা সংখ্যালঘুবিদ্বেষী ধারাবাহিক অপতৎপরতাকারীদেরই কাজ, তাতে কোনো সন্দেহ নেই। ইসলামের নামে যারা বিভিন্ন সময়ে নানা ধরনের অপকর্ম চালিয়ে আসছে, তারা কি ইসলামের সহনশীলতা সম্পর্কে অবগত নয়? মহানবী হজরত মুহাম্মদ (সা.) বিদায় হজের ভাষণে বলেছেন, 'হে মানব জাতি, ধর্মের ব্যাপারে বাড়াবাড়ি করবে না। কেননা, অতীতে অনেক জাতি এ বাড়াবাড়ির কারণে ধ্বংস হয়েছে। উপস্থিত ব্যক্তিদের দায়িত্ব হবে আমার এ কথাগুলো অনুপস্থিত লোকদের কাছে পৌঁছে দেওয়া।' মহানবীর (সা.) এ ভাষণের মর্মবাণী যারা অনুধাবন করতে জানে না, তারা কোন ইসলামের অনুসারী? ইসলামের প্রাথমিক যুগে ইসলাম ধর্ম সম্পর্কে বিদ্বেষপূর্ণ বক্তব্য প্রদানকারী অনেকে ইসলামের সহনশীলতা এবং নবী মুহাম্মদের (সা.) মানবিক গুণাবলিতে মুগ্ধ হয়ে ইসলামের অনুসারী হয়েছিলেন, সে ধরনের অনেক উদাহরণ আছে। ধর্মীয় হিংসা ছড়ানো স্বার্থান্বেষী মহলও এ সম্পর্কে অবগত। এর পরও তারা এ ঘটনাকে পুঁজি করে গুজব ছড়িয়ে ঘোলা জলে মাছ শিকার করতে চায় রাজনৈতিক কারণে- তাতে কোনো সন্দেহ নেই।

কুমিল্লার ঘটনাকে কেন্দ্র করে সারাদেশে জল ঘোলা করার চেষ্টা অব্যাহত। বিবিসির খবর অনুযায়ী, জাতীয় জরুরি সেবা ৯৯৯ নম্বর থেকে খুব ভোরবেলা প্রশাসনের কাছে নানুয়ারদীঘি পূজামন্ডপের ভেতরে প্রতিমার পায়ের কাছে একটি কোরআন রাখা আছে বলে খবর আসে। প্রশ্ন হলো- এত ভোরবেলা মুসলিম কেউ পূজামন্ডপে যাওয়ার কথা নয়। তাহলে এত উৎসাহ নিয়ে এ খবর পুলিশকে দিল কারা? আর হিন্দু জনগোষ্ঠীর কেউ এ ধরনের খবর প্রশাসনের কাছে দেওয়ার কথা নয়। অন্য একটি প্রশ্নের উত্তর খোঁজা খুব জরুরি- এ ঘটনার সঙ্গে সঙ্গে লাইভে কোরআন অবমাননার বক্তব্য প্রচার করে উস্কানি প্রদানই বা করছিল কারা? দুইয়ে দুইয়ে চার মিলে যায়। এ ঘটনাকে কেন্দ্র করে চাঁদপুরের হাজীগঞ্জে বেশ কয়েকটি মন্দিরে হামলা ও পুলিশের সঙ্গে সংঘর্ষের ঘটনা ঘটেছে। পুলিশের বরাতে চারজন নিহত হওয়ার খবর জানিয়েছে বিবিসি।

> **কথিত কোরআন অবমাননার ঘটনায় হিন্দু সম্প্রদায়ের কেউ জড়িত থাকার যুক্তি গ্রহণযোগ্য নয়। ধর্মীয় ও সামাজিক উৎসবের এই দিনে হিন্দু সম্প্রদায়ের কারও মাথায় এমন দুর্মতি আসতে পারার কথা নয়। এ ঘটনা কোনোভাবেই তাদের জন্য সুখকর হবে না- তা বুঝতে পারার মতো সাধারণ জ্ঞান যে কারোই থাকার কথা।**

কথিত কোরআন অবমাননার ঘটনায় হিন্দু সম্প্রদায়ের কেউ জড়িত থাকার যুক্তি গ্রহণযোগ্য নয়। ধর্মীয় ও সামাজিক উৎসবের এই দিনে হিন্দু সম্প্রদায়ের কারও মাথায় এমন দুর্মতি আসতে পারার কথা নয়। এ ঘটনা কোনোভাবেই তাদের জন্য সুখকর হবে না- তা বুঝতে পারার মতো সাধারণ জ্ঞান যে কারোই থাকার কথা। আর যদি তর্কের খাতিরে ধরে নেওয়া যায়- হিন্দু সম্প্রদায়ের কেউ এমন ঘটনা ঘটিয়েছে; তবে নিশ্চিতভাবে তার রাজনৈতিক উদ্দেশ্য রয়েছে। কেননা, বাংলাদেশের সব হিন্দু নির্দিষ্ট কোনো রাজনৈতিক দলের অনুসারী নয়। এ গোষ্ঠী ভালোভাবেই জানে, এ দেশ ধর্মের রাজনৈতিক অপব্যবহারের উর্বর ক্ষেত্র। অতীতে এ ধরনের ঘটনার বহু নজির রয়েছে। '৪৭-এর দেশভাগের পর থেকে হিন্দুদের দ্বিতীয় শ্রেণির নাগরিক হিসেবে অথবা জিম্মি হিসেবে দেখার প্রবণতার বহু নজির রয়েছে। ১৯৫৬ সালের সংবিধানে এমন সব বিধান যুক্ত করা হয়েছিল যে, হিন্দুরা পাকিস্তানের নাগরিক কিনা- সে ভাবনায় পড়ে গিয়েছিল। ১৯৬৪ সালে কাশ্মীরের হযরতবাল মসজিদে মহানবীর (সা.) চুল হারিয়ে যাওয়ার ঘটনাকে কেন্দ্র করে পূর্ব বাংলায় সাম্প্রদায়িক দাঙ্গা; ১৯৭১ সালে ভারতের দালাল আখ্যায়িত করে মুসলিম লীগ, জামায়াতে ইসলামী, রাজাকার-আলবদরের লুটপাট গানিমাতের মাল হিসেবে হিন্দু নারী ধর্ষণের ঘটনা জাতি ভুলে যায়নি। ১৯৯২ সালে বাবরি মসজিদ ভাঙার ঘটনায় বাংলাদেশি হিন্দু নাগরিকরা কী দোষ করেছিল? তখন সারাদেশে হিন্দু সম্প্রদায়ের মানুষের ওপর প্রতিহিংসামূলক আক্রমণ কেন হয়েছিল? তারা কি বাংলাদেশের নাগরিক নয়? ২০০১ সালে বিপুল আসনে জয়লাভ করেও হিন্দুদের ওপর নারকীয় হামলা চালিয়েছিল তৎকালীন বিজয়ী দল। এসব ঘটনা দৃশ্যমান হয়, যে কোনো অজুহাতে হিন্দু সম্প্রদায়ের মানুষের ওপর অবজ্ঞা প্রদর্শন এবং আক্রমণ চালানো একটি গোষ্ঠীর অধিকারের পর্যায়ে চলে গেছে।

পূর্ব বাংলা যুগ যুগ ধরে বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের মিলনকেন্দ্র। এখানে অধিকাংশ মানুষ অসাম্প্রদায়িক মননের অধিকারী। এখানকার ভূগোল, এখানকার বেঁচে থাকার উপকরণের উৎস সবকিছু মানুষকে একটি আবশ্যিক ঐক্যের বাঁধনে বেঁধেছে। কিন্তু একটি গোষ্ঠী সব সময় বাংলাদেশকে একটি সাম্প্রদায়িক বিদ্বেষপূর্ণ দেশ হিসেবে দেখানোর চেষ্টায় রত।

প্রতি বছর পূজার সময় হিন্দু সম্প্রদায়ের মানুষকে একটি শঙ্কা নিয়ে উৎসব পালন করতে হয়। হিন্দু মুসলিম বৌদ্ধ খ্রিষ্টানের সম্মিলিত রক্তস্রোতধারায় সিক্ত এ দেশের মাটি। সবার সম্মিলিত আত্মত্যাগে স্বাধীন এ দেশ। এ দেশের মানুষ হিন্দু বা মুসলিম হিসেবে নয়; বাঙালী হিসেবে বিশ্বের কাছে পরিচিত। এ দেশের মানুষের মূল দর্শন হলো- বাঁচো এবং বাঁচতে দাও। মুসলিম-অমুসলিম প্রশ্ন আসে কেন? আর মহান আল্লাহ যার রক্ষাকর্তা, সেই পবিত্র মহাগ্রন্থ আল কোরআন এত ঠুনকো নয়, যে কেউ চাইলেই এর অবমাননা হয়ে যাবে। এ ছাড়া রাষ্ট্র ও সংবিধান সব ধর্ম, বর্ণ ও সম্প্রদায়ের মানুষকে সুরক্ষা দিতে প্রতিশ্রুতিবদ্ধ।

কুমিল্লার ঘটনায় জাতি হিসেবে আমাদের মাথা হেঁট হয়েছে। এ ঘটনা প্রমাণ করে- শাল্লা কিংবা রামুর ঘটনায় আমরা শিক্ষা নিইনি। কুমিল্লার ঘটনার সাইবার প্রচারণা রোধে ত্বরিত কোনো ব্যবস্থা প্রশাসনের তরফ থেকে আমরা লক্ষ্য করিনি। একটা-দুইটা পোস্ট যখনই আসছিল, ত্বরিত ব্যবস্থা নিয়ে দোষীদের আইনের আওতায় আনা যেত। অপরাধীরা সাইবার ক্রাইম যেমন সহজে করতে পারছে, তেমনি প্রযুক্তির সহযোগিতা নিয়ে তাদের আইনের আওতায় আনা অতটা কঠিন না।

আমরা আশা করব, কুমিল্লার ঘটনাই যেন সাম্প্রদায়িক হিংসার শেষ ঘটনা হয়। লক্ষ প্রাণের বিনিময়ে অর্জিত স্বাধীন-সার্বভৌম বাংলাদেশে পাকিস্তানি চেতনার উপস্থিতি কোনোভাবেই কাম্য নয়। বিজয়া দশমীকে কেন্দ্র করে কোনো গোষ্ঠী যেন সাম্প্রদায়িক বিদ্বেষ না ছড়াতে পারে, সেদিকে সংশ্লিষ্ট সবার তীক্ষ্ণ নজরদারি প্রয়োজন।

লেখক: সহযোগী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়





হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, **Autism, Autistic,** শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
NEW ADDRESS
72-08 Broadway
Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804

BUSINESS HOURS
Saturday 11:30 PM - 8PM
Sunday 11:30 PM - 8PM
Monday 11:30 PM - 8PM
Tuesday 11:30 PM - 8PM
Wednesday 11:30 PM - 8PM
Thursday 11:30 PM - 8PM
Friday CLOSED

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

- বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
- অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21

Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন

পপুলার ড্রাইভিং স্কুল

Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
917-301-2063

OPEN 7 DAYS

6 Hours DDC Class Good For TLC



বাসা থেকে ফ্রি পিকআপ এন্ড ড্রপ

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীদের ড্রাইভিং লাইসেন্স পেতে কি ধরনের কাগজপত্র বা ডকুমেন্টস লাগবে তা জানতে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

- ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্বাবধানে ড্রাইভিং শিখুন।
- ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ৫, ১০ ও ১৫ লেসনের প্যাকেজ ডীল।
- প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা (শনিবারসহ)

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

- 5 Hours Class Certificate
- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন ফ্রি বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট বই

Please Call

718-426-9453, 917-301-2063

Popular Driving School Inc.

72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave) ডিজিটাল ওয়াশ এর উপরে

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৩ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে

(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

ই-মেইল :
শধফবৎরশরনৎরধ@মসধরষ.পড়স

ঠিকানা :
ঋৎ ও ইধহবৎ ঋধহমববঃ অপধফবসু
১৪৬ পধফবৎরশরনৎরধ অড়ঢ়ষ
উড়ঢ়ৎ উধৎড়, ঙঅ ১৯০৮২

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com

CREDIT REPAIR

যত দ্রুত সম্ভব ক্রেডিট লাইন রিপেয়ার করুন

আমরা দীর্ঘ অভিজ্ঞতা সম্পূন্য ব্যক্তিদের মাধ্যমে গ্যারান্টি সহকারে ক্রেডিট রিপেয়ার করি।



বাড়ি, গাড়ি কেনা থেকে নিজেকে কেন বঞ্চিত করছেন?

ক্রেডিট লাইনে যে কোন ঝামেলাই আমরা রিমুভ করি।

Southeast USA Group Inc.
74-09 37th Avenue, Suit # 206, Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207, 917-566-1612 Fax: 718-412-3249

বিসমিল্লাহির রাহমানির রাহিম

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক, নির্বাচন ২০২১

BANGLADESH SOCIETY INC, ELECTION 2021

১৪ নভেম্বর, রোববার নির্বাচনে

ঐক্যবদ্ধ কমিউনিটি, বাংলাদেশ ও আমেরিকার
মূলধারায় প্রবাসী বাংলাদেশীদের স্বার্থ প্রতিষ্ঠায় অঙ্গিকারবদ্ধ

নিষ্ঠাবান, সৎ ও যোগ্য ব্যক্তিদের সমন্বয়ে সার্বজনীন

নয়ন-আলী পরিষদ

PLEASE VOTE FOR NAYAN-ALI PANEL


B1

কাজী নয়ন
সভাপতি প্রার্থী
Kazi Ashraf Hossain (Nayan), President


B4

মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক প্রার্থী
Mohammad Ali
General Secretary


B2

আব্দুর রহিম হাওলাদার
সিনিয়র সহ-সভাপতি
Abdur Rahim Howladar
Sr. Vice President


B3

মোঃ রেজাউল করিম (সগীর)
সহ-সভাপতি
Md. Rezaul Karim (Sagir)
Vice President


B5

মিয়া মোহাম্মদ দুলাল
সহ-সাধারণ সম্পাদক
Mia Mohammad Dulal
Asst. General Secretary


B6


মোহাম্মদ জে. খান (ডিউক)
কোষাধ্যক্ষ
Mohammed Z Khan (Duke)
Treasurer


B7

আহসান হাবিব
সাংগঠনিক সম্পাদক
Ahsan Habib
Organizing Secretary


B8

মনিকা রায়
সাংস্কৃতিক সম্পাদক
Manika Roy
Cultural Secretary


B9

শেখ হায়দার আলী
জনসংযোগ ও প্রচার সম্পাদক
Public Relation & Sekh Haider Ali
Public Relation & Publicity Secretary


B10

আবুল কাশেম চৌধুরী
সমাজ কল্যাণ সম্পাদক
Abul Kashem Chowdhury
Social Welfare Secretary


B11

মোহাম্মদ হাসান (জিলানী)
সাহিত্য সম্পাদক
Mohammed Hassan (Zilani)
Literary Secretary


B12

মোঃ এইচ রশিদ (রানা)
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক
Mohammed H Rashid (Rana)
Sports & Ent. Secretary


B13

মোঃ সামাদ মিয়া (জাকের)
স্কুল ও শিক্ষা সম্পাদক
Md. Samad Miah (Zaker)
School & Edu. Secretary


B14

ছাইদুর খান (ডিউক)
কার্যকরী সদস্য
Saidur Khan (Duke)
Executive Member


B15

মোঃ মাহমুদ আলম
কার্যকরী সদস্য
Md. Mahmood Alam
Executive Member


B16

মোঃ এ. সিদ্দিকী
কার্যকরী সদস্য
Md. A. Siddique
Executive Member


B17

আহসান উল্লা (মামুন)
কার্যকরী সদস্য
Ashan Ullah (Mamun)
Executive Member

অনুগ্রহ করে নয়ন-আলী পরিষদে ভোট দিন

নয়ন-আলী পরিষদ
আপনাদের ভোট ও দোয়া প্রার্থী

ELECTION DATE: NOVEMBER 14 , 2021

PLEASE VOTE FOR
NAYAN-ALI PANEL

প্রচারে ঃ নয়ন-আলী নির্বাচন পরিচালনা কমিটি

অকাস-বিপজ্জনক সামরিক জোট



মো: বজলুর রশীদ

অকাস, Australia, United Kingdom, ও টঝ মিলে অটকটঝ নামকরণ। ১৬ সেপ্টেম্বর ২০২১ অকাস ঘোষণা করা হয়। বলা হচ্ছে- এটি প্রশান্ত মহাসাগরীয় এলাকার জন্য ঐতিহাসিক নিরাপত্তা ও সামরিক জোট। এ জোট অস্ট্রেলিয়াকে ডিফেন্স টেকনোলজি সরবরাহ করবে, যার মধ্যে রয়েছে পারমাণবিক সাবমেরিন ও শক্তিশালী মিসাইল ব্যবস্থাপনা। এ জোট তাদের মধ্যে ডিফেন্স ইন্টেলিজেন্সও বিনিময় করবে। সাইবার স্পেস, কৃত্রিম বুদ্ধিমত্তা, কোয়ান্টাম টেকনোলজি, সমুদ্রের তলদেশে নিরাপদ চলাচলের কৌশল, সামরিক কর্মকর্তাদের যৌথ কার্যালয়সহ নানাবিধ সামরিক ক্রিয়াকান্ড একই পকেট থেকে পরিচালিত হবে। মূলত চীনের প্রভাব মোকাবেলার জন্য এই সামরিক জোট। গত মাসে যুক্তরাষ্ট্র এবং এর আগে অস্ট্রেলিয়া ও যুক্তরাজ্য আফগানিস্তান থেকে সেনা সরিয়ে নিয়ে ইন্দো-প্যাসিফিক ও চীনের দিকে দৃষ্টি নিবদ্ধ করে।

যুক্তরাষ্ট্র মনে করে, পারমাণবিক শক্তিচালিত জাহাজ থাকা দ্রুত পারমাণবিক বোমা নির্মাণের পথ খুলে দেয়। এ কারণেই আমেরিকানরা ব্রিটিশ মিত্রকে পারমাণবিক প্রপালশন প্রযুক্তি সরবরাহ করেছে। পারমাণবিক শক্তিচালিত সাবমেরিন অস্ট্রেলিয়াকে পারমাণবিক শক্তির ক্লাবে প্রবেশের জন্য প্রস্তুত করবে। চীনের সাথে কোনো যুদ্ধ হলে সেটি একটি পারমাণবিক যুদ্ধই হবে। কত দিনে ও কোন সময়ে পারমাণবিক সাব ক্যানবেরায় পৌঁছাবে সেটি গোপন রাখা হয়েছে। তবে মনে করা হচ্ছে, পুরো ১২টি, কম পক্ষে আটটি পরমাণু চালিত সাব সরবরাহ করতে এক যুগ সময় লাগবে।

এ চুক্তির ফলে ফ্রান্সের সাথে ৯০ বিলিয়ন ডলারের সাবমেরিন চুক্তি বাতিল করেছে অস্ট্রেলিয়া। মার্কিনিদের অকাস কূটনীতির কাছে প্রথম পরাজিত ফ্রান্স। ফ্রান্স বৈশ্বিক শক্তি হিসেবে তার মর্যাদা অনেক হারিয়েছে। ২০০৯ সালে ন্যাটোর ইন্টিগ্রেটেড কমান্ডে আমেরিকান কমান্ডের অধীনে ফ্রান্সের সেনাবাহিনী স্থাপনের পর থেকে প্যারিসের পতন যেন প্রত্যাশিতই ছিল।

ফ্রান্স কেবল এক ইউরোপীয় মহানগরী নয়; যুক্তরাষ্ট্রের পরে এটি সারা বিশ্বের অঞ্চলগুলোর একটি নক্ষত্রপুঞ্জ, যা এটিকে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম সামুদ্রিক ডোমেইনে পরিণত করেছে। ভারত-প্রশান্ত মহাসাগরীয় ও পাশের অঞ্চলে ১.৬ মিলিয়ন ফরাসি নাগরিক বাস করে। তাই বলা হয়, ফ্রান্স ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে একটি শক্তি।

সাবমেরিন সরবরাহের জন্য অস্ট্রেলিয়াকে ফ্রান্সের সাথে চুক্তি বাতিল করার এবং পরিবর্তে আমেরিকান ও ব্রিটিশরা যে ধরনের পারমাণবিক শক্তিচালিত সাবমেরিন ব্যবহার করে, তা পাওয়ার মার্কিন প্রশাসনের সিদ্ধান্ত ফরাসিদের জন্য একটি অভদ্র ধাক্কা। এ সিদ্ধান্ত জনসমক্ষে প্রকাশের মাত্র কয়েক ঘণ্টা আগে সরকারিভাবে ফ্রান্সকে জানানো হয়, যখন হাতে কোনো সময় ছিল না। অস্ট্রেলীয়দের সাথে যে চুক্তি করেছিল সেখানে পারমাণবিক শক্তিচালিত সাবমেরিন সরবরাহ করতেও সক্ষম ছিল ফ্রান্স; তাই এই তিন দেশের ডিলকে বিশ্বাসঘাতকতা বলা হচ্ছে। কেভিন রুড, অস্ট্রেলিয়ার সাবেক প্রধানমন্ত্রী এবং বর্তমানে এশিয়া সোসাইটির সভাপতি ও অ্যাংলোফোন বিশ্বের অন্যতম বিশেষজ্ঞ 'চীন পর্যবেক্ষক'-এর মতে, একটি পারমাণবিক বা প্রচলিত সাবমেরিনের জীবন ৩০ বছর। ডুবোজাহাজে পারমাণবিক বিদ্যুৎ চুল্লির জীবন। তাই সাবমেরিনের জন্য অস্ট্রেলিয়াকে পৃথকভাবে পারমাণবিক বিদ্যুৎ উৎপাদন বিকাশের প্রয়োজন পড়বে না। অস্ট্রেলীয়রা ১২টি সাবমেরিন পাবে। কিন্তু কিভাবে এসব সাবমেরিন রক্ষণাবেক্ষণ করা যায়, সে বিষয়ে প্রশিক্ষণের বাইরে কোনো প্রযুক্তি হস্তান্তর হবে না, অথবা অস্ট্রেলীয়রা তাদের পছন্দমতো এসব সাবমেরিন পরিচালনা করার স্বাধীনতা পাবে না। অন্য কথায়, অস্ট্রেলীয় সাবমেরিনগুলো কেবল মার্কিন নৌবাহিনীর সহায়ক হবে, একটি স্বাধীন সামরিক বাহিনী নয়। কিউইরা



এতেই খুশি, তারা প্রধান বাণিজ্যিক অংশীদার চীনের সাথে আলোচনার সময় দরকষাকষির চিপ হিসেবে কার্ড ব্যবহার করবে। চীনকে বাগে পেতে যুক্তরাষ্ট্রের ট্রাম্পকার্ড তাইওয়ান যেকোনো সময় রক্তাক্ত হতে পারে।

চীন বলেছে, অকাস দক্ষিণ চীন সাগরে সামরিক সজ্ঞাতের লক্ষ্যে যুক্তরাষ্ট্রের আরেকটি অশুভ পদক্ষেপ। ২০১৫ সাল থেকে চীনা সেনাবাহিনী তাইওয়ানের রাষ্ট্রপতি প্রাসাদ দখলের প্রশিক্ষণ নিচ্ছে, তারা একটি প্রতিরূপও তৈরি করেছে। মাও সে তুং সব হাতে নিলেও ফরমোজা বা তাইওয়ান দখলে ব্যর্থ হন, সেখানে চিয়াং বসতি স্থাপন করেছিলেন, তার শাসনব্যবস্থা বিকশিত হয়েছিল।

অকাস ঘোষণার পরদিন চীন আনুষ্ঠানিকভাবে ট্রান্স-প্যাসিফিক পার্টনারশিপ-সিপিটিপিপিতে যোগ দেয়ার জন্য আবেদন করে, যা প্রেসিডেন্ট ওবামার প্রস্তাবিত ট্রান্স-প্যাসিফিক অংশীদারিত্বের উত্তরসূরি সংস্থা। দেখা যায়, বেইজিং অর্থনৈতিক বিনিময়ের প্রস্তাব দিচ্ছে, আর ওয়াশিংটন যুদ্ধের প্রস্তাব দিচ্ছে

জোটনিরপেক্ষ আন্দোলনের আদর্শ দিয়ে প্রভাবিত, আসিয়ান কোনো প্রতিক্রিয়া জানায়নি, কিন্তু ইন্দোনেশিয়ার নাগরিকরা এরই মধ্যে তাদের হতাশা প্রকাশ করেছে। আসিয়ান একটি বিশাল মুক্তবাণিজ্য এলাকা গঠন করতে চায়, যার মধ্যে চীন অন্তর্ভুক্ত। ন্যাটোও নীরব। ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে এটির সম্প্রসারণের উচ্চাকাঙ্ক্ষা ছিল এবং ন্যাটো বুঝতে পারছে যে, এটি কোনো খেলার অংশ হবে না। নিউজিল্যান্ড পারমাণবিক নিরস্ত্রীকরণের নীতি মেনে চলার ঘোষণা দিয়েছিল। ফলে পারমাণবিক সশস্ত্র জাহাজ তার বন্দরে প্রবেশ করতে দিতে অস্বীকার করে আসছে।

অকাস চুক্তি ভারত-প্রশান্ত মহাসাগরীয় কৌশলগত নিরাপত্তার বিষয়টি আবারো সামনে নিয়ে আসছে এবং পারমাণবিক প্রতিদ্বন্দ্বী পাকিস্তান ও ভারতের মধ্যে দক্ষিণ এশিয়ার প্রচলিত ক্ষমতার ভারসাম্যকেও প্রভাবিত করেছে।

অকাসকে আমেরিকা ও চীনের বিশ্বব্যাপী 'একটি নতুন শীতল যুদ্ধ' হিসেবে বর্ণনা করছেন বিশ্লেষকরা। অস্ট্রেলিয়াকে পারমাণবিক উপকরণ দিয়ে সজ্জিত করা হলে ভারতও আরো পারমাণবিক সাব ও অন্যান্য পরমাণু অস্ত্রে সমৃদ্ধির পক্ষে যুক্তি দেখাবে।

ভারতের প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং ইঙ্গিত দিয়েছেন, নয়াদিল্লি তার 'পারমাণবিক অস্ত্র প্রথম ব্যবহার নয়' নীতি পরিবর্তন করতে পারে। এ ধরনের ভারতীয় নীতির পরিবর্তন চীনকে একইভাবে তার প্রথম পরমাণু অস্ত্র ব্যবহার না করার নীতি পরিবর্তন করতে বাধ্য করতে পারে। আর দক্ষিণ এশিয়ায় নতুন করে পারমাণবিক অস্ত্র প্রতিযোগিতার ধারা শুরু হতে পারে। সংবেদনশীল প্রতিরক্ষা প্রযুক্তির মার্কিন-ভারতীয় সহযোগিতা দক্ষিণ এশিয়ার কৌশলগত শক্তির ভারসাম্যকে হেলিয়ে দিতে পারে। যদি মোদির বিজেপি তাদের নিজস্ব নৌ পারমাণবিক ক্ষমতা বাড়িয়ে অকাসকে পাল্টা জবাব দেয়, তবে নৌনিরাপত্তার পারমাণবিক কৌশলগত দাবা বোর্ডে চীনের সাথে জোটকে শক্তিশালী করতে ইসলামাবাদও বসে থাকবে না। আমরা দেখেছি, ১৯৬৮ সালের এনপিটি, জাতিসঙ্ঘের ইউএনএসসি রেজুলিউশন ২৫৫ ও ইউএনএসসিআর ৯৮৪ ধারার পারমাণবিক নিরাপত্তা আশ্বাসের প্রতি স্পষ্ট অবজ্ঞা করে ভারত মহাসাগরে পারমাণবিক যুদ্ধজাহাজ পরিচালনা করছে বৃহৎ শক্তিগুলো। তাই বলা যায়, কোনো জোটে না গিয়ে, বাংলাদেশকে তার সমুদ্রসীমা, দ্বীপ এলাকা ও অফশোর নিরাপত্তার জন্য পারমাণবিক সাব অর্জন করা প্রয়োজন।

পরমাণু বিষয়ে ভারতকে অত্যন্ত অসাবধান দেখা গেছে। ঝাড়খন্ড, তামিলনাড়ু ও নাগপুরে রাষ্ট্র প্ররোচিত পারমাণবিক চোরাচালান এবং ইউরেনিয়াম চুরি সহজেই সন্ত্রাসবাদীদের কালোবাজারে চোরাচালান এবং বিক্রয়ের ঘটনা ঘটেছে। এটি আন্তর্জাতিক সম্প্রদায়ের জন্য গুরুতর উদ্বেগের। অসাবধানতা অনেক প্রলয় ডেকে আনতে পারে।

ভারত এখন দক্ষিণ এশিয়ায় আধিপত্যবাদী 'সামুদ্রিক ব্রিঙ্কম্যানশিপ' শুরু করেছে। দ্রুত সামরিক আধুনিকীকরণ ও নৌ প্রযুক্তি অর্জন পাকিস্তানের হুমকির মাত্রা বাড়িয়ে তুলেছে।

যুক্তরাষ্ট্রের চীনবিরোধী নিরাপত্তা উদ্বেগ ভারতের পররাষ্ট্রনীতির জন্য সুবিধাজনক। দিল্লি এখন ওয়াশিংটনের সাথে তার নৌ জোট আরো জোরদার করবে, এতে কোনো সন্দেহ নেই। এ কারণে ইসলামাবাদ ভারতকে প্রতিহত করতে অকাস ধরনের কোনো চুক্তি করতে অনুপ্রাণিত হতে পারে।

ভারত মহাসাগর ও আরব সাগরে শান্তি বজায় রাখতে পাকিস্তান এরই মধ্যে আধুনিক যুদ্ধ ব্যবস্থাপনাসহ (সিএমএস) দূরপাল্লার টহল জেট, মানববিহীন যুদ্ধবিমান, অত্যাধুনিক অস্ত্র, স্যাটেলাইট ও নজরদারি ব্যবস্থার মাধ্যমে নৌবহরের ক্ষমতা আরো উন্নত করার ইচ্ছা ব্যক্ত করেছে। এই অস্ত্র প্রতিযোগিতা উপমহাদেশের নিরাপত্তা পরিস্থিতি আরো অস্থিতিশীল ও জটিল করে তুলতে পারে।

ফ্রান্স অস্ট্রেলিয়ার সাথে তার বহু কোটি ডলারের চুক্তি ভেস্তে দেয়ার জন্য তার মিত্রদের বিরুদ্ধে দ্বিচারিতার অভিযোগ এনেছে। ফরাসি পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, এ সম্পর্ক 'গুরুতর সঙ্কটের' জন্ম দিয়েছে। এটি বেশ স্পষ্ট যে, পারমাণবিক সাবমেরিন চীনকে লক্ষ্য করেই এগোচ্ছে। অস্ট্রেলিয়ার এই পরমাণু সাবমেরিন কি সে দেশকে প্রশান্ত মহাসাগরীয় ক্ষুদ্র রাষ্ট্রগুলোর কাছ থেকে কোনো বড় প্রতিরক্ষা বিপদের মুখোমুখি হওয়া থেকে নিরাপদ রাখবে, নাকি আরো ভয়াবহ করবে; সেটি এখন আরেকটি হিসাব-নিকাশের বিষয়।

অকাস বিতর্ক আরো কিছু বিষয়কে তুলে ধরেছে, যেমন বাণিজ্যিক যোগাযোগ বিপন্ন হলে নিকটতম মিত্ররাও বিচ্ছিন্ন হয়ে যেতে পারে। ফরাসি প্রতিরক্ষা শিল্প একটি লাভজনক চুক্তি অর্জন করতে পারত যদি অস্ট্রেলিয়ানরা সামনে এগিয়ে নিয়ে যেত। এটি ফ্রান্স কোনো দিন ভুলবে না। এর অনেক ঐতিহাসিক কারণ আছে। পশ্চিমা ব্লক ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে যে নতুন ফ্রন্ট খুলছে, চীনও তার মোকাবেলায় প্রস্তুতি বাড়াবে। আফগানিস্তান ও ইরাক থেকে সেনা প্রত্যাহারে বিশ্ব মনে করেছিল মার্কিনিদের বিশ্বব্যাপী সামরিক সাহসিকতার ক্ষুধা দূর হয়ে গেছে। অকাস পদক্ষেপ ও ফ্রান্সের সাথে বিশ্বাসঘাতকতা সে ধারণা অসার প্রমাণ করে। ওয়াশিংটন বরং চীনের সাথে দীর্ঘমেয়াদি সামরিক সঙ্ঘাতের প্রস্তুতি নিচ্ছে। রাজনৈতিক ও সামরিকভাবে চীনকে চাপে রাখতে বিশাল সমুদ্র এলাকাটি কোয়াড+ (মার্কিন যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য, এ ছাড়াও অস্ট্রেলিয়া, ভারত ও জাপান) দ্বারা নিয়ন্ত্রিত হবে। মনে হচ্ছে ওয়াশিংটন এক বা দেড় দশকের মধ্যে একটি যুদ্ধের প্রস্তুতি নিচ্ছে। কিন্তু তাইওয়ান প্রশ্নে চীন বিরোধী শক্তিকে বেইজিং অতদিন সময় নাও দিতে পারে।

এরই মধ্যে চীন অকাস শক্তির বিরুদ্ধে 'ঠান্ডা যুদ্ধের মানসিকতা'র অভিযোগ এনেছে। উত্তর কোরিয়া বলেছে 'পারমাণবিক সাবের জন্য চুক্তিটি আঞ্চলিক অস্ত্র প্রতিযোগিতার স্ফুলিঙ্গ সৃষ্টি করবে'। মালয়েশিয়া বলেছে চুক্তিটি 'পারমাণবিক অস্ত্র প্রতিযোগিতার অনুঘটক'। দুর্ভাগ্যবশত মধ্যপ্রাচ্য ও মধ্য এশিয়ায় ব্যর্থ সামরিক অভিযানের পর, মনে হচ্ছে পশ্চিমা ব্লক পূর্ব এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় 'রিমের' পানির গভীরতা এবং ধার পরীক্ষা করতে চাইছে। বারাক ওবামা 'পিভট টু এশিয়া' নীতিকে এগিয়ে নিতে চেয়েছিলেন, সেটি আবার নিয়ে আসা হচ্ছে। একবার পারমাণবিক সাবের

আইনের শাসন প্রতিষ্ঠায় ১২৪তম বাংলাদেশ

ঢাকা ডেস্ক, ১৭ অক্টোবর : আইনের শাসন প্রতিষ্ঠায় অবনতি হয়েছে বাংলাদেশের। বিশ্বের ১৩৯টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান এ বছর ১২৪তম। আন্তর্জাতিক সংগঠন ওয়ার্ল্ড জাস্টিস প্রোজেক্টের (ডব্লিউজেপি) ২০২১ সালের সূচকে এ তথ্য জানানো হয়েছে। মূলত বিশ্বের দেশগুলোর আইনশৃঙ্খলা পরিস্থিতির ওপর নির্ভর করে এই সূচক তৈরি করা হয়। গত বছর বিশ্বের ১২৮ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ছিল ১২২তম।

২০২১ সালে দক্ষিণ এশিয়ার মধ্যে বাংলাদেশের অবস্থান ৪র্থ। বাংলাদেশের উপরে রয়েছে নেপাল (৭০তম), শ্রীলঙ্কা (৭৬তম) এবং ভারত (৭৯তম)। বাংলাদেশের নিচে রয়েছে, পাকিস্তান (১৩০তম) ও আফগানিস্তান (১৩৪তম)।

অপরদিকে বৈশ্বিকভাবে শীর্ষে অবস্থান করছে নরওয়ে, ডেনমার্ক ও ফিনল্যান্ড। সর্বনিম্নে অবস্থানকারী তিন দেশ হলো গণপ্রজাতন্ত্রী কঙ্গো, কম্বোডিয়া এবং ভেনিজুয়েলা। ১ স্কোরের মধ্যেই রাষ্ট্রগুলোকে এই সূচকের পয়েন্ট প্রদান করা হয়। ২০২১ সালে বাংলাদেশের প্রাপ্ত স্কোর শূন্য



দশমিক ৪০। গত বছর স্কোর ছিল শূন্য দশমিক ৪১। বাংলাদেশ সম্পর্কে ডব্লিউজেপির সূচকে বলা হয়েছে, আইনের শাসন সংক্রান্ত প্রধান বিষয়– 'অর্ডার অ্যান্ড সিকিউরিটি' বিভাগে এযাবৎকালে সবথেকে ভালো কাজ করেছে দেশটি। এ সম্পর্কে সংস্থাটির বক্তব্য– বাংলাদেশ কার্যকরভাবে অপরাধ নিয়ন্ত্রণে সক্ষম হয়েছে; অভ্যন্তরীণ সংঘাত বেশ ভালোভাবে নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে। এতে আরও বলা হয়েছে, বাংলাদেশের মানুষ এখন নিজেদের সম্পত্তি রক্ষার্থে ব্যক্তিগতভাবে সহিংসতায় জড়ায় না। এসব ক্ষেত্রে ১ এর মধ্যে দশমিক ৬৩ পয়েন্ট পেয়েছে বাংলাদেশ; আর দক্ষিণ এশিয়ার ছয় দেশের মধ্যে অর্জন করেছে দ্বিতীয় স্থান।

অন্যদিকে, 'মুক্ত সরকার' বিভাগের অন্তর্ভুক্ত বিষয়সমূহ, অর্থাৎ আইনগত ও সরকারি তথ্য প্রকাশ, তথ্য অধিকার, জনগণের অংশগ্রহণ প্রভৃতিতে বাংলাদেশের প্রাপ্ত স্কোর শূন্য দশমিক ৪২। দক্ষিণ এশিয়ার ছয় দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান পঞ্চম। এই দুই পয়েন্টের গড় হিসেবে ২০২১ সালে বাংলাদেশের অবস্থান নির্ধারিত হয়েছে।

সাপ্তাহিক বাংলা পত্রিকা
২৫ বছরে
The Weekly Bangla Patrika

তরুণ প্রজন্মের ভাবনা কোন দিকে

নাজমুল হক

১৯৭১ সালে দীর্ঘ ৯ মাস মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ স্বাধীন হয়। ১৯৪৭ সাথে দ্বিজাতিতত্ত্বের ভিত্তিতে ১৯৪৭ সালের ১৪ আগস্ট পাকিস্তান ও ১৯৪৭ সালের ১৫ আগস্ট ভারত স্বাধীনতা লাভ করেছিল। পাকিস্তান রাষ্ট্রটি দুই ভাগে বিভক্ত ছিল : পশ্চিম পাকিস্তান ও পূর্ব পাকিস্তান; যা আজকের বাংলাদেশ। ১৭৫৭ সালে নবাব সিরাজউদ্দৌলার হত্যার মাধ্যমে বাংলার স্বাধীনতা ব্রিটিশরা দখল করে নেয়। ১৮৫৭ সালে সিপাহি বিদ্রোহের মাধ্যমে ব্রিটিশদের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে ওঠে। ব্রিটিশরা ভারতের গরিব চাষিদের নীল চাষ বাধ্যতামূলক করে শোষণ করেছে। বিভিন্ন করারোপ করে। মহাজন প্রথার মাধ্যমে শোষক ও শোষিত শ্রেণী তৈরি করে। নতুন প্রজন্ম পলাশী থেকে বাংলাদেশ স্বাধীন হওয়ার ইতিহাস ভালোভাবে জানে না। ব্রিটিশদের বিরুদ্ধে ফকির সন্ন্যাসী বিদ্রোহ, সিপাহি বিদ্রোহ, কবি-সাহিত্যিকদের বিদ্রোহ, কবি নজরুলের বিদ্রোহ, ওহাবি আন্দোলন, ফরায়েজি আন্দোলন, দেওবন্দ আন্দোলন, তেভাগা আন্দোলন, কৃষক প্রজা বিদ্রোহ, প্রীতিলতা ও সূর্যসেনের বিদ্রোহ, ক্ষুদিরামের ফাঁসি, বিভিন্ন দাঙ্গা ও হাঙ্গামা এবং আন্দোলন, মোহাম্মদ আলী জিন্নাহ দ্বিজাতিতত্ত্ব এবং শেরেবাংলা ফজলুল হক ও সোহরাওয়ার্দীর নেতৃত্বের ফসল আজকের স্বাধীন বাংলাদেশ।

২৪ বছর পাকিস্তানীদের শাসনের বিরুদ্ধে ১৯৫২ সালে ভাষা আন্দোলন, ১৯৬৬ সালের ছয় দফা আন্দোলন, ১৯৬৯ সালের গণ-অভ্যুত্থান, ১৯৭১ সালের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণ, জেনারেল জিয়াউর রহমানের স্বাধীনতার ঘোষণা, ৩০ লাখ শহীদ ও মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীন হয়েছে বাংলাদেশ।

বিগত ৫০ বছরে বাংলাদেশের শাসকশ্রেণীর ও জনগণের অধিকার আদায়ের কোনো উন্নতি হয়েছে কি? এ ঘটনাপ্রবাহ বাঙালি জাতির ইতিহাস ও ঐতিহ্যের ওপর আঘাত করে। ৩১ অক্টোবর ১৯৭২ সালে আ স ম আবদুর রব ও মেজর জলিলের জাসদ গঠন। ১৯৭৫ সালের ২৫ জানুয়ারী বাকশাল গঠন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধু ও তার পরিবারের নৃশংস হত্যাকান্ড। ১৬ আগস্ট ১৯৭৫ থেকে খন্দকার মোশতাক সরকার ক্ষমতায় ৮৩ দিন। ইনডেমনিটি অধ্যাদেশ, ১৯৭৫ সালের ৩ নভেম্বর জাতীয় চার নেতা ও জেলহত্যাকান্ড। ৩ নভেম্বর সামরিক অভ্যুত্থান করে খালেদ মোশাররফের ক্ষমতা দখল। ১৯৭৫ সালের ৭ নভেম্বর সিপাহি বিদ্রোহ। ৬ নভেম্বর ১৯৭৫ সালে প্রধান বিচারপতি সায়েমের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ। ১৯৭৭ সালের ২১ এপ্রিল জেনারেল জিয়াউর রহমানের ক্ষমতা দখল। ১৯৮১ সালের ৩০ মে জিয়াউর রহমান হত্যাকান্ড। ১৯৮২ সালের ২৪ মার্চ জেনারেল এরশাদ কর্তৃক ক্ষমতা দখল। ১৯৯০ সালের ৬ ডিসেম্বর স্বৈরশাসক এরশাদের পতন। দীর্ঘ আন্দোলন-সংগ্রামের মাধ্যমে গণতান্ত্রিক সরকারের ব্যবস্থা এবং সংসদীয় সরকার গঠন। এর আগে ১৯৭৪ সালের ৪ এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের মহসিন হলে সাতজন ছাত্রকে গুলি করে হত্যা করা হয়। ১৯৭৫ সালের ২ জানুয়ারি একটি কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় নেতা সিরাজ শিকদার হত্যাকান্ড। ১৯৭৫ সালে বঙ্গবন্ধু সরকারের সংসদ সদস্য ও মন্ত্রীরা মোশতাক সরকারে যোগ দেন এবং ২৬ সেপ্টেম্বর ইনডেমনিটি অধ্যাদেশ নামে কালো আইন পাস করেছিলেন।

বাংলাদেশের রাজনীতিতে চলছে অবক্ষয়ের মহাসঙ্কট, দলীয় নেতাকর্মীদের অনেকের উদ্দেশ্য ভোগবাদী ধারণার ব্যাপকতা ও লুটপাট। নদী দখল, বাড়ি দখল, সরকারি ও বেসরকারি জায়গা দখল। ছাত্র সংগঠনের ইউনিয়ন, উপজেলা ও জেলার ছাত্রনেতা মানেই যেন চাঁদাবাজ, মাদক কারবারি, সন্ত্রাসী ও গডফাদার, ঠিকাদার, মাদকসেবী, কালোবাজারি ইত্যাদি। ছাত্র সংগঠনের নেতার ছাত্রত্ব নেই, লেখাপড়া নেই; ঠিকাদার, বিবাহিত অছাত্র অনেকে উপজেলা ও জেলার ছাত্রদের নেতা। নেতার আছে বিশেষ বাহিনী। এভাবেই তৈরি হচ্ছে ভবিষ্যৎ প্রজন্মের লিডার। ছাত্রনেতারা অনেকে কোটি টাকার মালিক ও ঠিকাদার ব্যবসায়ী। পত্রিকার পাতায় দেখা যায় অস্ত্রসহ ছাত্রনেতা আটক। মাদক কারবারি ছাত্রনেতা আটক, নারী ও শিশু নির্যাতনকারী হিসেবে ছাত্রনেতা আটক। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে এক ছাত্রনেতা কর্তৃক শতাধিক ছাত্রীকে ধর্ষণের উৎসব পালন। ঠিকাদার থেকে কোটি টাকা চাঁদাবাজি। বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর থেকে চাঁদাদাবির অভিযোগে একটি ছাত্র সংগঠনের কেন্দ্রীয় সভাপতি থেকে বহিষ্কার ইত্যাদি। ডিজিটাল যুগে তরুণ প্রজন্ম ভোগবাদী ধারণার বেড়াজালে বন্দী। জাতীয় নেতৃত্বের শূন্যতার অভাব পূরণে বিকল্প নেতার অভাব রয়েছে। জাতির ভবিষ্যৎ প্রজন্ম বাংলাদেশ নিয়ে এবং অভিভাবকদের প্রত্যাশা পূরণের জন্য জনবান্ধব কিছু ভাবছে কি? বিরোধী দলেও নেতা ও নেতৃত্ব সঙ্কট বিদ্যমান। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও জিয়াউর রহমানের মতো দেশপ্রেমিক দক্ষ লিডারের শূন্যতা থেকেই যাচ্ছে।

দেশে চলছে লুটপাট ও চেতনার বিভাজন। ঘুষখোর ও দুর্নীতিবাজদের পেছনে ছুটতে ছুটতে দুদক ক্লান্ত। জাতি আজ দিশেহারা অবস্থা থেকে মুক্তি চায়। বিশেষ কায়দায় এমপি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান উপজেলা চেয়ারম্যান, জেলা পরিষদের চেয়ারম্যান ইত্যাদি হওয়া বন্ধ করতে হবে। ছাত্রনেতাদের ডিগবাজি ঠিকাদারি বাদ দিয়ে, দেশপ্রেম ও মানবতার শিক্ষা হিসেবে দ্রব্যের বাজার নিয়ন্ত্রণ, দুর্নীতি দূর করা, ঘুষ ও লুটপাট বন্ধ এবং শিক্ষার্থীদের অধিকার আদায়ের জন্য দেশপ্রেমিক রাজনীতিবিদ হিসেবে এগিয়ে আসতে হবে।

কেমন বিকল্প নেতৃত্ব চায় নতুন প্রজন্ম? এ বিষয়ে



জাতির বিবেকের কাছে বিরাট প্রশ্ন। নেতৃত্ব প্রদানের দক্ষতা ও অভিজ্ঞতা আছে কি? নতুন প্রজন্ম মা-বাবার কাছে পারিবারিক মূল্যবোধ শিখতে পারছে কি? সততা, নিষ্ঠা, সত্যবাদিতা, স্পষ্টবাদিতা, দেশের মানুষের প্রতি মমত্ববোধ, পাংচুয়ালিটি, কমিটমেন্ট, ধর্মীয় মূল্যবোধ, পারস্পরিক শ্রদ্ধাবোধ, গণতান্ত্রিক মূল্যবোধ ইত্যাদি নতুন প্রজন্ম দেখতে চায়।

দেশপ্রেমিক প্রজন্মের নেতৃত্বে বাংলাদেশ তার কাঙ্খিত সুশাসন প্রতিষ্ঠার জন্য নিয়মতান্ত্রিক ও গণতান্ত্রিক ধারায় ফিরতে হলে নতুন প্রজন্মকে মেধা মননশীলতা, দেশপ্রেম ও মানবতার প্রেরণায় মনোবল নিয়ে অভিভাবকদের প্রত্যাশা পূরণে এগিয়ে আসতে হবে।

১৯৫২ সালের ভাষা আন্দোলন, ১৯৬৯ সালের গণ-অভ্যুত্থান ও ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ করে তরুণ প্রজন্মের ছাত্রনেতারা দিয়েছে স্বাধীন বাংলাদেশ। আশির দশকে ছাত্রনেতারা জেনারেল এরশাদ সরকারকে ক্ষমতাচ্যুত করে। ২০২০ সালের ছাত্র ছাত্রীদের ভাবতে হবে। ভবিষ্যৎ প্রজন্মকে মেধা দিয়ে এগিয়ে আসতে হবে। ভেজাল খাদ্য উৎপাদন রোধে হাইকোর্ট বিভাগের রুল কাজে লাগাতে হবে। দুর্নীতি ও লুটপাট বন্ধে উদ্যোগ নিতে হবে। খাদ্যের লাগামহীন মূল্যবৃদ্ধি রোধে ভূমিকা রাখতে হবে। মানবাধিকার রক্ষা করতে হবে, সুশাসন নিশ্চিত করতে ভূমিকা রাখতে হবে। সাম্রাজ্যবাদী আগ্রাসনের বিরুদ্ধে ভূমিকা রাখতে হবে। স্বাধীন দেশের নাগরিক হিসেবে, মূল্যবোধসম্পন্ন মানবসম্পদ হিসেবে দেশ-বিদেশে ভূমিকা রাখতে হবে।

সিলেটের বাবলা ও ঝালকাঠির নাসরিনদের মতো ধর্ষণদের বিরুদ্ধে সোচ্চার হতে হবে।

২০০২ সালে দিনাজপুরে সীমা গণধর্ষণ ও হত্যার ঘটনা সারা দেশে প্রতিবাদের ঝড় উঠেছিল। ২০১৯ সালে ফেনীর নুসরাত হত্যাকান্ডের ঘটনায় দেশব্যাপী তীব্র প্রতিবাদ করতে থাকে পুরো জাতি। ২০২০ সালে সিলেটে নববধূ গণধর্ষণের শিকার হয়েছিল। তদুপরি নোয়াখালীর গণধর্ষণ ও নির্যাতনের ঘটনা সারা দেশে প্রতিবাদের ঝড় বইতে থাকে। দেশপ্রেমিক নাগরিকদের অংশগ্রহণে প্রতিবাদ চলেছে।

প্রতিদিন পত্রপত্রিকা খুললেই যেন ধর্ষণের খবরে সয়লাব। জানুয়ারি থেকে আগস্ট পর্যন্ত তিন শতাধিক শিশু নির্যাতন ও ধর্ষণের শিকার। গণধর্ষণের পর হত্যা ১৫ জন, ধর্ষণের পর আত্মহত্যা সাতজন, যৌন সহিংসতার শিকার এক হাজার ৪০৬ জন। জাতীয় মহিলা পরিষদের সূত্রে জানা যায়, ৫৪৭ জন নারী শিশু ধর্ষণের শিকার।

নারী ও শিশু নির্যাতন ও ধর্ষণের চিত্র শিক্ষাপ্রতিষ্ঠান থেকে শুরু করে দেশের সর্বত্র ছড়িয়ে পড়েছে। যেন বাংলাদেশ গণধর্ষণ ও ধর্ষকদের অভয়ারণ্য। বেশির ভাগ ক্ষেত্রে ধনিক শ্রেণীর বখাটে ছেলেদের নির্যাতনের পরিণতিতে গণধর্ষণের ঘটনা ঘটেছে। আবার বখাটেরা রাজনৈতিক দলের ক্যাডার। বিভিন্ন সরকারের সময় রাজনৈতিক নেতাদের আশ্রয় ও প্রশ্রয়ে স্কুলগুলোর আশপাশে ইভটিজিং, মাদকদ্রব্য সেবন করে শিশু নির্যাতন ও গণধর্ষণ করে।

স্কুল ও কলেজের ম্যানেজমেন্ট কমিটিতে রাজনৈতিক নেতাদের অংশগ্রহণ থাকায় এসব দলীয় নেতাকর্মীর বিরুদ্ধে, প্রধান শিক্ষক শিশু নির্যাতন বা ইভটিজিংয়ের বিরুদ্ধে কোনো পদক্ষেপ নিতে পারেন না। রাজনৈতিক দলের নেতাদের বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেলেও আইন প্রয়োগকারী সংস্থা দ্রুত কোনো ব্যবস্থা গ্রহণ করে না। নুসরাতের ঘটনা ভিন্ন খাতে প্রবাহিত করার জন্য ওসি অধ্যক্ষের পক্ষাবলম্বন করেন। একমাত্র পুলিশকে রাজনৈতিক দলের প্রভাবমুক্ত ও নিরপেক্ষ রাখতে পারলে সাত দিনের মধ্যে নারী ও শিশু নির্যাতন গণধর্ষণ হত্যা বন্ধ করা সম্ভব।

কেস স্টাডি-১. সিলেটের একজন বাবলাই পারে গণধর্ষণের চিত্র পাল্টে দিতে!

সিলেটে স্বামীকে জিম্মি করে নববধূকে গণধর্ষণ করা ছয়জন ছাত্রলীগ কর্মীকে যিনি আইনের আওতায় আনতে সাহায্য করেছেন তিনি হলেন মিহিত গুহ চৌধুরী বাবলা। সিলেট জেলা ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক। তিনি স্থানীয়ভাবে বাবলা চৌধুরী নামে পরিচিত। সিলেটে ধর্ষণকারীদের নিয়ে সারা দেশে তোলপাড়! সেই ধর্ষকদের বিরুদ্ধে বাবলাই প্রথম রুখে দাঁড়িয়েছেন। গণধর্ষণের শিকার নববধূ ও তার স্বামী যখন কাঁদতে কাঁদতে যাচ্ছিল, তখন বাবলার সাথে পথে দেখা। বাবলা ঘটনা শুনলেন এবং বললেন, এমন জঘন্য ঘটনা মেনে নেয়া যায় না। এদের ছাড় দেয়া উচিত হবে না। বলেই বাবলা ফোন করেন শাহপরাণ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে।

তবে পুলিশ আসার আগেই ওই নির্যাতিতা ও তার স্বামীকে নিয়ে ছাত্রাবাসের দিকে রওনা দেন বাবলা। সাইফুর-রবিউলের কাছ থেকে গাড়ির চাবি উদ্ধার করেন। গেটে দাঁড়িয়ে পুলিশের জন্য অপেক্ষা করেন। পুলিশ আসে ও কয়েকজন নেতাও সেখানে আসেন। ঘটনা ধামাচাপা দেয়ার চেষ্টা চলে, তর্ক হয়, তারা মীমাংসা করতে চান অর্থের বিনিময়ে। কিন্তু বাবলা অনড় ছিলেন, রাজি হননি। বাবলা বলেছিলেন, তাদের ছাড় দেয়া উচিত হবে না। তিনি নির্যাতিতার পাশে দাঁড়ান। মেয়েটি ও তার স্বামী ধর্ষণদের ফেস চিনলেও নাম জানতেন না। বাবলাই বলে দেন তারা কারা এবং বলেন তাদের বিচার হওয়া উচিত।

আসলে মানুষ মানুষের পাশে থাকলে অপরাধ করতেও অপরাধীরা চিন্তা করবে। বাবলার মতো মানুষরা এভাবে পদক্ষেপ নিলে মেয়েরা সমাজে চলতে ভয় পাবে না। ধর্ষণের প্রতিবাদকারী বাবলাদের নিরাপত্তা এবং নাগরিকদের পক্ষ থেকে সম্মান দিলে হাজারো বাবলা সারা দেশে এগিয়ে আসবেন। পুলিশের পক্ষ থেকে বাবলাদেরকে তাদের কাজের জন্য প্রাপ্য বাহবাটুকু দিন, দেখবেন এক দিন দেশের চিত্র পাল্টে গেছে।

কেস স্টাডি-২. ঝালকাঠির নাসরিন সারা বাংলাদেশের ফুলন দেবী!

২০২০ সালের ২ অক্টোবর দুপুরে ঘরে ঢুকে 'স্বর্ণকিশোরী' খেতাবপ্রাপ্ত কলেজছাত্রী নাসরিন আক্তার সারার (১৭) ওপর হামলা চালায় জুবায়ের আদনান নামে এক যুবক। এ ঘটনায় ওই দিন রাতেই থানায় মামলা করা হয়। মামলার এক সপ্তাহ পার হয়ে গেলেও পুলিশ আসামিকে গ্রেফতার করতে পারেনি। উল্টো বিষয়টি মীমাংসার জন্য বিভিন্ন মহল থেকে চাপ দেয়া হয়। এতে ক্ষুব্ধ হয়ে ওই নাসরিন প্ল্যাকার্ড হাতে নিয়ে থানার সামনেই অনশনে বসেন। তাকে দেখে থানার সামনে ভিড় করে অসংখ্য মানুষ। মীমাংসা নয়, নির্যাতনের বিচার দাবি জানান নাসরিন। খবর পেয়ে নাসরিনের বোন ও ভগ্নিপতি এসে কান্নায় ভেঙে পড়েন। তারাও ঘটনার বিচারের দাবি জানান। পরে পুলিশ এসে ৭২ ঘণ্টার মধ্যে আসামি গ্রেফতারের আশ্বাস দিলে অনশন তুলে নেয় সারা। নাসরিন ঝালকাঠির আকলিমা মোয়াজ্জেম ডিগ্রি কলেজের দ্বাদশ শ্রেণীর ছাত্রী।

প্রতিদিন নারী ও শিশু নির্যাতন ও ধর্ষণের ঘটনা ঘটছে, তার বিরুদ্ধে ভারতের ফুলন দেবীর মতো নারীদের প্রতিবাদী হতে হবে। বিশেষ ট্রাইব্যুনালে শুধু নারী ও শিশু নির্যাতন হত্যা ও ধর্ষণের মামলার বিচার করতে হবে। ধর্ষকের মা ও বাবাকে তিন মাসের জেল ও জরিমানার ব্যবস্থা করতে হবে। পুলিশ প্রশাসনের উদ্যোগে ওয়ার্ড ও মহল্লাভিত্তিক ধর্ষকের ছবি ঝুলিয়ে দিতে হবে। ধর্ষকের লেখাপড়ার সার্টিফিকেট ও মার্কশিট বাতিল করতে হবে। সারা দেশে মসজিদ, প্যাগোডা, মন্দির, স্কুল ও কলেজ-বিশ্ববিদ্যালয়ে ধর্ষণ ও নারী নির্যাতন প্রতিরোধ দিবস ও র‍্যালির ব্যবস্থা করতে হবে। নতুন প্রজন্মকে ভাবতে হবে বাংলাদেশের

বাঙালীর জিহ্বা বনাম কোদাল-করাত-তলোয়ার



গোলাম মাওলা রনি

বাঙালীর জীবনে জিহ্বার গুরুত্ব এবং বহুমুখী ব্যবহার সম্পর্কে পশ্চিমা দুনিয়া এখনো মনে হয়, বেখবর। অন্য দিকে সুইডেন নামক দেশটিতে নোবেল পুরস্কার প্রদান করার জন্য যে কমিটি রয়েছে সেই কমিটির সদস্যরা বাঙালির জিহ্বার ক্ষমতা, কার্যকারিতা এবং বহুমুখী ব্যবহার সম্পর্কে সামান্য ধারণা পর্যন্ত রাখেন না। আমাদের এত মহামূল্যবান একটি জাতীয় সম্পদ যার সঙ্গে পৃথিবীর অন্য কোনো জাতিগোষ্ঠী তো দূরের কথা, জিন-পরী-শয়তান-ভূত-পেত্নী ইত্যাদি সশরীরী আজব সৃষ্টিকুলের জিহ্বারও তুলনা চলে না। আমাদের জিহ্বা আদিকালে বিভিন্ন দেশীয় অস্ত্র যথা চাকু, ক্ষুর, তীর, বর্শা, ভোজালি, তলোয়ার ইত্যাদির চেয়েও বেশি রক্তপাত ঘটাতে সক্ষম ছিল। অন্য দিকে, দা-বঁটি, কোদাল-শাবল, হাতুড়ি ইত্যাদির চেয়ে বেশি শক্তিমত্তা নিয়ে কাউকে আঘাতে আঘাতে জর্জরিত করতেও সক্ষম ছিল সেই ব্রিটিশ-পাকিস্তানি জমানা পর্যন্ত।

বর্তমান ডিজিটাল যুগে জিহ্বা দিয়ে একশ্রেণীর 'বাঙাল' এমন সব উচ্চ প্রযুক্তির পারমাণবিক কর্মকান্ড ঘটাতে পারে যার বিবরণ শুনলে আন্তর্জাতিক পরমাণু সংস্থা ভয়ে 'জ্ঞান হারিয়ে ফেলত'। এসব বাঙালের জিহ্বার চৌম্বক শক্তি পৃথিবীর মাধ্যাকর্ষণ কিংবা মহাকর্ষণ শক্তির চেয়ে বেশি। এদের জিহ্বার লালায় যে রাসায়নিক ক্ষমতা তা পৃথিবীর সব কালনাগিনীর বিষ, সব বোম্বাই মরিচের সম্মিলিত ঝাল, সব সরিষার সম্মিলিত ঝাঁজ, সব কাঁঠালের পুঞ্জীভূত আঠার আঠালো শক্তি, দুনিয়ার সব করাতের সম্মিলিত ধারালো শক্তি প্রয়োগ করে বৃক্ষ ছেদন ক্ষমতা ইত্যাদির চেয়েও অধিক মাত্রায় বিক্রিয়া ঘটাতে সক্ষম। এদের জিহ্বার বায়োলজিক্যাল ক্ষমতাও বিস্ময়কর। এর দ্বারা তারা মুহূর্তের মধ্যে কাঁচাকলা পাকিয়ে ফেলতে পারে। বড় বড় জাহাজ, উড়োজাহাজ, রেলগাড়ি, বাস, ট্রাক, পাহাড়-পর্বত, নদী-সমুদ্র ইত্যাদি সবকিছু কেবল জিহ্বার নাড়াচাড়ার মাধ্যমে ইচ্ছেমতো উলটপালট করে দিতে পারে। ক্ষেত্রবিশেষে বাবার নামটি পর্যন্ত ভুলিয়ে দিতে পারে।

বিরাটসংখ্যক বাঙালের জিহ্বার গঠন, প্রকৃতি এবং ব্যবহার নিয়ে আন্তর্জাতিক নোবেল কমিটি, আন্তর্জাতিক পারমাণবিক শক্তি কমিশন, জাতিসঙ্ঘের নিরাপত্তা পরিষদ, মার্কিন এফবিআই, ভারতের সিবিআই এবং ব্রিটিশ গোয়েন্দা সংস্থা এমআইসিক্স যদি সম্মিলিতভাবে গবেষণা শুরু করে তবে তারা প্রথমেই হোঁচট খাবে দু'টি কারণে। প্রথমত, এই জিহ্বার মিথ্যা বলার দুর্দান্ত ক্ষমতার উৎসমূল তারা খুঁজে পাবে না এবং দুনিয়ার কোনো প্রযুক্তি, সংস্থা বা শক্তির সক্ষমতা দ্বারা জিহ্বার মিথ্যা বলার পারঙ্গমতার কার্যকারণ নির্ধারণ যে সম্ভব নয় তা বোঝার পর তাদের মাথায় এমন চক্কর আরম্ভ হবে যে, ডাবের পানি দিয়ে ইলিশ মাছের ডিমের মিক্সার না খাওয়ানো পর্যন্ত তারা সম্বিত ফিরে পাবে না।

উল্লেখিত সম্মিলিত গবেষক দলের কাছে দ্বিতীয় যে সমস্যাটি প্রকট আকার ধারণ করবে তা হলো- বহু মানুষের জিহ্বার বাহারি আকৃতি, গঠন প্রণালী এবং আবহাওয়া প্রকৃতি ও পরিবেশ অনুযায়ী জিহ্বার স্বয়ংক্রিয়ভাবে ছোট-বড় হওয়ার ক্ষমতা। এ ছাড়া জিহ্বা তার ইচ্ছেমতো হঠাৎ করে সূক্ষ্ম সোনামুখী সুইয়ের অগ্রভাগের মতো যেমন সূচালো হতে পারে তেমনি মুহূর্তের মধ্যে মহাভারতের মহাবীর ভীমের হাতের গদার মতো ভারী বস্তুতে পরিণত হতে পারে। এটি যেমন দ্রুততার সাথে পৃথিবীর সবচেয়ে পিচ্ছিল এবং চটচটে বস্তুতে পরিণত হয়, তদ্রূপ মুহূর্তের মধ্যে আপন বৈশিষ্ট্য পাল্টিয়ে গন্ডার, হাতি অথবা কুমিরের চামড়ার রূপ ধারণ করে প্রতিপক্ষের বিরুদ্ধে মারাত্মক ঢাল হিসেবে দাঁড়িয়ে যেতে পারে। গবেষক দল যখন দেখবে যে, কিছু লোক লোভের কারণে যেভাবে জিহ্বা বের করে রাস্তায় চলাফেরা করে এবং তাদের সেই লিকলিকে লোভের জিহ্বার আকার-আকৃতি এবং লালা নিঃসরিত হওয়ার দৃশ্য দেখে রাস্তার নেড়ি কুকুরগুলো যখন লজ্জা-ভয়-আতঙ্কে নিজেদের জিহ্বা মুখের মধ্যে ঢুকিয়ে উল্টো দৌড় মারে তখন তারা গবেষণার যন্ত্রপতি-খাতাপত্র-পেন্সিল-কলম ইত্যাদি ফেলে কুকুরের সাথে পাল্লা দিয়ে পালানোর চেষ্টা করবে।

সম্মিলিত গবেষক দলের নিয়োগ কর্তারা যখন উল্লিখিত ঘটনা জানতে পারবেন তখন তারা প্রথমে বিস্ময়ে হতবাক হয়ে পড়বেন। তারপর আত্মস্থ হয়ে তারা অধিকতর শক্তিশালী গবেষক দল পাঠাবেন। তারা এসে অবচয়ন পদ্ধতিতে বাঙালির জিহ্বা পরীক্ষার পাইলট প্রকল্প হাতে নেবেন। তারা দেখতে পাবেন যে, জিহ্বার যে তিনটি অংশ রয়েছে তা সবসময় সঠিকভাবে কাজ করে না। দ্বিতীয়ত, পেশিযুক্ত এই অঙ্গটির অন্যতম প্রাকৃতিক বৈশিষ্ট্য হলো এটি সৃষ্টিকুলের সব প্রাণীর জিহ্বার মতো কম্পন সৃষ্টি করে। কোনো শব্দ শুনলে মানবের কান যে মুহূর্তে মস্তিষ্কে বিশেষ তরঙ্গের মাধ্যমে বার্তা পৌঁছে দেয় ঠিক সেই মুহূর্তে মস্তিষ্ক মানবদেহের বিভিন্ন অঙ্গপ্রত্যঙ্গ যে তরঙ্গ বার্তা প্রেরণ করে তার মধ্যে জিহ্বার কাছে প্রেরিত বার্তাটি সবচেয়ে বেশি অর্থবহ। মস্তিষ্ক কানের কাছ থেকে প্রাপ্ত তরঙ্গ বার্তার ভিত্তিতে অতি দ্রুত কিছু উপযুক্ত জবাব প্রস্তুত করে স্বরযন্ত্রে প্রেরণ করে জিহ্বার মাধ্যমে তা প্রচার করার জন্য। কিন্তু বেশির ভাগ বাঙাল জিহ্বা মস্তিষ্কের সেই তারবার্তা ফাইল চাপা দিয়ে রাখে এবং প্রাকৃতিক নিয়মের কম্পন বন্ধ করে তার সামনে যে শক্তিশালী বাঙালটি বসে জিহ্বা নাড়ায়, তার সাথে তাল মিলিয়ে নাচতে থাকে।

পৃথিবীর তাবৎ জিহ্বার মতো বাঙালির জিহ্বাতেও মোট আটটি শক্তিশালী পেশি রয়েছে। এগুলোর মধ্যে চারটি ব্যবহৃত হয় জিহ্বা ছোট-বড় করার কাজে এবং চারটি ব্যবহৃত হয় জিহ্বা নড়াচড়া করার কাজে। পৃথিবীর অন্য কোনো প্রাণিকুলের জিহ্বার যে পেশিগুলো রয়েছে তা কখনো একসঙ্গে একই কাজে ব্যবহার করা যায় না।

গবেষক দল অবাক হয়ে লক্ষ করবে যে, কিছু বাঙালের জিহ্বা, বাঘের জিহ্বার চেয়েও ধারালো। তারা খুব ভালো করে জানেন যে, বাঘের ধারালো জিহ্বা দ্বারা যদি সজোরে মানবের শরীরে লেহন করা হয় তাহলে চামড়া অস্থি মজ্জা একসাথে উঠে আসবে। অন্য দিকে কথিত বাঙালের জিহ্বার যে ধার তা অনেকটা লেজার-রশ্মির মতো ক্ষমতাসম্পন্ন। অর্থাৎ তারা যদি জিহ্বার সাহায্যে কারো চামড়া অস্থি-মজ্জা ভক্ষণ করতে চায় তবে সরাসরি লেহনকর্মে প্রবৃত্ত না হয়ে নিরাপদ দূরত্বে থেকে জিহ্বাকে নাড়াচাড়া করলেই তাদের আক্রমণের শিকার লোকটির অস্থি-মজ্জা তো বটেই- কলিজা-ফুসফুস-ঝিল্লিসহ শরীরের ভেতরের অন্য সব তুলতুলে মাংসকে শরীরের মধ্যে বিশেষ তাপ-চাপ প্রয়োগ করে কাবাব, রোস্ট অথবা গ্রিল করে ভক্ষণ করতে সক্ষম। কিছু লোকের জিহ্বার লেহন ক্ষমতা গবেষক দলকে রীতিমতো ভাবিয়ে তুলবে। তারা দেখবে যে, একশ্রেণীর জিহ্বা কিছু শ্রেণীর জুতো দেখা মাত্র সেসব জুতোর তলদেশ লেহন করার জন্য পাগল হয়ে পড়ে। এ ক্ষেত্রে জুতোর সুখতলা লেহন করার জন্য জুতোলোভী জিহ্বাকুলের মধ্যে প্রতিযোগিতা এত বেশি হয়ে পড়ে যে, ক্ষেত্রবিশেষে রক্তারক্তি পর্যন্ত ঘটে যায়। জুতো লেহনের সময় তাদের জিহ্বাগুলোর পেশিগুলো কুমিরের মুখমন্ডলের মতো হয়ে যায় তাকে বিজ্ঞানের ভাষায় বলা যেতে পারে মাসকুলার হাইড্রোস্টাট। ফলে লেহনকর্মে নিযুক্ত জিহ্বার 'ওরাল ক্যাভিটি' এমন পর্যায়ে পৌঁছে যায় তারা কোনো কিছু চিবিয়ে খাওয়ার প্রয়োজন মনে করে না, ডাইরেক্ট গপাগপ গিলে ফেলে এবং প্রকৃতির অন্যসব গিলে খাওয়ায় অভ্যস্ত ভয়ঙ্কর প্রাণীদের মতো এদের মুখের মধ্যে কোনো লালাজাতীয় পদার্থ উৎপন্ন হয় না।

গবেষক দল উল্লিখিত অভিজ্ঞতার পর যখন জুতো লেহনকারী জিহ্বার অন্য রূপ দেখতে পায় তখন তারা বিস্ময়ে হতবাক হয়ে পড়ে। যেসব জিহ্বাকে তারা কিছুক্ষণ আগে জুতার সুখতলা লেহন করতে দেখেছে তখন সেগুলো কড়কড়ে শুষ্ক ছিল। কিন্তু একই জিহ্বা যখন টাকা, নারী, মাদক ইত্যাদির সামনে রাখা হয় তখন সেগুলো এতটা চটচটে লালাযুক্ত হয়ে পড়ে যা কিনা প্রকৃতির অন্য কোনো প্রজাতির কীটপতঙ্গ সরীসৃপ বা মেরুদন্ডী প্রাণীর জিহ্বার ক্ষেত্রে দেখা যায় না। জিহ্বার লালাগ্রন্থি এবং জিহ্বাপৃষ্ঠের শুষ্কতা-রুক্ষতা ও মসৃণতার যে বিবর্তন তা যত দ্রুততার সাথে বাঙালদের মধ্যে ঘটে তা সৌরজগতের অন্য কোনো গ্রহে যে ঘটে না সেটির বিষয়ে গবেষক দল যখন চূড়ান্ত প্রতিবেদন লিখতে যাবে ঠিক সেই সময়ে ব্রিটিশ গোয়েন্দাদের নিয়োগ করা অ্যানাটমিস্ট আরেকটি অদ্ভুত বিষয়ের কথা বলতে আরম্ভ করলেন।

ব্রিটিশ অ্যানাটমিস্ট যিনি কয়েক যুগ ধরে মানবের জিহ্বার রক্ত সঞ্চালন এবং বিভিন্ন রগ এবং উপরগ বা শিরা-উপশিরা নিয়ে সফলভাবে গবেষণা করছেন তিনি জুতো লেহনকারী জিহ্বার একটি অদ্ভুত বৈশিষ্ট্য দেখে রীতিমতো আঁতকে উঠলেন। তিনি লক্ষ করলেন যে, এসব জিহ্বার বেশ কয়েকটি রগ নজিরবিহীনভাবে সরাসরি জিহ্বা থেকে খাদ্যনালীতে চলে গেছে। সেখানে গিয়ে রগটি আরো মোটাতাজা হয়ে রেকটামের ভেতর দিয়ে একেবারে শেষপ্রান্তের গুহ্যদ্বার পর্যন্ত পৌঁছে গেছে। এই রগটির আরেকটি অদ্ভুত বৈশিষ্ট্য হলো- এটির ভেতর দিয়ে রক্তের পরিবর্তে বায়ু প্রবাহিত হয়। ফলে রগটির মাধ্যমে লেহনকারী জিহ্বা-ধারী প্রাণীর পাকস্থলী ও পায়ুপথের যাবতীয় রাসায়নিক গ্যাসসমূহ সরাসরি মুখ গহ্বরে পৌঁছে যায়। ফলে এসব প্রাণীর কথাবার্তার দুর্গন্ধে সমাজ সংসারে নিদারুণ দুর্গন্ধ ছড়িয়ে পড়ে।

পৃথিবীর তাবৎ জিহ্বার মতো বাঙালির জিহ্বাতেও মোট আটটি শক্তিশালী পেশি রয়েছে। এগুলোর মধ্যে চারটি ব্যবহৃত হয় জিহ্বা ছোট-বড় করার কাজে এবং চারটি ব্যবহৃত হয় জিহ্বা নড়াচড়া করার কাজে। পৃথিবীর অন্য কোনো প্রাণিকুলের জিহ্বার যে পেশিগুলো রয়েছে তা কখনো একসঙ্গে একই কাজে ব্যবহার করা যায় না। কিন্তু তেলবাজ বাঙালী যখন জিহ্বার সাহায্যে কারো তেল মর্দনে লিপ্ত হয় তখন তার জিহ্বার আটটি পেশি একই সাথে সচল হয়ে জিহ্বাকে নাড়াচাড়া করতে থাকে। অন্য দিকে তেল মর্দনের সময় জিহ্বাতে রক্ত সঞ্চালন বন্ধ থাকে এবং লালা ও চটচটে বিশেষ এক ধরনের মিশ্রণের আধিক্য বেড়ে যায়।

বাঙালের জিহ্বার আরেকটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো, এটি শরীরের সংবেদনশীল অঙ্গের সাথে অন্যান্য দেশের মানুষের জিহ্বার চেয়ে বেশি সংযুক্ত। ফলে সংবেদনশীল অঙ্গ উত্তেজিত হলে বাঙালের জিহ্বাও উত্তেজিত হয়ে পড়ে এবং পাগলের মতো প্রলাপ বলতে তাকে। প্রাণীর দেহের যৌন উত্তেজনা, একে অপরের কাছাকাছি হবার বাসনা এবং এরোজেনাস জোন বলে পরিচিত স্পর্শকাতর এলাকায় যে রাসায়নিক বিক্রিয়া ঘটে তার ফলে প্রাণীর পঞ্চ ইন্দ্রিয় একধরনের নেশার মধ্যে পড়ে যায়। সুস্থ ও স্বাভাবিক প্রাণীর শরীর ও মন এই ধরনের পরিস্থিতিতে প্রায় একই আচরণ করলেও তেলবাজ মানুষের জিহ্বা, যা সাধারণত জুতোর সুকতলা লেহনে অভ্যস্ত তারা এই সময়ে অস্বাভাবিক হয়ে ওঠে এবং বিকৃত রুচির পরাকাষ্ঠা দেখিয়ে এমন সব কান্ড করতে থাকে যা দেখে শয়তানও লজ্জা পেয়ে যায়। এটাকে বিজ্ঞানের ভাষায় কনজেনিয়াল ডিজঅর্ডার বলা হয় এবং এ ধরনের জিহ্বাগুলো যে রোগ দ্বারা আক্রান্ত হয় সেটির নাম অ্যানকিলোগ্লোসিয়া।

মানবের জিহ্বা এবং বাঙালির অভ্যাস নিয়ে এতক্ষণ অনেক স্যাটায়ার করার চেষ্টা করেছি বটে কিন্তু যে কথাটা এখনো বলা হয়নি সেটি হলো- মানবের জিহ্বাই হলো আল্লাহর দেয়া সবচেয়ে বড় নেয়ামত। এর কার্যকারিতা সীমাহীন এবং মানবের সাথে দুনিয়া ও আখিরাতের সফল সংযোগের ক্ষেত্রে জিহ্বার মতো কার্যকর অন্য কোনো হাতিয়ার দুনিয়াতে নেই। এটি মানবের কাছে তার মালিকের মস্তবড় এক আমানতও বটে। যারা এই মহামূল্যবান আমানতের সুরক্ষা করে, পরিচর্যা এবং সংরক্ষণে দক্ষতা দেখায় তাদের জন্য আসমান-জমিনের সব রহমত ও বরকত প্রাপ্য হয়ে যায়। মহান আল্লাহ আমাদের সবাইকে জিহ্বার ফিতনা-ফসাদ থেকে রক্ষা করুন এবং আল্লাহর এই নেয়ামতটির উত্তম ব্যবহারের তৌফিক প্রদান করুন। আমিন।

লেখক: সাবেক সংসদ সদস্য

দশ সেকেন্ডের জন্য ২০ লাখ টাকা দিয়েও ভারত-পাকিস্তান ম্যাচের স্পট পাচ্ছেন না বিজ্ঞাপনদাতারা

ঢাকা ডেস্ক, ১৭ অক্টোবর : ওমানে টি-টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেট শুরু হচ্ছে রোববার। কিন্তু নজরের কেন্দ্রবিন্দুতে ২৪ অক্টোবর ভারত-পাকিস্তানের ম্যাচ। যা হবে দুবাইয়ের আন্তর্জাতিক স্টেডিয়ামে। এবারই প্রথম টি-টোয়েন্টি বিশ্বকাপের বাছাই পর্ব ওমানে। আর মূলপর্ব সংযুক্ত আরব-আমিরশাহিতে। ২৪শে অক্টোবর এই আরব-আমিরশাহিতেই মুখোমুখি হবে বিরাট কোহলির ভারত আর বাবর আজমের পাকিস্তান। এমন হাইভোল্টেজ ম্যাচকে কেন্দ্র করে উত্তাপের লাভাস্রোত বয়ে যাচ্ছে এই উপ-মহাদেশ তো বটেই, গোটা দুনিয়ায়। শেষ ভারত - পাকিস্তান ম্যাচটি দেখেছিলো ২৭ কোটি ৩০ লক্ষ দর্শক টেলিভিশনে।

এর মধ্যে ২৩ কোটি ৩০ লক্ষ দর্শক ছিল ভারতের। এবার অনুমান করা হচ্ছে- ৪০ কোটি দর্শক টেলিভিশনে ম্যাচটি দেখবেন। সম্প্রচারকারী সংস্থা এই ম্যাচের ১০ সেকেন্ডের বিজ্ঞাপন বিক্রি করছে না। তারা এই ম্যাচটির গুরুত্ব অনুধাবন করে প্যাকেজ বিপণন করেছে আগেই। ফলে ১০ সেকেন্ডের স্পটের জন্য ২০ লক্ষ টাকা দিয়েও স্পট মিলছে না।

অনুমান, টেলিভশন এবং ডিজিটাল মাধ্যমে এই ম্যাচ দেখবেন ৫৮ কোটি ৫০ লক্ষ দর্শক। তাই আইপিএল ম্যাচে যেখানে ১০ লক্ষ টাকায় ১০ সেকেন্ডের স্পট বিক্রি হয়েছে টি - টোয়েন্টি বিশ্বকাপে দ্বিগুন দাম দিয়েও স্পট মিলছে না। সম্প্রচারকারী সংস্থার বক্তব্য- আইপিএলে যেহেতু জাতীয়তাবোধ জড়িয়ে থাকে না তাই তার থেকে টি - টোয়েন্টি অনেক বেশি আকর্ষণীয়। ইতিমধ্যেই এই ম্যাচ ঘিরে উৎসাহের পারদ উর্ধমুখী। বাবর আজম বলেছেন, পাকিস্তানের ক্রিকেটাররা যেহেতু সংযুক্ত আরব-আমিরশাহিতে গত তিন চার বছর নিয়মিত খেলছেন তাই তাঁরা পরিচিত পরিবেশে খেলার বাড়তি সুবিধা পাবেন। আইপিএল খেলার সুবাদে ভারতীয় দলের অধিকাংশ খেলোয়াড় এখন দুবাইতে। পাকিস্তান বোর্ডের প্রধান রামিজ রাজা পাক খেলোয়াড়দের বলেছেন, এই ম্যাচ জিতে ফিরতেই হবে। রাজনীতির ময়দানে ভারত -পাক সংঘাত তীব্র, ক্রিকেট মাঠেও কি সেই আঁচ পড়বে? সময়, শুধু সময় এই প্রশ্নের জবাব



চুঁচুড়ার গ্রিন পার্কের আবাসন থেকে গ্রেপ্তার ছয় বাংলাদেশি

ঢাকা ডেস্ক, ১৭ অক্টোবর : কলকাতার উপকণ্ঠে হুগলি জেলার চুঁচুড়ার একটি আবাসন থেকে ছয় বাংলাদেশি নাগরিককে গ্রেপ্তার করেছে পুলিশ। নথিপত্র ছাড়াই ভারতে বেআইনি অনুপ্রবেশের জন্য তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। চুঁচুড়া গ্রিন পার্কের একটি আবাসনের ফ্ল্যাটে তারা বসবাস করছিলো। ফ্ল্যাটটির মালিক হালিশহরের বাসিন্দা জনৈক আকাশ দাস। এই আকাশ দাস দীর্ঘদিন মানবপাচারের সঙ্গে যুক্ত বলে অভিযোগ। বহু বাংলাদেশি নাগরিককে ভুয়া নথির সাহায্যে আকাশ সৌদি আরবে পাঠিয়েছেন বলে অভিযোগ। ধৃত ছয়জনই বাংলাদেশের নারায়ণগঞ্জের বাসিন্দা। এদের নামে ভারতীয় আধার কার্ড, প্যান কার্ড তৈরির কাজও সমাধা হয়ে গিয়েছিল।

এখন আপনাদের আরো কাছে এবং ব্যাপক পরিসরে কাবাব কিং এর পার্শ্বে

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

Bangla Travel

JACKSON HEIGHTS NEW YORK

আপনার নিশ্চিত ভ্রমনের বিশ্বস্ত আয়োজক

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত

KUWAIT AIRWAYS

Biman BANGLADESH AIRLINES

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

$৬৪৯+

JFK-Dhaka-JFK Return

Emirates

ETIHAD AIRWAYS

QATAR AIRWAYS

DELTA AIR LINES

AmericanAirlines



ঢাকা এয়ারপোর্টে আমাদের রয়েছে নিজস্ব Help Office
যারা ইমিগ্রেশন, লাগেজ পিকআপ সহ সকল সহযোগিতা করবে।

Mohammad B Hossain (Belal)
President & CEO



আমরা সকল এয়ারলাইন্সের টিকেট সরাসরি আমাদের অফিস থেকে ইস্যু করে থাকি।

বাংলাদেশ থেকে আসার টিকেট
সবচেয়ে কম দামে
আমাদের কাছেই পাবেন।

উত্তর আমেরিকার ট্রাভেল ব্যবসায়
সবচেয়ে অভিজ্ঞ ট্রাভেল টিম
শুধুমাত্র ডিজিটাল ওয়ান ট্রাভেল-এ
পাবেন, যারা সর্বদা আপনাদের সেবায় প্রস্তুত



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



পুষ্প
ট্রাভেল কনসালটেন্ট
৫ বছরের অভিজ্ঞ

7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

Phone: 917-396-4140, 917-592-7828

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM -10PM *Terms & Condition may apply. See store for details.



SPECIAL FARE

Fly to Dhaka With
Emirates Via Dubai

From

New York | Chicago
Washington | Houston
Boston | Los Angeles

718-200-2655
718-406-9745

World Tours and Travel

MD. Shamsuddin, MBA CEO

37-12 75th Street, 2nd Floor, Suite # 206
Jackson Heights, NY 11372

IJ CREATIVE SOLUTIONS
Building Brilliant Brands

১ ঘন্টায় ব্যানার
বিজনেস কার্ড এবং ফ্লায়ার
SAME DAY PICKUP

এখন জ্যামাইকাতে

আপনার ব্যবসা প্রসারে আমাদের ফ্রি পরামর্শ নিন



- ডিজিটাল ব্যানার
- বিজনেস কার্ড
- পোস্টকার্ড
- ফ্লায়ার
- ক্যালেন্ডার
- ডিজিটাল প্রিন্ট অন প্লাস্টিক বোর্ড
- সাইন
- পোস্টার
- ম্যাগাজিন
- স্টিকার প্রিন্ট
- লেমিনেশন
- টি-শার্ট
- আইডি কার্ড
- মেন্যু
- রিসিট বুক
- লেটার হেড
- ইনভাইটেশন কার্ড
- রোল আপ ব্যানার
- সাইড ওয়াক সাইন
- পাসপোর্ট ফটো

WEB DESIGN
PASSPORT PHOTOS
CONSTRUCTION JOB PROPOSAL WRITTEN



আমরা বিয়ে, জন্মদিন বিজনেস পার্টি, কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠানের ফটোগ্রাফী এবং ভিডিওগ্রাফী করি

100% BEST QUALITY


929-372-7445, 845-793-4580 www.ijcreative.solutions
159-07 Hillside Ave. Jamaica, NY 11432 callijventures@gmail.com

orderkhalilsfood /

খলিল"স ক্যাটারিং

সামার শেষের বাকি দিন গুলি হয়ে উঠুক জমজমাট
খলিল'স ফুড এর নান্দনিক ক্যাটারিং সার্ভিস দিয়ে

- ২০-২০০০ মানুষের খাবার অর্ডার নিয়ে থাকি
- সর্বাধুনিক মাসের্ডিস ডেলিভারি ভ্যান
- খাবার গরম থাকে
- ১০০ ভাগ হালাল উপায়ে প্রস্তুত
- স্বাদ মাশাল্লাহ!



Khalil's Food

For order or online:
www.khalilsfood.com

Place Order:
646-763-5073
347-621-2884

PEOPLE TECH

DevOps | Scrum Master & Product Owner

(100% Scholarship for Training & Job Placement, Condition applied)

Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019

Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019

Software Testing (QA) Training & Job Placement

New York In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from October 19, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from October 22, 2019

VA In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from November 16, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from November 26, 2019

www.piit.us

GOLDEN AGE HOME CARE

Licensed Home Health Care Agency



HHA/ PCA Service

CDPAP Service

Skilled **Nursing**

Most Popular Home Health Care Agency

প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে
আপনজনকে সেবা দিয়ে
অর্থ উপার্জন করুন

MAKE MONEY BY SERVING
YOUR RELATIVES AT HOME
WITHOUT TRAINING

JACKSON HEIGHTS HEAD OFFICE
71-24 35th Avenue Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834

BROOKLYN OFFICE
509 Mcdonald Ave
Brooklyn, NY 11218
Ph: 347-781-2778
Fax: 917-396-4115

JAMAICA OFFICE
164-05 Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-674-6002
Fax: 917-396-4115



Email: info@goldenagehomecare.com
www. goldenagehomecare.com

Shah Nawaz MBA
President & CEO
Ph: 646-591-8396

শাড়ি পড়ে নতুন বার্তা দিলেন পরীমণি

বিনোদন ডেস্ক: নারী মানেই শাড়ি। পোশাকের আধুনিকায়ন হলেও বাঙালী নারীর শাশ্বত সৌন্দর্য ফুটে ওঠে কেবল শাড়িতেই। শাড়ির চিরন্তন আবেদন আজও অমলিন। বাঙালী নারী কল্পনা করলেই আমাদের চোখে ভেসে উঠে শাড়ি পরিহিতা ললনার চিত্র। আর তাইতো বাঙালী নারীদের কাছে শাড়ি খুব শখের একটি পোশাক।

বুধবার (১৩ অক্টোবর) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে শাড়ি পরা কিছু ছবি পোস্ট করেছেন চিত্রনায়িকা পরীমণি। অবশ্য ঢাকাই সিনেমার সুদর্শনা এই নায়িকাকে প্রায়ই শাড়িতে সেজে উঠতে দেখা যায়। সিনেমার পর্দায় হোক কিংবা সোশ্যাল মিডিয়ায়, পরীর রূপের দ্যুতি ছড়ায় সবখানে।

সোশ্যাল মিডিয়ায় বেশ সরব পরীমণি। প্রায়ই নিত্য-নতুন আকর্ষণীয় ছবি শেয়ার করেন তিনি। তবে শুধু ছবি নয়, মাঝে মাঝে বিভিন্ন বার্তা দেন এই অভিনেত্রী। তার যে কোনো পোস্টেই হুমড়ি খেয়ে পড়ে নেটিজেনরা।

বুধবার রাতে পোস্ট করা পরীর ছবিতে দেখা যাচ্ছে, নীল শাড়িতে সেজেছেন তিনি। হাতে কাঁচের নীল চুড়ি, স্নিগ্ধ সাজে টান টান করে খোপা বাঁধা। বাম হাতের উপরে মেহেদিতে রাঙা। হাসিমুখে ক্যামেরায় পোজ দিয়েছেন পরী। ছবি দেখে বুঝা যাচ্ছে, নিজ বাসাতেই ছবিগুলো তুলেছেন তিনি।

ক্যাপশনে পরী লিখেছেন, 'আমরা একা জন্মগ্রহণ করেছি, আমরা একা থাকি, আমরা একা মারা যাই। কেবল আমাদের ভালবাসা এবং বন্ধুত্বের মাধ্যমেই আমরা সেই মুহূর্তের জন্য মায়া তৈরি করতে পারি যে, আমরা একা নই।' এটি মূলত আমেরিকান অভিনেতা, পরিচালক, লেখক এবং প্রযোজক অরসন ওয়েলসের একটি উক্তি। পরী তার ক্যাপশনে সেটি উলেখ করে দিয়েছেন।



সম্প্রতি একের পর এক সিনেমায় চুক্তিবদ্ধ হয়েছেন পরীমণি। তার হাতে রয়েছে বেশ কিছু সিনেমার কাজ। এর মধ্যে গুণী নির্মাতা গিয়াস উদ্দিন সেলিমের 'গুনিন', টিভি পর্দার সফল নির্মাতা অরণ্য আনোয়ারের প্রথম সিনেমা 'মা', তরুণ নির্মাতা ইফতেখার শুভর নির্মাণাধীন 'মুখোশ', রাশিদ পলাশের নির্মাণাধীন 'প্রীতিলতা', চয়নিকা চৌধুরীর ওয়েব ফিল্ম 'অন্তরালে' এবং বেঙ্গল মাল্টিমিডিয়ার প্রযোজনায় সঞ্জয় সমদ্দারের 'বায়োপিক' অন্যতম।

স্টেজ শো আবার পুরোদমে শুরু হোক -কর্ণিয়া

বিনোদন ডেস্ক: চলতি প্রজন্মের আলোচিত গায়িকা জাকিয়া সুলতানা কর্ণিয়া। পাওয়ারভয়েসখ্যাত এ শিল্পী অল্প সময়ে বেশ কিছু গান উপহার দিয়েছেন, যা শ্রোতামহলে প্রশংসিত হয়েছে। এদিকে মধ্যে খানিক অসুস্থ থাকলেও এখন বেশ ভালো আছেন। এরইমধ্যে বিভিন্ন অনুষ্ঠানে অংশ নিচ্ছেন। করছেন নতুন সব গান। সব মিলিয়ে কি অবস্থা? কর্ণিয়া বলেন, ভালো আছি। ব্যস্ততার মধ্যে দিয়েই সময় কাটছে এখন। মূল ব্যস্ততা কি নিয়ে? এ গায়িকার উত্তর- এ বছর বেশ কয়েকটি গান প্রকাশ করেছি। সেগুলোর সাড়াও মিলিছে ভালো। এখন নতুন গান করছি। নিজের চ্যানেলের জন্য দুটি একক গান করলাম, প্রকাশ হবে সামনে। গান দুটির সুর ও সংগীত করেছে মার্সেল। এরইমধ্যে দূর্গাপূজা উপলক্ষেও একটি গান করলাম। 'জয় দূর্গা মায়ের জয়' শিরোনামের গানটিতে আমি, হৈমন্তী রক্ষিত ও স্বপ্নিল সজীব কণ্ঠ দিয়েছি। বেশ ভালো সাড়া পাচ্ছি গানটি থেকে। এছাড়াও ধ্রুব মিউজিক স্টেশন থেকে একটি গান আসার কথা রয়েছে সামনে। সুদীপ কুমার দীপের কথায় গানটির সুর ও সংগীত করেছেন কলকাতার অম্লান চক্রবর্তী। আশা করছি মজার এই গানটি ভালো লাগাবে সবার। বেশ কিছু স্টেজ শো করলেন সম্প্রতি। তাহলে কি স্বাভাবিক অবস্থায় ফিরছে স্টেজ? এ গায়িকা বলেন, সেটাই তো হওয়া উচিত। সব সেক্টরেই তো কাজ শুরু হয়েছে। শুধু আমরাই বঞ্চিত হয়েছি। স্টেজ আবার পুরোদমে শুরু হোক। শিল্পীরা ছন্দে ফিরুক সেটাই চাওয়া। আমি ঢাকা ও কক্সবাজারে কয়েকটি শো করেছি এরমধ্যে। বেশিরভাগই ইনডোরে হয়েছে শো। সামনেও কিছু শো রয়েছে। করোনা পরিস্থিতির বেশ উন্নতি হয়েছে এখন। আশা করবো ওপেন এয়ার কনসার্টের ও অনুমতি মিলবে শিগগিরই। কর্ণিয়া যোগ করে বলেন, গত প্রায় দুই বছরে করোনা মহামারির কারণে শিল্পীরা যে ক্ষতির মুখে পড়েছেন সেটা পুষিয়ে উঠতে সময় লাগবে। অনেক শিল্পী-মিউজিশিয়ান আর্থিক সংকটে পড়েছেন। মন থেকে চাই এই মহামারি দূর হোক সম্পূর্ণভাবে। সবাই সবার কাজের স্বাভাবিক গতিতে ফিরুক। এবার ভিন্ন প্রসঙ্গে আসি। বিয়ে করা হলো গত বছর। কেমন চলছে বিয়ে পরবর্তী সময়? কর্ণিয়া হেসে বলেন, খুব ভালো চলছে। কারণ আমার স্বামী মিউজিশিয়ান হওয়াতে দুজনে মিলে সব কিছু এখন পরিকল্পনা করছি। সামনে কি কাজ করবো, কিভাবে করবো দুজন মিলে সব ঠিক করি। এভাবেই আজীবন একসঙ্গে পথ চলতে চাই।





কন্যা সন্তানের মা হলেন শখ

বিনোদন ডেস্ক: মডেল-অভিনেত্রী আনিকা কবির শখ কন্যা সন্তানের মা হয়েছেন। ঢাকার একটি বেসরকারি হাসপাতালে তার কন্যা সন্তানের জন্ম হয়েছে। নাম রাখা হয়েছে আনাহিতা রহমান আলিফ। গত সেপ্টেম্বরে আনাহিতার জন্ম হলেও সম্প্রতি এ বিষয়ে জানিয়েছেন শখের স্বামী আতিকুর রহমান জন। বুধবার রাতে তিনি জানান, গত ২৩ সেপ্টেম্বর ইউনাইটেড হাসপাতালে আমার কন্যা সন্তানের জন্ম হয়েছে। মা-মেয়ে দু'জনই সুস্থ হয়েছে। কন্যা সন্তানের জন্য সকলের কাছে দোয়া চেয়েছেন তিনি। গাজীপুর কালিয়াকৈর উপজেলার বলিয়াদী এলাকার মিজানুর রহমান মিনহাজের ছেলে আতিকুর রহমান জনের সঙ্গে গত ২০২০ সালের ১২ মন্তব্য। বেশিরভাগেরই প্রশ্ন, কার নামে শাঁখা পলা পরেছেন নুসরাত? অনেকে আবার আবদার করেছেন স্বামী ও ছেলের সঙ্গে নুসরাতের ফ্যামিলি ফটো দেখার জন্য। সেই সঙ্গে মুসলিম ধর্মাবলম্বী হয়ে শাঁখা পলা পরে দূর্গাপুজা পালনের জন্য সমালোচনাও কম হচ্ছে না নুসরাতের।

নিখিলের সঙ্গে বিচ্ছেদ হতে না হতেই যশের সঙ্গে ঘনিষ্ঠভাবে মেলামেশা করতে দেখা যায় নুসরাতকে। তবে সন্তানের বাবার পরিচয় নিয়ে এ পর্যন্ত টুঁ শব্দ না করলেও সম্প্রতি যশের জন্মদিনে যশকে ওহাসব্যান্ড (স্বামী) বলে পরিচয় দিয়ে কেকের ছবি পোস্ট করে জানান দেন নুসরাত জাহান।

বাংলাদেশের ছবি নিয়ে ভারতে দুই উৎসব

বিনোদন ডেস্ক: শুধু বাংলাদেশের ছবি নিয়ে এ মাসেই ভারতে অনুষ্ঠিত হতে যাচ্ছে দু'টি উৎসব। ২১শে অক্টোবর থেকে আগরতলায় 'দ্বিতীয় বাংলাদেশ চলচ্চিত্র উৎসব' শুরু হচ্ছে। চলবে ২৩ অক্টোবর পর্যন্ত। এরপর ২৩ থেকে ২৮ অক্টোবর গুয়াহাটিতে 'প্রথম 'বাংলাদেশ চলচ্চিত্র উৎসব' অনুষ্ঠিত হবে। চলচ্চিত্র যাচাই-বাছাই কমিটির অন্যতম সদস্য পরিচালক সমিতির সভাপতি সোহানুর রহমান সোহান বলেন, বাংলাদেশি সিনেমা আগেও ভারতের বিভিন্ন উৎসবে প্রদর্শিত হয়েছে। যেসব সিনেমা যাচ্ছে সেগুলো প্রশংসিত ছবি। তবে বাণিজ্যিক ছবি না। ইন্ডাস্ট্রি টেকানোর জন্য বাণিজ্যিক ছবিও খুব দরকার।



এই উৎসবের মাধ্যমে দুই দেশের মধ্যে সম্পর্ক বাড়বে। আমাদের সংস্কৃতি সম্পর্কে তাদের জানার সুযোগ হচ্ছে। এ ধরনের উৎসব আয়োজনের মধ্য দিয়ে ভারতের সিনেমাপ্রেমীরা বাংলাদেশের সিনেমা দেখার সুযোগ পাচ্ছেন। আমাদের সিনেমা সম্পর্কেও ধারণা পাচ্ছেন। বাংলাদেশ সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উদ্যোগে অনুষ্ঠেয় এই উৎসবে প্রদর্শনীর জন্য প্রাথমিকভাবে বাংলাদেশের ৩৫টি চলচ্চিত্র বাছাই করা হয়েছে। এসব ছবি থেকে যাচাই-বাছাই করে আরেকটি সংক্ষিপ্ত তালিকা হবে। মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, দুই উৎসবের জন্য প্রাথমিকভাবে বাছাই করা ৩৫টি চলচ্চিত্র হলো 'হাসিনা আ ডটার'স টেল', 'ছুঁয়ে দিলে মন', 'জালালের গল্প', 'অমি ও আইসক্রিমওয়ালা', 'অনিল বাগচীর একদিন', 'যদি একদিন', 'জিরো ডিগ্রী', 'বাপজানের বায়োস্কোপ', 'আয়নাবাজি', 'কৃষ্ণপক্ষ', 'তুখোড়', 'ভুবন মাঝি', 'সত্তা', 'রাজনীতি', 'ঢাকা অ্যাটাক', 'হালদা', 'অন্তর্জ্বালা', 'আঁখি ও তার বন্ধুরা', 'গহীন বালুচর', 'পুত্র', 'পোড়ামন ২', 'দেবী', 'জান্নাত', 'ফাগুন হাওয়ায়', 'কালো মেঘের ভেলা', 'মনের মতো মানুষ পাইলাম না', 'আবার বসন্ত', 'মায়া: দ্য লাস্ট মাদার', 'গন্ডি', 'ন ডরাই', 'বিশ্বসুন্দরী', 'গোর', 'গেরিলা', 'উনপঞ্চাশ বাতাস' ও 'রূপসা নদীর বাঁকে'।

পূজার সাজে নুসরাত, শুরু হলো বিতর্ক

বিনোদন ডেস্ক: পশ্চিমবঙ্গের অভিনেত্রী ও সংসদ সদস্য নুসরাত জাহানকে নিয়ে যেনো বিতর্ক থামছেই না। এবার পূজার সাজে ছবি পোস্ট করে কটাক্ষের শিকার হয়েছেন তিনি। শাড়ি পড়ে এর আগেই ছবি শেয়ার করেছেন টালিউডের আলোচিত এই অভিনেত্রী। তবে এবারের সাজের ধরণটা ছিল ভিন্ন। গাঢ় নীল রঙের শাড়ি, সোনালি স্লিভলেস ব্লাউজ, দু হাতে মোটা সোনার বালা আর শাঁখা পলায় সেজে লেন্সবন্দি হয়েছেন নুসরাত। কিন্তু শাঁখা পলা পরলেও সিঁদুরের চিহ্নও চোখে পড়েনি তাঁর সিঁথিতে।



এই ছবি শেয়ার করতেই ধেয়ে এসেছে নেতিবাচক

এবার গানের জগতে বাপ্পি লাহিড়ীর নাতি

বিনোদন ডেস্ক: দাদু বাপ্পি লাহিড়ীর পথে হেঁটে সংগীত জগতে পা রাখল নাতি। সংগীত শিল্পীর নাতি রেগো-ব্রিএর নতুন গান মুক্তি পেয়েছে। সারেগামাপা থেকে 'বাচ্চা পার্টি' নামে একটি গান মুক্তি পেয়েছে। এই গানের মাধ্যমেই মিউজিক ইন্ডাস্ট্রিতে পথ চলা শুরু করল সে। এই মিউজিক ভিডিওতে রেগ্বের সঙ্গে অনেক খুদে শিল্পীকে দেখা গেছে। তাদের নেতৃত্বে রয়েছে রেগো। বাচ্চা পার্টি, প্রচুর এনার্জিতে ভরপুর এই গান দারুণ পছন্দ করেছে শ্রোতারা। নাতির এই গানে উচ্ছ্বসিত খোদ বাপ্পি লাহিড়ীও।



নাতি এই নতুন পথচলা সম্পর্কে সংবাদমাধ্যমকে প্রথিতযশা সংগীতশিল্পী বলেন, এত অল্প বয়সে সে মিউজিকে ক্যারিয়ার শুরু করেছে, এতে আমি দারুণ খুশি, গর্বিতও। বাচ্চা পার্টি এমন একটা গান যা ওর স্টাইল বা ব্যক্তিত্বের সঙ্গে মানানসই। সমীরকে ধন্যবাদ, ও রেগোর মধ্যে যে চমক আছে তা খুঁজে বের করেছে। তিনি আরও বলেন, সারেগামার সঙ্গে আমার বহু বছরের সম্পর্ক। ওরা যে রেগোকে এই সুযোগ দিয়েছে, তার জন্যও ধন্যবাদ। রেগো দ্রুত শিখতে পারে। আর কী কী সুযোগ ওর জন্য অপেক্ষা করছে, তা জানার অপেক্ষায় থাকব।

আসিয়ান সম্মেলনে আমন্ত্রণ পাচ্ছেন না মিয়ানমার

ঢাকা ডেস্ক, ১৭ অক্টোবর : অভ্যুত্থান ঘটিয়ে ক্ষমতা দখলকারী মিয়ানমারের সামরিক জান্তা এবার সবচেয়ে বড় ধাক্কা খাচ্ছেন। এ মাসের শেষের দিকে ব্রুনেইয়ে অনুষ্ঠেয় এসোসিয়েশন অব সাউথ ইস্ট এশিয়ান নেশন্সের (আসিয়ান) বার্ষিক সম্মেলনে এর সদস্য দেশগুলোর সব সরকার প্রধানকে আমন্ত্রণ জানানো হয়েছে। কিন্তু বাদ পড়েছেন মিয়ানমারের সামরিক জান্তা জেনারেল মিন অং হ্লাইং। ওই সম্মেলনে তার পরিবর্তে মিয়ানমারের অরাজনৈতিক প্রতিনিধিকে আমন্ত্রণ জানাতে একমত হয়েছে আসিয়ান। ১০ সদস্যের এই ব্লকের জন্য এটা এক অপ্রত্যাশিত পদক্ষেপ। ব্লকের নীতিই হলো সদস্য দেশগুলোর অভ্যন্তরীণ রাজনীতিতে হস্তক্ষেপ না করা। সেক্ষেত্রে সেনাপ্রধান থেকে সামরিক জান্তায় পরিণত হওয়া জেনারেল মিন অং হ্লাইংকে আমন্ত্রণ না জানানো একরকম অসম্মান হিসেবে দেখা হচ্ছে। আসিয়ানের এমন সিদ্ধান্তে অসন্তোষ প্রকাশ করেছে সামরিক জান্তা। জবাবে আসিয়ান বলেছে, মিয়ানমারের টালমাটাল পরিস্থিতির ইতি ঘটাতে যথেষ্ট করেনি সেনাবাহিনী। এ খবর দিয়েছে অনলাইন বিবিসি।

১লা ফেব্রুয়ারি বেসামরিক নেত্রী অং সান সুচিকে সরিয়ে দিয়ে গায়ের জোরে ক্ষমতা দখল করেন সেনাপ্রধান মিন অং হ্লাইং। এরপর আগস্টে নিজেকে প্রধানমন্ত্রী ঘোষণা দেন। ঘোষণা দেন, সেনাবাহিনীর সঙ্গে মিলিশিয়াদের লড়াই যতদিন অব্যাহত থাকবে দেশে ততদিন জরুরি অবস্থা থাকবে। আসিয়ান এক বিবৃতিতে বলেছেন, শুক্রবার আসিয়ানের পররাষ্ট্রমন্ত্রীরা জরুরি বৈঠকে বসেছিলেন। তারা এদিন ২৬ থেকে ২৮ শে অক্টোবর অনুষ্ঠেয় আসিয়ানের বার্ষিক সম্মেলনে মিয়ানমারের সামরিক সরকারের প্রতিনিধিকে আমন্ত্রণ জানানোর বিষয়ে একমত হতে পারেননি। আসিয়ান বলেছে, মিয়ানমারের সামরিক নেতারা সংলাপ ও উত্তেজনা প্রশমনের প্রতিশ্রুতি পূরণ করেননি। তাছাড়া তারা ক্ষমতাচ্যুত ও কারাবন্দি নেত্রী অং সান সুচির সঙ্গে এই গ্রুপের সদস্যদের সাক্ষাতে নিষেধাজ্ঞা দিয়েছেন।

শুক্রবারের মিটিংয়ের পর এই বিবৃতি ইস্যু করেছে ব্রুনেই। তারাই এই সম্মেলনের আয়োজক। বিবৃতিতে বলা হয়েছে, মিয়ানমার পরিস্থিতির প্রভাব পড়েছে আঞ্চলিক নিরাপত্তায়। একই সঙ্গে তা আসিয়ানের একতা, বিশ্বাসযোগ্যতা এবং কেন্দ্রীয় প্রবণতায়ও প্রভাব ফেলেছে। এপ্রিলে জেনারেল মিন অং হ্লাইংয়ের প্রতি দেশে সহিংস দমনপীড়ন বন্ধ করার আহবান জানায় আসিয়ান। দাবি জানায় রাজনৈতিক বন্দিদের মুক্তি দিতে। ব্যাংককে অবস্থানরত বিবিসির সাংবাদিক জোনাথন হেড বলছেন, এই সম্মেলনে যোগ দেবেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন ও অন্যান্য বিশ্বনেতা। সেখান থেকে মিয়ানমারের সামরিক জান্তাকে বাদ দেয়ার সিদ্ধান্ত নিশ্চয়ই মিয়ানমারের সামরিক সরকারের বিরুদ্ধে একটি কঠিন আঘাত। তবে এখনও বিরোধীদের বিরুদ্ধে সহিংসতা প্রশমিত করা বা কমিয়ে আনার কোনোও লক্ষণ দেখা যাচ্ছে না। এই সম্মেলনে মিয়ানমারের কোন পর্যায়ের প্রতিনিধিকে আমন্ত্রণ জানানো হবে, তা এখনও নিশ্চিত করেনি আসিয়ান।





সাহিত্য সাময়িকী

নিমন্ত্রণ
জাহাঙ্গীর ফিরোজ

একটা মানুষ একাই থাকে
মনের বনে একা
যখন ইচ্ছে আসতে পার
নদীর পাড়ে বসতে পার
পেছন ফিরে দেখতে পাবে
বন জুড়ে ফের কেয়া ফুলের ঘ্রাণ
শুনতে পাবে মানভাঙানো
একটি পাখির গান
দেখতে পাবে
ছড়ায় আলো পুরনো চাঁদ একা
আসলে তুমি আবার হবে দেখা ।

এখনো আমি একাই আছি
মনের বনে একা
চাইলে তুমি আসতে পার, সখা ।

এই মুহূর্তে
মাহমুদ কামাল

এই মুহূর্তে কত প্রাণ অনন্তশয়নে
এই মুহূর্তে পৃথিবীর আলো নতুন শিশুর চোখে
এই মুহূর্তে পরিশ্লেষকালীন যুগল
কিংবা অপ্রত্যক্ষ আকাশকুসুম
এই মুহূর্তে গৃহস্থজীবন কিংবা
বিবাহ বিচ্ছেদ
এই মুহূর্তে জীবনের নানা দ্যোতনায়
প্রাপ্তি কিংবা বেদনার ঢেউ
এই মুহূর্তে এবং
এই মুহূর্তে.....

কালো পাঠশালা
ফরিদ আহমদ দুলাল

কালো বালক-বালিকা যেসব ইস্কুলে পড়ে তাতে দাও তালা
ছুটি দিয়ে দাও কালোদের গ্রন্থশালা!
'অ' পড়েই ওরা অধিকার কেড়ে নিতে চায়
প্রতিপত্তি খুইয়ে কেনো শ্বেতাঙ্গের গৌরব হারায়?

একবিংশে সভ্যতার নামে কেন এ অশ্লিল রক্তপাত চলে
বিচার সভায় যারা বসে বাঁধা কেন তারা অসভ্য শৃঙ্খলে!

বন্ধন
খাতুনে জান্নাত

কলাপাতা চামরের মতো তোর আদরে জমাট
ব্যথাগুলো ঝরঝর করে ঝরে যাচ্ছে.....
তোর নাকে ফুটে উঠা হিরক ঘামবিন্দুর মতো
আলো ছড়ায় উজ্জ্বল দিনমণি
মেঘবতী ঘুম ভেঙে উড়তে শুরু করলে
ফুলের রাজ্যে প্রজাপতি বসতি গড়ে.....

হাজার বছর ধরে অনন্ত সুরে গাইছে পাতারা
মুগ্ধ ঢেউয়ের হরফ বুনছে কৈয়া বিলের লাল শাপলা.....
হে প্রেম হে অক্ষত শব্দের মঞ্জুরি
হে প্রথম অক্ষরের রঞ্জিত রাগিণী
অধর নিকুঞ্জে বাঁধো
রাশি রাশি কল্পরাগ
বয়ে চলো রাধা ও রাই বিনোদিনী
ফুলেশ্বরীর দুকূল ছাপিয়ে ভাঙছে বাঁধভাঙা অভিমান.....

বৃষ্টির স্রোতে অনাদিকালের অনুরাগ মিলেমিশে
ফলবতী হবে শস্যের আবাস.....

চুপ করে থাকা ভুলগুলো আড়মোড়া ভাঙে
প্রস্তর যুগের বোহেমিয়ান বিক্ষেপ
আর প্রাকৃত লিখনি
গুহার দেয়ালে দেয়ালে লেখা হোক স্রাফগাথা
যৌবনের অমীয় স্তুতি ।

আকাশে উড়ে বিবস্ত্র মানুষ
এইচ বি রিতা

দিবালোক ছেড়ে শহর ডুবে গেছে আঁধারে
মন ভেঙ্গে চুরচুর হচ্ছে
আকাশ, নদী, পাহাড় ফুঁপিয়ে কাঁদছে
রাত জাগা মানুষগুলো নেকড়ে কুকুরের মত
লেজ নেড়ে ঘেউ ঘেউ করছে
অথচ, ভীষণ নিশ্চিন্ত মনে কুকুড়গুলো সব; ঘুমাচ্ছে ।

পেঁজা তুলো সাদা মেঘখন্ড লালরঙা বর্ষণে
জমিন ভিজিয়ে দিচ্ছে
নদী-ডাঙা, আকাশে উড়ে বেড়াচ্ছে বিবস্ত্র মানুষ
উড়ন্ত পাখিরা সব ফাঁসিতে ঝুলছে ।

বুকের বাম পাশে তৈরী হচ্ছে ঘূর্ণাবর্ত
নেচে যাচ্ছে বুকের লাব-ডাব, ডেবে যাচ্ছে ছাটনা
চড়া দামে অক্টোপাস প্রতিস্থাপন করছে মানুষের হৃদপিন্ড
অক্সিজেন সিলিন্ডারে দূষিত সমাজ;
সফেদ চাদরে ঢাকা মানুষ দেখে খিলখিলিয়ে হাসছে ।

দিবালোক ছেড়ে শহর ডুবে গেছে আঁধারে
এখন চুরচুর করে মন ভাঙার অনুভূতি উবে গেছে
আকাশ, নদী, পাহাড় শান্ত চোখে দেখছে;
শূন্য পৃথিবী ।

চড়ুই
পারভীন শাহনাজ

উত্তরাধিকার আঙিনায় চড়ুই তুমি
অবারিত খুঁটে খাও
অঙ্কুরিত শস্যদানার অমৃত নির্যাস
চুমুকে তুলে নাও পরস্পরার সমীহ শরাব

ঘ্রাণে ও অঘ্রাণে কোমলে-কমলে মাখো
ওমের উত্তাপ!

চঞ্চল চড়ুই নিরাপদ বৃত্তবলয়ে বারংবার
আহ্লাদে ডানা ঝাপটায়

কিচিরমিচির! কিচিরমিচির প্রতিধ্বনি
চঞ্চুতে লেগে থাকে মুগ্ধতার বিভাস

যদিও চাতালে বসে গালে হাত দিয়ে
দেখে যায়
ভেজা রোদ্দুর আর খানিক তামাটে
দীর্ঘশ্বাস!





প্যাটারসন শাহজালাল-লতিফায়া ইসলামিক সেন্টারে ঈদে মিলাদুন্নাবী (সা:) অনুষ্ঠিত

নিউজার্সী: পবিত্র ঈদে মিলাদুন্নাবী (সাঃ) উপলক্ষে নিউজার্সী ষ্টেটে প্যাটারসন শাহজালাল-লতিফিয়া ইসলামিক সেন্টারের আয়োজনে গত ১৬ অক্টোবর শনিবার মাদরাসা প্রাঙ্গনে ক্বাছিদা-এ বুরদা মাহফিল অনুষ্ঠিত হয়েছে। সেন্টার পরিচালনা কমিটির সভাপতি সৈয়দ জুবায়ের আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ মুবারক মাহফিলে ক্বাছিদা-এ বুরদা পাঠ করেন মাদরাসার প্রিন্সিপাল মাওলানা মোঃ আব্দুন নুর, মসজিদ আল-ফেরদৌসের খতীব হাফেজ মাওলানা আব্দুল কুদ্দুছ মঞ্জলালী, হাফেজ মাওলানা আব্দুল ওয়াকিল, হাফেজ আলা উদ্দিন, হাফেজ সৈয়দ খুবায়েব আলী, মাওলানা আব্দুর রউপ।

মাহফিলে বিপুল সংখ্যক আশেকানে রাছুল অংশগ্রহণ করেন। তাদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন মাদরাসা কমিটির উপদেষ্টা সদস্য মনসুর আহমদ আইয়ুব, মসজিদ আল-ফেরদৌসের সভাপতি আব্দুর রউফ, সেক্রেটারী ওমর কুরুরী রাসেল, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট শাহ গিয়াস উদ্দিন, মোঃ মহসিন, সৈয়দ খালিদ আলী, সাইফুর রহমান, মাদরাসা কমিটির সদস্য বীর মুক্তিযোদ্ধা শামছুল আলম খান, মঈন উদ্দিন ভুইয়া, লুতফুর রহমান খান, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট আনোয়ার চৌধুরী পারেক, মোঃ খলিল, আব্দুল মতিন, সুফি মিয়া, আব্দুল অদুদ প্রমুখ। মিলাদ মাহফিল ও শিন্নী নৈশভোজের মধ্যদিয়ে মাহফিলের সমাপ্তি হয়। -প্রেস বিজ্ঞপ্তি।



নিউইয়র্কে রোহিঙ্গা সমস্যা নিয়ে গোলটেবিল আলোচনা

ঢাকা ডেস্কঃ ১৭ অক্টোবর : নিউইয়র্কে রোহিঙ্গা সমস্যা নিয়ে গোলটেবিল আলোচনায় বিশ্বসম্প্রদায়কে একযোগে কাজ করার আহ্বান জানিয়েছেন বক্তারা।

১৬ই অক্টোবর 'রোহিঙ্গা ইস্যু এবং বাংলাদেশে এর সামাজিক ও অর্থনৈতিক প্রভাব' শীর্ষক গোলটেবিল আলোচনা অনুষ্ঠিত হয়।

সেন্টার ফর এনআরবি'র উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে বক্তারা বিশ্বসম্প্রদায়কে বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী মিয়ানমারের নাগরিক রোহিঙ্গা গোষ্ঠীর সমস্যার স্থায়ী সমাধানে উদ্যোগ গ্রহণ করার আহ্বান জানান। বক্তারা বলেন, রোহিঙ্গা সমস্যা বাংলাদেশের সমস্যা নয়, এটি একটি মানবিক বিপর্যয় এবং মিয়ানমার কর্তৃক সৃষ্ট এই সমস্যা সমাধানের জন্য জাতিসংঘসহ বিশ্ব সম্প্রদায়ের সকলকে একযোগে কাজ করতে হবে, যাতে করে বাংলাদেশ প্রায় ১১ লক্ষ আশ্রয়গ্রহণকারী রোহিঙ্গার ভারবহনের দায় থেকে মুক্তি পেতে পারে।

অনুষ্ঠানে রোহিঙ্গা বিষয়ে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাতিসংঘ অধিবেশনে প্রদত্ত লিখিত বক্তব্য উপস্থাপন করেন আমেরিকা প্রবাসী তরুণ সারওয়ার চৌধুরী। অনুষ্ঠানে এনআরবি'র চেয়ারপারসন সেকিল চৌধুরী মূল প্রবন্ধ উপস্থাপন করেন। আলোচনায় অংশগ্রহণ করে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন নিউইয়র্ক প্রবাসী বাংলাদেশি বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ এবং পেশাজীবী সংগঠনের প্রধান ব্যক্তিবর্গ। অনুষ্ঠানে রোহিঙ্গা নিয়ে কাজ করা নিউইয়র্ক প্রবাসী বাংলাদেশী সাংবাদিক এবং লেখকরা তাদের অভিজ্ঞতা এবং এ ব্যাপারে করণীয় প্রস্তাবনা তুলে ধরেন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিশিষ্ট চিকিৎসক ড. মাসুদুল হাসান, সাংবাদিক ফজলুর রহমান, আব্দুল কাদের মিয়া ফাউন্ডেশনের সভাপতি আব্দুল কাদের মিয়া, রিমন ইসলাম, সমাজসেবী জুলকার হায়দার, ইউএস বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি লিটন আহমেদ, কাতার প্রবাসী নজরুল ইসলাম, প্রবাসী শিল্পী ইকবাল হামিদ, অধ্যাপক হোসনে আরা, শেখ আতিকুল ইসলাম, মামুনুর রশিদ খান শিপু, আমেরিকা ইসলামিক সেন্টারের সভাপতি অ্যাডভোকেট নাসিরুদ্দিন আহমেদ, ব্যবসায়ী সানওয়ার চৌধুরী, বাংলাদেশী ফ্যাশন ডিজাইনার তহুরা চৌধুরী, বাংলাদেশ আমেরিকান পুলিশ এসোসিয়েশনের সভাপতি ক্যাপ্টেন কারাম চৌধুরী, ফেডারেল রিজার্ভ ব্যাংকের কর্মকর্তা ইমতিয়াজ চৌধুরী প্রমুখ নেতৃবৃন্দ। বক্তারা বলেন, বাংলাদেশ এক কঠিন সমস্যার মুখোমুখি হয়েছে।

প্রায় ১১ লক্ষ রোহিঙ্গা নাগরিক বাংলাদেশের ৩৫টি ক্যাম্পে আশ্রয় গ্রহণ করেছে এবং এদের কারণে স্থানীয় পরিবেশ, আইন শৃঙ্খলা পরিস্থিতি, খাদ্য সংকট, কর্মসংস্থান, প্রশাসনিক ব্যয় বৃদ্ধিসহ নানামুখী সমস্যা তৈরি হয়েছে।

অনুষ্ঠানে বক্তারা আমেরিকার রাজনীতিবিদ, জনগণ এবং প্রশাসন এর কাছে এ বিষয়ে তরিৎ সিদ্ধান্ত গ্রহণ করার জন্য এবং বাংলাদেশের সাথে একযোগে রোহিঙ্গা প্রত্যাবাসনে কাজ করার জন্য আহ্বান জানান। বক্তারা, জাতিসংঘ এবং তার অঙ্গ সংগঠন এবং বৃহৎ অর্থনীতির দেশসমূহকে এই কঠিন সমস্যা মোকাবিলায় বাংলাদেশের পাশে থাকার আহ্বান জানান। গোলটেবিলের সভাপতি সেকিল চৌধুরী তার সমাপনী বক্তব্যে বিশ্বসম্প্রদায়ের পাশাপাশি বিভিন্ন দেশে ছড়িয়ে থাকা প্রবাসী বাংলাদেশীদের রোহিঙ্গা ইস্যু নিয়ে বিভিন্ন দেশের সরকার এবং জনগণের সাথে মতবিনিময় করার আহ্বান জানান। তিনি বলেন, বাংলাদেশ যে মানবিক নজির স্থাপন করেছে তার যৌক্তিক পরিসমাপ্তি ঘটানোর জন্য বিশ্ব সম্প্রদায়কে আজ বাংলাদেশের পাশে দাঁড়ানো প্রয়োজন। তিনি বলেন, বাংলাদেশ, এশিয়ার অঞ্চল এমনকি বিশ্বব্যাপী আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটার প্রয়াস রোহিঙ্গাদের মাধ্যমে বিস্তার ঘটতে পারে- এ ব্যাপারে সকলকে সজাগ থাকতে হবে। তিনি বাংলাদেশের প্রতিবেশী বন্ধু রাষ্ট্রসমূহকে আন্তরিকতার সাথে রোহিঙ্গা সমস্যা সমাধানে বাংলাদেশের পাশে থেকে যৌক্তিক সমাধান খোঁজার আহ্বান জানান।







ফুলতলী ইসলামিক সেন্টারে পবিত্র ঈদে মিলাদুন্নাবী (সঃ) ও শুকরানা মাহফিল অনুষ্ঠিত

নিউইয়র্ক: পবিত্র ঈদে মিলাদুন্নবী (সঃ) ও শুকরানা মাহফিল উপলক্ষে ফুলতলী ইসলামিক সেন্টারের নতুন ভবনে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। রোববার (১০ অক্টোবর) এই মাহফিলের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট ইসলামি চিন্তাবীদ, বাংলাদেশ আঞ্জুমানে আল ইসলাহ এর মুহতারাম কেন্দ্রীয় সভাপতি আল্লামা হুসাম উদ্দিন চৌধুরী ফুলতলী (ছোট ছাহেব কিবলাহ) এবং বিশেষ অতিথি ছিলেন উলামা সোসাইটি ইউএসএ'র সভাপতি হজরত আল্লামা জালাল সিদ্দিক, হজরত মাওলানা আবু নছর মুহাম্মদ কুতুবুজ্জামান তাফাদার ও আল্লামা সৈয়দ সাজিদুল হক। উক্ত মাহফিলে সভাপতিত্ব করেন ফুলতলী ইসলামিক সেন্টারের সভাপতি সৈয়দ মুহিতুর রহমান সোহেল। মাহফিল পরিচালনা করেন সেন্টারের সাধারণ সম্পাদক আলহাজ শরীয়ত খাঁন।



মাহফিলের শুরুতে পবিত্র কুরআন পাক থেকে তেলাওয়াত করেন আঞ্জুমানে আল ইসলাহ মিশিগান ষ্টেট কমিটির সভাপতি কারী মাওলানা শিহাব উদ্দিন খান, ইসলামিক সেন্টারের ছাত্র ফাহিম বিন মালিক, ফাহমিদ রহমান ও নাবিলা মেহজাবিন। আলোচনায় অংশ নেন ইমাম মাওলানা সাব্বির আহমদ, ইমাম মাওলানা সুন্নাতুর রহমান, ইসলামিক সেন্টারের উপদেষ্টা পরিষদের সদস্য মোতাহির হোসাইন, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট আলহাজ্ব মকদ্দস আলী, ভাইস প্রেসিডেন্ট আলহাজ্ব আতিকুল হক বেলাল, জয়েন্ট সেক্রেটারী মালিক শেখ, অফিস সেক্রেটারী আলহাজ্ব লুৎফুর রহমান রুহেল, সাংগঠনিক সম্পাদক মুহাম্মদ এ রহমান বদরুল, জনসংযোগ সম্পাদক আব্দুল কাদির লিপু, সদস্য সৈয়দ সায়েম, শাহ জামাল রহমত, মীর শফি উদ্দিন, আলমগীর প্রমুখ। মাহফিল শেষে মিলাদ পরিচালনা করেন আল ইসলাহ ইসলামিক সেন্টার মিশিগান এর খতিব হজরত মৌলানা আবু নসর মুহাম্মদ কুতুবুজ্জামান তাফাদার। দোয়ার মধ্যে দিয়ে মাহফিলের সমাপ্তি ঘটে। শেষে তাবারক বিতরণ করা হয়।

মাহফিলে উল্লেখযোগ্য ব্যক্তিবর্গের মধ্যে মাওলানা মুখলিছুর রহমান, মাওলানা শাহান শাহ ইয়াহিয়া, মাওলানা বিলাল আহমদ, এডভোকেট মাওলানা আশিক আহমেদ খান, কারী খালেদ মিয়া, কারী মাহবুবুর রহমান, ওয়ালিউর রহমান, আলহাজ্ব আব্দুল মন্নান, আব্দুল্লাহ ইসলাম, মুর্শেদ রেজা, আব্দুল খালিক, আব্দুল চৌধুরী উপস্থিত ছিলেন। -প্রেস বিজ্ঞপ্তি।

ইউরিন ইনফেকশন কারণ

(শেষের পাতার পর)

বেরিয়ে যায়। ইউরিন তথা প্রস্রাব মূলত কিডনি দিয়ে রক্তকে ছেঁকে তৈরি হয়। মানুষের দুটো কিডনি প্রতি মিনিটে ১ লিটারেরও বেশি রক্ত ছেঁকে নিচ্ছে। এই ছাঁকনের মাধ্যমে রক্তের ক্ষতিকর বর্জ্য যথা ক্রিয়েটিনিন, ইউরিক এসিড, অ্যামোনিয়া ইত্যাদি শরীর থেকে বেরিয়ে যায়। কোনো কারণে কিডনিতে ইনফেকশন হলে বা কিডনি রোগ হলে রক্তে ক্রিয়েটিনিন, ইউরিক এসিড এসব কিডনি ছাঁকতে পারে না।

ইউরিন ইনফেকশন কী?

মূত্রতন্ত্রের যেকোনো অংশ যদি জীবাণু দিয়ে সংক্রমিত হয়, তবে সেটাকে ইউরিনারি ট্র্যাক্ট ইনফেকশন বা ইউরিন ইনফেকশন বলে। এটি নারী-পুরুষ সবার হতে পারে। তবে নারীদের মধ্যে সংক্রমণের হার বেশি।

উপসর্গ:

১. প্রস্রাবের সময় মূথনালীতে জ্বালাপোড়া করবে কিংবা ব্যথা করবে।
২. গায়ে গায়ে জ্বর থাকবে। কাঁপুনি দিয়ে জ্বর আসতে পারে। কিডনিতে ইনফেকশন হলে কাঁপুনি দিয়ে জ্বর আসবে। মূত্রতন্ত্রের অন্যান্য অংশে ইনফেকশন হলে জ্বর এলেও সাধারণত কাঁপুনি হয় না।
৩. তলপেটে ব্যথা কিংবা প্রস্রাবের সময় ব্যথা হবে।
৪. প্রস্রাবের রঙ বদলে যাবে।
৫. কিছুক্ষণ পরপর প্রস্রাবের বেগ হবে এবং প্রস্রাব করার পরও মনে হবে আবার হবে।
৬. বমি বমি ভাব হবে। বমিও হতে পারে। খাওয়ার রুচি কমে যাবে। শরীর দুর্বল লাগবে।
৭. প্রস্রাবে অস্বাভাবিক দুর্গন্ধ পাওয়া যাবে।

ইনফেকশনের কারণ

ইউরিন ইনফেকশন অনেক কারণে হয়। মূল কারণ হচ্ছে মূত্রপথে ব্যাকটেরিয়ার সংক্রমণ।

প্রতিরোধ:

১. টয়লেট টিস্যু ব্যবহারে সতর্কতা হতে হবে। পানি ব্যবহারের ক্ষেত্রেও সতর্ক থাকতে হবে।
২. দিনে ৩-৪ লিটার পানি পান করতে হবে। বেশি পানি পান করলে প্রস্রাব বাড়বে। তাতে জীবাণু শরীর থেকে বেরিয়ে যাবে। ইনফেকশনের ঝুঁকি কমবে।
৩. কুসুম গরম পানিতে গোসল করলে ইনফেকশনের ঝুঁকি অনেক কমে।
৪. যাদের বারবার ইনফেকশন হয়, তারা পুকুরের পানি বা অপরিষ্কার পানিতে গোসল করা থেকে বিরত থাকবেন।
৫. বেশিক্ষণ প্রস্রাব আটকে রাখা যাবে না।
৬. ডায়াবেটিস নিয়ন্ত্রণে রাখতে হবে।
৭. প্রচুর ভিটামিন এ, ই, সি সমৃদ্ধ খাবার খেতে হবে। টক ফল, আমড়া, পেয়ারা, শসা এবং প্রচুর শাকসবজি খেতে হবে।

যেহেতু ইউরিনারি ইনফেকশন একটা ব্যাকটেরিয়া সংক্রমণজনিত রোগ, তাই এটি দেখা দিলে দ্রুত ডাক্তার দেখাতে হবে। চিকিৎসায় দেরি করলে কিডনিতেও ছড়িয়ে পড়তে পারে ইনফেকশন। -ইন্টারনেট।



ডা. সিনহা মনসুরের দাফন সম্পন্ন

(শেষের পাতার পর)

কমিউনিটির পরিচিত মুখ ডা. সিনহা আবুল মনসুর আর নেই। সম্প্রতি সিভিয়ার হার্ট অ্যাটাকের শিকার হয়ে তিনি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। নিউইয়র্কের লং আইল্যান্ডস্থ স্ট্রনিবুক হাসপাতালে চিকিৎসাধীন থাকাবস্থায় বৃহস্পতিবার (১৪ অক্টোবর) বেলা সোয়া ১২টার দিকে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। ইন্নানিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন। তার ইন্তেকালে কমিউনিটিতে শোকের ছায়া নেমে এসেছে।

উল্লেখ্য, বাংলাদেশ সোসাইটির সাবেক কর্মকর্তা, বর্তমানে আটলান্টা প্রবাসী নাজির সিনহা ও 'গ্লোবার ভয়েস' খ্যাত বিশিষ্ট টিভি টকশো ব্যক্তিত্ব ড. সিনহা এম এ সাঈদ-ও ভাই ডা. সিনহা মনসুর। খবর ইউএনএ'র।

নাজির সিনহা বার্তা সংস্থা ইউএনএ'র প্রতিনিধিকে জানান, ডা. সিনহা আবুল মনসুরের বয়স হয়েছিলো ৫৭ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী ডা. শিল্পী ফেরদৌস, ২ পুত্র সহ অসংখ্য গুনগ্রাহী রেখে যান। তারা তিন ভাই আর এক বোন ছিলেন। সর্বশেষ তিনি জ্যামাইকা হসপিটাল সেন্টারে অ্যানাস্থিসিওলজিস্ট হিসেবে কর্মরত ছিলেন। মরহুম ডা. সিনহা মনসুর-এর নামাজে জানাজা শুক্রবার (১৫ অক্টোবর) বাদ জুম্মা জামাইকা মুসলিম সেন্টারে অনুষ্ঠিত হবে। এতে অংশগ্রহন করার জন্য সকল প্রবাসী বাংলাদেশীর প্রতি তিনি অনুরোধ জানিয়েছেন। মরহুমের মরদেহ লং আইল্যান্ডস্থ ওয়াশিংটন মেমোরিয়াল মুসলিম কবর স্থানে দাফন করা হবে।

প্রায় তিন দশক ধরে যুক্তরাষ্ট্র প্রবাসী ছিলেন ডা. মনসুর আবুল সিনহা। তার দেশের বাড়ী মুন্সীগঞ্জ-বিক্রমপুর জেলার লৌহজং উপজেলার ধাইডা গ্রামে। ব্যক্তিগত জীবনে মিষ্টিভাষী, অমায়িক ব্যবহারের মানুষ পেশায় চিকিৎসক থাকলেও নেশায় ছিলেন লেখক ও পর্যটক। বাস করতেন নিউইয়র্কের লং আইল্যান্ডে। ২০১২ সালে ঢাকার দিব্য প্রকাশ থেকে প্রকাশিত হয় তার ভ্রমণ সংকলন 'সেইসব অদ্ভুত ভ্রমণ'। ২০১৩ সালে প্রকাশিত হয় প্রকাশিত হয় 'হুমায়ুন : একজন হ্যামিলনের বাঁশিওয়ালা'। চিকিৎসা বিজ্ঞান নিয়ে লেখা 'Essential Topics and Cases for Anesthesia Oral Boards' গ্রন্থটি প্রকাশিত হয় ২০১১ সালে। চিকিৎসা বিজ্ঞানে অবদানের জন্য ২০১১ সালে তার নাম স্থান পায় 'Cambridge who's who'-তে। ২০১১, ২০১২ এবং ২০১৩ সালে ছিলেন 'Leading Physicians of the world'-এর সম্মানিত তালিকায়। প্রবাসে থাকলেও বাংলাদেশের শিল্পী ও সাহিত্য আর ক্রিকেট নিয়ে তার আগ্রহ ছিলো সীমাহীন। বিশ্বের অন্যতম সেরা অল রাউন্ডার সাকিল আল হাস-কে নিয়ে তার নিউইয়র্কের বাসায় একাধিকার ঘরোয়া সমাবেশের আয়োজন করেছেন ডা. সিনহা।

ডা. সিনহা আবুল মনসুরের লেখা অন্যান্য উল্লেখযোগ্য গ্রন্থের মধ্যে রয়েছে: 'জীবন এতে ছোট কেন', 'দ্বীপ ও জনপদের গল্প', 'ঘুরে দেখা শান্তিনিকেতন কাঠমন্ডু ও দার্জিলিং', 'একজন আবু রায়হানের গল্প', 'এক মুক্তিযুদ্ধের না বলা কথা' প্রভৃতি। অতি সম্প্রতি বাংলাদেশের 'জাতির জনক' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে নিয়ে তৈরী করেছেন প্রামান্য চিত্র।

নামাজে জানাজা: এদিকে ডা. সিনহা আবুল মনসুরের নামাজে জানাজা শুক্রবার বাদ জুমা অনুষ্ঠিত হয়েছে। জানাজায় বিপুল সংখ্যক মুসল্লী ও ডাক্তার সহ কমিউনিটির সর্বস্তরের মানুষ অংশ নেয়। পরে তার মরদেহ লং আইল্যান্ডস্থ ওয়াশিংটন মেমোরিয়াল করস্থানে নিয়ে সেখানকার মুসলিম কবরস্থানে দাফন করা হয়। মরহুর ডা. সিনহার জানাজায় ইমামতি করেন জেএমসি'র ইমাম ও খতিব মির্জা আবু জাফর বেগ।

জানাজা নামাজের আগে উপস্থিত মুসল্লিদের উদ্দেশ্যে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন মরহুম ডা. সিনহার বড় ভাই বাংলাদেশ সোস্মাটির সাবেক কর্মকর্তা নাজির সিনহা, জেএমসি'র প্রেসিডেন্ট ডা. সিদ্দিকুর রহমান ডিডিএস ও বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন-বিএমএ নর্থ আমেরিকার সাধারণ সম্পাদক ডা. ইউসুফ আল মামুন। এসময় মরহুমের দুই পুত্র উপস্থিত ছিলেন।



বিশ্বের সবচেয়ে বড় কোরআন শরীফ তৈরি হচ্ছে পাকিস্তানে

ঢাকা ডেস্ক, ১৭ অক্টোবর : বিশ্বের সবচেয়ে বড় আকারের পবিত্র কোরআন শরীফ তৈরি করা হচ্ছে পাকিস্তানে। করাচি আর্ট কাউন্সিলের উদ্যোগে এই কাজ সম্পন্ন হচ্ছে। ২০১৭ সাল থেকে এ প্রকল্পে কাজ করছেন কমপক্ষে ২০০ আর্টিস্ট। তারা স্বর্ণের প্রলেপ দেয়া অ্যালুমিনিয়ামের সুতা দিয়ে অক্ষর বিন্যাস করছেন। এর তত্ত্বাবধান করছেন শহীদ রাশাম। ২০২৬ সালের মধ্যে এ কাজ শেষ হওয়ার কথা রয়েছে। পবিত্র এই কোরআন শরীফের দৈর্ঘ্য হবে ৮.৫ ফুট। আর প্রস্থ ৬.৫ ফুট।

বলা হচ্ছে এই কোরআন বিশ্বরেকর্ড করবে। কারণ এর আগে সবচেয়ে বড় মাপের কোরআন শরীফের দৈর্ঘ্য ছিল ৬.৫ ফুট। প্রস্থ ৪.৫ ফুট। এই কোরআন শরীফটি ২০১৭ সালে তৈরি করা হয়েছিল আফগানিস্তানে। বর্তমানে সেটি রাশিয়ার কাজান শহরে কুল শরীফ মসজিদে রাখা আছে। সেই হিসেবে পাকিস্তানে তৈরি এই কোরআন শরীফের আকার অনেক বড় হবে।

শহীদ রাশামের মতে, ইসলামের কমপক্ষে ১৪০০ বছরের ইতিহাসে তারাই প্রথম অ্যালুমিনিয়াম দিয়ে পবিত্র কোরআনের অক্ষর বিন্যাস করছেন। এর আগে পবিত্র কোরআনে কাঠ, কাগজ, পশুর চামড়া এবং কাপড়ে ক্যালিগ্রাফি করা হয়েছে। তাতে ক্লাসিক আর্ট প্রদর্শন করা হয়েছে। কিন্তু রাশাম বলেন, এই প্রকল্পটি আমার সারাজীবনের গুরুত্বপূর্ণ প্রকল্প। শহীদ রাশামের বয়স ৪৯



বছর। তিনি তার সহযোগীদের নিয়ে গত দুই বছরে পবিত্র কোরআনের প্রথম দুটি পৃষ্ঠার অক্ষর বিন্যাস করেছেন। আর গত কয়েক মাসে তিনি দিনে গড়ে ১০ ঘন্টা সময় দিয়েছেন এ প্রকল্পে। বলেছেন, এটি একটি চ্যালেঞ্জিং কাজের চেয়েও বেশি কিছু। এর সঙ্গে জড়িয়ে আছে পবিত্র কোরআনের নির্ভুল অক্ষর বিন্যাস। একটি ছোট্ট ভুল হলেই পুরো কাজ বানচাল হয়ে যেতে পারে। এই নভেম্বরে দুবাই এক্সপো'তে যাচ্ছেন রাশাম। সেখানে তিনি পবিত্র সুরা আর রহমানের আর্টওয়ার্কের নমুনা নিয়ে প্রথম প্রদর্শন করবেন। রাশাম বলেছেন, তিনি তুরস্ক, আরবি, ইরানি আর্ট ও ডিজাইন দেখে এই কাজে উদ্বুদ্ধ হয়ছেন। বলেছেন, আমরা আমাদের মতো করে ডিজাইন তৈরি করেছি। তার আগে তুরস্ক, আরবি এবং ইরানি ডিজাইন নিয়ে আমরা গবেষণা করেছি। তবে আমরা যেটা করছি, তার সঙ্গে ওইসব দেশের আর্টের কোনো মিশ্রণ নেই। আমরা শুধু সেখান থেকে উদ্বুদ্ধ হয়েছি।

তিনি বলেছেন, প্রথম ধাপে তারা অক্ষরগুলোকে ক্লে' বা নরম ধাতব গলনে পরিণত করেছেন। তারপর সেটা প্লাস্টার্ড করা হয়েছে। শেষ ধাপে তা সুতা বা তন্তুর রূপ দিয়ে অ্যালুমিনিয়ামে পরিণত করেছেন। এ কাজে ব্যবহার করা হয়েছে ২০০ কিলোগ্রাম স্বর্ণ, ২০০০ কিলোগ্রাম এলুমিনিয়া, এবং ৬০০ রোল ক্যানভাস। এসব ব্যবহার করে ৭৭৪৩০টি শব্দকে ৫৫০ পৃষ্ঠায় ফুটিয়ে তোলা হচ্ছে। এর সঙ্গে ব্যবহার করা হচ্ছে আরো সহায়ক অনেক কিছু।

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.



একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা • বার্থ ইনজুরি
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল • নির্মাণ কাজে দুর্ঘটনা
• ব্রেইন ইনজুরি • পিছলে পড়ে গেলে
• এলিভেটর এক্সিডেন্ট • লেড পয়জনিং
• স্কুল লায়াবিলিটি • কুকুর কামড়ালে
• খেলার মাঠে দুর্ঘটনা • ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্নী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন
Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
www.surdezperezlaw.com





জ্যাকসন হাইট্স কাজী অফিস
সম্পূর্ণ নিরিবিলি পরিবেশে নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্টার্ড কাজীর মাধ্যমে শরিয়ত সম্মতভাবে বিবাহ সম্পন্ন সহ নিউইয়র্ক সিটির 'ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়।
বিস্তারিত তথ্যের জন্য ঃ ৭১৮-৬১৮-৪০৯৩
৪১-২২ ৭৫ স্ট্রিট, ১ম তলা, এলমহার্স্ট, নিউইয়র্ক ১১৩৭৩



গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

মুসলিম কাজী অফিস
ISLAMIC MARRIAGE SOLEMNIZER (NYC/S. REGISTERED)
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো ও নিউইয়র্ক সিটির 'ল' অনুযায়ী ম্যারেজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।
মাওলানা ক্বারী মোহাম্মদ রহমতউল্লাহ মজিদী
খতিব : ম্যানহাটন ডাউনটাউন ক্যানাল স্ট্রীট জুমা মসজিদ
ইমাম : বাইতুল ইসলাম মসজিদ এন্ড কমিউনিটি সেন্টার, ব্রুকলিন
প্রফেশনাল কোর্সিজ/বাসায় গিয়ে "বিশুদ্ধ কোরআন শিক্ষা" দেওয়া হয়।
ফোনঃ 347-612-7397, 718-565-8219

এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস

একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান

একাউন্টিং

ইনকাম ট্যাক্স-ব্যক্তিগত (Individual all State) কর্পোরেশন, পার্টনারশীপ, নটফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আই.আর.এস-এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন

সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি। ইলেকট্রনিক ফাইলিং করা হয় ২০১৩

* বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেট রেজিস্ট্রেশন
* নোটারী পাবলিক রেজুমী
* দক্ষতার সাথে রেজুমী ও কভারিং লেটার প্রস্তুত করা হয়
* ট্রান্সলেশন সার্ভিসেস

SNS Authorized *IRS e file* Provider

Electronic Filling & Direct Deposite for Accurate Faster & Secure Refund

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমারদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেয়া হয়।



অফিস সময়: সপ্তাহে সাত দিন সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৮ টা।
আমাদের রয়েছে ১৮ বছরের বেশী বিধিসম্মত নির্ভূল ট্যাক্স ফাইলিং এর দক্ষতা ও অভিজ্ঞতা

EXPERIENCE COUNTS, TRUST, WE SERVE YOU BETTER

যোগাযোগ করুন: এম.এ. কাইয়ুম

৩৫-৪৬ ৩১ স্ট্রিট, এস্টোরিয়া, নিউইয়র্ক-১১১০৬

ফোন: ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স: ৭১৮-৩৬১-৬০৭১

email: snsmaq@aol.com (N এবং W ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্ট্রাকশন দুর্ঘটনা
- ভুল চিকিৎসা
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- মটর গাড়ি দুর্ঘটনা
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- লেড বিষ সম্ভীয়
- কাজের সময় দুর্ঘটনা
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- বার্থ রিলেটেড ইনজুরি
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn	Jackson Heights
20 Arlington Place (Across the Fulton St.) (Betw. Bedford & Nostrand Ave) Brooklyn, NY 11216 Tel: 718-363-0100 Fax: 718-636-0112	70-17 37th Avenue (Betw. 70 & 71st Street) East Side of BQ Express Way Jackson Heights, NY 11372 Tel: 718-363-0100 Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

উইকেন্ড মাক্তাব ও আফটার স্কুল

আল্লাহর অশেষ মেহেরবাণীতে নিউইয়র্কের সাউথ জ্যামাইকায় আপনার সন্তানের ধর্মীয় শিক্ষার জন্য আল-মানসুর কালচারাল সেন্টারে সুব্যবস্থা হয়েছে, তাই পাবলিক স্কুলগামী ৯৮ভাগ মুসলিম শিক্ষার্থীকে আফটার স্কুল ও উইকেন্ড মাক্তাবের মাধ্যমে প্রয়োজনীয় জাগতিক শিক্ষার পাশাপাশি অত্যাবশ্যকীয় ধর্মীয় শিক্ষালাভের সুযোগ করে দেয়াই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য।

ফুলটাইম হিফ্জুল কোরআন ক্লাস

ইহা একটি পূর্ণাঙ্গ সিলেবাস সম্বলিত ৫ বছরের কোর্স যেখানে কায়দা-কোরআন শিক্ষার পাশাপাশি দোয়া, আক্বীদা, আখলাক, ফিক্হ ও হাদীস এবং ইসলামিক ইতিহাস শিক্ষা দেয়া হয়।

সামার ক্লাস
সামার ভ্যাকেশনের সাথে সামঞ্জস্য রেখে সম্পূর্ণ একটি সিলেবাস।
সপ্তাহে ৪ দিন, জুলাই ০২-আগস্ট ৩০।
সকাল ১০:৩০ - দুপুর ১:৩০

বৈশিষ্ট্য সমূহঃ
- বিজ্ঞ আলেমদের তত্ত্বাবধানে পরিচালিত
- অভিজ্ঞ শিক্ষক মন্ডলী
- সিলেবাস ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
- শিক্ষাদানের ভাষা ইংরেজী
- সেমিষ্টার ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
- ছেলে মেয়েদের আলাদা সুব্যবস্থা

ভর্তি চলছে!

সম্মানিত সচেতন অভিভাবক! আপনার সন্তানের ধর্মীয় অনুভূতি জাগরণে আপনাকেই নিতে হবে সঠিক সিদ্ধান্ত, আর তা বাস্তবায়ন ও সার্বিক সহযোগিতায় আমরা দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ।

পরিচালক ঃ *শায়েখ মুফ্তি মোহাম্মদ আব্দুল্লাহ্*
প্রাক্তন ইমাম, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট কারেকশনাল সার্ভিস।

Al-Mansoor Cultural Center
Learning · Reflecting · Celebrating

ভর্তি চলছে

Tel: 718-475-0904
646-545-1943
646-545-7924
107-57 154 Streeet, Jamaica, NY 11433

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD

KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

SE CI

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক

SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGAN

সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন Apps এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই ফোন এবং এনড্রয়েড ফোনে প্লে ষ্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে এর Apps টি

- যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌছে যায় অতি দ্রুত।
- ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়। লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-505-8670	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

বৃটিশ পুলিশের ঘোষণা

এমপি ডেভিড অ্যামেজ হত্যাকান্ড সন্ত্রাসী হামলা

ঢাকা ডেস্ক, ১৭ অক্টোবর : রক্ষণশীল কনজারভেটিভ দলের এমপি স্যার ডেভিড অ্যামেজের (৬৯) হত্যাকাণ্ডকে সন্ত্রাসী হামলা বলে ঘোষণা করেছে বৃটিশ পুলিশ। গত শুক্রবার এসেক্সের লেই-অন-সি'তে তাকে কয়েক দফা ছুরিকাঘাত করে হত্যা করা হয়। মেট্রোপলিটন পুলিশ বলছে, উগ্র ইসলামপন্থিদের সঙ্গে এই হামলার যোগসূত্র আছে। ঘটনাস্থল থেকে তারা সন্দেহজনকভাবে ২৫ বছর বয়সী এক বৃটিশ যুবককে গ্রেপ্তার করেছে। এর বাইরে অন্য কাউকে এই হত্যায় তারা সন্দেহ করছে না। তবু তারা লন্ডনের দুটি এলাকায় তল্লাশি করছিল। এ খবর দিয়েছে অনলাইন বিবিসি। পুলিশ মনে করছে, হামলাকারী একাই এই হামলা চালিয়েছে।



কি কারণে সে হামলা চালিয়েছে তার রহস্য উদঘাটনে তদন্ত অব্যাহত রয়েছে। আটক যুবককে এসেক্সে নিরাপত্তা হেফাজতে নেয়া হয়েছে। তবে তার নাম, পরিচয় প্রকাশ করা হয়নি। সরকারি সূত্র বলেছে, সে একজন বৃটিশ নাগরিক। প্রাথমিক তদন্তে মনে হচ্ছে সে সোমালি বংশোদ্ভূত। স্যার ডেভিড অ্যামেজ বৃটেনের সাউথএন্ড ওয়েস্টের এমপি। তিনি বেলফেয়ার মেথোডিস্ট চার্চে একটি কনস্টিটিউয়েন্সি সার্জারিতে ব্যস্ত ছিলেন। কনস্টিটিউয়েন্সি সার্জারি হলো এমন এক ব্যবস্থা, যেখানে ভোটাররা তাদের এমপিদের সঙ্গে সাক্ষাৎ করতে পারেন এবং উদ্বেগ নিয়ে, সমস্যা নিয়ে আলোচনা করতে পারেন। সেখানেই স্থানীয় সময় দুপুর ১২টা ৫ মিনিটে তার ওপর হামলা হয়। এসেক্স পুলিশের প্রধান কনস্টেবল বি জে হ্যারিংটন বলেছেন, স্যার ডেভিড তার দায়িত্ব পালন করছিলেন। কিন্তু এরই মধ্যে তাকে দুনিয়া থেকে সরিয়ে দেয়া হয়েছে। মেট্রোপলিটন পুলিশ বলেছে, এসেক্সের পুলিশ, ইস্টার্ন রিজিয়ন স্পেশালিস্ট অপারেশন্স ইউনিটের সঙ্গে সন্ত্রাস বিরোধী কর্মকর্তারা কাজ করছেন। বলা হয়েছে, লেই-অন-সি'তে ভয়াবহ ছুরিকাঘাতে হত্যাকাণ্ডকে সন্ত্রাসী হামলা হিসেবে ঘোষণা করা হয়েছে। এ বিষয়ে কাউন্টার টেরোরিজম পুলিশিং তদন্ত করছে। প্রাথমিক তদন্তে দেখা গেছে এর সঙ্গে ইসলামপন্থি উগ্রবাদের সম্পর্ক আছে। হামলার বিষয়ে কারো কাছে কোনো তথ্য, সিসিটিভি ফুটেজ, ড্যাম ক্যাম বা ভিডিও ডোরবেল থাকলে পুলিশের সঙ্গে যোগাযোগ করতে অনুরোধ করা হয়েছে। এ ঘটনায় এমপিদের নিরাপত্তা ব্যবস্থা অবিলম্বে পর্যালোচনা করতে পুলিশ বাহিনীকে নির্দেশ দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী প্রীতি প্যাটেল। তিনি বলেন, এই কাণ্ডজ্ঞানহীন হামলা গণতন্ত্রের ওপর হামলা। এতে আমাদের দেশে নির্বাচিত জনপ্রতিনিধিদের নিরাপত্তা নিয়ে যথার্থই প্রশ্ন উঠতে পারে। প্রধানমন্ত্রী বরিস জনসন তার মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। বলেছেন, তিনি ছিলেন রাজনীতিতে একজন হৃদয়বান, চমৎকার এবং অসাধারণ ভদ্রলোক। উল্লেখ্য, স্যার ডেভিড ১৯৮৩ সাল থেকে এমপি হিসেবে নির্বাচিত হয়ে আসছিলেন। তিনি বিবাহিত। ৫ সন্তানের জনক। এর আগে ২০১৬ সালে লেবার দলের এমপি জো কক্সকে হত্যা করা হয়।
তার ৫ বছর পরে দায়িত্বে থাকা একজন এমপি হিসেবে তিনি প্রাণ হারালেন সন্ত্রাসী হামলায়।



সামরিক-বেসামরিক সম্পর্কে বিরোধের কথা অস্বীকার পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীর

ঢাকা ডেস্কঃ ১৭ অক্টোবর : ইন্টার সার্ভিসেস ইন্টেলিজেন্সের (আইএসআই) মহাপরিচালক (ডিজি) নিয়োগ নিয়ে সামরিক-বেসামরিক নেতৃত্বের মধ্যে বিরোধের কথা অস্বীকার করেছেন পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী শেখ রশিদ আহমেদ। শনিবার তিনি বলেছেন, সামরিক ও বেসামরিক নেতৃত্বের মধ্যে আন্তরিক বোঝাপড়ার মাধ্যমে এ পদে নিয়োগের বিষয়টি চূড়ান্ত হয়েছে। কে হবেন আইএসআইয়ের ডিজি, তা আগামী শুক্রবার ঘোষণা করা হবে। তবে দেশের ভিতরে সরকার ও সামরিক বাহিনীর মধ্যে বিরোধ বা সম্পর্কে ফাটলের রিপোর্ট অস্বীকার করেন তিনি। বলেন, দেশে সুন্দর পরিবেশ বিরাজ করছে। কিছু মানুষ উচ্চ মাত্রায় স্পর্শকাতর প্রতিষ্ঠান নিয়ে বিতর্ক সৃষ্টির চেষ্টা করছে। এ খবর দিয়েছে অনলাইন ডন।
স্বরাষ্ট্রমন্ত্রী এ মন্তব্য এমন এক সময়ে করলেন, যখন প্রধানমন্ত্রী ইমরান খান ও সেনাপ্রধান জেনারেল কমর জাভেদ বাজওয়া আইএসআইয়ের ডিজি নিয়োগ নিয়ে একই অবস্থানে নেই।
দৃশ্যত, সেনাবাহিনী এ ইস্যুতে যে অবস্থান নিয়েছে, তার সমালোচনা করেছেন প্রধানমন্ত্রী ইমরান খান। তাকে না জানিয়ে আইএসপিআর গত ৬ই অক্টোবর এ পদে লেফটেন্যান্ট জেনারেল নাদিম আহমেদ আনজুমের নাম ঘোষণা করে দেয়। তা নিয়ে উষ্মা প্রকাশ করেন তথ্যমন্ত্রী ফাওয়াদ চৌধুরী। তিনি বলেন, এ পদে নিয়োগ দেয়ার এক্তিয়ার প্রধানমন্ত্রী ইমরান খানের। এ নিয়োগ সংক্রান্ত ঘোষণাকে ইংরেজিতে 'ইনঅ্যাপ্রোপ্রিয়েট' বা যথাযথ নয় বলে অভিহিত করা হয়। তারপর প্রধানমন্ত্রী ইমরান খানের সঙ্গে ম্যারাথন বৈঠক করতে থাকেন সেনাপ্রধান কমর জাভেদ। বিন্দুমাত্র বোধবুদ্ধি থাকা মানুষ পর্যন্ত বুঝতে পারেন, তারা কি নিয়ে আলোচনা করেছেন। কেনই বা এই ম্যারাথন বৈঠক আকস্মিকভাবে। কারণ, আইএসপিআরের অফিসিয়াল নোটিফিকেশনকে আটকে দেন। এতে গুজব ছড়িয়ে পড়ে সামরিক ও বেসামরিক সম্পর্কে

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Really Inc.

আমাদের সেবা সমূহঃ
- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে (Loan Modification) ফ্রি সহায়তা
- ফরক্লোজারে (Foreclosure) ফ্রি সহায়তা
- আরইও (REO) বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর (Taxlien) বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের (Short Sale) বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ (Mix Use) বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

Jumbo Travel, Inc.



Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com







ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব

কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

হিলসাইডে বাংলাদেশী ডাক্তার

ডাঃ মোঃ কাওসার রশীদ

Diplomate American Board of Internal Medicine

❋ ফিজিক্যাল এক্সাম ❋ স্কুল ও কলেজের জন্য টীকা ❋ টিএসি এক্সাম ❋ হজ্ব ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা ❋ ডায়াবেটিস ❋ উচ্চ রক্তচাপ ❋ থাইরয়েড ❋ এজমা ❋ বাতের ব্যথা ❋ গ্যাষ্ট্রো ❋ যৌনরোগ এবং অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়।

আমাদের ক্লিনিকে সুলভ মূল্যে ব্লক পরীক্ষা, ইকেজি, শ্বাইরোমেট্রি, স্পেশালি, টিবি টেষ্ট, কাল ভুটা করা হয়।

We accept all major insuranPes including Medicare, Medicaid, Metro Plus, Health Plus, GHI, HIS, AETNA, OXFORD, HIP BC & BS, 1199, Union Plan এবং অন্যান্য যাদের ইন্সুরেন্স নেই তাদের জন্য প্রসকৃত মূল্যে চিকিৎসা করা হয়।

আমরা ১৮ বৎসর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের জন্য Child Health Plus ইন্সুরেন্স করতে সাহায্য করে থাকি।

সোম থেকে শুক্রবার : সকাল ১০টা থেকে বিকেল ৬টা পর্যন্ত, শনিবার : সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

168-32 Highland Ave. Jamaica, NY. F জ্রেন 169th St. (South Side)
Tel: 718-657-8325, 718-657-7300
মেডিক্যাল অফিসে আসার পূর্বে এপয়েন্টমেন্ট করে নিন।

LAW OFFICES

OF
ANDREW MOULINOS
(Licensed Attorney)

মজিবুর রহমান

লাইসেন্সপ্রাপ্ত লিগ্যাল কনসালটেন্ট

718-545-2600, 917-834-9269

*Bankruptcy, Divorce
*Major Accident Cases
*Business, Incorporation
*Investment
*Estate, Litigation
*Landlord & Tenant Commercial
*Real Estate Closing
*Trade Disputes

Trade disputes and Investments involving Bangladeshi legal matters

যোগাযোগ : মুজিবুর রহমান ৯১৭-৮৩৪-৯২৬৯

23-52 31st. Street. Astoria. NY 11105

জ্যামাইকা ও গ্রীন পয়েন্টে বাংলাদেশী ডেন্টিস্ট



আমরা মেডিকেইড, মেট্রোপ্লাস, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট, সিগ্না, এ্যাটনা, মেটলাইফ, গার্ডিয়ান, সেলিডেন্ট ও অন্যান্য Insurance এবং Union Plan গ্রহণ করে থাকি।

ডাঃ মাহফুজুল হাসান ডি.ডি.এস

DR. MAFUJUL HASAN D.D.S.

জ্যামাইকা অফিস
170-09, Hillside Ave,
Jamaica, NY-11432
Ph: 718-291-2710

গ্রীনপয়েন্ট অফিস
40-41, Green Point Ave,
Sunnyside, NY- 11104
Ph: 718-392-2858

FAMILY DENTAL



We Do
Implant & Veneers

আপনার পরিবারের সবার যাবতীয় দাঁতের চিকিৎসার জন্য এষ্টোরিয়ায় রয়েছে আমাদের ডেন্টাল অফিস। আমরা সর্বাধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করি। মেডিকেইড গ্রহণ করা হয়।

ডাঃ মোহাম্মদ নাঈম
ডাঃ ফেরদৌস হুসনে

অংড়ভরধ খড়পধারড়হ
২৮-৫৭ ঝাবরহধু ঝাবরবহ,
অংড়ভরধ, ঘঢ
ঘ রংবরহ ঢড় ৩০ অব. ঝাবরাড়হ
ওরবঃ: ৭১৮-২৬৭-০৫০০

Elmhurst Location
81-46 Baxter Ave.
Elmhurst, NY
#7 train to 82st. Station.
Tel: 718-478-1710

ARMAN CHOWDHURY, CPA

ARMAN CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

AUTHORIZED e-file PROVIDER

7 DAYS OPEN

718-475-5686



87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET

KARNAFULLY TAX SERVICES INC

কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস

We are Licensed by the IRS

CPA & Enrolled Agent

এর মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

ইনকাম ট্যাক্স

- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), /and Sole Proprietorship.
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Amended Tax Returns
- Individual Tax ID Numbers (ITIN)

AUTHORIZED IRS e-file PROVIDER

Direct Deposit

Representation taxpayers IRS & State tax audit.

একাউন্টিং

- Payroll, W-2's, Pay Checks,
- Pay subs, Sales Tax, Quaterly & Year-end filings

NEW BUSINESS SETUP

- Corporation
- Small business (S-corp)
- Partnership
- LLC/SMLLC

ইমিগ্রেশন

- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adjustment of Status

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ
CPA & Enrolled Agent

Special Price for W2 File



Member of AICPA

Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
Admitted to Practice before the IRS
IRS Certifying Acceptance Agent

NOTARY PUBLIC

IRS ENROLLED AGENT

Office Hours:
Monday - Saterday
10:00am - 8pm

Tax Preparation fee pay by Cradit card

Ph: 718-205-6040, 718-205-6010, Fax : 718-424-0313

karnafullytax@yahoo.com, www.karnafullytax.com

37-20 74th Street. 2nd Floor. Jackson Heights

হিন্দু নিরাপত্তায় ভারতকে

(প্রথম পাতার পর)

দেয়ার অঙ্গিকার করেন।

দেশের হিন্দু নাগরিকদের অধিকার এবং নিরাপত্তা রক্ষায় তার সরকারের অঙ্গীকারের কথা বহুবারই বলেছেন প্রধানমন্ত্রী হাসিনা। কিন্তু বুধবার হিন্দু নেতাদের পূজার শুভেচ্ছা বিনিময়ের সময় দেওয়া বিবৃতিতে তিনি যেভাবে সরাসরি ভারতের প্রসঙ্গ টেনেছেন তার নজির বিরল।

শেখ হাসিনা সতর্ক করেন বাংলাদেশে হিন্দুদের নিরাপত্তা নিয়ে ভারতকেও সচেতন হতে হবে। তিনি বলেন, "সেখানেও (ভারতে) এমন কিছু যেন না করা হয় যার প্রভাব আমাদের দেশে এসে পড়ে, আর আমাদের হিন্দু সম্প্রদায়ের ওপর আঘাত আসে।"

বাংলাদেশের সাবেক পররাষ্ট্র সচিব তৌহিদ হোসেন বলেন, বাংলাদেশের সরকারের উঁচু পর্যায় থেকে প্রকাশ্যে ভারতের অভ্যন্তরীণ স্পর্শকাতর কোনো বিষয় নিয়ে আপত্তি-অস্বস্তির কথা বলার নজির বিরল।

"সাধারণত এতোটা স্পষ্ট বার্তা আমরা ভারতকে দেইনা, যদিও তারা অনেক কথা বলে। এমনকি ভারতের ক্ষমতাসীন দল বিজেপির অত্যন্ত ক্ষমতাধর একজন ব্যক্তি নোংরা ভাষায় বাংলাদেশকে অপমানও করেছেন।" ২০১৯ সালে লোকসভা নির্বাচনে আগে ভারতের বর্তমান স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বাংলাদেশি অবৈধ অভিবাসীর প্রসঙ্গ টেনে তাদেরকে উইপোকার সাথে তুলনা করেছিলেন যা নিয়ে তখন বাংলাদেশে জনমনে চরম ক্ষোভ তৈরি হয়েছিল। কিন্তু সরকারের কাছ থেকে অন্তত প্রকাশ্যে তা নিয়ে ভারতের কাছে কোনো প্রতিবাদ করা হয়নি।

সেই বিবেচনায় বুধবার ভারত নিয়ে শেখ হাসিনার বক্তব্য ছিল বিরল একটি ব্যতিক্রম। কী বার্তা দিতে চেয়েছেন তিনি ভারতকে?

"বার্তা স্পষ্ট। ভারতে সাম্প্রদায়িক ঘটনায় বাংলাদেশে প্রতিক্রিয়া হয় এবং ভারত যেন তা মনে রাখে এবং সেদিকে নজর দেয়, "বলেন তৌহিদ হোসেন, "এবং শেখ হাসিনার এই বক্তব্য যে সত্যি তার দু:খজনক প্রমাণ আমরা দেখেছি ১৯৯২ সালে ভারতে বাবরি মসজিদ ভাঙ্গার পর।"

নরেন্দ্র মোদীর নেতৃত্বে হিন্দু জাতীয়তাবাদী দল বিজেপি ২০১৪ সালে নির্বাচনে জিতে ক্ষমতা নেওয়ার পর থেকে ভারতের ধর্মনিরপেক্ষ চরিত্র হুমকিতে পড়েছে উদ্বেগ বাড়ছে। সংখ্যালঘু সম্প্রদায়-বিশেষ করে মুসলিমরা-দিনে দিনে কোণঠাসা হয়ে পড়ছে।

শুধু ধর্মীয় পরিচয়ের কারণে পিটিয়ে হত্যার মত বেশ কিছু ঘটনা ঘটেছে, এবং উগ্র হিন্দুত্ব-বাদীদের উদ্ধত আচরণকে রাষ্ট্রীয়ভাবে আশ্রয়-প্রশ্রয় দেয়া নিয়ে ভারতের ভেতরেই অনেক অভিযোগ উঠছে।

বাংলাদেশের মত মুসলিম সংখ্যাগরিষ্ঠ একটি দেশের সরকার হিসাবে ভারতের মত গুরুত্বপূর্ণ একটি প্রতিবেশী দেশে উগ্র সাম্প্রদায়িক রাজনীতির বিস্তার এবং বাংলাদেশে তার সম্ভাব্য প্রভাব নিয়ে আওয়ামী লীগের মধ্যে যে অস্বস্তি- উদ্বেগ তৈরি হয়েছে তা নিয়ে অনেক পর্যবেক্ষক কম-বেশি নিশ্চিত।

আওয়ামী লীগ নিজেদের ধর্মনিরপেক্ষ দল হিসাবে দেখে এবং বাংলাদেশে যাতে ধর্মভিত্তিক রাজনীতি, ধর্মীয় উগ্রবাদ ঘাঁটি গাড়তে না পারে তার জন্য তৎপর।

ভারতে নতুন নাগরিকত্ব আইন পাশের পর গত বছর অন্তত দুজন মন্ত্রীর দিল্লিতে নির্ধারিত সফর শেষ মুহূর্তে স্থগিত করা হয়। ঐ সিদ্ধান্তকে বিতর্কিত নাগরিকত্ব আইন নিয়ে বাংলাদেশের অসন্তোষের বার্তা হিসাবে দেখা হয়েছিল।

"ভারতে সাম্প্রদায়িক রাজনীতির বিস্তার নি:সন্দেহে আওয়ামী সরকারের মধ্যে অস্বস্তি তৈরি করেছে। আপনি যদি দেখেন পাশের বাড়ি ধর্মীয় কট্টরপন্থার দিকে অগ্রসর হচ্ছে তাহলে উদ্বিগ্ন হওয়া স্বাভাবিক। ভারতের ধর্মনিরপেক্ষ যে চরিত্র ছিল তা এখন খুব কমই অবশিষ্ট রয়েছে, "বলেন তৌহিদ হোসেন যিনি কূটনৈতিক দায়িত্ব পালন করতে গিয়ে নয় বছর ভারতে বসবাস করেছেন।

"বাংলাদেশের পরিস্থিতিকে আমি আদর্শ কোনো পরিস্থিতি হিসাবে মনে করিনা। সুপ্ত সাম্প্রদায়িকতা আমাদের দেশেও রয়েছে, অনেক সুযোগসন্ধানী রয়েছে। কিন্তু ভারতে এই পরিস্থিতি এখন আরো খারাপ বলে আমি মনে করি।"

মি. হোসেন বলেন বিজেপি সরকার আইন করে সাম্প্রদায়িক বিভক্তি তৈরির চেষ্টা করছে এবং তার মতে তাতে তারা অনেকটাই সফল সফল হয়েছে। "বহু বহু বছর পর ভারতে প্রকাশ্যে সাম্প্রদায়িক একটি প্লাটফর্মের ওপর ভর করে দাঁড়ানো একটি দল একক সংখ্যাগরিষ্ঠতা পেয়ে দেশ শাসন করছে। সুতরাং এটা বলা অসঙ্গত হবে না যে সেদেশের সমাজে সাম্প্রদায়িকতা অনেকটা জায়গা করে নিয়েছে।"

ভারত কি গুরুত্ব দেবে?

দিল্লিতে জওহারলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্কের অধ্যাপক এবং দক্ষিণ এশীয় রাজনীতির বিশ্লেষক ড. সঞ্জয় ভরদোয়াজ বলেন ভারতের ঘটন-াপ্রবাহ তার দেশে প্রভাব ফেলে বলে যে কথা শেখ হাসিনা বলেছেন তার সাথে তিনি একমত।

কিন্তু একইসাথে তিনি মনে করেন, ভারতীয় গণতন্ত্র দেশের সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য রক্ষাকবচ হিসাবে কাজ করবে। তিনি বলেন, "ধর্মভিত্তিক, সাম্প্রদায়িক জাত-পাত, জাতি-গোষ্ঠী কেন্দ্রিক "রাজনীতি দক্ষিণ এশিয়ায় নতুন কিছু নয়। কিন্তু, তার মতে, এমন রাজ-নীতিতেও সংখ্যালঘু নাগরিকদের অধিকার, নিরাপত্তা বিধান সম্ভব।

"বাংলাদেশেও সংখ্যাগরিষ্ঠকে তুষ্ট করতে সংবিধান সংশোধনকে করে ইসলামকে রাষ্ট্রধর্ম করা হয়েছে, কিন্তু শেখ হাসিনা সংখ্যালঘুদের অধিকার নিয়ে সচেষ্ট বলে আমি বিশ্বাস করি, "বলেন ড. ভরদোয়াজ।

তিনি বলেন, "ভারতে সমস্যা রয়েছে। অনেক সংখ্যালঘুকে হত্যা করা হয়েছে। সংখ্যাগরিষ্ঠ রাজনীতি নিয়ে বাড়াবাড়ি হচ্ছে।" কিন্তু, তার দাবী, "ভারতীয় গণতন্ত্র এখনও শক্ত, এখনও ভারত হিন্দু রাষ্ট্র নয়। এবং নরেন্দ্র মোদী ক্ষমতায় আসার পর গত সাত বছরে মুসলিমদের সামগ্রিকভাবে খুব বড় কোনো বিপদ হয়েছে বলে আমি মনে করিনা।"

বাংলাদেশের হিন্দুদের নিরাপত্তার সাথে ভারতের অভ্যন্তরীণ রাজনীতির যে যোগসূত্র শেখ হাসিনা টেনেছেন তা নিয়ে বিজেপি বা ভারত সরকারের প্রতিক্রিয়া কী হতে পারে?

ড. ভরদোয়াজ বলেন, বিজেপি সরকারের উচিৎ শেখ হাসিনার এই বার্তাকে ইতিবাচক হিসাবে গ্রহণ করা। "তিনি তার দেশে সংখ্যালঘুদের নিরাপত্তা দেওয়ার অঙ্গিকার করেছেন, এবং তিনি একই ধরণের সাড়া দেখতে চাইছেন ভারতে। কেন তিনি তা চাইছেন বিজেপির শীর্ষ নেতৃত্ব তা বুঝবেন বলে আমি মনে করি কারণ তারা রাজনীতি বোঝেন।"

শেখ হাসিনা যা বলেছেন বা যা চেয়েছেন তাকে কতটা গুরুত্ব দেবে বিজেপি?

সাবেক পররাষ্ট্র সচিব তৌহিদ হোসেন মনে করেন না বিজেপি আদৌ কোনো গুরুত্ব দেবে। "বিজেপির এজেন্ডা খুব স্পষ্ট। তারা জানে ক্ষমতায় থাকতে, ভোটে জিততে সাম্প্রদায়িক কার্ড তাদের খেলতেই হবে। ক্ষমতার আসার আগে এবং আসার পরপরই গুজরাট অর্থনৈতিক মডেল দিয়ে ভারতে অর্থনৈতিক সমৃদ্ধি আনার কথা বিজেপি বলতো তা এখন অসার। কিছুই হয়নি। আমি মনে করি সে যোগ্যতাও বিজেপির নেই। ফলে ধর্মই এখন তাদের রাজনীতির একমাত্র পথ।"

তবে ভারত নিয়ে তার বক্তব্যে দেশের ভেতর শেখ হাসিনা রাজনৈতিকভাবে কিছুটা লাভবান হবেন বলে মনে করেন তৌহিদ হোসেন।

"একটা অভিযোগ অনুযোগ জনমনে বেশ কিছুদিন ধরে দানা বাঁধছিল যে ভারত যা কিছুই করুক, বাংলাদেশ কিছু বলেনা। ভারত যা চায় তা পেলেও তারা বাংলাদেশকে কিছু দিচ্ছেনা। প্রধানমন্ত্রীর এই বক্তব্যে সেই চাপা ক্ষোভ কিছুটা হয়তো শান্ত হবে।"

ম্যানহাটানে ছুরিকাঘাতে

(প্রথম পাতার পর)

সন্ত্রাসী তার বাইকটি হাইজ্যাক করতে আসে। এসময় সে ছিনতাইকারীদের বাধা দিলে তখন তাদের মধ্যে বাকবিতন্ডা হয়। ঘটনার এক পর্যায়ে ছিনতাইকারীরা তাকে ছুরিকাঘাত করে চলে যায়। এতে সে গুরুত্ব আহত হন। পরে পুলিশ তাকে উদ্ধার করে স্থানীয় বেলভিউ হাসপাতালে নিয়ে যায়। পরে তার অবস্থার অবনতি ঘটে এবং শনিবার বেলা ১টা ৫৫ মিনিটে সালাউদ্দিন বাবলু শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বৃহত্তর নোয়াখালী সমিতি ইউএসএ'র সাধারণ সম্পাদক জাহিদ মিন্টু জানান, বছর দুই আগে সালাউদ্দিন বাবলু স্বপ্নের দেশ আমেরিকায় আসেন। আনডকুমেন্টেড বাবলু ফুড ডেলিভারীর কাজ করতেন। তার মরদেহ পরীক্ষা-নিরক্ষার জন্য পরীক্ষাগারে নেয়া হয়েছে। সোমবার (১৮ অক্টোবর) নাগাদ তার মরদেহ হস্তান্তর হতে পারে বলে জাহিদ মিন্টু আশাবাদ ব্যক্ত করে বলেন, বাবলুর মরদেহ পাওয়ার পর জানাজা শেষে দেশে প্রেরণ করা হবে।

এদিকে দুর্বৃত্তের ছুরিকাঘাতে সালাউদ্দিন বাবলু নিহত হওয়ার ঘটনায় বৃহত্তর নোয়াখালী সমিতি ইউএসএ ও সোনাইমুড়ী সোসাইটি ইউএস'র নেতৃবৃন্দ গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন।

অপরদিকে মাহামারী করোনা পরিস্থিতির পর থেকেই নিউইয়র্কে ফুড ডেলিভারীর কাজ জনপ্রিয় হয়ে উঠেছে। গাড়ী ছাড়াও বাইক (সাইকেল) ও হাঁটা পায়েও ফুড ডেলিভারী করার সুযোগ রয়েছে। ফলে অনেকেই এই পেশায় ভালো আয়-রোজগার করছেন। কিন্তু ২৪ ঘন্টা সচল নিউইয়র্কে দিনের বেলার চেয়ে রাতের বেলায় নিরাপত্তা জনিত কারণে অনেকেই নানা সমস্যার মুখোমুখী হচ্ছেন। আবার সড়ক পারাপারের সময় অনেকেই দূর্ঘটার শিকার হয়ে অকাল মৃত্যুর শিকার হচ্ছেন। সম্প্রতি এক বাংলাদেশী যুবক ম্যানহাটানে ফুড ডেলিভারী দেওয়ার সময় সড়ক দূর্ঘটনায় প্রাণ হারান।

ড্রাম-এর এক্সিকিউটিভ ডিরেক্টর কাজী ফৌজিয়া জানান, নিউইয়র্কে ৭ হাজারের মতো বাংলাদেশী ফুড ডেলিভারীর কাঝে জড়িত রয়েছেন। সালাউদ্দিন বাবলু-কে নিয়ে গত তিন মাসে তিজন বাংলাদেশী নিহতের শিকার হলো। তিনি বলেন, সিটির ফুড ডেলিভারীম্যানদের সব সময় নানান ঝুঁ-কির মধ্যে কাজ করতে হচ্ছে।

বাংলাদেশী সহ ৬ সংগঠনকে কালো তালিকাভুক্ত করেছে ফেসবুক

(প্রথম পাতার পর)

কর্তৃপক্ষ। 'ডেঞ্জারাস ইন্ডিভিজুয়ালস অ্যান্ড অর্গানাইজেশন্স' (ডিআইও)-এর আওতায় এই গোপন তালিকায় এ নামগুলো রয়েছে। এগুলো হলো- আল মু-রসালাত মিডিয়া অ্যান্ড ইসলামিক স্টেট বাংলাদেশ। ইসলামিক স্টেটের সঙ্গে সম্পর্ক রয়েছে তাদের। হরকাতুল জিহাদি ইসলামি বাংলাদেশ অ্যান্ড আনসারুল্লাহ বাংলা। আল কায়েদার সেন্ট্রাল কমান্ডের সঙ্গে এর সম্পর্ক রয়েছে। এ ছাড়া আছে জামায়াতুল মুজাহিদিন বাংলাদেশ, সাহাম আল হিন্দু মিডিয়া। এর রয়েছে জামায়াতুল মুজাহিদিন বাংলাদেশের (জেএমবি) সঙ্গে সম্পর্ক।

এ তালিকায় আছে একজন ব্যক্তির নাম। তিনি হলেন তরিকুল ইসলাম। তার কোনো পরিচয় দেয়া হয়নি। বলা হয়েছে, জেএমবির সঙ্গে তার সম্পর্ক রয়েছে।

কমপক্ষে ৪ হাজার ব্যক্তি ও গ্রুপের একটি তালিকা প্রকাশ করেছে ফেসবুক। এর মধ্যে দাতব্য সংস্থা, হাস-পাতাল, লেখক, কয়েক শত সঙ্গীতশিল্পী, রাজনীতিক এবং প্রয়াত ঐতিহাসিক ব্যক্তিদের নাম আছে। এদেরকে বিপজ্জনক হিসেবে মনে করে ফেসবুক। কয়েক বছরে ফেসবুক ব্যবহারকারীদের একটি অনিবার্য পরিস্থিতির মুখে ফেলেছে। এ সময়ে কোনো ব্যক্তি বা গ্রুপকে নিয়ে এমন পোস্ট দেয়াকে অনুৎসাহিত করা হয়েছে, যা সহিং-সতা উস্কে দেবে। বার বার আইন বিষয়ক বিজ্ঞজন এবং নাগরিক সমাজের কারণে ফেসবুক সেই অবস্থা থেকে সরে এসেছে। তবে তারা যেসব ব্যক্তি বা গ্রুপকে বিপজ্জনক মনে করছে তাদেরকে চিহ্নিত করছে।

মডার্নার বুস্টার ডোজে অ্যান্টিবডি

(প্রথম পাতার পর)

অথবা মডার্নার টিকা তাঁদের জন্য কার্যকর হতে পারে। গবেষণা বলছে, যাঁরা মডার্নার টিকার বুস্টার ডোজ নিয়েছেন, তাঁদের শরীরের অ্যান্টিবডি ফাইজার বা জনসন অ্যান্ড জনসনের টিকার বুস্টার ডোজের তুলনায় বেশি। স্থানীয় সময় বুধবার যুক্তরাষ্ট্রে পরিচালিত এক গবেষণার প্রাথমিক ফলাফলে এমন তথ্য জানা গেছে। খবর এএফপির।

ন্যাশনাল ইনস্টিটিউট অব হেলথ (এনআইএইচ) ওই গবেষণা পরিচালনায় যুক্ত। জনসন অ্যান্ড জনসনের টিকা প্রয়োগের অনুমতি এখন যুক্তরাষ্ট্রে নেই। সে ক্ষেত্রে বুস্টার ডোজ হিসেবে অন্য টিকা বা মিশ্র টিকা ব্যবহারের ফলাফল জানার অপেক্ষায় ছিল এনআইএইচ।

৪৫৮ প্রাপ্তবয়স্ক ব্যক্তির ওপর এ গবেষণা চালানো হয়। তাঁরা কমপক্ষে ১২ সপ্তাহ আগে ফাইজার, মডার্না অথবা জনসন অ্যান্ড জনসনের টিকা নিয়েছিলেন। এই তিনটি দলকে তিন ভাগে ভাগ করা হয়। তিন দলকে বুস্টার ডোজ হিসেবে ফাইজার, মডার্না অথবা জনসন অ্যান্ড জনসনের টিকা দেওয়া হয়। বুস্টার ডোজ নেওয়ার ১৫ দিন পর গবেষকেরা তাঁদের অ্যান্টিবডি পরীক্ষা করেন। গবেষণার ফলাফল গবেষকদের রীতিমতো আশাবাদী করে তোলে। দেখা গেছে, যাঁরা জনসন অ্যান্ড জনসনের টিকা নিয়েছেন, তাঁদের একই ধরনের টিকার বুস্টার ডোজ দেওয়ার পর অ্যান্টিবডি চার গুণ বেড়েছে। ফাইজারের টিকার বুস্টার ডোজ দেওয়ার পর অ্যান্টিবডি বেড়েছে ৩৫ গুণ। আর মডার্নার টিকার বুস্টার ডোজ দেওয়ার পর অ্যান্টিবডি বেড়েছে ৭৬ গুণ।

গবেষণায় আরও জানানো হয়, যাঁরা মডার্নার টিকা নিয়েছিলেন, তাঁদের অ্যান্টিবডির মাত্রা ফাইজার অথবা জনসন অ্যান্ড জনসনের টিকা নেওয়া ব্যক্তিদের তুলনায় বেশি ছিল। বুস্টার ডোজ নেওয়ার পর কারও শরীরে বড় ধরনের কোনো পার্শ্বপ্রতিক্রিয়া দেখা যায়নি বলেও গবেষণা প্রতিবেদনে জানানো হয়।

তবে গবেষণাটি এখনো পর্যালোচনা করা হয়নি। এ গবেষণায় কিছু সীমাবদ্ধতাও রয়েছে। গবেষণায় অংশগ্রহণকারীদের সংখ্যা ছিল কম। গবেষণায় ১৫ দিন ধরে অংশগ্রহণকারীদের পর্যবেক্ষণ করা হয়। কিন্তু এরপর রোগ প্রতিরোধক্ষমতাও কমতে পারে। এসব বিষয় গবেষণায় অন্তর্ভুক্ত করা হয়নি।

যুক্তরাষ্ট্রের টেক্সাস অঙ্গরাজ্যের হিউস্টনে বেলর কলেজ অব মেডিসিনের শিক্ষক পিটার হোটেজ টুইটে বলেন, সংক্ষিপ্ত পরিসরে এ গবেষণার ফলাফলের ভিত্তিতে বড় কোনো সিদ্ধান্তে না পৌঁছানোই ভালো। তিনি বলেন, এনআইএইচের গবেষণার ফলাফল নিয়ে যুক্তরাষ্ট্রের খাদ্য ও ওষুধ প্রশাসনের (এফডিএ) বিশেষজ্ঞ দল আলোচনা করেছে। আগামী বৃহস্পতি বা শুক্রবার বুস্টার ডোজের জন্য মডার্না ও জনসন অ্যান্ড জনসনের আবেদন বিবেচনা করার কথা রয়েছে।

ফাইজারের বুস্টার ডোজ টিকা এর মধ্যেই যুক্তরাষ্ট্রে অনুমোদন পেয়েছে। ৬৫ বছর বা তার বেশি বয়সী উচ্চঝুঁকিতে থাকা মানুষ এবং যাঁরা করোনাভাইরাসে সংক্রমিত ব্যক্তিদের বেশি সংস্পর্শে আসেন, তাঁদের জন্য এ টিকার বুস্টার ডোজ অনুমোদন পেয়েছে।

ভ্রমণ নিষেধাজ্ঞা তুলে নিয়েছে

(প্রথম পাতার পর)

ঠোর বিধিনিষেধ আরোপ করেছিল দেশটি। করোনা সংক্রমণ নিয়ন্ত্রণে আনতেই এমন পদক্ষেপ নেওয়া হয় তখন।

যাঁরা ১৪ দিন ব্রিটেন, ইউরোপের একাধিক দেশ, চীন, ভারত, দক্ষিণ আফ্রিকা, ইরান ও ব্রাজিলে ছিলেন, তাঁদের যুক্তরাষ্ট্রে প্রবেশে নিষেধাজ্ঞা ছিল। কিন্তু ৮ নভেম্বর থেকে পূর্ণ ডোজ করোনার টিকা গ্রহণকারীদের ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা থাকছে না। এদিকে করোনা মোকাবিলায় বিশ্বের অন্যান্য দেশের মতো যুক্তরাষ্ট্রজুড়েও টিকা কার্যক্রম অব্যাহত রয়েছে।

যুক্তরাষ্ট্রের এমন সিদ্ধান্তের মধ্য দিয়ে গত বছর নেওয়া কঠোর বিধিনিষেধ আর রইল না। হোয়াইট হাউসের আনুষ্ঠানিক ঘোষণায় বলা হয়, যুক্তরাষ্ট্রের ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (এফডিএ) বা বিশ্ব স্বাস্থ্য সংস্থার জরুরি ব্যবহারের তালিকায় যেসব টিকার অনুমোদন রয়েছে, সেসব টিকার গ্রহীতারাই এই নিয়মে যুক্তরাষ্ট্রে ভ্রমণ করতে পারবেন। জরুরি কারণে ভ্রমণের ক্ষেত্রে অ্যাস্ট্রাজেনেকা, সিনোভ্যাক ও সিনোফার্মের টিকাগ্রহীত-ারা যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে পারবেন।

এর আগে গত মঙ্গলবার কানাডা ও ম্যাক্সিকোর সঙ্গে স্থল সীমান্ত খুলে দিয়েছি যুক্তরাষ্ট্র। তবে এ ক্ষেত্রেও যুক্তরাষ্ট্রে অনুমোদিত করোনার টিকার পূর্ণ ডোজ নেওয়া থাকতে হবে ভ্রমণকারীদের। আর যাঁরা করোনার টিকা নেননি, তাঁদের ক্ষেত্রে আগের বিধিনিষেধ বহাল থাকবে।



ফেনীতে মন্দির-দোকানে হামলা, আসামি ৪০০

(প্রথম পাতার পর)

মামলা দুটি করেন।

একটি মামলায় ২০০ থেকে ২৫০ জন এবং অপর একটি মামলায় ১০০ থেকে ১৫০ অজ্ঞাতনামা ব্যক্তিকে আসামি করা হয়েছে। বিকাল পর্যন্ত কাউকে গ্রেফতার করা হয়নি। এদিকে শনিবারের ঘটনার পর আতঙ্কে আছেন ফেনী জেলার হিন্দু সম্প্রদায়ের লোকজন।

ফেনী শহরের মন্দিরগুলোতে পুলিশের পাহারা রয়েছে। বাড়ানো হয়েছে পুলিশের টহল। শহরের বড় বাজারের কালীমন্দির ও শহরতলির ফেনী-সোনাগাজী সড়কের কালীপাল গাজীগঞ্জ মহাপ্রভুর আশ্রম ও দুর্গামন্দিরে পড়ে আছে ধ্বংস চিহ্ন।

শহরের ট্রাংক রোড ও তাকিয়া রোডের মোড়ে শ্রীশ্রী কালীমন্দিরের সামনে পুলিশের পাহারা রয়েছে। ফেনীর বড় বাজারের কালীমন্দির, জগন্নাতবাড়ী মন্দির, বাঁশপাড়া মন্দিরসহ সব মন্দিরের সামনেই পুলিশের পাহারা বসানো হয়েছে।

ফেনী মডেল থানার পরিদর্শক (তদন্ত) মনির হোসেন বলেন, শনিবারের ঘটনায় করা দুই মামলায় প্রায় ৪০০ অজ্ঞাতনামা ব্যক্তিকে আসামি করা হয়েছে। এখনো কাউকে গ্রেফতার করা যায়নি। সিসি ক্যামেরার ফুটেজ দেখে আসামি চিহ্নিত করার কাজ শুরু হয়েছে।

মন্দির ভাংচুর: নোয়াখালীতে ২০০ ব্যক্তিকে আসামি করে মামলা

শুক্রবার নোয়াখালীর বেগমগঞ্জের চৌমুহনী মন্দির ভাংচুর ও ২ সনাতন ধর্মীয় ব্যক্তির মৃত্যুর ঘটনায় ১৫ জনের নাম উল্লেখ ও ১৫০-২০০ অজ্ঞাত ব্যক্তিকে আসামি করে মামলা করেছেন ইসকন মন্দিরের ভক্ত রসদিয়া দাস ওরফে দেবনাথ।

মামলার এজাহারে উল্লেখ করা হয়, তারা শান্তিপূর্ণভাবে শুক্রবার সকাল ১০টায় তাদের পূজা অর্চনা করছিলেন। এমন সময় দুই শতাধিক লোক বিভিন্ন স্লোগান দিয়ে চৌমুহনী সরকারি এসএ কলেজের উত্তর পাশের ইসকন মন্দিরে দেশীয় অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে হামলা চালায়। এ সময় পুরোহিতসহ মন্দিরভক্তরা এদিক সেদিক ছুটে পালিয়ে যাওয়ার চেষ্টাকালে যতন সাহাকে (৪২) পিটিয়ে হত্যা করে এবং আতঙ্কে পালিয়ে যাওয়ার সময় প্রান্ত সাহা মণ্ডপের পাশে পুকুরে পড়ে ডুবে যান। শনিবার তার লাশ ভেসে উঠলে পুলিশ উদ্ধার করে।

পুলিশ এ পর্যন্ত অভিযান চালিয়ে ৪৭ ব্যক্তিকে আটক করেছে। এর মধ্যে ১২-১৪ বছরের শিশুও রয়েছে বলে জানা গেছে।

নোয়াখালীর পুলিশ সুপার শহীদুল ইসলাম খবরের সত্যতা স্বীকার করে বলেন, গ্রেফতার অভিযান অব্যাহত রয়েছে। এছাড়া পুলিশ এসল্টের দুটি মামলা ও ভাংচুর করা প্রতিটি মন্দিরের জন্য ১টি করে মামলা দায়ের হবে এবং তদন্ত করে অপরাধী যেই হোক কাউকে ছাড় দেওয়া হবে না।

পীরকে ৩ কোটি টাকার গাড়ি

(প্রথম পাতার পর)

পালটা দখল নিয়ে লঙ্কাকা- ঘটে চলেছে। বাড়ি দখলে কেউ কেউ ক্ষমতাবলয়ে ঢেলেছেন মোটা অঙ্কের টাকা। কেউ আবার ছুটেছেন পিরের দরগায়। দিয়েছেন পিরের ছেলেকে প্রায় ৩ কোটি টাকা মূল্যের মার্সিডিজ বেঞ্জ গাড়ি। এতেও কাজ হয়নি। তবে নিরাশ হয়নি প্রভাবশালী মহল। পালটাপালটি মামলার শুনানি নিয়ে সব পক্ষই ছুটছে উচ্চ আদালতে।

সরেজমিন দেখা যায়, গুলশানের ৭৮ নম্বর রোডে ৬ নম্বর প্লটে পুরোনো আমলের একটি দেড়তলা বাড়ি। লেক-সংলগ্ন জমিটির আয়তন ৯ কাঠার বেশি। যার বর্তমান বাজারমূল্য অন্তত ৬০ কোটি টাকা। মূল্যবান বাড়িটি দখলে নিতে মরিয়া হয়ে ছুটছেন অনেকে। ইতোমধ্যে বৈধ মালিক দাবি করে একাধিক প্রভাবশালী ব্যক্তি দলিলদস্তাবেজ নিয়ে ঘুরছেন ঘাটে ঘাটে। নিয়োগ দেওয়া হয়েছে বাঘা বাঘা আইনজীবী। পর্দার আড়ালে থেকে কাজ করছেন ক্ষমতাধর এক লবিস্ট।

৩০ সেপ্টেম্বর সরেজমিন বাড়ির সামনে গিয়ে দেখা যায়, গেটে একটি পিতলের সাইনবোর্ড লাগানো। তাতে লেখা তিউনেশিয়ার সম্মানিত কনসাল জেনারেলের বাসভবন। লোহার পকেট গেট খোলাই ছিল। ভেতরে ঢুকে দেখা যায়, ৩/৪টি পুরোনো মডেলের গাড়ি পার্ক করে রাখা। প্রতিটি গাড়িতে ফ্ল্যাগ স্ট্যান্ড। কিছুক্ষণ ডাকাডাকির পর এগিয়ে আসেন বৃদ্ধ কেয়ারটেকার আজিজ। তিনি জানান, বাইরে সাইনবোর্ড থাকলেও এখানে কোনো রাষ্ট্রদূত থাকেন না। দূতাবাসের সাইনবোর্ড কেন লাগানো হয়েছে, তা তিনি জানেন না। দেখা যায়, আশপাশের প্লটে সুউচ্চ অত্যাধুনিক বহুতল ভবন গড়ে উঠেছে। এর মধ্যে একমাত্র দ্বিতল বাড়িটি দেখতে অনেকটাই পরিত্যক্ত সম্পত্তির মতো মনে হয়।

প্রায় ৩০ বছর বাড়িটিতে বসবাস করছেন রওনক খন্দকার নামের এক ব্যবসায়ী। তিনি বায়নাসূত্রে বাড়ির মালিকানা দাবি করছেন। কিন্তু তার মালিকানা চ্যালেঞ্জ করে আদালতে মামলা করেছেন আরেক মালিক দাবিদার সিএ খালেদ রহিম। উভয়েই বাড়ির দখল পেতে মরিয়া। মালিকানা সম্পর্কে জানতে চাইলে রওনক খন্দকার বলেন, এই বাড়ির মালিক ছিলেন ফরিদা আমিন। তার কাছ থেকে তিনি প্রথমে বাড়িটি ভাড়া নেন। একপর্যায়ে ফরিদা আমিন বাড়ি বিক্রির প্রস্তাব দিলে তিনি বায়না করেন। কিন্তু রেজিস্ট্রি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার আগেই ফরিদা আমিন মারা যান। ফলে মালিকানার দাবিতে তিনি আদালতের দ্বারস্থ হন। নিু আদালতের রায় আছে তার পক্ষে।

তথ্যানুসন্ধানে দেখা যায়, রওনক খন্দকারকে ভাড়াটিয়া উল্লেখ করে তাকে উচ্ছেদে মামলা করেছেন সিএ খালেদ রহিম। তার পক্ষে কাজ করছেন কামরুল হুদা নামের এক প্রভাবশালী লবিস্ট। প্রধানমন্ত্রীর সাবেক এক উপদেষ্টার ভাগনে পরিচয়ে তিনি রাজউকে ক্ষমতাধর হিসাবে পরিচিত। লবিস্ট কামরুল হুদা যুগান্তরের কাছে দাবি করেন, জমিসহ বাড়িটির প্রকৃত মালিক সিএ খালেদ রহিম। তার বর্ণনা মতে, ১৯৬৭ সালে তৎকালীন ঢাকা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট থেকে প্লট বরাদ্দ পান জনৈক রিনা হুমায়ন। তিনি ১৯৭০ সালে সাবেক মন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফের বোন ফরিদা আমিনের কাছে প্লটসহ বাড়িটি বিক্রি করে দেন। ফরিদা আমিনের কাছ থেকে ৯৮ সালে ক্রয়সূত্রে বাড়িটির মালিক হন খালেদ রহিম। তিনি বাড়িটি বুঝে পেতে আদালতে মামলা করেছেন। তবে বাড়ির মালিকানার বিষয়ে সরাসরি কথা বলতে রাজি হননি খালেদ রহিম। ১১ অক্টোবর বক্তব্য চেয়ে তার মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তিনি খুদেবার্তা পাঠিয়ে বলেন, আদালতে বিচারাধীন বিষয়ে তিনি কোনো বক্তব্য দিতে রাজি নন। তার আইনজীবী ব্যারিস্টার তানজিবুল আলমের বক্তব্য নেওয়ার চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি। কাওরান বাজারে তার চেম্বারে গেলে জানানো হয়, তিনি বিদেশে অবস্থান করছেন। তানজিবুল আলমের ভাই ব্যারিস্টার এরশাদুল আলম প্রতিবেদকের কাছে একটি নম্বর দিয়ে হোয়াটসঅ্যাপে যোগাযোগ করতে বলেন। কিন্তু হোয়াটসঅ্যাপ নম্বরে একাধিকবার কল করা হলেও তিনি সাড়া দেননি।

বাড়ি দেখিয়েই ৫ কোটি : আদালতের চূড়ান্ত রায় পাওয়ার আগেই খালেদ রহিমের লবিস্ট কামরুল হুদা ভিন্নপথে হাঁটেন। বিবদমান বাড়িটি বিক্রির কথা বলে তিনি বেশ কয়েকজনের কাছ থেকে কয়েক কোটি টাকা নিয়ে আর ফেরত দেননি। এর মধ্যে তেজগাঁওয়ের নিউ অটো গ্যালাক্সি গাড়ি শোরুমের মালিক নজরুল ইসলাম আলম খুইয়েছেন ৫ কোটি টাকা। ভুক্তভোগী আলম বলেন, কামরুল হুদা তার শোরুম থেকে বিএম-ডব্লিউ এবং মার্সিডিজ ব্র্যান্ডের একাধিক গাড়ি কেনেন। পূর্বপরিচয়ের সূত্রে তার কাছে গুলশানের বাড়ি বিক্রির প্রস্তাব দেন কামরুল হুদা। তিনি তার চটকদার কথার জালে আটকা পড়েন। বাড়ি কিনতে অগ্রিম হিসাবে ৫ কোটি তুলে দেন। কিন্তু দীর্ঘদিনেও রেজিস্ট্রি না পেয়ে তিনি টাকা ফেরত চান। টাকা না পেয়ে একপর্যায়ে বাধ্য হয়ে মামলা করেন। প্রতারণার মামলায় কামরুল হুদা গ্রেফতার হয়ে কারাগারে গেলেও টাকা ফেরত দেননি। ভুক্তভোগী আলম অভিযোগ করেন, কামরুল হুদা আটরশি পিরের মুরিদ। কথায় কথায় পিরের ক্ষমতার দাপট দেখান। তথ্যানুসন্ধানে জানা যায়, গুলশানের বাড়ির দখল পেতে লবিস্ট কামরুল হুদা ঘাটে ঘাটে উপঢৌকন পৌঁছে দেন। এর মধ্যে ফরিদপুরের আটরশি পিরের দরবারে দিয়েছেন বিশেষ উপঢৌকন। পিরের এক ছেলেকে দেন ২ কোটি ৯৬ লাখ টাকা মূল্যের মার্সিডিজ গাড়ি। এছাড়া বিএমডব্লিউ, জাগুয়ার এবং ল্যান্ডক্রুজার ব্র্যান্ডের কয়েকটি গাড়ি উপঢৌকন দেওয়া হয় প্রভাবশালী মহলে।

সেদিন পিরের দরগায় যা ঘটেছিল : আটরশি পিরের বড় ছেলে কথিত পিরজাদা মাহফুজুল হকের বনানীর বাড়িতে গাড়ি ডেলিভারি দিতে যান নিউ অটো গ্যালাক্সি শোরুমের গাড়িচালক মফিজুল ইসলাম। বনানী ৪ নম্বর রোডে অবস্থিত পিরের ছেলের বাড়ির সামনে যাওয়ার পর দায়িত্বরত কর্মীরা সবাইকে জুতা খুলতে বলেন। এ সময় কামরুল হুদাসহ সবাই জুতা খুলে হাতে নেন। বিশেষ ভঙ্গিতে বাড়ির ভেতরে প্রবেশ করেন সবাই। পিরের ছেলেকে সঙ্গে নিয়ে বাইরে এসে মার্সিডিজে ওঠেন কামরুল হুদা এবং মাহফুজুল হক। দুজনই গাড়ির ভেতরে বসে গাড়ির সার্বিক অবস্থা এবং বিলাসী উপকরণ পরীক্ষা করে দেখেন। এরপর তাদের কাছে গাড়ি বুঝিয়ে দেওয়া হয়।

নিউ অটো গ্যালাক্সি শোরুমের বিক্রয় রসিদ অনুযায়ী পিরজাদা মাহফুজুল হকের জন্য ২০১৫ সালের ১০ জুলাই গাড়িটি কেনা হয়। ক্রেতা হিসাবে কামরুল হুদার ব্যবসা প্রতিষ্ঠান 'ভিভিড গ্রুপ'-এর নামে বিক্রয় রসিদ কাটা হয়। পরে গাড়িটি রেজিস্ট্রেশন করা হয় পিরজাদা মাহফুজুল হকের নামে। রেজিস্ট্রেশন নম্বর ঢাকা মেট্রো ভ ১১-১৭৪০।

তবে কামরুল হুদা নামের কোনো মুরিদের কাছ থেকে গাড়ি উপঢৌকন নেওয়ার কথা অস্বীকার করেছেন মাহফুজুল হকের ব্যক্তিগত কর্মকর্তা এবং আটরশি দরবারের কর্মী বিভাগের প্রধান কবিরুল ইসলাম সিদ্দিকী। তিনি বলেন, 'মিয়া ভাইজান (মাহফুজুল হক) কামরুল হুদা নামের কোনো মুরিদের কাছ থেকে গাড়ি উপঢৌকন নিয়েছেন- এমন কথা সত্য নয়।' তবে আটরশি পিরের ছোট ছেলে ফয়সাল মুজাদ্দেদির প্রেস সেক্রেটারি শামীম হায়দার বলেন, প্রতারণা এবং শৃঙ্খলাবিরোধী কাজের জন্য মুরিদ কামরুল হুদাকে অনেক আগেই পার্টি থেকে বহিষ্কার করা হয়েছে। জাকের পার্টির কার্যালয়ে প্রবেশ তার জন্য নিষিদ্ধ।

এদিকে অনুসন্ধানে লবিস্ট কামরুল হুদার দেশ-বিদেশে অঢেল সম্পদ এবং বিলাসবহুল জীবন-যাপনের চিত্র বেরিয়ে আসে। ফরিদপুরের আটরশি দরবার শরিফের অদূরে সাড়ে সাতরশি এলাকায় বিলাসবহুল বাংলো নির্মাণ করেছেন কামরুল হুদা। ২৫ সেপ্টেম্বর সরেজমিনে সেখানে গিয়ে দেখা যায়, প্রধান সড়ক থেকে হাঁটা সরু একটি গলিপথ চলে গেছে নিচু গ্রামাঞ্চলের দিকে। কিছুদূর যেতেই সিসি ক্যামেরা লাগানো খুঁটি চোখে পড়ে। অদূরে দেখা যায় বিদেশি স্থাপত্যে নির্মিত একটি অভিজাত বাড়ি। প্রায় ৩ বিঘা জায়গার ওপর নির্মিত বাড়ির প্রবেশগেট রাজকীয়। বিশাল আকারের স্টিলের গেট। দুপাশে দুটি নিরাপত্তা কক্ষ। গেট খুলে ভেতরে ঢুকলেই দেখা যায়, বিদেশি মূল্যবান টাইলস বসানো খোলা লন। মার্বেল পাথর এবং বিদেশি কাঠ দিয়ে মোড়ানো বাড়িতে আছে হেলিপ্যাড এবং সুইমিংপুল। ৯/১২ ফুট আয়তনের আমদানি করা একেকটি মার্বেল পাথরের দামই কয়েক লাখ টাকা। অজপাড়াগাঁয়ে এমন প্রাসাদোপম বাড়ি নিয়ে স্থানীয়দের জল্পনা-কল্পনার শেষ নেই। বাড়িটি নির্মাণে অন্তত ২০ কোটি টাকা খরচ হয়েছে বলে স্থানীয়দের ধারণা। অর্থ আত্মসাৎ, তদবির বাণিজ্য এবং অঢেল বিত্তবৈভবের প্রশ্ন নিয়ে কামরুল হুদার মুখোমুখি হয় যুগান্তরের অনুসন্ধান সেল। বনানীর অফিসে বসে তিনি জানান, 'প্রতারণা করে তিনি কারও কাছ থেকে একটি টাকাও নেননি। গাড়ি ব্যবসায়ী নজরুল ইসলাম আলম বিনিয়োগ চুক্তির আওতায় তাকে ৫ কোটি টাকা দিয়েছিলেন। কিন্তু চুক্তির শর্ত ভঙ্গ করায় আইন অনুযায়ী তার টাকা ফরফিট হয়ে গেছে। তারপরও মিথ্যা অভিযোগ দিয়ে তাকে গ্রেফতার করানো হয়।' এক প্রশ্নের জবাবে তিনি জানান, 'তাকে লবিস্ট না বলে পরামর্শক বলা যুক্তিযুক্ত। কারণ জমিজমা-সংক্রান্ত কাজ তিনি ভালো বোঝেন বলে অনেকেই তার কাছে আসে। তিনি শুধু পরামর্শ দেন না, বরং বিনিয়োগও করেন। এটা তার বৈধ ব্যবসা। তবে এখন পর্যন্ত তিনি যা করেছেন, এর সবই আইনি কাঠামোর মধ্যে। তিনি কোনো ধরনের বেআইনি তৎপরতায় জড়িত নন।' তার গাড়িবাড়িসহ সব স্থাবর-অস্থাবর সম্পত্তি আয়কর ফাইলে যথাযথভাবে প্রদর্শিত। এছাড়া সাবেক উপদেষ্টা এইচটি ইমামের সঙ্গে তার ঘনিষ্ঠতা ছিল দাবি করে বলেন, 'আমি তার রক্তের সম্পর্কের কেউ নই। তবে মৃত্যুর আগ পর্যন্ত তিনি আমাকে বিশ্বাস করে গেছেন। তার ব্যক্তিগত বহু কাজে আমি নিয়োজিত ছিলাম।'

ডলারের দাম বেড়েই

(প্রথম পাতার পর)

এরপরও দাম ধরে রাখা যাচ্ছে না। খোলাবাজারে তা আরও বেশি, যা প্রতি ডলার ৮৮ টাকার বেশি।

সংশ্লিষ্টরা জানান, ডলারের মূল্য বৃদ্ধির উল্লেখযোগ্য দিক হলো, করোনার কারণে অনেক আমদানি বিল যে বিলম্বে পরিশোধের সুযোগ দেয়া হয়েছিল, এতে একসঙ্গে অনেক আমদানি বিল পরিশোধ করতে হচ্ছে।

কারাগারের যা খাচ্ছেন

(প্রথম পাতার পর)

খানের ছেলে আরিয়ান খান। মুম্বাইয়ের আর্থার রোডের কারাগারের খাবার মুখে তুলছেন না তিনি। খাচ্ছেন কারাগারের ক্যান্টিনের খাবার।

ভারতীয় সংবাদমাধ্যম নিউজএইটটিন জানিয়েছে, ছেলের জন্য কারাগারে সাড়ে চার হাজার রুপি মানি অর্ডার করেছেন বাবা বলিউড বাদশাহ শাহরুখ খান। সেই অর্থ দিয়ে পাউরুটি, ভেল, পানইয়াচি বাটলি, বড়াপাউ, ভাজি পাউ, নামকিন, সামোচা, চিকেন থালি, এগ থালি, মিনারেল ওয়াটার ও জুস কিনে খাচ্ছেন আরিয়ান।

গত ২ অক্টোবর রাতে বিলাসবহুল প্রমোদতরী থেকে আরিয়ানসহ আটজনকে আটক করে ভারতের নারকোটিক্স কন্ট্রোল ব্যুরো (এনসিবি)। কয়েক ঘণ্টা জিজ্ঞাসাবাদ করা হয় তাদের। পরে তাদের গ্রেপ্তারের পর কারাগারে পাঠানো হয়েছে। কারাগারে এখন তার পরিচয় কয়েদি নম্বর ৯৫৬।

জানা যায়, গতকাল শুক্রবার মা-বাবার সঙ্গে দশ মিনিট ভিডিও কলে কথা বলেছেন আরিয়ান। উচ্চ আদালতের নির্দেশ অনুযায়ী করোনার সময় বন্দীরা সপ্তাহে দুইবার পরিবারের সঙ্গে ভিডিও কলে কথা বলতে পারবেন। সেই হিসেবেই সুযোগটি পেয়েছেন তিনি।

হাসপাতালে থাকতে হবে খালেদা জিয়াকে

(প্রথম পাতার পর)

জ্বর এখনো নিয়ন্ত্রণে আসেনি। প্রতিদিন ওষুধ পরিবর্তন করে তার জ্বর কমানোর চেষ্টা করা হচ্ছে। বারবার জ্বর আসার কারণ খুঁজছে মেডিকেল বোর্ড। সেজন্য স্বাস্থের বেশকিছু পরীক্ষা করা হচ্ছে। রিপোর্টে দেখা গেছে, রক্তে প্রদাহের মাত্রা বেশি। চিকিৎসকের ভাষায়, ঈ-ৎবধপঃরাব ঢ়ৎড়ঃবরহ (ঈজচ)-এর লেভেল হাই। অর্থাৎ রক্তে সংক্রমণ আছে। এটিকে অ্যাবনরমাল বলে চিহ্নিত করেছেন চিকিৎসকরা।

আর রক্তের হিমোগ্লোবিনের ঘাটতি রয়েছে। যার মাত্রা ৯ গ্রামের কাছাকাছি। ডায়াবেটিসও খুব একটা নিয়ন্ত্রণে নেই। ইনসুলিনের মাত্রা ১২-১৩ এর মধ্যে উঠানামা করছে। ৮-১০ এর মধ্যের রাখার চেষ্টা করা হচ্ছে। সার্বিক দিক বিবেচনায় আরও বেশ কয়েকদিন হাসপাতালে থাকতে হবে বিএনপি চেয়ারপারসনকে।

খালেদা জিয়ার মেডিকেল বোর্ডের চিকিৎসকদের সঙ্গে কথা বলে এসব তথ্য পাওয়া গেছে। মেডিকেল বোর্ডের দুই চিকিৎসক বলেন, চিকিৎসায় খালেদা জিয়াকে আরও দশদিন এভার কেয়ার হাসপাতালে থাকতে হবে। রোববারও (আজ) বোর্ড পর্যালোচনা বৈঠক করবে। মূলত জ্বরই এখন খালেদা জিয়াকে ভোগাচ্ছে। এ কারণে তার খাবারের তেমন কোনো রুচি নেই। শরীরও দুর্বল।

উল্লেখ্য, শারীরিক পরীক্ষা-নিরীক্ষার জন্য গত মঙ্গলবার রাজধানীর এভারকেয়ার হাসপাতালে যান বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া। পরে চিকিৎসকদের পরামর্শে হাসপাতালে ভর্তি হন তিনি।

মক্কা-মদিনায় মুসলিমদের

(প্রথম পাতার পর)

যারা করোনা ভাইরাসের পূর্ণাঙ্গ ডোজ টিকা নিয়েছেন, তারাই ইসলামের সবচেয়ে পবিত্র এ দুটি স্থানে উপস্থিত হতে পারবেন।

সউদী আরবের স্বরাষ্ট্র মন্ত্রণালয় শুক্রবার বলেছে, করোনা ভাইরাস সংক্রমণের হার প্রতিদিন দ্রুত কমে আসায় বিধিনিষেধ শিথিল করা হচ্ছে ১৭ই অক্টোবর থেকে।

বিষয়টি নিয়ে সামাজিক মাধ্যমে আনন্দ ও উচ্ছ্বাস প্রকাশ করেছে অধিকাংশ নেটিজেনরা। বিশেষ করে মুসলিম ধর্মাবলম্বীরা স্বস্তির নিঃশ্বাস ফেলছে।

এই সিদ্ধান্ত নেয়ায় সউদী সরকারকে ধন্যবাদ জানিয়ে রেজাউল করিম লিখেছেন, 'মুসলমানদেরকে মক্কা ও মদিনায় যাওয়ার অনুমতি দেয়ার সউদী সরকারকে অসংখ্য মোবারকবাদ জানাচ্ছি। আবারও দলে দলে মুসলমানরা ইসলামের এই পুণ্যভূমিতে যেতে পারবে।'

আনন্দ প্রকাশ করে জাহিদুর রহমান লিখেছেন, 'অনেক দিন থেকে মক্কা-মদিনায় যাওয়ার ইচ্ছে হচ্ছে। করোনাসহ নানা জটিলতায় যেতে পারি নাই। এবার যেতে পারবো, ইনশা আল্লাহ। সেটা ভেবেই খুব আনন্দ হচ্ছে।'

শামিম ভূঁইয়া লিখেছেন, 'যাক এবার তাহলে যেতে পারবো। করোনা ভাইরাসের পূর্ণাঙ্গ ডোজও নেয়া আছে আমার।'

সাইদুর রহমান লিখেছেন, 'আলহামদুলিল্লাহ, সমার্থবান মুসলমানদের জন্য এর চেয়ে বড় আর সুখবর কি হতে পারে!' বাংলাদেশ সরকারকে উদ্দেশ্য করে মুহাম্মদ আসাদুজ্জামান লিখেছেন, 'যারা হজ্জ কিংবা ওমরাহর জন্য সউদী যেতে চায়, তাদেরকে দ্রুত সময়ের মধ্যে করোনা ভাইরাসের পূর্ণাঙ্গ ডোজ টিকা দেয়া ব্যবস্থা করুন।'

সাব্বির হোসাইনের প্রার্থনা, 'আল্লাহ তায়ালা যেন জীবনে একবার হলেও রাসুল (সা.)-এর ওই পুণ্যভূমিতে যাওয়ার তৌফিক দান করেন।'



মুসলিম বিয়ে করলেন বিল গেটসকন্যা

(প্রথম পাতার পর)

গেটসের মেয়ে জেনিফার গেটস । যুক্তরাষ্ট্রের ওয়েস্টচেস্টার কাউন্টিতে দীর্ঘদিনের প্রেমিক নায়েল নাসেরকে (৩০) বিয়ে করেন জেনিফার ।

স্থানীয় সময় ১৭ অক্টোবর শনিবার বিকেলে অনুষ্ঠিত এই রাজকীয় বিয়েতে উপস্থিত ছিলেন প্রায় তিনশ অতিথি ।

মা-বাবার সঙ্গেই বিয়ের আসরে উপস্থিত হন জেনিফার । এ সময় তার পরনে ছিল ভেরা ওয়াং এর ডিজাইন করা পোশাক ।

বিচ্ছেদের পর মেয়ের বিয়ে উপলক্ষে প্রথমবারের মতো মুখোমুখি হলেন বিল ও মেলিন্ডা ।

নর্থ সালেমের ১২৪ একরের ঘোড়ার খামারেরই বিয়ের অনুষ্ঠানিকতা হয়েছে । ঘোড়ার খামারটা অবশ্য জেনিফারের নিজের । ২০১৮ সালে স্টানফোড বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক শেষ করার ি ।

জেনিফারের বর ৩০ বছর বয়সী মিসরীয় মুসলিম যুবক নায়েল নাসের একজন পেশাদার ঘোড়দৌড়বিদ ।

ক্যালিফোর্নিয়ার স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ে পড়ার সময় জেনিফার গেটসের সঙ্গে পরিচয় হয় নায়েল নাসেরের । দুজনেরই ছিল ঘোড়দৌড়ের প্রতি ভীষণ আগ্রহ । এর এই আগ্রহের কারণেই দু'জনে আরও কাছাকাছি আসেন । একসঙ্গে বিভিন্ন ঘোড়দৌড় প্রতিযোগিতায় অংশও নেন । এভাবেই ধীরে ধীরে জেনিফারের মনে জায়গা করে নেন নাসের ।

২০১৩ সালে স্ট্যান্ডফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে স্নাতক পাশ করেন নাসের । ২০১৮ সালে জেনিফারকে হিউম্যান বায়োলজিতে সাহায্য করার জন্য ফের বিশ্ববিদ্যালয়ে ফিরে আসেন তিনি ।

যুক্তরাষ্ট্রের ইলিনয় অঙ্গরাজ্যের শিকাগো শহরে জন্ম হলেও নাসেরের শৈশব কেটেছে কুয়েতে ।

প্রায় ৬০ বছর পর ২০২০ সালের অলিম্পিকের (টোকিও) চূড়ান্ত পর্বে মিসরের জায়গা করে নেওয়ার ক্ষেত্রে নাসেরের অনন্য ভূমিকা রয়েছে । বিল গেটসের কন্যা জেনিফারও অংশ নিয়েছেন বিভিন্ন পেশাদার ঘোড়দৌড় প্রতিযোগিতায় ।

২০২০ সালের শুরুতে নিজেদের আংটি বদলের খবর দিয়েছিলেন জেনিফার । ২০১৭ সালে প্রথমবার ইনস্টাগ্রামে জেনিফারের সঙ্গে ছবি পোস্ট করেন নাসের । ফ্লোরিডাতে ভ্যালেন্টাইনস ডে উপযাপনের সেই ছবিতে একটি সুন্দর মুহূর্ত কাটাতে দেখা গেছে তাদের ।

শুধু ঘোড়দৌড়বিদই নন, নায়েল নাসেরের ক্যালিফোর্নিয়ার সান দিয়েগোতে একটি ব্যবসাও রয়েছে । বিয়ের পর জেনিফার-নাসের সেখানেই সংসার শুরু করবেন বলে এর আগে বিভিন্ন গণমাধ্যমের প্রতিবেদনে জানা গিয়েছিল ।

মেয়ের বিয়ে : বিচ্ছেদের পর আবার একসঙ্গে হাঁটলেন বিল-মেলিন্ডা

বিল ও মেলিন্ডা গেটসের কন্যা জেনিফার গেটস শনিবার নায়েল নাসারকে বিয়ে করেন । বিল ও মেলিন্ডার বিবাহবিচ্ছেদ চূড়ান্ত হওয়ার কয়েক মাস পরেই বিয়ে করলেন জেনিফার । বিশ্বের অন্যতম ধনী বিল গেটস-কন্যা তাঁর বিয়েতে দুই মিলিয়ন ডলার খরচ করেন ।

জেনিফার (২৫) নিউ ইয়র্কের ১২৪ একরের একটি ঘোড়ার খামারে বিয়ে করেন, যা বিল ২০১৮ সালে তাঁর জন্য কেনেন । বিয়ের অনুষ্ঠানের ছবিগুলো দেখলে বুঝা যায় কিভাবে একটি ১৫ দশমিক ৮২ মিলিয়ন ডলার মূল্যের ঘোড়ার খামারকে আশ্চর্যসুন্দর নক্ষত্রখচিত ওয়েডিং ভেন্যুতে পরিণত করা যায় । বিয়েতে বিল, মেলিন্ডা, তাদের অন্য দুই সন্তান রবি (২২) ও ফোবি (১৯) উপস্থিত ছিলেন । বিল এর সৎমা মিমি গার্ডনার গেটস-ও অনুষ্ঠানে যোগ দেন ।

একটি শো-জাম্পিং সার্কিটে নায়েলের সঙ্গে প্রথম দেখা হয় জেনিফারের । ২০২০ সালের জানুয়ারিতে তাঁরা এনগেজড হন ।

নিজের সোশ্যাল মিডিয়া পোস্টে নায়েল লিখেছিলেন, 'সে হ্যাঁ বলেছে! আমি এখনই বিশ্বের সবচেয়ে ভাগ্যবান (এবং সবচেয়ে সুখী) মানুষের মতো অনুভব করছি । জেন, তুমি এমন সব কিছু যা আমি সম্ভবত কল্পনা করতে পারতাম...এবং আরো অনেক কিছু । জীবন নামক এই যাত্রায় আমি একসঙ্গে বেড়ে ওঠার জন্য অপেক্ষা করতে পারি না, এবং তোমাকে ছাড়া আমি আর আমাকে কল্পনা করতে পারি না' ।

জেনিফার বর্তমানে নিউ ইয়র্কের মাউন্ট সিনাইয়ের আইকাহান স্কুল অব মেডিসিনের ছাত্র । তিনি ২০২৩ সালে স্নাতক হতে চলেছেন । তিনি স্ট্যান্ডফোর্ড বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র এবং একজন দক্ষ অশ্বারোহী । তিনি লংগাইনস গ্লোবাল চ্যাম্পিয়ন্স ট্যুর এবং গ্লোবাল চ্যাম্পিয়ন্স লিগে অংশ নিয়েছেন । ওদিকে টোকিও অলিম্পিকে মিসরের অশ্বারোহী দলের সদস্য ছিলেন নায়েল ।

বিল এবং মেলিন্ডা আগস্টে বিবাহবিচ্ছেদ চূড়ান্ত হওয়ার কয়েক মাস পরে জেনিফারকে সঙ্গে নিয়ে হাঁটেন । বিবাহিত জীবনের ২৭ বছরের মাথায় মেলিন্ডা সংসার ভাঙার সিদ্ধান্ত নেন ।

গত শুক্রবার বিবাহবিচ্ছেদের পর প্রথমবার এ দম্পতির একসঙ্গে ছবি তোলেন । তাঁরা উভয়ই বিল অ্যান্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশনের কো-চেয়ার হিসাবে তাঁদের দায়িত্ব পালন করে যাচ্ছেন ।

২২ বছর লিভ ইন, তার পরে বিয়ে;

(শেষের পাতার পর)

নিয়েও মানুষের কৌতূহলের শেষ নেই । এই জুটি দীর্ঘ ২২ বছর লিভ-ইন সম্পর্কে থাকার পর গত বছরের ১৬ জানুয়ারী মালাবদল করেন । তাদের বিয়ের খবর যখন সামনে এলো তখন দীপঙ্করের বয়স ৭৭ আর দোলনের বয়স ৫১ ।

এই দুই তারকার বিয়ে নিয়ে সোশ্যাল মিডিয়ায় আলোচনা কম হয়নি, তবে সেসব আলোচনায় কখনোই পাত্তা দেননি । সম্প্রতি এই দম্পতিকে দেখা গেল শারদীয় দুর্গোৎসবের আনন্দ নিজেদের মতো ভাগ করে নিতে । নবমীর দুপুরে দোলনকে নিয়ে শহরের পাঁচতারা হোটেলে লাঞ্চ ডেটে গিয়েছিলেন দীপঙ্কর । সেই লাঞ্চ ডেটের ফ্রেমবন্দি মুহূর্ত ফেসবুকে পোস্ট করেছেন অভিনেতা ।

ছবিতে দেখা যাচ্ছে- গোলাপি শাড়িতে একদম ঘরোয়া সাজে হাসিমুখে ক্যামেরায় পোজ দিয়েছেন দোলন । তার পাশে নীল-সাদা রঙা টি-শার্টে ফ্রেমবন্দি দীপঙ্কর দে । তবে বাঙালী নয়, চায়নিজ কুসিনে । সঙ্গে ছিল পছন্দের সুরাও । ক্যাপশন পড়ে বোঝা গেল- আইটিসি সোনার বাংলায় লাঞ্চ সেরেছেন তারা ।

উল্লেখ্য, নব্বইয়ের দশকে দুজনের প্রথম দেখা 'ছদ্মবেশী' করতে গিয়ে । দীপঙ্কর তখন প্রতিষ্ঠিত অভিনেতা, দোলন রায় নবাগতা । দুজনই অনেক শো করেছেন একসঙ্গে । এভাবেই ২৬ বছরের বড় সহশিল্পী হয়ে ওঠেন প্রেমিক । দীপঙ্কর আর দোলন যে সময়টায় শুরু করেছিলেন সে সময়ে লিভ-ইনের এতটা প্রচলন ছিল না ।

তাদের মধ্যে একদিকে যেমন বয়সের এতটা (২৬ বছর) ব্যবধান, তার সঙ্গে তাদের লিভ-ইন সম্পর্ক! নানা সমালোচনার সম্মুখীন হয়েছেন তারা । ইন্ডাস্ট্রির ভেতরেও তখন হাজারো গসিপ । কিন্তু তারা ঠিকই দুজন দুজনার হাত শক্ত করে ধরে রেখেছিলেন, সে বন্ধন আজও অটুট রেখেছেন ।

সূত্র : হিন্দুস্তান টাইমস ।

সোমা সাঈদের ফান্ড

(শেষের পাতার পর)

নভেম্বর মঙ্গলবারের নির্বাচনে তাকে ভোট দিয়ে জয়যুক্ত করার আহ্বান জানিয়েছেন । বক্তারা বলেন, একজন বাংলাদেশী-আমেরিকান হিসেবে সোমা প্রাইমারী নির্বাচনে জয়ী হয়ে ইতিহাস সৃষ্টি করেছেন । আসন্ন নির্বাচনে তাকে বিজয়ী করে এই ইতিহাসের ধারা এগিয়ে নিয়ে যেতে হবে । কেননা, বাংলাদেশী কমিউনিটি নিউইয়র্কের উদীয়মান কমিউনিটি এবং মূলধারার রাজনীতিতে বাংলাদেশীদের অবস্থান সুদৃঢ় হচ্ছে ।

বাংলাদেশী আমেরিকান কমিউনিটি ভয়েস-এর ব্যানারে জ্যামাইকার হিলসাইড এভিনিউস্থ মির্চ রেষ্টুরেন্টে শনিবার (১৬ অক্টোবর) সন্ধ্যায় এই 'ফান্ড রেইজিং মিট এন্ড গ্রীল' অনুষ্ঠানের আয়োজন করা হয় । কমিউনিটি অ্যাক্টিভিষ্ট সালেহ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই ফান্ড রেইজিং-এ আমন্ত্রিত অতিথি ছিলেন নিউইয়র্ক সিটি কাউন্সিলের কাউন্সিলম্যান পিটার কু, মূলধারার রাজনীতিক মোর্শেদ আলম ও তৈয়বুর রহমান হারুন, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটর অন্যতম উপদেষ্টা ছদরুন নূর ও অধ্যাপক শাহাদৎ হাসান ।

ফ্রেন্ডস সোসাইটির সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ারের সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন ডেমোক্র্যাট মিজান চৌধুরী । অন্যান্যের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, রাসেক মালিক, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট রেজাউল করীম চৌধুরী, এটর্নী আহসান হাবীব, ফ্রেন্ডস সোসাইটির সাবেক সভাপতি বিলাল আহমেদ চৌধুরী, সহ সভাপতি এএফ মি-সবাহউজ্জামান, সদস্য বাবুল হাওলাদার প্রমুখ ।

অনুষ্ঠানে সোমা সাঈদ উপস্থিত সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, সবাই যদি ভোট দেন অবশ্যই বিজয় নিশ্চিত । তিনি বলেন, ভোট দেওয়া ছাড়াও ডোনেশন, ভোট প্রার্থনা, ক্যাম্পেইন, ফোন কল প্রভৃতির মাধ্যমেও তার নির্বাচনে কাজ করার সুযোগ রয়েছে ।

অনুষ্ঠানে ফ্রেন্ডস সোসাইটির সাবেক সভাপতি ও রিয়েল এস্টেট ব্যবসায়ী সাইফুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক ইফজাল আহমেদ চৌধুরী, বিশিষ্ট ব্যবসায়ী জামি চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন ।

নিউইয়র্কের পথে-

(শেষের পাতার পর)

ফিরেনি? তাকে কল ব্যাক করেনি সেটা নিয়ে সে খুবই উদ্বিগ্ন । প্যাশেন্ট প্রোফাইলে গিয়ে দেখলাম তার দুটো এপয়েন্টমেন্ট ছিল, সকালে জেনারেল ফিজিশিয়ান, বিলেতে বলে এচ, আমেরিকায় বলেন প্রাইমারী কেয়ার ফিজিশিয়ান সংক্ষেপে পিসিপি । পিসিপি'র সাথে এনুয়াল চেকআপের জন্য সে না খেয়ে খালি পেটে এসেছে কারণ এনুয়াল চেকআপের সময় ব্লাড টেস্ট করতে হয় ।

এছাড়াও তার পালমোনারী ডাক্তারের সাথেও এপয়েন্টমেন্ট ছিলো । দুই ডাক্তারের এপয়েন্টমেন্ট-এর মাঝে একটা বড় গ্যাপ থাকায় ভদ্রলোককে সেই সকাল সাড়ে ১১টা থেকে আড়াইটা পর্যন্ত ক্লিনিকে থাকতে হয়েছে ।

স্বভাবতই মহিলা চিন্তিত । তো আমি তাকে বললাম, তুমি চিন্তা করো না । উনি মাত্র চেক আউট করেছেন, হয়তো এক্ষুনি তোমাকে কল ব্যাক করবেন । বলল- সে কিছু না খেয়ে গেছে বলে আমিও সকাল থেকে না খেয়ে আছি । শুনে একইসাথে ভালো, খারাপ লাগল, রাগ আর মন খারাপ হল । আমরা মেয়েরা যতটা উজাড় করে ভালোবাসি, তার জন্য সারাক্ষণ চিন্তা করা, তার জন্য অপেক্ষা করা, তার জন্য না খেয়ে থাকাটাও উপভোগ করি । ছেলেরা কি করে! দেশ বিদেশে কম মেয়ে তো দেখিনি, বেশিরভাগ মেয়ের মাঝেই ঘর বাঁধার, ঘরের মানুষের জন্য টান, মা হবার আকুলতা দেখেছি ।

আমার ধারণা বেশিরভাগ ছেলেরাই ভালোবাসতে জানে না, জানলেও সেটা প্রকাশ করে না । এরা বেশিরভাগ সময় মেয়েদের বুঝেও না, এরা উপরেরটাই দেখে । তাদের জন্য কারো বুকের ভেতর দাউদাউ করে আগুন জ্বলে উঠলে এরা সেটা নিজে না নিভিয়ে ফায়ার বিগ্রেড-কে ডাকবে । মুখে হাসি রেখেও যে মেয়েরা তাদের জন্য কান্নার নোনাজলে ভাসে সেটা তারা দেখে না বা দেখতে চায় না ।

যাইহোক, ব্যস্ত ছিলাম তাও মহিলাকে কিছুটা সময় দিলাম । কলের শুরুতে সেভাবে কথা বলছিল মনে হল হার্ট অ্যাটাক করবে । কিন্তু কথা বলার পর বুঝলাম কিছুটা স্বাভাবিক হয়ে এসেছে । বললাম, তুমি কিছু খেয়ে নাও, তুমি সুস্থ না থাকলে তার খেয়াল কে রাখবে? আরও কিছু এটা সেটা কথা বলে রেখে দিলাম । ফোন রাখার আগে সে আমাকে বলল, 'মানুষটা অসুস্থ আমি সারাক্ষণ তার চিন্তায় থাকি' আহারে মায়া আহারে প্রেম ভালোবাসা । লোকটা হয়তো জানবেই না, জানলেও বুঝবে না, অনুভব করবে না কিংবা করবে, জানি না ।

কেন যে এই মায়া ভালোলাগা ভালোবাসা তৈরী হয় । কেন!! কারো জন্য অপেক্ষা করা, তার কথায় মন খারাপ করে হৃদয়ে রক্তক্ষরণ হয় কেন! এইসব অনুভূতি যদি শরীরের একটা মাত্র অংশ হতো আমি কেটে ফেলে দিতাম । চাই না মায়া বাড়ুক, কাউকে ভালো লাগুক, চাইনা কাউকেই ভালোবাসতে ।

যাইহোক আজ সকালে নিজের সম্পর্কে একজনকে বলতে গিয়ে প্রথম যে লাইনটা মুখে এলো, 'I love to spread LOVE people around me in the world' কথাটা মন থেকেই বলেছি । আমাদের চারপাশে কত মানুষ কত্ত রকম তাদের কষ্ট, একাকীত্ব নিসংগতা কত রকম সমস্যা । পারলে একটু সময় দিন, তার কথা শুনুন, ২ মিনিট দাঁড়ান ।

জানি এই রিয়েলেস্টিক দুনিয়ায় সবাই ব্যস্ত, সবাই ছুটছে । বিশেষ করে নিউইয়র্কে । বাবারে বাবা, এরা এত ব্যস্ত, কেউ হাসে না, কেউ কারো দিকে তাকায় না, আমার ধারণা এরা ভালোবাসতেও জানে না ।

গতকাল অফিস ফেরার পথে আমার দুই বাসার আগের বাসার সামনে এক বয়স্ক মহিলা দেখলাম মন খারাপ করে দাঁড়িয়ে আছেন । চোখে চোখ পড়ল বলে হাসি দিলাম, শুভ সন্ধ্যা বললাম উনি রিপ্লাই দিলেন না । আজ দুপুরে কখন নিজের অজান্তেই ঘুমিয়ে পড়েছিলাম টের পাইনি । দুপুরে লাঞ্চ করাও হয়নি । বিকেলের চাও না । ঘুম ভেঙে যাবার পর আমার পশ্চিমের জানালা দিয়ে নিচে উকি দিয়ে মানুষ দেখছিলাম হঠাৎ দেখি উনি কিছুটা ফুটপাতের ওপর দাঁড়িয়ে আছেন । হঠাৎ করেই উপরে তাকিয়ে আমাকে দেখে হাত নাড়লেন, আমিও । ইচ্ছে করছিল নিচে নেমে উনার সাথে গল্প করি কিন্তু এতটাই ক্লান্ত লাগছিল, প্লাস কাপড় চেঞ্জ করতে হবে, সারাদিন খাওয়া হয়নি । তাই গেলাম না । ইচ্ছে আছে উনার সাথে পরের বার গল্প করব ।

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels
কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

Emirates السعودية SAUDIA الاتحاد ETIHAD

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

মেঘনা ট্রাভেলস

ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের
একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES

International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয়
ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

25th Anniversary

KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authored IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:

Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভাদাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

Afzal Hossain MD
Ashwad Afzal MD, FACP
Sanjeev Palta MD, FACC

Board certified in Internal Medicine
87-81 169th street, Jamaica NY 11432
Tel: 718-297-4300, Fax: 718-297-4302
Board certified in Cardiology

We perform tests in the office:

ECG

We treat all heart patients and have tests performed in our office by our experienced Internist and Cardiologist.

- EKG/Electrocardiogram
- Echocardiogram
- Cardiac stress test
- Vascular studies
- Allergy Test
- Nerve Test/Sudoscan
- TB/PPD testing
- Spirometry/Lung Test
- Peak flow
- Test for Heartburn







Blood test done in the office

We provide Vaccines for:

- Hepatitis A
- Hepatitis B
- Influenza
- Meningitis
- Measles
- Mumps
- Pneumococcal
- Rubella
- Tetanus/Tdap
- Varicella

- Physical Exam
- Pre-employment Exam
- Physical for school
- CDL certification
- TLC Certification
- Home Health Aid/HHA Certification

We accept most insurance and have arrangement for treating uninsured patients at low costs.

Office Hours
Mon-Thurs 10am-6pm
Friday 11:30am-6pm
Saturday 10am-3pm

Call us today at 718-297-4300

Law Office of Md Golam Mostofa, Esq.

OUR SERVICES:

- Personal Injury all kinds
- Medical Mal Practice
- Accident in Construction Work and Car Accidents
- Lead Poisoning
- Slip and Fall
- All Civil Matters
- Immigration all kinds & investments
- Real Estate, Business
- Bankruptcy
- Criminal Case
- Landlord-Tenant
- Family Matter-Divorce
- Employment Matter, Etc.





Attorny M. Mostofa, Esq.

LL.B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh, Advocate, Bangladesh Supreme Court.
LL.B Honors, UK. Barrister-At-Law, London.,
LL.M, USA. Attorney-At-Law, NY

7226 Broadway, 3rd Floor, Jackson Heights, NY 11372, Phone: 718-565-2661

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"

যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com

DEBT SOLUTIONS BANKRUPTCY

- আমরা গ্যারান্টি সহকারে আপনার কার্ড বিল কমিয়ে দিতে পারি।
- মাত্র ১২ থেকে ৩৬ মাসে আপনি সম্পূর্ণভাবে দেনামুক্ত হতে পারবেন।



BHUIYAN
917-832-7619

BT & T GROUP LLC

37-12, 75th Street, Suite #203, Jackson Heights, NY 11372
Phone: 917-832-7619 | Fax: 718-425-9293

Hillside Accounting Services Inc.

Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP

Board Certified in Internal Medicine

Address

87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

BRONX OFFICE
1268 Whiteplains Road.
Bronx,
NY 10472
718-792-6991

JACKSON HEIGHTS OFFICE
37-33 77th St. # 1,
Jackson Heights
NY 11372
718-478-6100

- স্বল্পমূল্যে চিকিৎসার ব্যবস্থা
- জীবানুমুক্ত যন্ত্রপাতি
- সর্বাধুনিক প্রযুক্তি। অভিজ্ঞ ডাক্তার
- মেডিকেইড। ইন্সুরেন্স। ইউনিয়ন - কার্ড গ্রহণ
- Visa / Master Card / American Express / Discover সহ অন্যান্য ক্রেডিট কার্ড গ্রহণ
- সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহারে Implant / Braces চিকিৎসা



আপনাদের সেবায়



DR. WALI KHAN
D.D.S.



DR. M. M. ABDUR ROB D.D.S.

কম্বাইন্ড রিজিওনাল বোর্ড কর্তৃক স্বীকৃত বাঙ্গালি ডেন্টিস্ট বাংলাদেশ আর্মির প্রাক্তন **ডেন্টাল সার্জন**

আমরা সর্বনিম্ন মূল্যে সর্বাধুনিক প্রযুক্তিতে দাঁত ও মাড়ির সব ধরনের চিকিৎসা করে থাকি।

আমরা মেডিকেইড, ইন্সুরেন্স ও ইউনিয়ন প্লান গ্রহন করি



আপনাদের সেবায় আমাদের দুটি শাখা

QUEENS DENTAL CARE
28-55, 34St, 2Floor, Astoira
(at the corner of 30 AVE. & 34St)
718-204-0672
বিকেল ৫টা থেকে রাত ৯টা, রোববার এপয়েন্টমেন্ট নিতে হবে

BRONX OFFICE
780E. Tremont Ave. Bronx
718-731-6176
সকাল ৯:৩০ থেকে বিকেল ৪:৩০, রোববার বন্ধ।



WELCOME TO
Your Medical Home

SABOOR WAIZUN MEDICAL PC
Caring For Your Health

INAMULHAQUE M SABOOR,MD
Board Certified Internal Medicine
USCIS Designated Civil Surgeon

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
FAX: (914) 500-6570
Sat, Tues and Thursday:
1:00PM- 8:00PM

JAMAICA
167-10 HIGHLAND AVE
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
FAX: (718) 558-0290
Mon, Wed & Friday:
11:00AM to 5:00PM

Office Hours
Sat, Tues and Thursday: 1:00PM- 8:00PM
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

Available on call 24 hours a day, 7 days a week 365 days a year

---

ড্রাইভিং লাইসেন্সের ১০০% গ্যারান্টি

ড্রাইভিং শিখতে ভয় পাচ্ছেন? বারবার ফেল করছেন? তাদেরকে চুক্তিতে থিয়োরি দিয়ে ও প্র্যাকটিক্যালি সরলভাবে শতভাগ নিশ্চয়তা সহকারে শেখানো হয়।



যোগাযোগ:
রাজীব খান
347-279-8327
nukdu345@gmail.com

Vital Accounting Inc.

File your Tax with experienced professional.

* Income tax:
* Individual/ Personal Tax (All states)
* Business Tax (Corporation, Partnership)
* Sales tax (Food Vendor, Corporation)
* Payroll Tax
* Business Incorporation
* Immigration Services



Atikur Rahman
Masters in Economics
MBA (Accounting), MAFM
Tel: 718-820-2212

37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372

শিক্ষা ঋণ মওকুফ:

(শেষের পাতার পর)

ঋণ মওকুফ করা হয়েছে।

প্রেসিডেন্ট জো বাইডেন বলেছেন, তিনি সব ঋণ গ্রহিতার ১০ হাজার ডলার পর্যন্ত ঋণ মওকুফ করার পক্ষে। যদিও সিনেটর এলিজাবেথ ওয়ারেন, সিনেট সংখ্যাগুরু দলের নেতা চাক শুমারের মতো বহু ডেমোক্র্যাট চান, সব ঋণগ্রহিতারই অন্তত ৫০ হাজার ডলার ঋণ মওকুফ করা হোক। এটা যদি বাস্তবায়িত হয় তাহলে মোট ঋণগ্রহিতার এক- তৃতীয়াংশ বা ৮০ শতাংশের পূর্ণাঙ্গ ঋণ মওকুফ হয়ে যাবে। ঋণ গ্রহীতাদের আর্থিক পরিস্থিতিতে বড় ধরনের পরিবর্তন আনতে পারে এ সিদ্ধান্ত। সাধারণত ঋণ গ্রহীতাদের প্রতি মাসে ৪০০ ডলার করে শোধ করতে হয়।

এক গবেষণায় দেখা গেছে, ঋণ শোধের কারণে বেশি-রভাগ মানুষ ব্যবসা শুরু করতে পারে না, অবসরের জন্য বা বাড়ি কেনার জন্য অর্থ বাঁচাতে পারে না। নিউইয়র্কে বোন ফেইড ওয়েলথের প্রেসিডেন্ট এবং সনদপ্রাপ্ত আর্থিক পরিকল্পনাকারী ডগলাস বোনেপার্ট বলেন, ঋণ মওকুফের কারণে বেঁচে যাওয়া অর্থ কোথায় বিনিয়োগ করা যায় তা নিয়ে পরিকল্পনা করার সময় এসেছে।

অলাভজনক প্রতিষ্ঠান দ্য ইনস্টিটিউট অব স্টুডেন্ট লোন অ্যাডভাইজারসের প্রেসিডেন্ট বেটসি মেয়োট বলেন, ঋণ মাফ হওয়ার পর প্রথম কাজটিই হবে ঋণ দাতার কাছ থেকে #৩৯; ঋণ পূর্ণভাবে পরিশোধ করা হয়েছে' বলে একটি সনদ নেয়া। এর জন্য কয়েক মাস লেগে যেতে পারে। এই কাগজ সংরক্ষণ করতে হবে।

মায়োট আরও বলেন, ঋণ পুরোপুরি বাতিল হয়েছে বলে লিখিত স্বীকৃতি পেতে অন্তত ৬০ দিন সময় লাগবে। এর চেয়েও বেশি সময় লাগবে ঋণ গ্রহিতা দাতার বিরুদ্ধে অভিযোগ করতে পারবেন।

বিশেষজ্ঞরা পরামর্শ দেন, প্রত্যেকের অন্তত তিন মাস চলার মতো জমা অর্থ থাকা প্রয়োজন। কোনো কারণে কাজ চলে গেলে তারা যেন কাজ চালিয়ে নিতে পারেন। জমার অর্থ দ্রুত বাড়াতে উচ্চ সুদ দেয় এমন একটি ব্যাংকে অ্যাকাউন্ট রাখতে হবে।

বিশেষজ্ঞরা বলছেন, সবচেয়ে ভালো অফারটি পেতে বিভিন্ন ব্যাংকের কার্ড ব্যবহার করে শপিং করা উচিত। গড়পড়তায় অনলাইন সেভিংস অ্যাকাউন্টের রেট দশমিক ৪৫%। ডিপোজিট অ্যাকাউন্টস ডট কমের দেয়া তথ্য অনুসারে, সনাতন ব্যাংকগুলোর রেট দশমিক ১৪ শতাংশ। (নিশ্চিত করতে হবে, সেভিংস অ্যাকাউন্ট যেন এফডিআইসির বিমা করা থাকে। তাহলে আড়াই লাখ ডলার পর্যন্ত জমা অর্থ সুরক্ষা পাবে।)

জরুরি সেভিংস নিয়ে সন্তুষ্ট হলে বোনেপার্থ পরামর্শ, শিক্ষা ঋণের অর্থ পেনশন তহবিলে জমাতে হবে।

বাইডেন প্রশাসন শিক্ষা ঋণের কিস্তি দেওয়ায় স্থগিতাবস্থার মেয়াদ বাড়িয়েছে প্রতিষ্ঠান ৪০১ (কে) স্তরের কাজের প্রস্তাব দিলে চেষ্টা করতে হবে এর সুযোগ পুরোপুরি কাজে লাগাতে। তাছাড়া সেলফ ইমপ্লয়েড হলে বা কাজ ছাড়াই অবসরের পরিকল্পনা থাকলে প্রতি বছরই একটি অ্যাকাউন্টে নির্দিষ্ট পরিমান অর্থ জমাতে হবে। বোনেপার্থ জানায়, 'যদি যথেষ্ট সঞ্চয় হয়ে যায় তাহলে ব্রোকেজ অ্যাকাউন্টের মাধ্যমে প্রতি মাসে বিনিয়গের পরিকল্পনা করা যেতে পারে।' হায়ার এডুকেশন বিষয়ক বিশেষজ্ঞ মার্ক ক্যানট্রোউইচ বলেন, ক্রেডিট কার্ডে দেনা থাকলে নগদ অর্থ ব্যবহার করতে হবে। সর্বপরি আরেকটি ফাঁদে পা দেওয়া থেকে বিরত থাকতে হবে।

ইয়েমেনে সৌদি জোটের হামলায় ১৬০ হুতি যোদ্ধা নিহত

ঢাকা ডেস্ক, ১৭ অক্টোবর : ইয়েমেনে হামলা চালিয়ে ১৬০ হুতি যোদ্ধাকে হত্যার দাবি করেছে সৌদি নেতৃত্বাধীন আরব জোট। এক বিবৃতিতে জানানো হয়েছে, মারিব এলাকায় গত ২৪ ঘন্টায় মোট ৩২টি অভিযান পরিচালনা করা হয়েছে। এতেই ব্যাপক সংখ্যক হুতি যোদ্ধাকে হত্যা সম্ভব হয়েছে। এছাড়া হুতি ব্যবহৃত ১১টি যুদ্ধযানও ধ্বংস করা হয়েছে বলে ওই বিবৃতিতে জানানো হয়েছে। এ খবর দিয়েছে আরব নিউজ।

খবরে বলা হয়, মারিব প্রদেশের আবেদিয়া জেলায় এই অভিযান পরিচালনা করা হয়। গত ২৩ সেপ্টেম্বর এই জেলা দখলে নেয় হুতি। তাদেরকে সেখান থেকে উৎখাতে ইয়েমেনের সেনাদের সাহায্য করছে আরব জোট। জোটটির দাবি, ইয়েমেনের নাগরিকদের রক্ষায়ই হুতিকে আটকাচ্ছে তারা।।

ছুরিকাঘাতে বৃটিশ এমপি ডেভিড খুন

ঢাকা ডেস্ক, ১৭ অক্টোবর : ছুরি হামলায় নিহত হয়েছেন বৃটিশ এমপি ডেভিড অ্যামেজ। গতকাল নিজের অফিসেই বৈঠক চলাকালীন তাকে ছুরি দিয়ে একাধিকবার আঘাত করে হামলাকারী। পুলিশ জানিয়েছে, তারা ২৫ বছর বয়সী হামলাকারীকে গ্রেপ্তার করেছে এবং হামলায় ব্যবহার করা ছুরিও জব্দ করা হয়েছে। নিহত ডেভিড অ্যামেজ কনজার্ভেটিভ দলের সদস্য ছিলেন। এ খবর দিয়েছে বিবিসি।

পুলিশ জানিয়েছে, স্থানীয় সময় দুপুর ১২টার কিছু পরে ইস্টউড রোড থেকে ফোন করে তাদেরকে হামলার কথা জানানো হয়। ঘটনাস্থলে পৌঁছালে তারা একজন আহত ব্যক্তিকে দেখতে পান।

হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, **বাংলাদেশ সুপ্রীমকোর্ট**)।

ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

Income Taxes & Immigration

আমরা অত্যন্ত সততা ও দক্ষতার সহিত নির্ভুল তথ্যের ভিত্তেতে ইনকাম ট্যাক্স রিটার্ণ করে থাকি। অধিক রিফান্ডের লোভে ভুল তথ্য দিয়ে ফেডারেল ও স্টেটের অডিটের ঝামেলায় না গিয়ে সঠিক তথ্যের ভিত্তিতে ট্যাক্স রিটার্ণ করে ঝামেলা মুক্ত থাকুন।



নিউইয়র্কে বাড়ি ক্রয় বিক্রয় আবাসিক ও কমার্শিয়াল, রিয়েল এস্টেট এজেন্ট, নোটারী পাবলিক।

Md. Harunur Rashid (Milon)
MSS.Pol.Science
ITP.CUNY, H&R Block
Cell: 718-341-3927
Email: harunur69@aol.com

RASHID ENTERPRISE
Bangladesh Plaza, 2nd Fl., #206, 37-15,73rd Street, Jacksone Heights, NY 11372
Tel: 718-458-0575, Fax: 347-642-3276

আমাদের নিকট নিম্নলিখিত সেবা পাবেনঃ

ইমিগ্রেশনঃ
ফ্যামিলি পিটিশন ও কে-ভিসা
ডিভোর্স কন্সিলশন
এভিডেন্সিয়ারি অব সাপোর্ট
বিনা শাস্তিতায় সিটিজেনশীপ
এমপ্লয়মেন্ট অথরাইজেশন
সিএসএস লুলাক
ভিজিটিভি, এসাইলম, গ্রীনকার্ড রিনিউ

AUTHORIZED e-file PROVIDER
IRS authorised e-file provider

ইনকাম ট্যাক্সঃ
ব্যক্তিগত ও ব্যবসা
ট্যাক্স ক্যাব ও ফুড ট্রেজার
পার্টনারশীপ, কর্পোরেশন
স্পোরেল এন্ড সেলস ট্যাক্স
ব্যবসা সেটআপ
কর্পোরেশন ও এলএলসি গঠন

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service

MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স-একাউন্টিং-নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



ভ্রমণ

নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:

বাংলা ট্যুর
৩৪৭ ২৮০ ৭২৬৯

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১	প্যাকেজ-২	প্যাকেজ-৩	প্যাকেজ-৪
ব্রেইন পোলাও চিকেন রোস্ট মিক্সড ভেজিটেবল সালাড ডিজার্ট **$ 7.00**	ব্রেইন পোলাও চিকেন রোস্ট সামি কাবাব মিক্সড ভেজিটেবল সালাড ডিজার্ট **$ 8.00**	ব্রেইন পোলাও চিকেন রোস্ট গোট অথবা বিফ কারি মিক্সড ভেজিটেবল সালাড ডিজার্ট **$10.00**	মটর পোলাও চিকেন রোস্ট সামি কাবাব গোট অথবা বিফ কারি মিক্সড ভেজিটেবল সালাড ডিজার্ট **$11.00**

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

সকল বিয়ানীবাজারবাসীকে ঐক্যবদ্ধ করাই প্রথম কাজ

(শেষের পাতার পর)

পূর্ণ প্যানেলে জয়ী 'মান্নান-মাহবুব' প্যানেলের বিজয়ী সভাপতি আব্দুল মান্নান ও সাধারণ সম্পাদক নাজমুল হক মাহবুব বলেছেন, নির্বাচন শেষ, এখন আমরা সবাই বিয়ানীবাজারবাসী। আমরা দায়িত্ব পাওয়ার সকল বিয়ানীবাজারবাসীকে ঐক্যবদ্ধ করে সমিতিকে আরো শক্তিশালী করাই হবে আমাদের প্রথম কাজ। নির্বাচন পরবর্তী বাংলা পত্রিকার সাথে আলাপকালে তারা এই কথা জানান।


উল্লেখ্য, গত ১০ অক্টোবর রোববার সমিতির নির্বাচনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। এতে 'মান্নান-মাহবুব' ও 'মিসবাহ-অপু' প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করে। নির্বাচনে 'মান্নান-মাহবুব' পুর্ণ প্যানেলে জয়লাভ করে।

'মান্নান-মাহবুব' পরিষদের বিজয়ী প্রার্থীরা হলেন: সভাপতি- মোহাম্মদ আব্দুল মান্নান, সাধারণ সম্পাদক- নাজমুল হক মাহবুব, সহ সভাপতি- ফয়জুর মিয়া, সহ সাধারণ সম্পাদক- আব্দুন নুর হারুন, কোষাধ্যক্ষ- আব্দুল হান্নান দুখু, সাংগঠনিক সম্পাদক- আবু তৈয়ব মো. তালহা, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক- অনিক রাজ, দপ্তর সম্পাদক- আব্দুল হামিদ, প্রচার সম্পাদক- আব্দুল হাকিম, ক্রীড়া সম্পাদক- কিবরিয়া আহমেদ শাহিদ, সমাজকল্যাণ সম্পাদক- আক্তারুজ্জামান শাহীন মালিক, মহিলা বিষয়ক সম্পাদিকা- নাজমা আহমেদ, কার্যকরী সদস্য- মো. খলকুর রহমান, জামাল হোসেন, মো. রাজ্জাক মুন্না, নুর উদ্দিন, ফখরুল হক, হোসেন আহমদ ও মো. আবু তাহের।

উল্লেখ্য, বিয়ানীবাজার সমিতির ইতিহাসে এবারই সর্বোচ্চ পাঁচ হাজারেরও বেশি ভোটার নিয়ে অনুষ্ঠিত হলো যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশীদের অন্যতম বৃহৎ ও পুরনো আঞ্চলিক সংগঠন বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ'র নির্বাচন। ৫ সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশনের প্রধানন ছিলেন মুক্তিযোদ্ধা আব্দুর রাজ্জাক। অপর সদস্যরা যথাক্রমে হিফজুর এম রহমান, জালাল উদ্দিন আহমেদ, কামাল চৌধুরী ও মোহাম্মদ হেলাল উদ্দিন এসময় উপস্থিত ছিলেন। অনুসন্ধানে জানা গেছে, মূলত: প্যানেল ভোটের কারণেই 'মান্নান-মাহবুব' প্যানেলে জয়ী হয়েছেন। নির্বাচনী প্রক্রিয়া শুরুর পর থেকেই জনশ্রুতিও ছিলো যে, 'মান্নান-মাহবুব' প্যানেল বেশী ভোটার করেছেন। যার সত্যতা প্রমান হলো নির্বচনী ফলাফলে। নির্বাচন কমিশনের ঘোষণা অনুযায়ী নির্বাচনে সভাপতি পদে এই প্যানেল থেকে মোহাম্মদ আব্দুল মান্নান সর্বোচ্চ ১,৮৪৭ ভোট পেয়ে সভাপতি নির্বাচিত হয়েছেন। তার একমাত্র প্রতিদ্বন্দ্বি 'মিসবাহ-অপু' প্যানেলের সভাপতি পদপ্রার্থী মিসবাহ আহমেদের প্রাপ্ত ভোট ১,৩৫৯। অপরদিকে সাধারণ সম্পাদক পদে নাজমুল হক মাহবুব ১,৬৬০ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার একমাত্র প্রতিদ্বন্দ্বি রেজাউল আলম অপু'র প্রাপ্ত ভোট ১,৪৭৯। ফলাফল ঘোষণার পরপরই জয়ী ও বিজিত সভাপতি-সাধারণ সম্পাদক পদের প্রার্থীরা একে অপরের সাথে কোলাকুলি করে শুভেচ্ছা বিনিময় করেন এবং উপস্থিত সকলের উদ্দেশ্যে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। এসময় তারা নির্বাচনের সাথে সংশ্লিস্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তারা বলেন, নির্বাচন শেষ এখন আমরা সবাই বিয়ানীবাজারবাসী। আমাদের মধ্যে আর কোন প্যানেল নেই। আমরা সম্মিলিতভাবে সংগঠনকে আরো শক্তিশালী করবো।

এদিকে নির্বাচন ঘিরে প্রবাসী বিয়ানীবাজারবাসীদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা যায়। সাজ সাজ রব ছিল নিউইয়র্কের 'বিয়ানীবাজার পাড়া খ্যাত' ওজন পার্ক। বিপুল উৎসাহ-উদ্দীপনায় প্রতিদ্বন্দ্বী দুই প্যানেলের প্রার্থী, সমর্থক আর শুভানুধ্যায়ীরা পৃথক পৃথক মিছিল করে মনোয়নপত্র দাখিল করেন। সভা-সমাবেশ করেন। সব মিলিয়ে ওজন পার্ক এলাকা পরিণত হয় একখন্ড বিয়ানীবাজারে। মেঘলা সকাল আর গুড়ি গুড়ি বৃষ্টির মধ্যে নির্বাচনে ভোট গ্রহণ শুরু হলেও অপরাহ্নে মেঘ কেটে যায়। বিপুল সংখ্যক ভোটার, সমর্থক আর শুভানুধায়ীদের উপস্থিতিতে জয়া হল প্রাঙ্গণ এক খন্ড বিয়ানীবাজার উপজেলায় পরিণত হয়। বিশেষ করে বৃহত্তর সিলেটের প্রবাসী বিশিষ্ট ব্যক্তিবর্গ নির্বাচন কেন্দ্রে উপস্থিত হয়ে ভোটের গুরুত্ব আরো বাড়িয়ে দেন। তবে ভোট কেন্দ্রের বাইরে ফুটপাতে মাঝে-মধ্যে খানিকটা উত্তেজনা বিরাজ করলেও সার্বিকভাবে শান্তিপূর্ণ পরিবেশ বিরাজ করে। নির্বাচনে সমিতির মোট ৫ হাজার ৩৬৭জন ভোটারের মধ্যে ৩ হাজার ২৫৭ ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন বলে নির্বাচন কমিশন জানিয়েছেন।

সমিতির নির্বাচনে সভাপতি পদে সাবেক উপদেষ্টা মোহাম্মদ আব্দুল মান্নান ও সাবেক সাধারণ সম্পাদক মিসবাহ আহমেদ এবং সাধারণ সম্পাদক পদে বর্তমান সাংগঠনিক সম্পাদক রেজাউল আলম অপু ও সদস্য নাজমুল হক মাহবুব প্রতিদ্বন্দ্বিতা করেন।







Mohammed M. Alam
M.Com (Management). LL.B

জ্যামাইকা হিলসাইড ট্যাক্স অফিস
167-11 Hillside Ave. 2nd Floor Jamaica, NY 11432
Tel: 718-480-3313, Cell: 917-600-4937
Email: mahbubtax@yahoo.com

AUTHORIZED IRS e-file PROVIDER

ট্যাক্স • ইমিগ্রেশন ফরম পুরন • নোটারী

আমাদের সেবা সমূহ

- ফেডারেল এবং সকল স্টেট ট্যাক্স
- বিজনেস ট্যাক্স, করপোরেশন ট্যাক্স
- সেল্‌স ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- ওপেন নিউ বিজনেস
- ওপেন সেল্‌স ট্যাক্স আইডি
- ফ্যামিলী পিটিশন
- স্পন্সরশীপ ফরম পুরন
- সিটিজেনশীপ ও পার্সপোর্ট
- ডুয়েল সিটিজেনশীপ প্রোসেস
- পাওয়ার অব এ্যাটর্নী ড্রাফট

সকল ষ্টেটের ট্যাক্স এবং ফরম পূরনে সহায়তা করা হয়।

কন্ডো বিক্রয়

ব্রঙ্কস, পার্কচেস্টার, নিউইয়র্ক, ১ বেডরুমের কন্ডো বিক্রয় হবে। ৬ ট্রেন সাবওয়ে এবং মেসির নিকটে। Asking price $210000. Please contact # **934-234-7361**

সেমিবেসমেন্টভাড়া

ব্রঙ্কস পার্কচেস্টার কাছে ৬ ট্রেনে ২২৫৭ নিউ বল্ড এভিনিউ সেমিবেসমেন্ট ২ বেড রুমের বাসা ভাড়া হবে। **যোগাযোগঃ ৭১৮-৮৬৪-৭৩৬৭**

আবশ্যক

এলমহার্স্টে একটি মেডিক্যাল অফিসের রিসেপশনিষ্ট হিসেবে পার্ট টাইম লোক আবশ্যক। প্রয়োজনে প্রশিক্ষণ দেওয়া হবে। যোগাযোগ: ৭১৮-৭৪৯-৪৭৭২
আ-১৬/২৩

আবশ্যক

ব্রঙ্কসের ১৭০৮ ইউনিভার্সিটি এভিনিউস্থ একটি ফ্রাইড চিকেন এন্ড পিজা স্টোরের ফ্রন্ট ও ব্যাক পজিশনে কাজ করার জন্য লোক আবশ্যক। যোগাযোগ: ৩৪৭-৬৫৪-২৩৬১
আ-১৬/২৩/৩০

তান্দুরী শেফ আবশ্যক

আলবেনীতে একটি বাংলাদেশী রেষ্টুরেন্টে একজন তান্দুরী শেফ আবশ্যক। থাকা ফ্রি বেতন আলোচনা সাপেক্ষে। যোগাযোগ: মি. রহমান (৫১৮-৫০৬-৯৮৮২)
আ-১৬/২৩

সেমিবেসমেন্টভাড়া

১৯০ স্ট্রীট এবং ৯০ এভিনিউ, ইসাইবনে মরিয়ম মসজিদের পাশে ২ বেডরুমের সেমিবেসমেন্ট সাথে কিচেন এবং বাথসহ ভাড়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৬২৪-৩১৩৫

রুম ভাড়া

কুইন্সের পার্সন্স বলেভার্ড ও হিলসাইড এভিনিউ এলাকায় কর্মজীবি সিঙ্গেল অথবা স্বামী স্ত্রী'র কাছে একটি প্রাইভেট হাউজের রেনোভেটেড রুম ভাড়া হবে (দুটি ফুল বাথরুম আছে)। নিরাপদ ও শান্তিপূর্ণ পরিবেশ। যোগাযোগ: ৯১৭-৮০৬-৪৩৮৮
আ-০২

রুম ভাড়া

করোনায় সেভেন ট্রেন সাবওয়ে থেকে দুই ব্লক দূরে একটি এপার্টমেন্টের এক বেডরুম একজন কর্মজীবির পুরুষের কাছে ভাড়া দেওয়া হবে। মাসিক ভাড়া ৩৫০ ডলার (গ্যাস ও ইলেক্ট্রিসিটি অন্তর্ভুক্ত নয়)। বাসায় গেষ্ট নেওয়া যাবে না। যোগাযোগ: ৭১৮-৫০৭-৪১৬৯
আ-০২

অবশ্যক

প্রাথমিক কাজ মান সমপন্ন রান্না (fine cookings) এবং সাথে ষরমষঃ ষড়ঁংবশববঢ়রহম। রান্নায় সখ এবং হাউসকিপিং এ অভিজ্ঞতা আছে এমন হলে ভাল হয়। পরিবারের সদস্য মাত্র ২ জন। আওয়ার ১৫.০০ ডলার। **যোগাযোগ: ৭১৮ ২০৭-৩৭৫৭**

বাসা ভাড়া

কুইন্স ভিলেজের ৮৮ এভিনিউ এবং ২১২ প্লেসে ডুপ্লেক্স বাড়ী ভাড়া হবে, ১লা নভেম্বর থেকে। ৩ বেডরুম, ১ বাথরুম (সেকেন্ড ফ্লোর), ১/২ বাথরুম, লিভিং, ডাইনিং, কিচেন (ফানস্ট ফ্লোর)। এফ ট্রেন এর লাস্ট স্টপেজ (১৭৯ স্ট্রীট)। বাস কিউ১, কিউ৩৬ ও কিউ৪৩। যোগাযোগ: ড্যানী (৬৪৬) ৫২৯-৫২৪০।
অ-০৪/১১

রুমমেট আবশ্যক

জ্যাকসন হাইটসের প্রাইভেট হাইজে ৭১ স্ট্রীট ও ৩৫ এভিনিউ, মাছ বাজার সংলগ্ন ২ জন রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৬৪৬-৭৩৩-৭২৯৬ অথবা ৬৪৬-৭৩৩-৭২৭৯
অ-০৪/১১

বাসা ভাড়া

ইষ্ট এলহার্স্ট-এর নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ ও ৩২ এভিনিউর উপরে প্রথম তলায় একটি দুই বেডরুমের বাসা ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩
আ-০২

এপার্টমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৪৬ স্ট্রীট এবং ১০৫ এভিনিউতে তিন বেডরুম এবং দুই বাথরুমের এপার্টমেন্ট ভাড়া দেওয়া হবে। তিন ব্লকের মধ্যে এলআইআরআর এয়ার ট্রেন এবং সাবওয়ে। যোগাযোগ: ৭১৮-৮৮৬-০৮৫৪
জুলা-০৫/১২

রুমমেট চাই

ব্রুকলীনের চার্চ-ম্যাকডোনাল্ডের সন্নিকটে ৪৬৫ ওশান পার্কওয়ে অ্যাপার্টমেন্ট বাসায় বিশাল একটি রুমে অধুমপায়ী পুরুষ রুমমেটের নিকট ভাড়া দেওয়া হবে। যোগাযাগে: ৬৩১-৫৬৮-১১৭৩
জু-২৮/জু-০৫

অ্যাটিক ভাড়া

ব্রঙ্কসের পার্কচেষ্টার এলাকায়, জেরেগা সাবওয়ে থেকে মাত্র দুই ব্লকের মধ্যে এক বেডরুম, এক বাথরুম, লিভিং রুম, ডাইনিং স্পেস ও কিচেন সহ অ্যাটিক ভাড়া দেয়া হবে। বাংলাদেশী গ্রোসারী, মসজিদ ও স্কুল এক ব্লকের মধ্যে।
জু-২৮/জু-০৫

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা স্টেটের ৮৭ এভিনিউ এবং ১৮৮ স্ট্রীটের মাঝে দুই বেডরুমের বেসমেন্ট আগষ্ট মাস থেকে ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৬০৭-৩১৯৮ অথবা ৩৪৭-৫৫৮-৭৭৪
জু-২৮/জু-০৫

ইয়েলো ট্যাক্সি মেডালিয়ন বিক্রি

গাড়ীসহ হুইলচেয়ার ট্যাক্সি মেডালিয়ান বিক্রয় হবে। আগ্রহী ব্যক্তি যোগাযোগ করুণ। মূল্য আলোচনা সাপেক্ষ। যোগাযোগ: ৩৪৭-৩৪৫-৮৭০০
আ-৩০/সে-০৬

আবশ্যক

একটি গ্যাস ষ্টেশনে কাজ করবার জন্য ফুল টাইম কেশিয়ার আবশ্যক। বিনিয়োগ করতে ইচ্ছুক হলে আলোচনা সাপেক্ষে তাকে পার্টনারশীপ দেয়া যেতে পারে। যোগাযোগ: **৯১৭-৭৪৪-৭৩০৮**

বেসমেন্ট ভাড়া

কুইন্সের জ্যামাইকায় ২ বেডরুম/১ বেডরুমের বেসমেন্ট ছোট পরিবারের কাছে ভাড়া দেওয়া হবে। (হিন্দু হলে ভালো হয়। কারণ বাসার সবাই হিন্দু)। যোগাযোগ: গোপ (৩৪৭-৬০৫-৯৫৮২)
আ-৩০/সে-০৬

আবশ্যক

বাংলাদেশী পরিবারের একটি দশ বছরের বাচ্চাকে সোমবার থেকে শুক্রবার বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৮টা পর্যন্ত দেখাশুনা করার জন্য একজন বাংলাদেশী মহিলা প্রয়োজন। ৩৫-৪৭ বছর বয়সী প্রার্থীকে ভালো ইংলিশ জানতে হবে। সেলারী ১৭ ডলার ঘন্টা। যোগাযোগ: ৯১৭-২৮৫-৩৭৯৪ অথবা ৩৪৭-৫৭৯-৯৮৭৮
জু-২৮/জু-০৫

বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজের নিরিবিলি পরিবেশে দুজন থাকার জন্য বেসমেন্ট স্টুডিও এপার্টমেন্ট সকল ইউটিলিটি ও ইন্টারনেট ভাড়া হবে। কিউ২ ও কিউ৮৩ বাস কাছাকাছি। ভাড়া ১১০০ ডলার। যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৭৩৩৯ অথবা ৩৪৭-৯২৩-১২৯৯
জুন-২১/২৮

বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজের ১৬০-১৯ ৭৬ এভিনিউতে বেসমেন্ট স্টুডিও এপার্টমেন্ট ইউটিলিটি এবং ইন্টারন্টে ২জনের কাছে ভাড়া হবে। কিউ-২ এবং কিউ-৮৩ কাছাকাছি। শান্ত পরিবেশ। যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৭৩৩৯ অথবা ৩৪৭-৯২৩-১২৯৯
জুন-১৪/২১

বাসা ভাড়া

জ্যামাইকার হিলসাইড এভিনিউ ও হাইল্যান্ড এভিনিউর মাঝে ১৬৯ স্ট্রীটে ৩ বেডরুমের বাসা জুলাই মাস থেকে ভাড়া দেওয়া হবে। লিভিং রুম, ডাইনিং, কিচেন ২ বাথরুম সহ। যোগাযোগ: ৯২৯-৩৯৮-৮২৮৩
জুন-১৪/২১

বাসা ভাড়া

ওজোনপার্কের ১০৬-২৪ ৭৫ স্ট্রীটের সেকেন্ড ফ্লোরে এক বেডরুমের বাসা জুলাই মাস থেকে ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৬০৩-৩১৯৭ অথবা ৩৪৭-৫৫৮-৬৭৭৪ জুন-১৪/২১

আবশ্যক

পেনসিলভানিয়াতে ভারতীয় মালিকানাধীন একটি আবাসিক হোটেলে ফ্রন্টডেস্কে কাজ করার জন্য লোক আবশ্যক। প্রার্থীকে ইংরেজীতে দক্ষ হতে হবে এবং আমেরিকায় কাজ করার বৈধ কাগজপত্র থাকতে হবে।
কাজল: ৬৩১-৭০৩-০৪৫৩।

লোক আবশ্যক

জমজমাট রেস্টুরেন্ট এবং ভালো পরিবেশে কাজের জন্য জারুরী ভিত্তিতে অভিজ্ঞ তান্দুরী শেফ আবশ্যক। **যোগাযোগঃ +১ (৫১৬) ৯৭৪-৬৮৭২**

রেস্টুরেন্ট বিক্রি

জমজমাটপূর্ণ খুবই ভালো লোকেশনে একটি রেস্টুরেন্ট বিক্রি হবে। **যোগাযোগঃ +১ (৫১৬) ৯৭৪-৬৮৭২**

আবশ্যক

ব্রঙ্কসে বাংলাদেশী পরিবারের একটি দশ বছরের বাচ্চাকে সোমবার থেকে শুক্রবার বেলা ৩টা থেকে সন্ধ্যা ৮:৩০ ঘটিকা পর্যন্ত দেখাশুনা করার জন্য একজন বাংলাদেশী মহিলা প্রয়োজন। ইংলিশ জানা ৩৫ থেকে ৪৭ বছরের মধ্যে। প্রতি ঘন্টা ১৭ ডলার। যোগাযোগ: ৯১৭-২৮৫-৩৭৯৪ আবশ্যক ৩৪৭-৫৭৯-৯৮৭৮
অক্টো-১১/১৮

সেমিবেমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৭৯ স্ট্রীট এফ ট্রেন সাবওয়ের সন্নিকটে সেমিবেসমেন্ট নামাজি কর্মজীবি ২ জন মহিলা অথবা স্বামী/স্ত্রীর নিকট ১ নভেম্বর থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৬৪৬-২৫৫-৮৯২৩
অক্টো-১১/১৮

পারমিট ভাড়া

দুই বৎসরের সিটিওয়াইড ফুলটাইম জায়রোর পারমিট ভাড়া দেয়া হবে।
যোগাযোগঃ টিপু আহমেদ
৩৪৭-৪৫৯-৪৮৯১
অ-০৪/১১

জমি বিক্রয়

খুলনা শহরের বানিয়া খামার মৌজার মিস্ত্রি পাড়ায় খালপাড় রোডে ৫ কাঠা জমি বিক্রি হবে। যোগাযোগ: ৩৪৭-৯৪৪-৪১৮১ (সকাল ১০টা থেকে রাত ১০টা পর্যন্ত)
অক্টো-১১/১৮

গাড়ি ভাড়া

উবার/ লিফটটের জন্য ২০২১ টুসান হুন্দাই ০ মাইলেজ গাড়ি ভাড়া হবে। **যোগাযোগঃ ৯২৯-৩৯৩-৬৮০৭**

বাড়ি বিক্রয়

216-21 104th Ave. Queens Village, NY 2 FAM, Lotsize 57X115, Only cash buyer.
Call: 917-523-4451

বাড়ি বিক্রয়

97-27, 81 St. Ozonepark, 2 Fam $568,000. Only cash buyer.
Call: 917-523-4451

বাড়ি বিক্রয়

104-31, 212th Queens Village, Lot: 60X70. Vacant. $598,000
Call: 917-523-4451

আবশ্যক

ফ্লোরিডার কিওয়েষ্ট-এ গ্রোসারী স্টোরে কাজের জন্য জরুরী ভিত্তিতে লোক আবশ্যক। ভালো সুযোগ-সুবিধা সহ থাকার ব্যবস্থা রয়েছে। শান্তিপ্রিয় এলাকা, জিরো ক্রাইম, যাতায়াতের জন্য গাড়ীর প্রয়োজন নেই। বাসা থেকে স্টোর হাঁটা পথ। প্রার্থীর কমপিউটার ব্যবহার জানা থাকলে ভালো।
যোগাযোগ: ৩০৫-৮৯৬-৯৫৪৭
জুন-২১/২৮

বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!
শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২

মুসলিম কাজী অফিস
Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।

Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

MATRIMONIAL SERVICE
কাজী অফিস (NYC Registered)
GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444

ইসলাম ও সাম্প্রদায়িক

(শেষের পাতার পর)

হুজুরাত, আয়াত : ১৩)।

এ আয়াত থেকে বোঝা যায়, মানুষ হিসাবে আমরা সবাই এক জাতি। আদম ও হাওয়া (আ.) থেকে সৃষ্ট মানবমন্ডলীর সদস্য হিসাবে সবাই আল্লাহতায়ালার কাছে সমমর্যাদার অধিকারী। চামড়ার রং, ধনসম্পদের পরিমাণ, সামাজিক মর্যাদা, বংশ ইত্যাদি দ্বারা মানুষের মর্যাদার মূল্যায়ন হতে পারে না। জাতি, উপজাতি, বর্ণ, বংশ ইত্যাদির বিভক্তি কেবল পরস্পরকে জানার জন্য, যাতে পরস্পরের চারিত্রিক ও মানসিক গুণাবলি দ্বারা একে অপরের উপকার হতে পারে।

মহানবি (সা.) বিদায় হজের ঐতিহাসিক ভাষণে উদাত্ত কণ্ঠে বলেছেন, 'হে মানবমন্ডলী! তোমাদের আল্লাহ এক ও অদ্বিতীয় এবং তোমাদের আদি পিতাও এক। একজন আরব একজন অনারব থেকে কোনো মতেই শ্রেষ্ঠ নয়। তেমনি একজন আরবের ওপরে একজন অনারবেরও কোনো শ্রেষ্ঠত্ব নেই। একজন সাদা চামড়ার মানুষ একজন কালো চামড়ার মানুষের চেয়ে শ্রেষ্ঠ নয়, কালোও সাদার চেয়ে শ্রেষ্ঠ নয়। শ্রেষ্ঠত্বের মূল্যায়ন করতে বিচার্য বিষয় হবে, কে তাকওয়া তথা আল্লাহ ও বান্দার হক কতদূর আদায় করল। এর দ্বারা আল্লাহর দৃষ্টিতে তোমাদের মধ্যে সর্বোচ্চ সম্মানের অধিকারী সেই ব্যক্তি, যিনি সর্বাপেক্ষা বেশি ধর্মপরায়ণ' (বায়হাকি)।

আল্লাহ ও তার রাসূল (সা.)-এর এ মহান বাণীতে ইসলামের অনন্য আদর্শ বিশেষত জাতিগোষ্ঠী ও ধর্মমতের অনুসারীরা পারস্পরিক সুসম্পর্ক বজায় রেখে মিলেমিশে একত্রে বসবাসের মাধ্যমে সাম্প্রদায়িক বা আন্তঃধর্মীয় সম্প্রীতি রক্ষার নির্দেশনা উজ্জ্বলভাবে ফুটে উঠেছে। খোদার পৃথিবীতে বহু জাতি, ধর্ম, বর্ণ, গোত্র ও ভাষাভাষী মানুষের বসবাস।

এসব সম্প্রদায়ের মানুষের মধ্যকার ঐক্য, সংহতি ও পারস্পরিক সহযোগিতার নামই হলো সাম্প্রদায়িক সম্প্রীতি। মানবসমাজে শান্তি প্রতিষ্ঠায় সাম্প্রদায়িক সম্প্রীতির গুরুত্ব অপরিসীম। সাম্প্রদায়িক সম্প্রীতি মানুষের মধ্যে ধৈর্য, সহনশীলতা, সহমর্মিতা ও শ্রদ্ধাবোধের বিকাশ ঘটায়। সবার আন্তরিক প্রচেষ্টায় দেশ ও জাতি উন্নতির শিখরে আরোহণ করে। সাম্প্রদায়িক সম্প্রীতি নিশ্চিত না করে কোনো জাতি উন্নতি করতে পারে না। সাম্প্রদায়িক সম্প্রীতির অনুপস্থিতিতে দেশের শান্তিশৃঙ্খলা বিনষ্ট হয়, স্বাধীনতা ও সার্বভৌমত্ব হুমকির সম্মুখীন হয়। সাম্প্রদায়িক বিদ্বেষ সংঘাতের সূত্রপাত ঘটায়, গৃহযুদ্ধেও রূপ নেয়। অনেক ক্ষেত্রে ইহকাল-পরকালের সব নেকির কাজও ধ্বংস হয়ে যায় সাম্প্রদায়িক বিদ্বেষের কারণে। ইসলাম একটি পরিপূর্ণ জীবন বিধান। শান্তি ও কল্যাণের ধর্ম। এটি এমন এক সার্বজনীন ও শান্তিময় জীবনব্যবস্থা, যেখানে শুধু মানব সম্প্রদায়ই নয় বরং পশুপাখি ও প্রকৃতির অধিকারও সংরক্ষিত রয়েছে। এ ধর্মে সন্ত্রাস-জঙ্গিবাদ-সাম্প্রদায়িক বিদ্বেষের কোনো স্থান নেই। যারা সামাজিক পরিমন্ডলে বিশৃঙ্খল পরিস্থিতি সৃষ্টি করে ইসলাম কায়েম করতে চায়, তারা কখনো শান্তির ধর্ম ইসলামের অনুসারী হতে পারে না। পবিত্র কুরআনে মহান আল্লাহতায়ালা ইরশাদ করেন, 'ধর্মের ব্যাপারে কোনো বল প্রয়োগ নেই। কারণ সৎপথ ও ভ্রান্তি উভয়ের মধ্যে পার্থক্য সুস্পষ্ট হয়ে গিয়েছে।' (সূরা আল বাকারার ২৫৬) ধর্মে যদি বল প্রয়োগের বিধান থাকত, তাহলে হজরত রাসূল করিম (সা.) মক্কা বিজয়ের পর অমুসলমানদের ইসলাম ধর্ম গ্রহণের জন্য বাধ্য করতেন এবং মক্কায় বসবাসের জন্য প্রতিবন্ধকতা সৃষ্টি করতেন। কিন্তু তিনি তা করেননি! এতে প্রমাণিত হয়, ধর্মের জন্য বল প্রয়োগ ইসলামের শিক্ষা নয়। ইসলামের আদর্শ হলো শত্রুর সঙ্গেও বন্ধুসুলভ আচরণের দৃষ্টান্ত স্থাপন করা। সবার সৃষ্টি যেহেতু একই উৎস থেকে, তাহলে কেন একে অপরের সঙ্গে বিরোধ? কুরআন-হাদিস ও রাসূল (সা.)-এর নির্দেশিত পথের বাইরে যা কিছুই করা হবে তা ইসলাম নয়। আজকের সমাজে অতি উৎসাহী কিছু মানুষ ধর্মের নামে বল প্রয়োগ, ভিন্নধর্মাবলম্বীদের প্রতি জুলুম-অত্যাচর করতে চান-যা মোটেও ইসলাম সমর্থন করে না।

ইসলাম সব ধর্মের স্বাধীনতা নিশ্চিত করেছে। ধর্ম পালনে কেউ বাধাগ্রস্ত হবে না। তাই ভিন্ন ধর্মাবলম্বীদের ধর্মগ্রন্থ, উপাসনালয় ও ধর্মীয় আচার-অনুষ্ঠান নিয়ে কোনোরূপ ব্যঙ্গ-বিদ্রুপ করা কোনো মুসলমানের জন্য সমর্থনযোগ্য নয়। আল্লাহতায়ালা বলেন, 'আল্লাহকে ছেড়ে যাদের তারা (মূর্তিপূজক) ডাকে, তাদের তোমরা গালি দিও না। তাহলে তারা সীমালংঘন করে অজ্ঞানতাবশত আল্লাহকেও গালি দেবে।' (সূরা আনয়াম : ১০৮) অমুসলিমদের জান-মাল-ইজ্জত সংরক্ষণের ব্যাপারে রাসূল (সা.) কঠোর সতর্কবাণী দিয়ে বলেন, 'যে ব্যক্তি কোনো চুক্তিবদ্ধ অমুসলিমকে হত্যা করল, সে জান্নাতের সুঘ্রাণও পাবে না। অথচ চল্লিশ বছরের দূরত্বে থেকেও জান্নাতের সুঘ্রাণ পাওয়া যায়।' (বুখারি) অন্য হাদিসে রাসূল (সা.) ইরশাদ করেছেন, 'সাবধান! যে ব্যক্তি চুক্তিবদ্ধ অমুসলিম নাগরিকের ওপর অত্যাচার করে অথবা তার অধিকার থেকে কম দেয় কিংবা সামর্থ্যবহির্ভূতভাবে কোনো কিছু চাপিয়ে দেয় বা জোর করে তার কোনো সম্পদ নিয়ে যায়, তবে কেয়ামতের দিন আমি সে ব্যক্তির প্রতিবাদকারী হবো (আবু দাউদ)।'

মহানবি (সা.) মক্কা থেকে মদিনা হিজরত করার পর যে 'মদিনা সনদ' ঘোষণা করেন, এতে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষাসহ সংখ্যালঘুদের অধিকার ও নিরাপত্তা প্রদান সম্পর্কিত উল্লেখযোগ্য ধারা রয়েছে। মদিনায় মুসলমান, ইহুদি এবং আওস ও খাযরায গোত্রসহ ১২টি উপগোত্রের বসবাস ছিল। চরম গোষ্ঠীগত মতানৈক্য ও সংঘাতের মধ্যে সব গোষ্ঠী, সম্প্রদায়, জাতি-ধর্ম-নির্বিশেষে কীভাবে শান্তিপূর্ণভাবে সহাবস্থান করা যায় মহানবি (সা.) মদিনাকে তার একটি অতুলনীয় দৃষ্টান্ত হিসাবে প্রতিষ্ঠিত করেন। মদিনা সনদের মাধ্যমে শান্তির বার্তাবাহক বিশ্বনবি (সা.) ধর্ম-বর্ণ, জাতি-গোষ্ঠী নির্বিশেষে সবার মাঝে সৌহার্দ্য-সম্প্রীতি, সাম্য-মৈত্রীর সুদৃঢ় বন্ধন রচনা করে আদর্শ কল্যাণ রাষ্ট্রের অদ্বিতীয় নজির স্থাপন করেন। যেমন-সনদে স্বাক্ষরকারী সব গোত্র-সম্প্রদায় 'মদিনা রাষ্ট্রে' সমান অধিকার ভোগ করবে, সব ধর্ম সম্প্রদায়ের স্ব স্ব ধর্ম-কর্ম পালনের স্বাধীনতা ও অধিকার যথারীতি বহাল থাকবে; কেউ কারও ওপর কোনোরূপ আক্রমণ করবে না, সন্ধিভুক্ত কোনো সম্প্রদায় বহিঃশত্রু কর্তৃক আক্রান্ত হলে ওই আক্রান্ত সম্প্রদায়কে সম্মিলিতভাবে সহযোগিতা করতে হবে এবং শত্রুদের প্রতিহত করতে হবে, কোনো নাগরিক কোনো অপরাধ করলে তা তার ব্যক্তিগত অপরাধ বলে গণ্য করা হবে। বহু ধর্ম, জাতি, গোষ্ঠী ও সম্প্রদায়ের শান্তিপূর্ণ সহাবস্থানের ক্ষেত্রে মদিনার সনদ একটি উজ্জ্বল দৃষ্টান্ত। মদিনার সনদ স্বাক্ষরিত হওয়ার পর তৎকালীন সমাজের গোত্রগুলোর অন্তর্কলহের অবসানসহ নৈরাজ্যমুক্ত, মানবিক মূল্যবোধে সমৃদ্ধ একটি শান্তিপূর্ণ সমাজ প্রতিষ্ঠিত হয়।

সাম্প্রদায়িকতার নামে যারা বিশৃঙ্খলা করে তাদের বিরুদ্ধে হুঁশিয়ারি উচ্চারণ করে হজরত মুহাম্মদ (সা.) বলেন, 'যারা মানুষকে সাম্প্রদায়িকতার দিকে ডাকে, যারা সাম্প্রদায়িকতার জন্য যুদ্ধ করে এবং সাম্প্রদায়িকতার জন্য জীবন উৎসর্গ করে তারা আমাদের সমাজভুক্ত নয় (আবু দাউদ)।'

সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় ইসলাম এতই সোচ্চার, রাসূল (সা.) নিজেদের জানমালের পাশাপাশি সংখ্যালঘু অমুসলিম সম্প্রদায়ের জানমাল রক্ষায় সচেষ্ট থাকার জন্যও মুসলমানদের প্রতি তাগিদ দিয়েছেন। শুধু তাই নয়, অন্য ধর্মাবলম্বী ও তাদের উপাসনালয়ের ওপর আঘাত-সহিংসতাও ইসলামে চিরতরে হারাম ও নাজায়েজ ঘোষণা করা হয়েছে।

লেখক: পেশ ইমাম ও ভারপ্রাপ্ত খতিব, জাতীয় মসজিদ বায়তুল মোকাররম

একুশে ফুটল কুড়ি-বিশের বিশ্বকাপ

(শেষের পাতার পর)

সবশেষ আসরের পর আইসিসি সিদ্ধান্ত নিয়েছিল, দুই বছরের পরিবর্তে চার বছর পরপর বসবে টি ২০ বিশ্বকাপের আসর। কিন্তু করোনার সুতীব্র আক্রমণে আরেকটি টি ২০ বিশ্বকাপ দেখতে ক্রিকেটপ্রেমীদের অপেক্ষা করতে হলো দীর্ঘ সাড়ে পাঁচ বছর। গত বছর অস্ট্রেলিয়ায় বসার কথা ছিল খুদে ফরম্যাটের সপ্তম বৈশ্বিক আসর। করোনার কারণে সেটি চলে গেছে ২০২২ সালে। ২০২১ টি ২০ বিশ্বকাপের মূল আয়োজক ভারত। কিন্তু দেশটিতে করোনার তৃতীয় ঢেউয়ের শঙ্কায় জুনে ভারত থেকে আসর সরিয়ে নেওয়া হয় মধ্যপ্রাচ্যের দুই দেশ সংযুক্ত আরব আমিরাত ও ওমানে। ১৭ অক্টোবর থেকে ১৪ নভেম্বর-২৯ দিন, ১৬ দল ও ৪৫ ম্যাচের এই মেগা টুর্নামেন্ট হবে দুই দেশের চার ভেন্যুতে। এরমধ্যে ওমানের রাজধানী মাসকাটের মাত্র তিন হাজার দর্শক ধারণক্ষমতার আল আমেরাত স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে শুধু প্রথম রাউন্ডের ছয়টি ম্যাচ। বাকি সব ম্যাচ মাঠে গড়াবে আরব আমিরাতের তিন ভেন্যু আবুধাবি, শারজা ও দুবাইয়ে। ১৪ নভেম্বর দুবাইয়ে ফাইনাল।

ওমানে আজ শুরু হচ্ছে ছোটদের বিশ্বকাপ! বলা হয় ক্রিকেটের সংক্ষিপ্ততম সংস্করণে ছোট দল, বড় দল বলে কিছু নেই। কিন্তু খেলাটির মূল অভিভাবক আইসিসি নিজেই টেনে দিয়েছে বিভাজন রেখা। বিশ্বকাপের গ্রুপিংয়ের সময় টি ২০ র‍্যাংকিংয়ের শীর্ষ আটে থাকা দলগুলো সরাসরি খেলবে সুপার টুয়েলভ পর্বে। পেছনের সারির আট দল নিয়ে হচ্ছে প্রথম রাউন্ড। সাধারণ মানুষ এই পর্বকে বাছাইপর্বের সঙ্গে গুলিয়ে ফেলছে। তাদের চোখে সুপার টুয়েলভ পর্বটা আসল বিশ্বকাপ! বাস্তবে প্রথম রাউন্ড মূল বিশ্বকাপেরই অংশ। কিন্তু বড় দলগুলো না থাকায় প্রথম রাউন্ড নিয়ে তেমন উন্মাদনা নেই। বাংলাদেশের ব্যাপারটা আলাদা। বর্তমানে টি ২০ র‍্যাংকিংয়ের ছয়ে থাকলেও গ্রুপিংয়ের সময় শীর্ষ আটের বাইরে থাকায় প্রথম রাউন্ড দিয়েই শুরু হচ্ছে মাহমুদউল্লাহদের বিশ্বকাপ। বাংলাদেশ সময় আজ রাত ৮টায় মাসকাটে উদ্বোধনী দিনের দ্বিতীয় ম্যাচে স্কটল্যান্ডের মুখোমুখি হবে বাংলাদেশ। এর আগে বিকাল ৪টায় একই ভেন্যুতে ওমান-পাপুয়া নিউগিনি ম্যাচ দিয়ে পর্দা উঠবে বিশ্বকাপের। প্রথম রাউন্ডের 'বি' গ্রুপে রয়েছে এই চার দল। 'এ' গ্রুপের চার দল শ্রীলংকা, আয়ারল্যান্ড, নামিবিয়া ও নেদারল্যান্ডস মাঠে নামবে আগামীকাল।

দুই গ্রুপ থেকে চার দল পাবে সুপার টুয়েলভের টিকিট। এখানেও আছে বিভাজন। ছোটদের পর্বে বড় দল হওয়ায় বাংলাদেশ ও শ্রীলংকা পাচ্ছে বিশেষ মর্যাদা। যেমন গ্রুপ রানার্সআপ হলেও সুপার টুয়েলভে 'বি ১' হিসাবে খেলবে বাংলাদেশ। অর্থাৎ, প্রথম রাউন্ড উতরাতে পারলেই ভারত, পাকিস্তান, নিউজিল্যান্ড ও আফগানিস্তানের গ্রুপে পড়বে বাংলাদেশ। ২২ অক্টোবর প্রথম রাউন্ড শেষে ২৩ অক্টোবর শুরু হবে সুপার টুয়েলভের লড়াই।

কাছাকাছি শক্তির অনেক দল থাকায় এবারের আসরে পরিষ্কার কোনো ফেভারিট নেই। তবে ক্রিকেটবোদ্ধারা এগিয়ে রাখছেন ভারত, ইংল্যান্ড ও বর্তমান চ্যাম্পিয়ন ওয়েস্ট ইন্ডিজকে। সাড়ে পাঁচ বছর আগে কার্লোস ব্রাফেটের দুর্দমনীয় ব্যাটিংয়ে চার উইকেটে ইংল্যান্ডকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছিল ওয়েস্ট ইন্ডিজ। শিরোপার দাবিদার না হলেও প্রথম রাউন্ডে হট ফেভারিট বাংলাদেশ।

আসরের ১৬ দলের মধ্যে এ বছর দ্বিতীয় সর্বোচ্চ নয়টি টি ২০ জিতেছে বাংলাদেশ। প্রস্তুতি ম্যাচে শ্রীলংকা ও আয়ারল্যান্ডের কাছে হারলেও বাংলাদেশের লক্ষ্য এবার সেমিফাইনাল। তবে প্রথম ম্যাচের প্রতিপক্ষ স্কটল্যান্ড যেভাবে হুংকার দিচ্ছে, তাতে স্পষ্ট প্রথম রাউন্ডের চ্যালেঞ্জটা খুব সহজ হবে না মাহমুদউল্লাহদের জন্য। স্কটিশ কোচ শেন বার্জার কাল হুমকির সুরেই বলেছেন, 'যে কোনো দলকে হারাতে পারি আমরা। তা সে বাংলাদেশ হোক বা ওমান, পাপুয়া নিউগিনি। বাংলাদেশকে আমরা পাপুয়া নিউগিনি বা ওমানের চেয়ে বড় করে দেখছি না। আমরা তাদের সবার জন্যই হব সবচেয়ে বড় ম্যাচ।' বাংলাদেশ ও স্কটল্যান্ড একটিমাত্র টি ২০ আন্তর্জাতিক ম্যাচ খেলেছে এরআগে। সেই ম্যাচে হেরেছে বাংলাদেশ। যদিও ওডিআই চার ম্যাচের সবকটিতে বাংলাদেশ হারিয়েছে স্কটিশদের। বাংলাদেশের টি ২০ বিশ্বকাপ রেকর্ড আশা জাগানিয়া নয় (২৫ ম্যাচে মাত্র পাঁচ জয়), কিন্তু ভুলে গেলে চলবে না যে, গত আগস্ট ও সেপ্টেম্বরে অস্ট্রেলিয়া এবং নিউজিল্যান্ডের বিপক্ষে হোম সিরিজে ১০ ম্যাচের সাতটিতে জিতেছে বাংলাদেশ। বি-গ্রুপ থেকে মাহমুদউল্লাহদের সুপার টুয়েলভে খেলা নিয়ে কোনো সংশয় নেই। প্রশ্ন হলো, শেষ ১২-তে তারা কার বারোটা বাজাবে।

এক্ষেত্রে বাংলাদেশের দুই মারণাস্ত্র হতে পারেন সাকিব আল হাসান ও মোস্তাফিজুর রহমান। যদিও সদ্যসমাপ্ত আইপিএলে নিজেদের নামের প্রতি সুবিচার করতে পারেননি তারা। তবে বিশ্বকাপের বড় মঞ্চে নিজেদের প্রমাণের তাগিদ তাদের উদ্বুদ্ধ করতে পারে শানিত পারফরম্যান্স প্রদর্শনের জন্য।

যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত

(শেষের পাতার পর)

আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটে বিক্রি হয়ে যাবে। এ দলনের বিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া সত্যিই স্মার্ট কাজ।

কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তরাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে পরিণত করতে পারেন না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত যেসব কথা বলে থাকেন তা নিম্নরূপ:

যোগাযোগ কম: আপনি আশা করেন যে আপনার এজেন্ট আপনার বাড়ি বিক্রির কাজে ব্যস্ত থাকবেন। তার অর্থ হচ্ছে, সে অনেক সময় তার এই ব্যস্ততার জন্য হয়ত আপনার ফোন ধরতে পারবেন না। কিন্তু একজন বাজে রিয়েল এস্টেট এজেন্ট ভদ্রতার খাতিওে হয়ত আপনাকে কল ব্যক করবেন কিন্তু আপনার জন্য যে সসব বিষয় গুরুত্বপূর্ণ তা হয়ত আপনাকে বলতে ভুলে যাবেন, এবং সত্যিকার অর্থেই তারা গুরুত্বপূর্ণ যোগাযোগে ব্যর্থ।

আপনাকে বারবার আশ্বাস দেবে কিন্তু সে আশ্বাস কাজে পরিণত করতে পারবে না: এটা ঘটতে পারে আপনার বাড়ির লিস্টিং অথবা বিক্রির চুক্তি সাক্ষরের ক্ষেত্রে। একজন রিয়েল এস্টেট এজেন্ট আপনাকে সহজেই আপনার বাড়িটি বিক্রে করে দেওয়ার আশ্বাস দেবে। এজন্য তিনি ওয়েবসাইট, স্যোসাল মিডিয়া, ভিডিও ট্যুরস, প্রফেশনাল ফটোগ্রাফি-ইত্যাদিও মাধ্যমে বাড়িটি বাজারজাত করার উদ্যোগের কথা বলবেন। কিন্তু দেখা যাবে তিনি যেসব উদ্যোগ নেওয়ার কথা বলেছিলেন তার খুব কমই করতে পেরেছেন।

উদ্ভট ফটোগ্রাফি ও ভিডিও: ইদানিং ক্রেতারা বাড়ি ক্রয় করার কাজটি শুরু করেন, বাড়ির ছবি বা ভিডিও দেখে। ফলে বিক্রিত বাড়ির ছবি বা ভিডিও-এর ক্ষেত্রে প্রফেশনাল ছোঁয়া না থাকলে ক্রেতা আকর্ষন করা কঠিন। কিন্ত্র বাড়ি বিক্রেতার এজেন্ট হয়ত বলবেন যে তিনি এক্ষেত্রে সেরা কাজটি করবেন কিন্তু দেখা গেল তিনি যে ছবি ও ভিডিও দিয়েছেন তা কোন মতে করা হয়েছে এবং দায় সারা গোছের।

আপনার বাড়িটি যে বাজাওে বিক্রি হবে সে বাজার সম্পর্কে অজ্ঞ: আপনি অবশ্যয় চাইবেন আপনার বাড়িটি যে এলাকার আপনার এজেন্ট সে এলাকায় বাড়ি বিক্রি সম্পর্কে অভিজ্ঞ হবেন।

উপরোক্ত বিষয়সমূহে একজন ভাল রিয়েল এস্টেট এজেন্ট ভাল হলে সে হবে আপনার বাড়ির জন্য প্রকৃত এজেন্ট। আপনি যখন আপনার বিক্রি করার সিদ্ধান্ত নেবেন, আাপনি ভাল কওে জেনে নিন আপনি যে এজেন্ট নিয়োগ দিচ্ছেন ওপওে উল্লেখিত বিষয়গুলোতে আপনার এজেন্টের যোগ্যতা কেমন। এ বিষয়ে আপনি একটি চেক লিস্ট করতে পারেন এবং তার ভিত্তিতে আপনার জন্য যোগ্য এজেন্ট নিয়োগ দিন। এ বিষয়গুলোতে চিন্তা কওে আপনি নিশ্চিত হন যে আপনি এমন কোন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দিচ্ছেন না যিনি আপনার স্বার্থ দেখার চেয়ে তার ওয়ালেট ভারী করার কাজে বেশী মনোযোগী।

কি করবেন? যখন আপনি বাড়ি বিক্রি করবেন তখন একজন ভাল রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া আপনার সফলতার জন্য খুবই গুরুত্বপূর্ণ। আপনার উচিত হবে এমন একজনের প্রতি নজর দেওয়া যে আপনার বাড়ি বিক্রির সকল পর্যায়ে আপনার সাথেই থাকবেন এবং আপনার স্বার্থ দেখবেন। রিয়েল এস্টেট বাজারে ভাল যোগাযোগ আছে একই সাথে আপনার সাথে ভালভাবে যোগাযোগ রক্ষা করতে পারে তেমন রিয়েল এস্টেট এজেন্ট বাড়ি বিক্রির জন্য মুল্যবান। সত্যিকার ভাল রিয়েল এস্টেট এজেন্ট এই বিষয়গুলো জানেন এবং তারা আপনার জন্য যথাসাধ্য করতে পিছুপা হন না। নিম্নে উল্লেখিত কাজগুলো খেয়াল করুন এবং যে আপনাকে প্রতারিত করতে পারে এমন যে কোন রিয়েল এস্টেট এজেন্টকে বর্জন করুন:

কখনো ডুয়েল এজেন্সী গ্রহণ করবেন না।

এমন রিয়েল এস্টেট এজেন্টকে মনোনীত করবেন না যে শুধু ওপেন হাউজকে প্রাধান্য দেয়।

এমন কোন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেবেন না, যে শুধু বাড়ি বিক্রয় করাকে শুধু তার মূল্যের ওপর গুরুত্ব দেয়। গব সময় আপনার রিয়েল এস্টেট এজেন্টকে বাড়ির ইন্সপেকশনের সময় উপস্থিত থাকতে তাগাদা দিন।

আপনার আশেপাশের এমন একজন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দিন যার বিশেষ সুনাম রয়েছে এবং ভাল ট্রাক রেকর্ড আছে।

উপরে উল্লেখিত টিপসগুলো ব্যবহার করে আপনি আপনার বাড়ি বিক্রয়ে সেরা সফলতা লাভ করতে পারেন।

বাড়ী ক্রয়-বিক্রয় বা মর্টগেজ সংক্রান্ত যে কোনো সমস্যায় আমরাও আপনাকে পরামর্শ দিতে পারি। লোন অপশন আপনার জন্য প্রযোজ্য হবে- এ ব্যাপারে আমাদের পর্যবেক্ষণ ও পরামর্শ আপনার জন্য উপকারী হতে পারে।

আপনি, আপনার পরিবার অথবা বন্ধু-বান্ধব যদি বাড়ি ক্রয় করার সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন, আপনার যোগ্য মর্টগেজ খুঁজে নিতে চান তাহলে ফ্রি কনসালটেন্টের জন্য এম কামাল সিপিএর সাথে যোগাযোগ করতে পারেন। অথবা wwwka-malmortgage tips.com লগ অন করে বিস্তারিত জেনে নিন। এ ছাড়াও এ বিষয়ে বিস্তারিত জানার জন্য ৭১৮-৫০৭-লোন (৫৬২৬) এই নাম্বারে যোগাযোগ করতে পারেন।

জনসনের দ্বিতীয় টিকা

(শেষের পাতার পর)

জনসনের দ্বিতীয় ডোজ টিকার আনুমোদন দিয়েছে। যারা প্রথম ডোজ নিয়েছেন তাদের এখন দ্বিতীয় ডোজ নিতে হবে। একই সঙ্গে সংস্থাটি ফাইজার/বায়োএনটেকের টিকার বুস্টার ডোজের বয়স ৪০-এ নামানোর বিষয়টি বিবেচনা করছে। এফডিএ কর্মকর্তা ডা. পিটার মার্কস উপদেষ্টা প্যানেলকে এ কথা জানান।

এফডিএর টিকা এবং এর সংশ্লিষ্ট বায়োলোজিক্যাল প্রডাক্ট অ্যাডভাইজারি কমিটি ১৮-এর বেশি বয়সীদের জনসন অ্যান্ড জনসনের টিকার দ্বিতীয় ডোজ টিকার নেওয়ার অনুমোদন দিয়েছে।প্রথম ডোজ নেওয়ার দুই মাস পর দ্বিতীয় ডোজ নিতে হবে। এই পরামর্শ মানার কোনো বাধ্যবাধকতা এফডিএর নেই। তবে সাধারণত তারা কমিটির পরামর্শ মেনে নেয়। জনসন অ্যান্ড জনসন এবং এফডিএ বিজ্ঞানীদের উপস্থাপনা শোনার পর অ্যাডভাইজারি প্যানেল প্রশ্ন করে জনসনের এক ডোজ টিকায় দুই ডোজের কার্যকরিতা আছে কিনা।

টিকার ডোজ নিয়ে আয়োজিত এক বৈঠকের সভাপতি এবং ইউনিভার্সিটি অব মিশিগান স্কুল অব পাবলিক হেলথের মহামারি বিষয়ক বিশেষজ্ঞ ডা. আর্নল্ড মন্টো বলেন, 'এখানে জনস্বাস্থ্যগত বাধ্যবাধকতা রয়েছে। ফাইজারের টিকায় ব্যবহার করা প্রযুক্তির (এমআরএনএ) তুলনায় জনসন অ্যান্ড জনসনের টিকায় কিছু ঘাটতি রয়েছে। কাজেই আমাদের কিছু করতে হবে।'

এর আগে গত মাসে ৬৫ বা তদোর্ধ্ব অ্যামেরিকানদের জন্য ফাইজার/বায়োএনটেকের বুস্টার ডোজের অনুমোদন দেয় এফডিএ কর্তৃপক্ষ। এফডিএর সেন্টার ফর বায়োলজিকস ইভাল্যুয়েশন অ্যান্ড রিসার্চের পরিচালক মার্কস বলেন, ইসরায়েল থেকে পাওয়া তথ্য থেকে দেখা গেছে, টিকার কার্যকরিতা কমছে। যদিও দেশটিতে এরই মধ্যে বুস্টার ডোজ দেয়া শুরু হয়েছে। তারা বুস্টার ডোজ গ্রহিতার বয়স ৪০ করার কথা বিবেচনা করছে। তিনি উদ্বেগ প্রকাশ করেন, টিকার কার্যকারিতার বিষয়ে জনজন অ্যান্ড জনজন পূর্ণাঙ্গ তথ্য দেয়নি।

তবে জনসন অ্যান্ড জনসনের বিজ্ঞানীরা এ অভিযোগ নাকচ করে দেন। পরে বৈঠকে দ্বিতীয় ডোজের ব্যাপারে সিদ্ধান্ত হয়।

নিউ ইয়র্কে ইঁদুর থেকে বিরল রোগ: আক্রান্ত ১৫

(শেষের পাতার পর)

ইঁদুরের কারণে এ রোগ হয়। আক্রাদের মধ্যে তিনজন গৃহহীন। শহরকে ইঁদুরের উপদ্রব থেকে রক্ষা করতে কুকুর নিয়ে এক দল স্বেচ্ছাসেবক গত শুক্রবার থেকে অভিযান শুরু করেছে। এ বছর নিউ ইয়র্কবাসীর জন্য ইঁদুর মূর্তিমান আতঙ্ক হয়ে দেখা দিয়েছে। কোভিডের কারণে কঠোর লকডাউনে খাদ্য সংকটে পড়ে ইঁদুরগুলো বাইরে বের হয়ে এসেছে বলে ধারণা করা হচ্ছে। তাই এ বছর ব্যাক্টেরিয়া ঘটিত প্রাণঘাতি রোগ ল্যাপটোসপিরোসিসেও বেশি আক্রান্ত হচ্ছে। ইঁদুরের মূত্র বা মূত্র দুষিত পানির সংস্পর্শে আসার কারণে এ রোগ হয়। গত মাসে শহরের স্বাস্থ্য বিভাগ জানায়, অন্তত ১৪ জন ল্যাপটোসপিরোসিস রোগে আক্রান্ত হয়েছে। ২০০৬ সাল থেকে পরবর্তী ১৫ বছরে ৫৭ জন এ রোগে আক্রান্ত হয়। এ বছর আক্রান্ত ১৪ জনের মধ্য ১৩ জনকেই হাসপাতালে ভর্তি করতে হয়েছে। এর মধ্যে সংক্রমণের জন্য একজনের মৃত্যু হয়। গত সপ্তাহে ১৫তম ব্যক্তি এ রোগে আক্রান্ত হয়। স্বাস্থ্য বিভাগ জানায়, তিনি সেরে উঠেছেন।

এর আগে ২০১৭ সালে নিউ ইয়র্কে এ রোগের সন্ধান পাওয়া যায়। সেবার ব্রোনজে তিনজন জরুরী বিভাগের সেবা নেন। এর মধ্যে একজনের মৃত্যু হয়। তবে এবার এত বেশি আক্রান্ত হওয়ার ব্যাপারে স্বাস্থ্য বিভাগ কোনো ব্যাখ্যা দিতে পারেনি। তারা মনে করে, জলবায়ু পরিবর্তনের কারণে উষ্ণতা বৃদ্ধি পাওয়ায় ব্যাক্টেরিয়া বেড়ে গিয়ে এ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। গৃহহীন লোকজন ইঁদুরের সংস্পর্শে বেশি আসছে বলেও ধারণা করা হচ্ছে। এটাও হয়তো একটা কারণ।

২০১৪ সালের এক পরিসংখ্যানে উল্লেখ করা হয়, নিউ ইয়র্কে ২০ লাখ ইঁদুর থাকতে পারে। যা শহরের মোট জনসংখ্যার এক-চতুর্থাংশ। তবে এদের মধ্য কয়টি ইঁদুর ল্যাপটোসপিরোসিস-এর ব্যাক্টেরিয়া বহন করছে তা জানা যায়নি। শহরে প্রতি বছর ইঁদুর মারার কাজে কয়েক কোটি ডলার ব্যয় করা হয়। ২০১৭ সালে ইঁদুরের পাদুর্ভাব ছড়িয়ে পড়ার পর মেয়র বিল দ্য ব্লাসিও ইঁদুর মারার জন্য ৩ কোটি ২০ লাখ ডলার বরাদ্দ করেন। এর তিন বছরের মাথায় করোনাভাইরাসের সংক্রমণ শুরু হয়।





বিশ্ব সংকট সমাধানে মহানবীর আদর্শ অনুস্মরণ অনস্বীকার্য

(শেষের পাতার পর)

ও স্কলারগণ দলমত, ধর্মবর্ণ নির্বিশেষে বিশ্ব নবী হযরত মুহাম্মদ (সা.)-এর জীবনাদর্শ অনুসরণের মাধ্যমে ইহকাল ও পরকাল সুন্দর করার আহ্বান জানিয়ে বলেছেন, মুহাম্মদ (সা.) শুধুমাত্র মুসলমানদের জন্য নয়। তিনি সমগ্র বিশ্ববাসীর জন্য। বিশ্বের চলমান যেকোন সংকট সমাধানে মহানবীর আদর্শ অনুস্মরণ অনস্বীকার্য। বক্তারা কোরআন-হাদিসের আলোকে বিভিন্ন দিক তুলে ধরেন এবং রাসুলের (সা.) জীবনাদর্শ প্রত্যেক মুসলমানকে অবশ্যই অনুকরণ-অনুস্মরণ করার পাশাপাশি বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় অন্যান্য ধর্মের মানুষদের কাছে পৌছে দেওয়ার আহ্বান জানান। এজন্য বক্তারা দাওয়াতী কাজের উপর গুরুত্বারোপ করেন এবং দাওয়াতী কাজের জন্য আইটিভি'র মতো চ্যানেল-কে পৃষ্ঠাপোষকতা করতে হবে। উল্লেখ্য, 'বিশ্ব মানবতার কল্যাণে মুহাম্মদ (সা.)' শিরোনামে এই কনফারেন্স গত ১৫ অক্টোবর শুক্রবার সিটির কুইন্সের সাতফিন বুলেভার্ডের হিলসাইড এভিনিউস্থ তাজমহল পার্টি হলে অনুষ্ঠিত হয়। বিকেল সাড়ে ৫টা থেকে রাত সাড়ে ১০টা পর্যন্ত চলে এই কনফারেন্স। বিপুলসংখ্যক মুসলিম নর-নারী কনফরেন্সে উপস্থিত ছিলেন। খবর ইউএনএ'র।

বাসমা-এর টাইটেল স্পন্সরে আয়োজিত কনফারেন্সের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন আইটিভি ইউএসএ-এর সিইও মাওলানা মুহাম্মদ শহীদুল্লাহ। এরপর শুরু হয় ইয়্যুথ প্রোগ্রাম। এতে দারুল উলুম, দারুস সালাম মসজিদ ও জ্যামাইকা মুসলিম সেন্টার সহ বিভিন্ন ইসলামিক ইন্সটিটিউটের শিক্ষার্থীরা অংশ নেয়। এসময় দারুল উলুম-এর সিনিয়র শিক্ষক মওলানা জুবায়ের আহমেদ নদবী, হাফেজ আবুল খায়ের, ইমাম জাফরী আলী, হাফেজ নাজমুল হাসান, ইমাম মির্জা শাকেরুর রহমান, হাফেজ তাজুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

কনফারেন্সে আমন্ত্রিত অতিথি হিসেবে মহানবী মুহাম্মদ (সা.)'র জীবনাদর্শ নিয়ে বক্তব্য রাখবেন জ্যামাইকা মুসলিম সেন্টারের (জেএমসি) ইমাম ও খতিব আবু জাফর বেগ, জেএমসি'র পরিচালক ইমাম শামসী আলী, বায়তুল মামুর মসজিদের ইমাম ও খতিব দেলোয়ার হোসাইন, ইসলামিক কালচারাল সেন্টার অব নিউইয়র্কের ইমাম ও খতিব জাকির আহমেদ, দারুস সালাম মসজিদের ইমাম ও খতিব আবদুল মুকিত, মসজিদ আবু হুরায়রা-এর ইমাম ও খতিব মুফতি হাফিজ ফায়েকুদ্দিন এবং আল মামুর স্কুলের ইসলামিক স্টাডিজের প্রধান ইমাম জাফির আলী, জনপ্রিয় শিশুবক্তা ও ফাউন্ডার অব চাইল্ড, ইউএন অ্যান্ড হার্ভাড স্পিকার ফাতিহা আয়াত প্রমুখ।

কনফারেন্সে নিউজার্সীর দারুল ইসলাম হাফিজ একাডেমির পরিচালক ও ইমাম শায়েখ ওয়ালিদ পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন নাশিদ শিল্পী ইকবাল হোসেন জীবন রাসূল (সা.)-এর শানে নাশিদ পরিবেশন করে উপস্থিত সকলকে মুগ্ধ করেন। তাদের সুললিত কণ্ঠের মনোমুগ্ধকর তেলওয়াত ও হামদ-নাত শুনে সবাই অভিভূত হন। এছাড়াও পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কারী এবং বিশ্বের বিভিন্ন দেশে হিফজুল কোরআন প্রতিযোগিতার প্রশিক্ষক ও পরীক্ষক হাফিজ কারী নাজমুল হাসান। নতুন প্রজন্মের জোমাইমা মাদিহা ও জোহাইমা মানহা কোরআন তেওলাওয়াত, কবি ফররুক আহমদের কবিতাপাঠ করে রোমাইসা আনসারী, গজল পরিবেশন করে রেদওয়ানা রাহী ও মাহিন।

কনফারেন্সে নিউইয়র্ক ষ্টেট সিনেটর জন ল্যু, ব্রুকলীন বরো প্রেসিডেন্ট এবং সিটি মেয়র পদে ডেমোক্র্যাট দলীয় প্রার্থী এরিক অ্যাডম-এর প্রতিনিধি ও সাউথ-ইষ্ট এশিয়ান অ্যাফেয়ার্সের পরিচালক দীলিপ চৌহান, হিলসাইড ইসলামিক সেন্টারের বোর্ড অব ট্রাষ্টির চেয়ারম্যান আব্দুল আজিজ ভুইয়া প্রমুখ বিশিষ্ট ব্যক্তিবর্গ বক্তব্য রাখেন। এছাড়াও বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখার জন্য ব্রুকলীন বরো প্রেসিডেন্টর পক্ষ থেকে বিভিন্ন মসজিদের ইমাম, ইকবাল হোসেন জীবন ও ফাতিহা আয়াত-কে সম্মাননা সার্টিফিকেট প্রদান করা হয়।

কনফারেন্সে ইমাম আবু জাফর বেগ বলেন, জীবনের সকল ক্ষেত্রেই রাসুল (সা.)-কে অনুসরণ-অনুকরণ করা আমাদের কর্তব্য। তিনি বলেন, নামাজ-দোয়ায় দরুদ শরীফ না পরলে তা কবুল হবে না। এতে বুঝা যায় রাসুল (সা.) কত গুরুত্বপূর্ণ। বলেন, মুখে মুখে রাসুলের উম্মত দাবী করলে হবে না। তাঁর সুন্নাহ অনুসরণ করতে হবে।

ইমাম দেলোয়ার হোসাইন বলেন, জীবনকে সুন্দর করতে আর শান্তিময় জীবনের জন্য আল্লাহ-রাসুল (সা.)-কে সমানভাবে ভালবাসতে হবে। তাঁর ভালবাসা পেলে হলে মহব্বতের সাথে আল্লাহ-রাসুল (সা.)-এর আদেশ-নিষেধ মানতে হবে। নবী-রাসুল (সা.)-কে ২৪ ঘন্টাই রাত-দিন সকল কাজেই অনুস্মরণ করতে হবে। এর কোন বিকল্প নেই।

ইমাম শামসী আলী বলেন, মহানবীর (সা.) জীবন চরিত নিজেদের মধ্যে ধারণ করে আমাদের জীবনকেও মানবিকগুনাবলী সম্পন্ন করে তুলতে হবে। একজন আরেকজনকে সম্মান দিতে হবে, সম্মান জানাতে হবে। ইহকাল-পরকালের জীবন সুন্দর করতে হবে আল কোরআন ও রাসুলের আদর্শ অনুসরণ করে আল্লাহর আদেশ-নিষেধ মানতে হবে। মসলিম ও নন মুসলিম সবার জন্যই মহানবীর আদর্শ অনুসরণীয়। তিনি বলেন, বিশ্বের চলমান যেকোন সংকট সমাধানে মহানবীর আদর্শ অনুস্মরণ অনস্বীকার্য।

আব্দুল আজিজ ভুইয়া বলেন, রসুল (সা.) হচ্ছেন পৃথিবীর সকল মানুষের মধ্যে শ্রেষ্ঠ মানুষ। তাঁর সুন্নাহ তথা জীবনাচরিত পালনের মধ্য দিয়ে প্রত্যেকেই আল্লাহতায়াল সন্তুষ্ট লাভ করতে হবে। আর এজন্য নবীকে সত্যিকারার্থেই জানতে হবে, বুঝতে হবে। সেই সাথে আল্লাহর কথা মানতে হবে। তবেই না ইহকাল-পরকাল শান্তিময় হবে। তিনি জর্জ ওয়াশিংটন ইউনিভার্সিটির প্রফেসর আশকারীর নেতৃত্বে একটি গবেষণা দল পৃথিবীব্যাপী মহানবীর সুন্নাহ পালন ও বাস্তবায়নে এক সমীক্ষার রিপোর্ট সম্প্রতি প্রকাশ করেছেন উল্লেখ করে বলেন- এই গবেষণায় প্রতিমান হয় যে, আমরা মুসলমানরা মহানবীর আদর্শ পালনে অনেকে দূরে সড়ে যাচ্ছি। এই অবস্থা থেকে নিজেদের পাশাপাশি নতুন প্রজন্মকে রক্ষা করতে হবে।

ইমাম জাকির আহমেদ বলেন, রাসুল (সা.) সমগ্র মানবজাতির জন্য আদর্শ। তিনি রহমাতাল্লিল আলামীন অর্থাৎ সমগ্র বিশ্বাসীর জন্য রহমত স্বরূপ। আজকের তরুণ প্রজন্মের কাছে রাসুল (সা.)-এর আদর্শ পৌছে দিতে হবে। তিনি রাসুলের মক্কা ও মদিনা জীবনে মুসলিম-অমুসলিম ব্যক্তি, সমাজ ও রাষ্ট্র পর্যায়ে প্রতিটি ধাপে সর্বোত্তম দৃষ্টান্ত বাস্তবায়ন করে গিয়েছেন। রাসুলের জীবন জানা ও তা বাস্তবায়ন করাই এই সীরাত মাহফিলের উদ্দেশ্য বলে তিনি উল্লেখ করেন।

জন ল্যু আইটিভি'র কর্মকান্ডের প্রশংসা করে বলেন, আইটিভি মুসলিম কমিউনিটির তথ্য তুলে ধরে প্রশংসার কাজ করছে। তিনি বলেন, নিউইয়র্ক সহ যুক্তরাষ্ট্রে মুসলমান কমিউনিটি গ্রোইং কমিউনিটি। মুসলিম কমিউনিটি ঐক্যবদ্ধ হচ্ছেন। এই ঐক্যেই যেকোন সমস্যার সমাধানে বিশেষ ভুমিকা রাখতে পারে।

দীলিপ চৌহান তার বক্তব্যে সীরাহ কনফারেন্সের সাফল্য কামনা করেন এবং ব্রুকলীন বরো প্রেসিডেন্ট ও মেয়র পদপ্রার্থী এরিক অ্যাডামের শুভেচ্ছা পৌছে দেন।

কনফারেন্সটির আয়োজক দলের প্রধান এবং আইটিভি ইউএসএ-এর সিইও মাওলানা মুহাম্মদ শহীদুল্লাহ বলেন, পৃথিবীর সর্বকালের সর্বশ্রেষ্ঠ মানুষ মহানবী হজরত মোহাম্মদ (সা.)। তিনি সব মানুষের জন্য আদর্শ। তরুণ প্রজন্মের মধ্যে সেই আদর্শকে ছড়িয়ে দেওয়ার মহান লক্ষ্য নিয়ে আমরা এই কনফারেন্সের আয়োজন করেছি। রাসূল (সা.)-এর জীবনকে জানতে এবং মানতে তিনি সবার প্রতি আহবান জানান।

সহ-আয়োজক ইমাম আবদুল মুকিত বলেন, মহানবী হজরত মোহাম্মদ (সা.) হলের বিশ্ব মানবতার মুক্তির দূত। তিনি শুধু মুসলমানদের জন্য পথ প্রদর্শক নন। একজন অমুসলিমের জন্যও তিনি আদর্শ মানব। আমরা চাই, বর্তমান প্রজন্ম তার জীবন থেকে গ্রহণ করুক। সেজন্যই মূলত এই কনফারেন্সের আয়োজন করা হয়েছে। আশাকরি, সবার সহযোগিতায় এটি সফল হবে।

সবশেষে বিশেষ মুনাজাত পরিচালনা করেন ইমাম আবু জাফর বেগ। এর আগে ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন জ্যামাইকা-বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার। জামায়াতে এশার নামাজ আদায় ও তবারক বিতরণের মধ্য দিয়ে সিরাহ কনফারেন্সের সমাপ্তি হয়। জ্যামাইকা-বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি সহ স্থানীয় মসজিদ ও ইসলামিক সেন্টারগুলো সার্বিক সহযোগিতায় ছিলেন।

উল্লেখ্য, বিগত ৭ বছর ধরে আইটিভি যুক্তরাষ্ট্রে সম্প্রচারিত হয়ে আসছে। ইসলাম, নবী-রাসুল আর আল কোরআন মানুষের কাছে পৌছে দেয়ার দাওয়াতী কাজই হচ্ছে আইটিভি'র প্রধান লক্ষ্য ও উদ্দেশ্য।

নিউইয়র্কে সকল পূজামন্ডপে ব্ল্যাক আউট ও

(শেষের পাতার পর)

ন্যাক্কারজনক আক্রমন, অসংখ্য প্রতিমা ভাংচুর, বাড়ীঘর আক্রমণ, হতাহতের প্রতিবাদে এবং অত্যাচারিত হিন্দুদের সাথে একাত্মতা ঘোষণা করে নিউইয়র্কে বুধবার সকল মন্দির ও পূজা মন্ডপে ঐক্যবদ্ধভাবে রাত ১০টা থেকে ১০:০৫ মিনিট পর্যন্ত 'ব্ল্যাক-আউট' এবং নীরবতা পালন করা হয়। যেসব মন্দির ও ধর্মীয় সংগঠন এতে অংশ নেয় সেগুলো হচ্ছে: শ্রীকৃষ্ণ ভক্তসংঘ, বালকনাথ মন্দির, সেবা সংঘ, মহামায়া মন্দির, বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ, সার্বজনীন পূজা উদযাপন পরিষদ, বাংলাদেশ হিন্দু মন্দির, গৌরনিতাই মন্দির, হরিচাঁদ-গুরুচাঁদ আন্তর্জাতিক মতুয়া মন্দির ও মিশন, রাধামাধব মন্দির, ওঁম শক্তি মন্দির, দেবালয় মন্দির, উত্তর আমেরিকা হিন্দু কল্যাণ সংঘ, রাধামাধব মন্দির, সত্যনারায়ণ পূজা মন্ডপ, জ্যামাইকা কালী মন্দির প্রমুখ।

টরন্টো থেকে শ্রী অরুন দত্ত জানান, সেখানে ৩টি পূজামন্ডপে একই কর্মসূচি পালন করা হয়।

পুরনো প্রেমের টানে

(শেষের পাতার পর)

গেছে পুলিশ। নিউইয়র্কের ব্রুকলীনের এই ঘটনা এখন টক অব দ্য কমিউনিটিতে পরিণত। গত ১২ অক্টোবর মঙ্গলবার ঘটে এই অপ্রত্যাশিত ঘটনা।

জানা যায়, প্রবাসের অন্যতম বৃহৎ আঞ্চলিক সংগঠন সন্দ্বীপ সোসাই-টির সভাপতি আব্দুল হান্নান পান্না। দীর্ঘদিন ধরে কনস্ট্রাকশন ব্যবসার সাথে জড়িত। ১৯৯৮ সালে বাংলাদেশে ইমরানা ফেরদৌস'র সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। চট্টগ্রামের হালিশহরে সুন্দরী ফেরদৌসের বেড়ে ওঠা। বাবা-মা'র অনুরোধে বিয়ে করেন প্রবাসী পান্নাকে। বিয়ের আগে মইনুল হক রাসেল নামে একজনের সাথে তাঁর সম্পর্ক ছিল বলে এলাকায় গুঞ্জন ছিল। পান্না তা আমলে না নিয়ে স্ত্রীকে আমেরিকায় নিয়ে আসেন। ২৩ বছরের সংসার জীবনে তাদের ২টি ছেলে সন্তান রয়েছে।

সূত্র মতে, গত কয়েক বছর ধরেই পান্না ও ফেরদৌসের দাম্পত্য জীবনে অশান্তি চলছিল। ফলে বাড়ছিলো দূরত্ব। ভালো লাগা ও ভালোবাসায় ঘাটতি দেখা দেয় পারস্পরিক সম্পর্কে। বনিবনা মাঝে মধ্যেই চরমে পৌঁছায়। গত বছর রাতের আঁধারের মতোই অন্ধকারের ছায়া নেমে আসে পান্নার পরিবারে। ১৭ ও ২১ বছরের আদরের সন্তান এবং স্বামীকে ত্যাগ করে ২৪ বছর আগের কৈশোর বয়সের বন্ধুর কাছে চলে যান ইমরানা ফেরদৌস। তারা মিলিত হন বাংলাদেশে।

এদিকে সময়ের তালে মইনুল হক রাসেলও অস্ট্রেলিয়া প্রবাসী। তাঁরও রয়েছে অস্ট্রেলিয়া প্রবাসী স্ত্রী-সন্তান। কিন্তু প্রেম-ভালবাসা দুই মহাদেশ থেকে দুজনকে টেনে এনেছে শৈশবের চির পরিচিত শহর চট্টগ্রামে। ঘটেছে দুই যুগ আগের হারিয়ে যাওয়া প্রেমের পুনর্মিলন। দেশে ফিরে ফেরদৌসী ডিফোর্স দেন পান্নাকে। সামাজিকভাবে বিয়ে না হলেও শরিয়ত মোতাবেক তারা বিয়ে করে দেশে সংসার সাজিয়েছেন এবং ফেরদৌসী এখন ৫ মাসের অন্তসত্তা- এমন দাবী মইনুল হক রাসেলের।

অপরদিকে সামাজিক যোগাযোগ মাধ্যমে পান্না জানতে পারেন রাসেল ও ফেরদৌস বিয়ে করেছেন। তবে তার দালিলিক প্রমাণ নেই তার হাতে। রাসেল ফেসবুক আইডিতে নিজেকে বিবাহিত হিসেবে উল্লেখ করেছেন। আর ইমরানা ফেরদৌস তার নতুন ফেসবুক আইডি খুলেছেন ইমরানা রাসেল নামে। তবে রাসেল-ফেরদৌসীর নতুন সংসারের খবর চট্টগ্রাম থেকে ব্রুকলীন ভেসে বেড়াচ্ছিল। এমনি এক পরিস্থিতিতে গত মঙ্গলবার ব্রুকলীনের ইস্ট ৭ স্ট্রিটের বাসার সামনে দিয়ে রাসেল-ফেরদৌসী যাওয়ার সময় ফেরদৌসীর চোখ পড়ে। আব্দুল হান্নান পান্না তখন বাসায় ছিলেন না। ইমরানা ফেরদৌসী বাসার ভেতর প্রবেশ করতে চাইলে পুত্রদ্বয় তার মাকে বাঁধা দেয়। এসময় তিনি তার সন্তানদের জানান, প্রয়োজ-নীয় কাগজ ও নিজের কিছু জিনিস নেবার জন্য এসেছেন। বাসায় বাবা না থাকায় তারা আটকে দেন মাকে। শুরু হয় তর্কাতর্কি। এতে রাসেলও অংশ নেয়। এক পর্যায়ে রাসেলের সাথে পান্নার দুই সন্তানের হাতাহতি হয়। এতে এলাকার লোকজনও ছেলেদের হয়ে মারামারিতে অংশ নেয়। রাসেলের গা দিয়ে রক্ত বের হতে থাকে। ইমরানা ফেরদৌস পুলিশ কল করে। ফলে মায়ের সামনেই গ্রেফতার হয় তারই ঔরষজাত দুই সন্তান।

সর্বশেষ ঘটনার দিন রাতে আব্দুল হান্নান পান্নার ছোট ছেলেকে পুলিশ ছেড়ে দিলেও তার বড় ছেলেকে কোর্টে প্রেরণ করার পর আদালত তাকে জামিনে মুক্তি দিয়েছে। এমন ঘটনায় কমিউনিটির পরিচিত মুখ পান্নার ঘনিষ্টজনরা বিব্রত হলেও তার বলেন, আব্দুল হান্নান পান্না ভালো মানুষ এবং সম্মানিত লোক। তাদের সংসারে শান্তি ছিলো বলেই আমরা জানি। রাসেল নামের ঐ লোক তাদের সংসার তসনস করে দিলো- এমন অভিযোগ অনেকেরই।

এই ঘটনার ব্যাপারে শনিবার সন্ধ্যায় আব্দুল হান্নান পান্নার সাথে যোগাযোগ করা হলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করলেও বিস্তারিত জানাতে অপারগতা প্রকাশ করে বলে, আমি মসজিদে মিটিং এ অছি কাল কথা বলবো। তবে আইনগতভাবেই বিষয়টির ফয়সালা হবে বলে তার ঘনিষ্টরা জানান।

এদিকে মইনুল হক রাসেল (৪৩) শনিবার রাতে বলেন, আমি ইমরানাকে ভালোবাসি। স্কুল জীবন থেকে আমাদের সম্পর্ক। ১৬ বছর বয়সে অর্থের লোভে তার আত্মীয়স্বজন তাকে জোর করে আমেরিকা প্রবাসী পান্নার সাথে বিয়ে দেয়। তার দাবী আমি অপ্রাপ্ত থাকায় তখন তাকে বিয়ে করতে পারিনি। আর বিয়ের প্রথম দিন থেকে অপ্রাপ্ত বয়স্কা ইমরানাকে নির্যাতন করেন পান্না। ১৬ বছর বয়সেই তাকে প্রেগন্যান্ট করে পান্না। আমেরিকায় এনেও তার উপর মানসিক নির্যাতন চালায়। ২২টি বছর সে চোখ বুঝে নির্যাতন ও অত্যাচার সহ্য করেছে। গত বছর সে সেপারেশনের সিদ্ধান্ত নেয়। আমার কাছে চলে আসে। আমি সহযোগিতার হাত বাড়িয়ে দেই। বাংলাদেশে গিয়ে ইমরানা পান্নাকে তালাক দেয়। আনুষ্ঠানিকভাবে আমরা বিয়ে করিনি। তবে বলতে পারেন সামাজিকভাবে বিয়ে করেছি। একসাথে থাকছি, গার্লফ্রেন্ড-বয়ফ্রেন্ডের মতো। ইমরানা ফেরদৌসের গর্ভে এখন ৫ মাসের সন্তান রয়েছে বলে তিনি দাবী করেন। তিনি বলেন, ইমরানা-পান্নার ডিভোর্সের ফরমালিটিজ শেষ করতেই আমরা আমেরিবকা এসেছি। কিন্তু পান্না নানা অজুহাতে সময় ক্ষেপণ করছে।

তিনি আরো জানান, আমি নিজে অস্ট্রেলিয়ান সিটিজেন। সেখানে প্রফেশনাল জব করি, আমাকে ফিরে যেতে হবে। এরমধ্যেই মঙ্গলবার আমার ও ইমরানার ওপর হামলা হলো। যা ছিলো অপ্রত্যাশিত। আমি আমাদের ভবিষ্যৎ নিয়ে উদ্বিগ্ন। তিনি বলেন, আমি বিয়ে করলেও আমার স্ত্রী-সন্তানের সাথে আমার সম্পর্ক না থাকলেও যোগাযোগ রয়েছে এবং তারা আমাদের (ইরানা-রাসেল) সম্পর্ক মেনে নিয়েছে।

ইসি'র নির্দেশ : সোমবারের মধ্যেই নয়ন-আলী

(শেষের পাতার পর)

মোহাম্মদ আবু নাসের ও সদস্য সচিব বাবুল চৌধুরী বরাবর উল্লেখিত নোটিশ প্রদান করা হয়েছে। নোটিশে গত ১৪ সেপ্টেম্বর জ্যামাইকা এবং ২৭ সেপ্টেম্বর ব্রুকলীনে আয়োজিত 'নয়ন-আলী' প্যানেলের সভায় নির্বাচন কমিশনের বিরুদ্ধে নানা অভিযোগ তোলা হয় যাতে কমিশন রীতিমত বিস্মিত। নোটিশে অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে কেনো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে না এই মর্মে ১৮ অক্টোবরের (সোমবার) মধ্যে উপযুক্ত কারণ দর্শানো এবং ঐ বক্তব্য প্রত্যাহার সহ প্রকাশে ক্ষমা প্রার্থনা ও ভবিষ্যতে এই ধরনের কর্মকান্ড থেকে বিরত থাকার নির্দেশ প্রদান করা বলা হয়েছে।

এব্যাপারে 'নয়ন-আলী' প্যানেলের সাধারণ সম্পাদক পদপ্রার্থী মোহাম্মদ আলীর সাথে যোগাযোগ করা হলে তিনি নির্বাচন কমিশনার কর্তৃক নোটিশ পাওয়ার কথা স্বীকার করে বলেন, বিষয়টি নিয়ে বিস্তারিত কিছু বলতে পারবো না তবে সময়মতো আমরা জবাব দেবো। তবে তিনি বলেন কমিশন 'নয়ন-আলী' প্যানেলের বিরুদ্ধে যে অভিযোগ এসেছে তা সর্ববই মিথ্যা ও ভিত্তিহীন।

বিয়ানীবাজার সমিতি কে কত ভোট পেলেন

(শেষের পাতার পর)

প্যানেল থেকে মোহাম্মদ আব্দুল মান্নান সর্বোচ্চ ১,৮৪৭ ভোট পেয়ে সভাপতি নির্বাচিত হয়েছেন। তার একমাত্র প্রতিদ্বন্দ্বি 'মি-সবাহ-অপু' প্যানেলের সভাপতি পদপ্রার্থী মিসবাহ আহমেদের প্রাপ্ত ভোট ১,৩৫৯।

সহ সভাপতি পদে বিজয়ী ফয়জুর মিয়ার প্রাপ্ত ভোট ১,৭৬৩। তার একমাত্র প্রতিদ্বন্দ্বি আবুল ফজল লিটনের প্রাপ্ত ভোট ১,৩০৩।

সাধারণ সম্পাদক পদে বিজয়ী নাজমুল হক মাহবুব-এর প্রাপ্ত ১,৬৬০। তার একমাত্র প্রতিদ্বন্দ্বি রেজাউল আলম অপু'র প্রাপ্ত ভোট ১,৪৭৯।

সহ সাধারণ সম্পাদক পদে বিজয়ী আব্দুন নুর হারুন-এর প্রাপ্ত ভোট ১,৫৬৭। তার একমাত্র প্রতিদ্বন্দ্বি হোসেন আহমদ-এর প্রাপ্ত ভোট ১,৫০২।

কোষাধ্যক্ষ পদে বিজয়ী আব্দুল হান্নান দুখু'র প্রাপ্ত ভোট ১,৭৮২। তার একমাত্র প্রতিদ্বন্দ্বি পারভেজ ইসলাম-এর প্রাপ্ত ভোট ১,৩০৭।

সাংগঠনিক সম্পাদক পদে বিজয়ী আবু তৈয়ব মো. তালহা-এর প্রাপ্ত ভোট ১,৬৮৫। তার একমাত্র প্রতিদ্বন্দ্বি মাহমুদুল কবির রুবেল-এর প্রাপ্ত ভোট ১,৩৮৭।

সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক পদে বিজয়ী অনিক রাজ-এর প্রাপ্ত ভোট ১,৬৫৭। তার একমাত্র প্রতিদ্বন্দ্বি মোহাম্মদ আব্দুল আলীম-এর প্রাপ্ত ভোট ১,৩৯২।

দপ্তর সম্পাদক পদে বিজয়ী আব্দুল হামিদ-এর প্রাপ্ত ভোট ১,৭৩৫। তার একমাত্র প্রতিদ্বন্দ্বি শামসুল আলম পিপলু-এর প্রাপ্ত ভোট ১,৩৩২।

প্রচার সম্পাদক পদে বিজয়ী আব্দুল হাকিম-এর প্রাপ্ত ভোট ১,৭৮০। তার একমাত্র প্রতিদ্বন্দ্বি মোহাম্মদ আজহার হোসেন রিফাতের প্রাপ্ত ভোট ১,৩৪০।

ক্রীড়া সম্পাদক পদে বিজয়ী কিবরিয়া আহমেদ শাহিদ-এর প্রাপ্ত ভোট ১,৭৪৬। তার একমাত্র প্রতিদ্বন্দ্বি হাসান খানের প্রাপ্ত ভোট ১,৩০৬।

সমাজকল্যাণ সম্পাদক পদে বিজয়ী আক্তারুজ্জামান শাহীন মালিক-এর প্রাপ্ত ভোট ১,৬৮০। তার একমাত্র প্রতিদ্বন্দ্বি মোহাম্মদ কমর উদ্দিনের প্রাপ্ত ভোট ১,৩৪৪।

মহিলা বিষয়ক সম্পাদিকা পদে বিজয় নাজমা আহমেদ-এর প্রাপ্ত ভোট ১,৭৫৬। তার একমাত্র প্রতিদ্বন্দ্বি হাফসা ফেরদৌস হেলেন-এর প্রাপ্ত ভোট ১,৩০৭।

এছাড়াও 'মান্নান-মাহবুব' প্যানেল থেকে প্রতিদ্বন্দ্বিতাকারী কার্যকরী পরিষদের সদস্য পদে বিজয়ী ৭জন হলেন যথাক্রমে- মোহাম্মদ আবু তাহের (প্রাপ্ত ভোট ১,৬৯১), জামাল হোসেন (প্রাপ্ত ভোট ১,৭৮০), মোহাম্মদ রাজ্জাক মুন্না (প্রাপ্ত ভোট ১,৭৪৩), নুর উদ্দিন (প্রাপ্ত ভোট ১,৭৩৪), ফখরুল হক (প্রাপ্ত ভোট ১,৭২৭), হোসেন আহমদ (প্রাপ্ত ভোট ১,৭২৩) এবং মোহাম্মদ খলকুর রহমান (প্রাপ্ত ভোট ১,৭১৩।

বাংলা পত্রিকা
প্রান্তিক পৃষ্ঠা
The Weekly Bangla Patrika
বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika // Monday // October 18 // 2021

হাইতিতে ১৭ মার্কিন মিশনারিজ ও সদস্যদের অপহরণ

ঢাকা ডেস্ক, ১৭ অক্টোবর : ১৭টি আমেরিকান খ্রিস্টান মিশনারিজ এবং তাদের পরিবারের সদস্যদের হাইতির রাজধানী পোর্ট-অ-প্রিন্স থেকে অপহরণ করেছে একদল গ্যাং। নিরাপত্তা কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে এ খবর দিয়েছে নিউ ইয়র্ক টাইমস। এতে বলা হয়েছে, অপহৃতদের মধ্যে শিশুও আছে। ক্যারিবিয়ান এই দেশটি সঙ্কটে জর্জরিত। সেখানে একটি এতিমখানা থেকে মিশনারিজরা চলে যাওয়ার উদ্যোগ নিতেই এ ঘটনা ঘটানো হয়েছে শনিবার। একটি বাসে করে মিশনারিজের সদস্যরা বিমানবন্দরে যাওয়ার পথে তাদেরকে অপহরণ করা হয়। এ বিষয়ে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র জেনিফার ভিয়াউ বলেছেন, তারা বিষয়টি দেখছেন। তবে হাইতিতে অবস্থিত যুক্তরাষ্ট্রের দূতাবাস থেকে কোনো তথ্য মেলেনি। হাইতি পুলিশের একজন মুখপাত্র বলেছেন, তারাও বিষয়টি দেখছেন। কোন মিশনারিজ এবং তারা কোন চার্চের ছিলেন এসব বিষয়ে কোনো বিস্তারিত তথ্য মিলছে না।



মোহাম্মদ পেয়ার আহ্বায়ক হারুন সদস্য সচিব

জেবিবিএ'র সাধারণ সভায় আহ্বায়ক কমিটি গঠিত





নিউইয়র্ক (ইউএনএ): জ্যাকসন হাইটস বাংলাদেশী বিজনেস এসোসিয়েশন অব এনওয়াই (জেবিবিএ)-এর সাধারণ সভায় নতুন আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। 'দিদার-কামরুল' নেতৃত্বাধীন কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় সভায় বিশিষ্ট ব্যবসায়ী মোহাম্মদ পেয়ার-কে আহ্বায়ক ও হারুন ভূইয়া-কে সদস্য সচিব মনোনীত করা হয়।

জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে গত ৭ অক্টোবর বৃহস্পতিবার দুপুরে অনুষ্ঠিত জেবিবিএ'র সাধারণ সভায় সভাপতিত্ব করেন বিদায়ী সভাপতি আবুল ফজল দিদারুল ইসলাম। সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন মওলানা মাহমুদ হোসেন বাদশা। মহামারী করোনা সহ বিভিন্ন কারণে জেবিবিএ'র যেসকল কর্মকর্তা ও সদস্য মৃত্যুবরণ করেছেন তাদের স্মরণে শোক প্রস্তাব উত্থাপন করেন মোহাম্মদ আবুল কাশেম। সভা পরিচালনা করেন মোশাররফ হোসেন। খবর ইউএনএ'র।

সভায় সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষের রিপোর্ট পেশ করেন যথাক্রমে কামরুজ্জামান কামরুল ও সেলিম হারুন। রিপোর্ট দু'টির উপর আলোচনায় অংশ নেন নাজমুল আহসান, কাজী মন্টু, শাহ নেওয়াজ, মোহাম্মদ পেয়ার, হারুণ ভূইয়া, মোহাম্মদ মহসীন ননি, গিয়াস আহমেদ, সারোয়ার জাহান চৌধুরী সিপিএ, কাজী শামসুদ্দোহা, কামরুজ্জামান বাচ্চু, ফাহাদ সোলায়মান, আসিফ বারী টুটুল, হোসেন এস রানা, রুহুল আমীন সরকার, মনির হাসান, আনোয়ার জাহিদ প্রমুখ। উল্লেখ্য, সভার এক পর্যায়ে বিভক্ত জেবিবিএ'র একাংশের সভাপতি ও সভার সভাপতি আবুল ফজল দিদারুল ইসলাম ও অপরাংশের সভাপতি শাহ নেওয়াজের মধ্যে সামান্য বাক-বিতন্ডা ও উত্তেজনার সৃষ্টি হয়। শাহ নেওয়াজ তার বক্তব্যের সময় জেবিবিএ'র মামলার প্রসঙ্গ টানলে এই পরিস্থিতির সৃষ্টি হলেও পরবর্তীতে তা প্রশমিত হয় এবং সৌহার্দ্য-সম্প্রীতির মধ্য দিয়ে সভা শেষ হয়।

সভায় বক্তারা বলেন, কারো ব্যক্তিগত সুযোগ-সুবিধার জন্য জেবিবিএ গঠন করা হয়নি। প্রকৃত ব্যবসায়ীদের জন্য জেবিবিএ। তাই সম্মিলিতভাবেই জেবিবিএ-কে শক্তিশালী করতে হবে। পাল্টা-পাল্টি কমিটি গঠন আর মামলা-মোকদ্দমা বন্ধ করতে হবে, গঠনতন্ত্র মানতে হবে, পারস্পারিক সৌহার্দ্য-সম্প্রীতি বৃদ্ধি করতে হবে, ব্যবসায়ীদের স্বার্থ রক্ষা করতে হবে।

সভায় মোহাম্মদ পেয়ার-কে আহ্বায়ক ও হারুন ভূইয়া-কে সদস্য সচিব মনোনীত করে ৩১ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করা হয়। এই কমিটি আগামী ১২০ দিন দায়িত্ব পালন করবেন এবং এই সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠান করতে হবে। পাশাপাশি আহ্বায়ক কমিটি বিভক্ত জেবিবিএ-কে ঐক্যবদ্ধ করার উদ্যোগ নেবেন। আহ্বায়ক কমিটির অন্যান্য কর্মকর্তা ও সদস্যরা হলেন: যুগ্ম আহ্বায়ক- কাজী মন্টু, কাজী শামসুদ্দোহা, মহসীন ননি, মহসীন মিয়া, মোহাম্মদ এম রহমান, মনসুর এ চৌধুরী, হোসেন এস রানা, রাশেদ আহমেদ, ড. রফিক আহমেদ, সারোয়ার জাহান চৌধুরী সিপিএ, মোশাররফ হোসেন, ফাহাদ সোলায়মান, বাবু খান, আবু নোমান শাকিল ও জেড আলম নমি, যুগ্ম সদস্য সচিব- মোহাম্মদ আবুল কাশেম, শাকিল মিয়া, মাহমুদ হোসেন বাদশা, কামরুজ্জামান বাচ্চু, সুবল দেবনাথ ও মনির হাসান এবং সদস্য শাহ চিশতি, মাসুদ রানা তপন, আব্দুল আলিম, মাসুম বেপারী ও সনাতন শীল। সদস্য বিদায়ী কমিটির সভাপতি আবুল ফজল দিদারুল ইসলাম, সাধারণ সম্পাদক কামরুজ্জামান কামরুল ও কোষাধ্যক্ষ সেলিম হারুন পদাধিকার বলে আহ্বায়ক কমিটির সদস্য থাকবেন বলে সভায় জানানো হয়।

ড. রেজা-নুরুর নতুন দল এ মাসেই

তারিকুল ইসলাম: চলতি মাসেই নতুন রাজনৈতিক দল নিয়ে আসছেন ড. রেজা কিবরিয়া ও ডাকসু'র সাবেক ভিপি নুরুল হক। দলের সম্ভাব্য নাম 'গণঅধিকার পরিষদ' অথবা 'বাংলাদেশ অধিকার পার্টি'। এটি হবে মধ্যপন্থি রাজনৈতিক দল। 'জনতার অধিকার, আমাদের অঙ্গীকার' স্লোগান নিয়ে ২০ অথবা ২১ অক্টোবর দলটির ঘোষণা হতে পারে। আগামী জাতীয় সংসদ নির্বাচনে ৩০০ আসনে প্রার্থী দেওয়ার পরিকল্পনা রয়েছে বলে উদ্যোক্তারা জানিয়েছেন।

তারা আরও জানান, সর্বোচ্চ ২০০ সদস্যের আহ্বায়ক কমিটি ঘোষণা করা হবে। ড. রেজা কিবরিয়া আহ্বায়ক ও নুরুল হক সদস্য সচিব হচ্ছেন। দলে গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ চৌধুরী, গণফোরামের ড. কামাল হোসেন, অধ্যাপক আসিফ নজরুলসহ বেশ কয়েকজন বিশিষ্টজন, শিক্ষাবিদ, অর্থনীতিবিদ যাদের কোনো পদ-পদবি না থাকলেও শুভাকাঙ্খী হিসাবে পরামর্শ দেবেন। সোহরাওয়ার্দী উদ্যানে একটি বড় সমাবেশের মাধ্যমে নতুন দল ঘোষণা দেওয়ার পরিকল্পনা রয়েছে। অনুমতি না পেলে জাতীয় প্রেসক্লাব বা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে অনুষ্ঠানের মধ্য দিয়ে নতুন দলের আনুষ্ঠানিক ঘোষণা দেওয়া হবে।





ড. রেজা কিবরিয়া তার গুলশানের বাসায় নতুন রাজনৈতিক দল নিয়ে সঙ্গে আলাপকালে জানান, এ পঞ্চাশ বছরে মোটামুটি সব দল এক সময় না এক সময় ক্ষমতার ভাগ পেয়েছে। আমরা নতুন দল। আমরা মনে করি এই পঞ্চাশ বছরে রাজনীতির পলিসিতে অনেক ভুল-ত্রুটি আছে। সেগুলো সংশোধন করার জন্য নতুন কিছু দরকার। পুরোনো যারা ভুল করেছে তাদের ওপর এখন ভরসা করা যাচ্ছে না। যারা এখন কাজ করছে তারা সব শিক্ষিত ছেলেমেয়ে, সোশ্যাল মিডিয়া-ইন্টারনেট যুগের মানুষ, তারা অনেক কিছু বুঝে। তাদের ভুল তথ্য দিয়ে ভোলানো যাবে না। তারা বুঝতে পারছে রাষ্ট্রে পুরো অবকাঠামোর মধ্যে অনেক ত্রুটি ছিল এগুলো ঠিক করতে হবে। সেগুলো করার জন্যই নতুন দল।

তিনি বলেন, আমরা ৩০০ আসনে প্রার্থী দেব। প্রথম কথা হচ্ছে নির্বাচনটা সুষ্ঠু হতে হবে। আমরা আওয়ামী লীগের গত নির্বাচনের মতো প্রতারণার কোনো নির্বাচনে অংশ নেব না।

ডাকসু'র সাবেক ভিপি নুরুল হক বলেন, আমরা ২০ ও ২১ অক্টোবর নতুন দল ঘোষণার চিন্তা-ভাবনা করছি। দুটি নাম ঠিক করা হয়েছে, একটি চূড়ান্ত করা হবে। গঠনতন্ত্র ওইভাবে এখন হবে না। একটা ঘোষণাপত্র থাকবে। যেখানে কেন স্বাধীনতার পঞ্চাশ বছরে একটি রাজনৈতিক দল করার প্রয়োজনীতা বোধ করলাম, বর্তমান সংকটকে কেন্দ্র করে কিছু রাজনৈতিক কর্মসূচি, আহবায়ক কমিটি কিভাবে পরিচালনা করা হবে এসবের দিক-নির্দেশনা থাকবে। তিনি বলেন, দল গোছানোর পর আমাদের চিন্তা আছে জেলা কমিটিগুলো দেওয়া। নির্বাচন কমিশনের পদ্ধতি পূরণ করে নিবন্ধনের জন্য আবেদন করব। সেটার জন্য কেন্দ্রীয় কমিটি ও দলের ঘোষণা নিয়ে কাজ করছি। একইভাবে জেলা-উপজেলা কমিটির কাজ চলছে। আমাদের অনেক কাজ হয়েও আছে।

অক্সফোর্ডে ডক্টরেট করা রেজা কিবরিয়া ২০১৮ সালে আইএমএফের গুরুত্বপূর্ণ চাকরি ছেড়ে ওয়াশিংটন থেকে দেশে ফেরেন। তার মূল পরিচয় অর্থনীতিবিদ হলেও গত জাতীয় নির্বাচনের তিনি গণফোরামে যোগদান করে জাতীয় ঐক্যফ্রন্টের প্রার্থী হিসাবে নির্বাচন করে আলোচনায় আসেন। পরে গণফোরামের সাধারণ সম্পাদক হিসাবে সক্রিয় রাজনীতিতে অংশ নেন।

৭ ফেব্রুয়ারীতে তিনি গণফোরাম থেকে পদত্যাগ করেন। এরপর কয়েক মাস ধরে ডা. জাফরুল্লাহ চৌধুরীর অংশগ্রহণে বিভিন্ন কর্মসূচিতে অংশ নেওয়ার পাশাপাশি এবি পার্টি ও নুরুল হকদের 'ছাত্র অধিকার পরিষদ'র বিভিন্ন কর্মসূচিতে তাকে সক্রিয় দেখা যায়। আর ২০১৮ সালে সরকারি চাকরিতে কোটা সংস্কারের আন্দোলনের নেতৃত্ব দিয়ে আলোচনায় আসেন বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের অন্যতম যুগ্ম আহ্বায়ক নুরুল হক।

ওই আন্দোলনের সময় বেশ কয়েকবার হামলার মুখে পড়েন তিনি। এরপর ২০১৯ সালের ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) নির্বাচনে সহ-সভাপতি (ভিপি) নির্বাচিত হন তিনি। গত তিন বছরে নানা বাধা-বিপত্তির পর নতুন দল গঠনে নামেন নুরুল হক ও তার সঙ্গীরা।

এই সময়ে ক্ষমতাসীন দলের ছাত্রসংগঠন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হাতে অন্তত ১৩ বার আক্রান্ত হন তিনি। তার নামে এখনো ১৭টি মামলা আছে। এছাড়া তার সংগঠনের নেতাকর্মীর বিরুদ্ধেও বেশ কয়েকটি মামলা রয়েছে।

সূত্র জানায়, ছাত্র অধিকার পরিষদকে কেন্দ্রীভূত করে ইতোমধ্যে বিভিন্ন শ্রেণি ও পেশাজীবী নিয়ে পাঁচটি কমিটি করা হয়েছে। সেগুলো হলো- ছাত্র অধিকার পরিষদ, যুব অধিকার পরিষদ, শ্রমিক অধিকার পরিষদ, প্রবাসী অধিকার পরিষদ ও পেশাজীবী অধিকার পরিষদ। শিগগির নারী অধিকার পরিষদ নামে আরেকটি সংগঠন করা হবে। এ সংগঠনগুলোকে নতুন দলের অঙ্গ ও সহযোগী সংগঠন হিসাবে অন্তর্ভুক্ত করা হবে।

সংশ্লিষ্টরা জানান, দল ঘোষণার পর আহ্বায়ক কমিটির শীর্ষ নেতারা প্রথমেই সিলেটে হযরত শাহজালাল (রহ.) ও শাহপরাণ (রহ.)-এর মাজার জিয়ারত করে দলীয় কর্মকান্ড শুরু করবেন। এছাড়া 'জাতির পিতা' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, মওলানা ভাসানী, জিয়াউর রহমান ও জেনারেল ওসমানীর মাজার জিয়ারত করবেন। পরে জেলা কমিটি ও অন্যান্য ইউনিট কমিটি গঠন করবে। পাশাপাশি সব জেলা সফর করার কথা রয়েছে।

ড. রেজা কিবরিয়া বলেন, নির্বাচনকালীন নির্দলীয় সরকার ও নিরপেক্ষ নির্বাচন কমিশনের দাবির সঙ্গে আমরাও একমত। তবে নিরপেক্ষ নির্বাচন কমিশন থাকলেই যে সুষ্ঠু নির্বাচন হবে তা এ দেশে আশা করা যায় না। এ সরকার থাকলে নির্বাচন কমিশনকে কেউ বিশ্বাস করবে না। আমরা জাতিসংঘের অধীনে কোনো একটা নির্বাচন করতে পারি। জানি না জাতিসংঘ কিভাবে করবে। কিন্তু তারা যদি নির্বাচন পরিচালনা করে তাহলে মানুষ একটু ভরসা করবে। একটা সুষ্ঠু নির্বাচন হবে। জনগণের মতামত বোঝা যাবে।

এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, আন্দোলন হবে। কিন্তু আমরা শান্তিপূর্ণ ছাড়া কোনো কিছুতে বিশ্বাস করি না। যারা গণতন্ত্র বিশ্বাস করে, ভোটের অধিকার ফিরিয়ে দিতে চায় তাদের সঙ্গে আমরা কাজ করব। তারা কোন দলের তা নিয়ে খুব বেশি মাথাব্যথা নেই। বিএনপির সঙ্গে আলোচনা হতে পারে। তারা (বিএনপি) হয়তো একটা পদ্ধতি বেছে নিয়েছে, আমরা হয়তো বললাম এটা এভাবে করা দরকার। নিশ্চয় তাদের সঙ্গে আলাপ করব। একটা পরিবর্তন আনব, সরকারের পতন ঘটাব।

বিশিষ্টজনদের বিষয়ে নুরুল হক বলেন, তরুণদের রাজনীতির উত্থানকে তারা পছন্দ করেন। সে কারণে শুভাকাঙ্খী হিসাবে আমাদের নতুন দলকে পরামর্শ দেবেন। তারা সরাসরি রাজনৈতিক দলের পদ-পদবি নিয়ে থাকবেন না। (দৈনিক যুগান্তর)



সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
Safwan Travel & Multi Services Corp.

Mohammed Abdul Khaleque
MET A.B.(CUNY Bronx Community College)
IATA Accredited Approved Travel Agent
AUTHORIZED e-file PROVIDER
২০ বছরের বেশি ইনকাম ট্যাক্স ফাইলের অভিজ্ঞতা সম্পন্ন
Design, Printing, Flyer, Business Card, Banner, Poster & more!
We Provide
• Individual Tax
• Corporation Tax
• Partnership Tax
• Non-profit Tax
• Gift Tax
• Sale & Payroll Tax
• IRS & State Tax audit Representation
• Immigration
• Accounting
• Bookkeeping
• Business License
• Business Incorporation
লিগাল মাধ্যমে সর্বোচ্চ ট্যাক্স রিটার্নের নিশ্চয়তা এবং বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়
দেশে যাওয়ার পথে ওমরাহ্ পালনের সুযোগ
এয়ার লাইন্স টিকেট সেল সর্বনিম্ন মূল্যে! ৬৪৯+
নাক্টোর শাড়ী ঘর
Special Eid-Sale
ঈদ উপলক্ষে ৫০% পর্যন্ত ছাড়
শাড়ী, সালোয়ার,কামিজ, বোরকা, পানজাবী, বেড সিট, হেজাব, লুঙ্গী এবং অন্যান কাপড়ের বিশাল সমাহার
এয়ার লাইন্স টিকেট ও নির্ভুল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য বিশ্বস্ত প্রতিষ্ঠান।
Phone: 347- 621- 4940,718-300-7429
1217 White Plains Road , Bronx , NY 10472



সাংবাদিক ইয়াসমিন রীমাকে সম্মাননা প্রদান

এসএম সোলায়মান: বাংলাদেশ সাংবাদিক সমিতি কুমিল্লা জেলা শাখার সভাপতি ও ডেইলি নিউ এইজ-এর কুমিল্লা ব্যুরো প্রধান ইয়াসমিন রীমাকে সম্মাননা প্রদান করেছে নিউইয়র্কস্থ বৃহত্তর কুমিল্লা সমিতি। গত ৯ অক্টোবর শনিবার সন্ধ্যায় জ্যাকসন হাইটস পালকি পার্টি সেন্টারে অনুষ্ঠিত সম্মাননা প্রদানে অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বৃহত্তর কুমিল্লা সমিতির সভাপতি ডা. এনামুল হক।



সমিতির সাধারণ সম্পাদক জাহাঙ্গীর সরকারের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন বৃহত্তর কুমিল্লা সমিতির নেতা মিয়া মোহাম্মদ দুলাল, ইউনুস সরকার, মিয়া মোহাম্মদ দাউদ, কুমিল্লা সোসাইটির সভাপতি আবুল খায়ের আখন্দ, সাবেক সভাপতি মিলন বাশার, সঞ্চালক ও সংগীত শিল্পী আলিয়া ফেরদৌসী, সাংবাদিক এস এম সোলায়মান, কুমিল্লা সোসাইটির সেক্রেটারী মিজানুর রহমান, সাবেক সেক্রেটারি ইঞ্জিনিয়ার আবদুল খালেক প্রমুখ।

সম্মাননা গ্রহন করে সাংবাদিক ইয়াসমিন রীমা বলেন, প্রবাসে প্রিয় কুমিল্লাবাসীর এ সম্মাননা পেয়ে আমি নিজেকে ধন্য মনে করছি। নিউইয়র্কে বৃহত্তর কুমিল্লা সমিতির কাছে আমি কৃতজ্ঞ। আপনারা দেশের বড় চালিকা শক্তি। আপনাদের জন্য আমার লেখনী দিয়ে কিছু করতে পারলে নিজেকে ধন্য মনে করবো।

ডা. এনামুল হক বলেন, প্রবাসে থাকলেও মনটা পড়ে থাকে প্রিয় কুমিল্লাতেই। তাই কুমিল্লার মিডিয়া ব্যক্তিত্বকে সম্মাননা দিতে পেরে নিজেকেও সম্মানিত বোধ করছি। সম্মাননা অনুষ্ঠানে কেক কেটে সাংবাদিক ইয়াসমিন রীমার জন্মদিনও পালন করা হয়।

উল্লেখ্য, সাংবাদিক ইয়াসমিন রীমা একটি আন্তর্জাতিক কর্মশালায় যোগ দিতে ৩ সপ্তাহের সফরে নিউইয়র্কে এসেছেন। আগামী ২৬ অক্টোবর তিনি দেশে ফিরে যাবেন।

BOMBAY
TRAVELS & GRAPHICS INC.
Grand Opening Special Grand Opening Special Grand Opening Special
সব থেকে সস্তায় টিকেট গ্যারান্টি
টার্কিস এয়ারলাইন্সে সেল সাথে ৩টি লাগেজ ফ্রি
Domestic & International


Bahalul Syed (uzzal)
President
স্পেশাল সেল: সাউদিয়া এয়ারলাইন্স
Emirates | ETIHAD | SAUDIA | QATAR | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | SINGAPORE AIRLINES | AmericanAirlines
DESIGN & PRINTING
• BANNER • FLYER • MAGAZINE
• POSTER • CALENDAR • BUSINESS CARD
PASSPORT PHOTO
168-25A Hillside Avenue, Jamaica NY 11432
Phone: 718-725-1332, Cell: 347-586-7124, Email: bombaytg@gmail.com

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
Low Closing Cost Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO
CPA

নিউইয়র্কে সিরাতুন্নাবী কনফারেন্স

বিশ্ব সংকট সমাধানে মহানবীর আদর্শ অনুস্মরণ অনস্বীকার্য

নিউইয়র্ক (ইউএনএ): গ্লোবাল দাওয়াহ চ্যানেল আইটিভি ইউএসএ-এর উদ্যোগে আয়োজিত সিরাতুন্নাবী কনফারেন্সে ইসলামিক আলেম (বাকি অংশ ৪৫ পাতায়)

বিয়ানীবাজার সমিতি কে কত ভোট পেলেন

বাংলা পত্রিকা রিপোর্ট: নির্বাচন কমিশনের ঘোষণা অনুযায়ী নির্বাচনে সভাপতি পদে 'মান্নান-মাহবুব' (বাকি অংশ ৪৫ পাতায়)

নিউ ইয়র্কে ইঁদুর থেকে বিরল রোগ: আক্রান্ত ১৫

বাংলা পত্রিকা ডেস্কঃ নিউ ইয়র্কে এ বছর বিরল ল্যাপটোসপিরোসিস রোগে ১৫ জন আক্রান্ত হয়েছেন। এদের মধ্যে একজন মারা গেছেন। **(বাকি অংশ ৪৪ পাতায়)**


জনসনের দ্বিতীয় টিকা অনুমোদন

বাংলা পত্রিকা ডেস্কঃ যুক্তরাষ্ট্রের ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশনের একটি পরামর্শক কমিটি গত শুক্রবার সর্বসম্মতিক্রমে জনসন অ্যান্ড **(বাকি অংশ ৪৪ পাতায়)**

যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত করতে পারেন



এম কামাল: এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসাবে সবচেয়ে দক্ষ হতে পারেন-তারা জানেন, (বাকি অংশ ৪৪ পাতায়)



টক অব দ্য কমিউনিটি

নতুন-পুরনো সংসার নিয়ে বাংলাদেশী গৃহবধুর তুলকালাম

বিশেষ প্রতিনিধি: পুরনো প্রেমের টানে স্বামী-সন্তান-সংসার ছেড়ে নতুন ঘরে প্রবেশ করেছেন নিউইয়র্কের এক বাংলাদেশী-আমেরিকান গৃহবধু। এই ঘটনার নেপথ্যে অভিযোগ-পাল্টা অভিযোগ উঠেছে। পুরনো প্রেম আর পারিবারিক কলহ-ই নাকি এই সাংসারিক বিচ্ছেদ। এদিকে সংসার ত্যাগী ঐ মা তার দুই সন্তানকে দেখতে গিয়ে ঘটেছে অপ্রীতিকর ঘটনা। ঘটেছে হাতাহাতি ও রক্তারক্তির ঘটনা। হয়েছে থানা-পুলিশ। মায়ের সামনেই দুই সন্তানকে ধরে নিয়ে (বাকি অংশ ৪৫ পাতায়)

'জীবন এতা ছোট কেন' গ্রন্থের লেখক

ডা. সিনহা মনসুরের দাফন সম্পন্ন



নিউইয়র্ক (ইউএনএ): 'জীবন এতা ছোট কেন' গ্রন্থের লেখক, বিশিষ্ট চিকিৎসক, নিউইয়র্কের বাংলাদেশী (বাকি অংশ ২৮ পাতায়)

হিন্দুদের ওপর ন্যাক্কারজনক হামলার প্রতিবাদে

নিউইয়র্কে সকল পূজামন্ডপে ব্ল্যাক আউট ও নীরবতা পালন

বাংলা পত্রিকা ডেস্ক: কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার, চাঁদপুর, হাজীগঞ্জ, হাতিয়া, চাপাইনবাবগঞ্জ সহ বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে বুধবার (১৩ অক্টোবর) হিন্দুদের ওপর (বাকি অংশ ৪৫ পাতায়)



বাংলাদেশ সোসাইটির নির্বাচন-২০২১

ইসি'র নির্দেশ : সোমবারের মধ্যেই নয়ন-আলী প্যানেলকে উত্তর দিতে হবেঃ নির্বাচন নিয়ে সংশয়

বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশ সোসাইটির আসন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী 'নয়ন-আলী' প্যানেলের বিরুদ্ধে নির্বাচনী প্রচারনায় নির্বাচন কমিশনের বিরুদ্ধে ভিত্তিহীন অপপ্রচার মিত্যাচারের অভিযোগ এনে কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়েছে। গত ৮ অক্টোবর এই নোটিশ প্রদান করা হয় বলে জানা গেছে। এনিয়ে এই প্যানেলের কর্মকর্তা ও শুভঅকাংখী ছাড়াও সোসাইটির সাথে সংশ্লিস্টদের মাঝে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। কারো কারো মনে প্রশ্ন জেগেছে সোসাইটির নির্বাচন আদৌ হবে কিনা?। বিশ্বস্থ সূত্রে জানা গেছে, 'নয়ন-আলী' প্যানেলের সভাপতি পদপ্রার্থী কাজী আশরাফ হোসেন নয়ন, সাধারণ সম্পাদক পদপ্রার্থী মোহাম্মদ আলী, নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান (বাকি অংশ ৪৫ পাতায়)

বাংলা পত্রিকা-কে মান্নান-মাহবুব

সকল বিয়ানীবাজারবাসীকে ঐক্যবদ্ধ করাই প্রথম কাজ





বাংলা পত্রিকা রিপোর্ট: সদ্য অনুষ্ঠিত বাংলাদেশ বি-য়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএ-সএস এর নির্বাচনে **(বাকি অংশ ৪২ পাতায়)**

সোমা সাঈদের ফান্ড রেইজিং অনুষ্ঠিত

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্ক সিটির কুইন্স কাউন্টির জজ পদে প্রতিদ্বন্দ্বিতাকারী ডেমোক্র্যাট দলীয় প্রার্থী এটর্নী সোমা সাঈদের ফান্ড রেইজিং অনুষ্ঠানে বক্তারা আগামী ২ (বাকি অংশ ৩৭ পাতায়)



ইসলাম ও সাম্প্রদায়িক সম্প্রীতি

মাওলানা মুহাম্মদ মুহিব্বুল্লাহিল বাকী নদভী

'হে মানবজাতি! আমি নর ও নারী থেকে তোমাদের সৃষ্টি করেছি। আর আমি বিভিন্ন গোষ্ঠী ও গোত্রে তোমাদের বিভক্ত করেছি যেন তোমরা একে অপরকে চিনতে পার'। (সূরা আল(বাকি অংশ ৪৪ পাতায়)

খেলার খবর

একুশে ফুটল কুড়ি-বিশের বিশ্বকাপ

স্পোর্টস ডেস্ক: আইপিএল শেষ হতে না হতেই দুয়ারে টি ২০ ক্রিকেটের আরও বড় মহাযজ্ঞ। প্রতীক্ষার দীর্ঘ প্রহর শেষে আজ মাঠে গড়াচ্ছে সপ্তম টি ২০ বিশ্বকাপ। ২০১৬ সালে (বাকি অংশ ৪৪ পাতায়)

হেলথ টিপস

ইউরিন ইনফেকশন কারণ ও প্রতিকার

বাংলা পত্রিকা ডেস্ক: অনিয়ন্ত্রিত খাদ্যাভ্যাস ও দূষণের কারণে ইউরিন ইনফেকশন এখন সাধারণ একটি সমস্যা। মানবদেহে প্রতিনিয়ত যে বর্জ্য তৈরি হয় তা মলমূত্রের মাধ্যমে (বাকি অংশ ২৮ পাতায়)

বিনোদন

২২ বছর লিভ ইন, তার পরে বিয়ে; এখন.....

বিনোদন ডেস্ক: ভারতীয় শোবিজের আলোচিত দম্পতি দীপঙ্কর দে এবং দোলন রায়। তাদের (বাকি অংশ ৩৭ পাতায়)

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Zakir Choudhury, CPA
Founder & CEO
929-207-1514
www.zakircpa.com

শিক্ষা ঋণ মওকুফ: এবারের পদক্ষেপ

বাংলা পত্রিকা ডেস্ক: বাইডেন প্রশাসন সাড়ে চার লাখেরও বেশি মানুষের শিক্ষা ঋণ মওকুফ করেছে। ধারণা করা হচ্ছে, প্রশাসনের তরফ থেকে আরও সহায়তা পাওয়া যাবে। এখন প্রশ্ন এর পরবর্তী পদক্ষেপ কী হবে? এখনও চার কোটিরও বেশি মানুষকে অবশ্য শিক্ষা ঋণ শোধ করতে হবে। শিক্ষা দপ্তর জানিয়েছে, এদের বিষয়েও সরকারের চিন্তা ভাবনা রয়েছে। এখন পর্যন্ত যারা সরকারি চাকরি করেন বা অলাভজনক প্রতিষ্ঠানে এক দশকেরও বেশি সময় ধরে কাজ করছে তাদের (বাকি অংশ ৪১ পাতায়)

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA
Approved Travel Agent
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com
এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্কের পথে-প্রান্তরে-৪

মুক্তারা বেগম নদী: আমি একটা ক্লিনিকে কাজ করি। রোজই কোন না কোন কাহিনী হয়, বেশিরভাগই মন মেজাজ খারাপ করার মতো, মাঝে মাঝে মজার কিছুও হয়। গতকাল হল অন্য রকম কিছু। আমাদের বেশিরভাগ রোগীই মুসলিম আর আরবিয়ান। তো গতকাল এক আরবিয়ান রোগীর বউ কল দিল প্রায় বিকেল ২:৫৮ মিনিটে। তার বর সেই সকালে না খেয়ে বের হয়েছে ডাক্তার দেখাতে সে কেন এখনো (বাকি অংশ ৩৭ পাতায়)

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩৮ পাতায়
Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত দেখুন ৩৭ পাতায়
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Call Now
718-296-8996
718-296-8782
718-296-5875
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com